জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

১১

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা-৭০০০০৯

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ব্রীহিদ্রোণঃ পরিত্যক্তঃ কথং তেন মহাত্মনা।
কস্মৈ দত্তশ্চ ভগবন্! বিধিনা কেন বাথ মে ॥১॥
প্রত্যক্ষধর্ম্মা ভগবান্ যস্য তুষ্টো হি কর্ম্মভিঃ।
সফলং তস্য জন্মাহং মন্যে সদ্ধর্ম্মচারিণঃ ॥২॥

ব্যাস উবাচ।

শিলোঞ্ছবৃত্তির্ধর্ম্মাত্মা মুদ্গলঃ সংযতেন্দ্রিয়ঃ।
আসীদ্রাজন্! কুরুক্ষেত্রে সত্যবাগনসূয়কঃ ॥৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। ইতিহাসশব্দো বৃত্তান্তমাত্রে মুনিষু রূঢ়ঃ। অতঃ পুরাতনপদং ন পুনরুক্তম্। ব্রীহিদ্রোণস্য দ্রোণপরিমিতধান্যস্য পরিত্যাগাদ্দানাৎ। মুদ্গলো নাম মুনিঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ব্রীহীতি। ব্রীহীণাং দ্রোণঃ দ্রোণপরিমিতা ব্রীহয়ঃ, "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ তু পুষ্কলম্। পুষ্কলানি চ চত্বারি আঢ়কঃ পরিকীর্ত্তিতঃ। চতুরাঢ়কো ভবেদ্দ্রোণ ইত্যুক্তং দ্রোণলক্ষণম্॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তঃ। আথ ব্রবীষি ব্রূহীত্যর্থঃ ॥১॥

প্রত্যক্ষেতি। প্রত্যক্ষং মানবানাং ধর্ম্মং যস্য স ভগবানীশ্বরঃ ॥২॥

শিলেতি। কৃষকেণ ক্ষেত্রতো হৃতে শস্যে তন্মঞ্জরীগ্রহণং শিলম্, চঞ্চুদ্বারা কপোতস্যেব হস্তেন একৈকবিশ্লিষ্টশস্যগ্রহণমুঞ্ছস্তাভ্যাং বৃত্তির্জীবিকানির্ব্বাহো যস্য সঃ ॥৩॥

এবিষয়ে ধার্ম্মিকেরা এই প্রাচীন উপাখ্যানের উল্লেখ করিয়া থাকেন যে, মুদ্গলমুনি দ্রোণপরিমিত ধান্য দান করিয়া বিশেষ ফল পাইয়াছিলেন" ॥৩৪॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্! সেই মহাত্মা কি জন্য দ্রোণপরিমিত ধান্য পরিত্যাগ করিতেন? কোন্ বিধানে কাহাকেই বা তাহা দিতেন? তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

আমি মনে করি—জগতের ধর্ম্মদর্শী জগদীশ্বর যাঁহার কার্য্যে সন্তুষ্ট হইয়াছিলেন, সেই ধর্ম্মচারী মহাত্মার জন্ম সফল হইয়াছিল" ॥২॥

অতিথিব্রতী ক্রিয়াবাংশ্চ কাপোতীং বৃত্তিমাস্থিতঃ।
সত্রমিষ্টীকৃতং নাম সমুপাস্তে মহাতপাঃ ॥৪॥
সপুত্রদারো হি মুনিঃ পক্ষাহারো বভূব হ।
কপোতবৃত্ত্যা পক্ষেণ ব্রীহিদ্রোণমুপার্জ্জয়ৎ ॥৫॥
দর্শঞ্চ পৌর্ণমাসঞ্চ কুর্ব্বন্ বিগতমৎসরঃ।
দেবতাতিথিশেষেণ কুরুতে দেহযাপনম্ ॥৬॥
তস্যেন্দ্রঃ সহিতো দেবৈঃ সাক্ষাত্ত্রিভুবনেশ্বরঃ।
প্রত্যগৃহ্লান্মহারাজ! ভাগং পর্ব্বণি পর্ব্বণি ॥৭॥

ভারতকৌমুদী

অতিথীতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। ক্রিয়াবান্ নিত্যনৈমিত্তিকাদিবৈধকার্য্যশালী, কাপোতীং বৃত্তিম্ উঞ্ছবৃত্তিম্। সত্রং যজ্ঞম্, সমুপাস্তে অনুতিষ্ঠতি স্ম ॥৪॥
সেতি। পক্ষে প্রত্যেকপঞ্চদশাহে আহারো যস্য সঃ। কপোতবৃত্ত্যা উঞ্ছেন ॥৫॥
দর্শমিতি। দর্শং পৌর্ণমাসঞ্চ যাগম্। দেবতাতিথিভ্যঃ শেষেণ দত্তাবশিষ্টেন ॥৬॥
তস্যেতি। পর্ব্বণি পর্ব্বণি প্রত্যেকদর্শে প্রত্যেকপৌর্ণমাস্যাঞ্চ ॥৭॥

ভারতভাবদীপঃ

ব্রীহিদ্রোণ ইতি ॥১॥ প্রত্যক্ষধর্ম্মা নৃণাং ধর্ম্মস্য বেত্তা ভগবান্ ঈশ্বরঃ ॥২॥ শিলং কণিশার্জ্জনম্, উঞ্ছঃ কণশোঽর্জ্জনম্। "উঞ্ছঃ কণশ আদানং কণিশাদ্যর্জ্জনং শিল"মিতি যাদবঃ। তে উভে বৃত্তির্জীবনং যস্য স শিলোঞ্ছবৃত্তিঃ ॥৩॥ কাপোতীং বৃত্তিমল্পসংগ্রহরূপাম্ ইষ্টীকৃতং

বেদব্যাস বলিলেন—"রাজা! কুরুক্ষেত্রে 'মুদ্গল'-নামে সংযতচিত্ত, সত্যবাদী, অসূয়াশূন্য ও শিলোঞ্ছবৃত্তি এক ধর্ম্মাত্মা ছিলেন (কৃষক ক্ষেত্র হইতে পক্ব শস্য লইয়া গেলে অবশিষ্ট মঞ্জরী গ্রহণের নাম—'শিল' এবং এক একটী করিয়া শস্য গ্রহণের নাম—'উঞ্ছ') ॥৩॥

সেই মহাতপা কপোতের ন্যায় উঞ্ছবৃত্তি অবলম্বন করিয়া সর্ব্বদা অতিথিসৎকার, নিত্য-নৈমিত্তিক কার্য্য এবং 'ইষ্টীকৃত'-নামক যজ্ঞ করিতেন ॥৪॥

আর সেই মুদ্গলমুনি পুত্র-কলত্রের সহিত পনর দিনের মধ্যে একদিনমাত্র আহার করিতেন এবং অপর পনর দিন কপোতের ন্যায় দ্রোণপরিমিত ধান্য অর্জ্জন করিতেন ॥৫॥

এবং তিনি ঈর্ষ্যা-দ্বেষশূন্য হইয়া দর্শযাগ ও পৌর্ণমাসযাগ করিতে থাকিয়া দেবতাপূজা ও অতিথিসেবায় অবশিষ্ট অন্নাদি ভোজন করিয়া জীবন যাপন করিতেন ॥৬॥

মহারাজ! ত্রিভুবনের অধীশ্বর ইন্দ্র দেবগণের সহিত সাক্ষাৎ আসিয়া প্রত্যেক পর্ব্বে সেই মহাত্মার যজ্ঞের ভাগ গ্রহণ করিতেন ॥৭॥

স পর্ব্বকালং কৃত্বা তু মুনিবৃত্ত্যা সমন্বিতঃ।
অতিথিভ্যো দদাবন্নং প্রহৃষ্টেনান্তরাত্মনা ॥৮॥
ব্রীহিদ্রোণস্য তৎ প্রীত্যা দদতোঽন্নং মহাত্মনঃ।
শিষ্টং মাৎসর্য্যহীনস্য বর্দ্ধত্যতিথিদর্শনাৎ ॥৯॥
তচ্ছতান্যপি ভুঞ্জন্তি ব্রাহ্মণানাং মনীষিণাম্।
মুনেস্ত্যাগবিশুদ্ধ্যা তু তদন্নং বৃদ্ধিমৃচ্ছতি ॥১০॥
তং তু শুশ্রাব ধর্ম্মিষ্ঠং মুদ্গলং সংশিতব্রতম্।
দুর্ব্বাসা নৃপ! দিগ্বাসাস্তমথাভ্যাজগাম হ ॥১১॥
বিভ্রচ্চানিয়তং বেশমুন্মত্ত ইব পাণ্ডব!।
বিকচঃ পরুষা বাচো ব্যাহরন্ বিবিধা মুনিঃ ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। পর্ব্বকালং পর্ব্বকালবিহিতং দর্শাদিযাগম্ ॥৮॥

ব্রীহীতি। শিষ্টমবশিষ্টমন্নম্, মাৎসর্য্যহীনস্য পরদ্বেষশূন্যস্য ॥৯॥

তদিতি। তদন্নম। ত্যাগবিশুদ্ধ্যা নির্দোষদানেন হেতুনা ॥১০॥

তমিতি। দুর্ব্বাসাঃ তদাখ্যো মুনিঃ, দিগ্বাসা নগ্নঃ। অনিয়তম্ অনির্দ্দিষ্টম্। বিকচো মুণ্ডিতমস্তকঃ, পরুষা নিষ্ঠুরাঃ, ব্যাহরন্ সর্ব্বান্ প্রত্যেব বদন্ ॥১১–১২॥

ভারতভাবদীপঃ

ইষ্টিভিরেব নির্ব্বর্ত্ত্যং ন তু পশ্বাদিনা, সত্রং যজ্ঞম্ ॥৪—৭॥ পর্ব্ব বৈশ্বদেববরুণপ্রঘাসাদিকং কর্ম্ম, কালং কালে ফাল্গুন্যাদৌ, অত্যন্তসংযোগে দ্বিতীয়া। ব্রীহিদ্রোণমাত্রং যদা সিধ্যতি তদা দদাতি ॥৮॥ তদা চ দীয়মানং তদ্বর্দ্ধতি বর্দ্ধতে ॥৯॥ অচ্ছ'তি প্রাপ্নোতি ॥১০—১১॥

এদিকে মুনিবৃত্তিশালী মুদ্গল পর্ব্বকালবিহিত যজ্ঞ করিয়া সন্তুষ্টচিত্তে অতিথিদিগকে অন্নদান করিতেন ॥৮॥

মাৎসর্য্যবিহীন মুদ্গল প্রীতিসহকারে দ্রোণপরিমিত ধান্যের অন্ন দান করিতেন; তখন যে অন্ন অবশিষ্ট থাকিত, তাহা অতিথি দেখিলেই বৃদ্ধি পাইত ॥৯॥

সুতরাং শত শত বিদ্বান্ ব্রাহ্মণও সে অন্ন ভোজন করিতে পারিতেন। মুদ্গলমুনির দানের গুণেই সে অন্ন বৃদ্ধি পাইত ॥১০॥

রাজা পাণ্ডুনন্দন! ক্রমে দিগম্বর দুর্ব্বাসামুনি, ধার্ম্মিক ও দৃঢ়ব্রত মুদ্গলমুনির এই বৃত্তান্ত শুনিতে পাইলেন; তাহার পর তিনি উন্মত্তের ন্যায় অনির্দ্দিষ্ট

(৯) ব্রীহিদ্রোণস্য তদ্ধাস্য—বা ব কা, ব্রীহিদ্রোণস্য সিদ্ধস্য—পি। (১০)…তদন্নং বৃদ্ধিমচ্ছতি—বা ব কা নি।

অভিগম্যাথ তং বিপ্রমুবাচ মুনিসত্তমঃ।
অন্নার্থিনমনুপ্রাপ্তং বিদ্ধি মাং দ্বিজসত্তম ! ॥১৩॥
স্বাগতং তেঽস্ত্বিতি মুনিং মুদ্গলঃ প্রত্যভাষত।
পাদ্যমাচমনীয়ঞ্চ প্রতিপাদ্যার্ঘ্যমুত্তমম্ ॥১৪॥
প্রাদাৎ স তাপসায়ান্নং ক্ষুধিতায়াতিথিব্রতী।
উন্মত্তায় পরাং শ্রদ্ধামাস্থায় স ধৃতব্রতঃ ॥১৫॥
ততস্তদন্নং রসবৎ স এব ক্ষুধয়ান্বিতঃ।
বুভুজে কৃৎস্নমুন্মত্তঃ প্রাদাত্তস্মৈ চ মুদ্গলঃ ॥১৬॥
ভুক্ত্বা চান্নং ততঃ সর্ব্বমুচ্ছিষ্টেনাত্মনস্ততঃ।
অথানুলিলিপেঽঙ্গানি যথাগতমগাচ্চ সঃ ॥১৭॥
এবং দ্বিতীয়ে সম্প্রাপ্তে পর্ব্বকালে মনীষিণঃ।
আগম্য বুভুজে সর্ব্বমন্নমুঞ্ছোপজীবিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অভীতি। তং মুদ্গলম্। মুনিসত্তমো দুর্ব্বাসাঃ। অনুপ্রাপ্তমাগতম্ ॥১৩॥
স্বাগতমিতি। মুনিং দুর্ব্বাসসম্। প্রতিপাদ্য দত্ত্বা ॥১৪॥
প্রাদাদিতি। স প্রসিদ্ধঃ, তাপসায় দুর্ব্বাসসে। আস্থায়াবলম্ব্য, স মুদ্গলঃ ॥১৫॥
তত ইতি। রসবৎ সুস্বাদু, স দুর্ব্বাসা এব। প্রাদাদেব ন পুনর্বৈমত্যমকরোৎ ॥১৬॥
ভুক্ত্বেতি। উচ্ছিষ্টেন পরিত্যক্তেনান্নেন। অঙ্গান্যনুলিলিপে উন্মত্তত্বাৎ ॥১৭॥

বেশ ধারণ করিয়া মুণ্ডিতমস্তক হইয়া নানাবিধ নিষ্ঠুর বাক্য বলিতে বলিতে আগমন করিলেন ॥১১—১২॥

তাহার পর মুনিশ্রেষ্ঠ দুর্ব্বাসা সেই মুদ্গলের নিকট উপস্থিত হইয়া বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি অন্নার্থী হইয়া আসিয়াছি, ইহা আপনি অবগত হউন" ॥১৩॥

তখন মুদ্গল উত্তম পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় দান করিয়া দুর্ব্বাসামুনিকে বলিলেন—"আপনার শুভাগমন হউক" ॥১৪॥

তাহার পর অতিথিসেবক ও ব্রতচারী সেই মুদ্গলমুনি বিশেষ শ্রদ্ধা করিয়া ক্ষুধার্ত্ত ও উন্মত্ত দুর্ব্বাসাকে অন্ন দান করিলেন ॥১৫॥

তদনন্তর ক্ষুধার্ত্ত ও উন্মত্ত দুর্ব্বাসাই সেই সুস্বাদু সমস্ত অন্ন ভোজন করিয়া ফেলিলেন; মুদ্গলও তাঁহাকেই দিলেন ॥১৬॥

দুর্ব্বাসা সমস্ত অন্ন ভোজন করিয়া উচ্ছিষ্টদ্বারা নিজের সকল অঙ্গ লেপন করিলেন; পরে যেস্থান হইতে আসিয়াছিলেন, সেই স্থানে চলিয়া গেলেন ॥১৭॥

নিরাহারস্তু স মুনিরুঞ্ছমর্জ্জয়তে পুনঃ।
ন চৈনং বিক্রিয়াং নেতুমশকন্মুদ্গলং ক্ষুধা ॥১৯॥
ন ক্রোধো ন চ মাৎসর্য্যং নাবমানো ন সম্ভ্রমঃ।
সপুত্রদারমুঞ্ছন্তমাবিবেশ দ্বিজোত্তমম্ ॥২০॥
তথা তমুঞ্ছধর্ম্মাণং দুর্ব্বাসা মুনিসত্তমম্।
উপতস্থে যথাকালং ষট্‌কৃত্বঃ কৃতনিশ্চয়ঃ ॥২১॥
ন চাস্য মনসঃ কঞ্চিদ্বিকারং দদৃশে মুনিঃ।
শুদ্ধসত্ত্বস্য শুদ্ধং স দদৃশে নির্ম্মলং মনঃ ॥২২॥
তমুবাচ ততঃ প্রীতঃ স মুনির্মুদ্গলং ততঃ।
ত্বৎসমো নাস্তি লোকেঽস্মিন্ দাতা মাৎসর্য্যবর্জ্জিতঃ ॥২৩॥
ক্ষুদ্ধর্ম্মসংজ্ঞাং প্রণুদত্যাদত্তে ধৈর্য্যমেব চ।
রসানুসারিণী জিহ্বা কর্ষত্যেব রসান্ প্রতি ॥২৪॥

ভারতকৌমুদী

এবমিতি। পর্ব্বকালে পর্ব্ববিহিতযাগকালে। উঞ্ছোপজীবিনো মুদ্গলস্য ॥১৮॥
নিরিতি। স মুদ্গলঃ, উঞ্ছম্ উঞ্ছবৃত্ত্যা ধান্যম্। ক্ষুধা ক্ষুৎ ॥১৯॥
নেতি। ক্রোধো দুর্ব্বাসসং প্রতি। অন্যত্রাপ্যেবম্। উঞ্ছন্তম্ উঞ্ছবৃত্ত্যা শস্যমর্জ্জন্তম্ ॥২০॥
তথেতি। তং মুদ্গলম্। উপতস্থে ভোক্তুং প্রাপ্তবান্, ষট্‌কৃত্বঃ ষড়্‌বারান্ ॥২১॥
নেতি। দদৃশে দদর্শ, মুনির্দুর্ব্বাসাঃ। শুদ্ধসত্ত্বস্য নির্ম্মলস্বভাবস্য ॥২২॥
তমিতি। ততস্তদনন্তরম্। ততস্তদাচরণদর্শনাৎ প্রীতঃ। মাৎসর্য্যং পাত্রং প্রতি দ্বেষঃ ॥২৩॥

এইভাবে উঞ্ছোপজীবী ও জ্ঞানী মুদ্গলমুনির দ্বিতীয় পর্ব্বকাল উপস্থিত হইলেও দুর্ব্বাসা আসিয়া সমস্ত অন্ন ভোজন করিয়া গেলেন ॥১৮॥

এদিকে মুদ্গলমুনি অনাহারে থাকিয়া পুনরায় উঞ্ছবৃত্তিদ্বারাই ধান্যসংগ্রহ করিলেন; কিন্তু ক্ষুধা তাঁহাকে বিকৃত করিতে পারিল না ॥১৯॥

কিংবা দুর্ব্বাসার প্রতি মুদ্গলের ক্রোধ, বিদ্বেষ, অবজ্ঞা বা উদ্বেগ হইল না; তিনি পুত্র ও ভার্য্যার সহিত মিলিত হইয়া উঞ্ছবৃত্তিদ্বারাই পূর্ব্ববৎ ধান্যসংগ্রহ করিলেন ॥২০॥

দুর্ব্বাসামুনি ভোজনে কৃতনিশ্চয় হইয়া উঞ্ছোপজীবী মুনিশ্রেষ্ঠ মুদ্গলের নিকটে যথাসময়ে সেইভাবে ছয় বার উপস্থিত হইয়াছিলেন ॥২১॥

কিন্তু তিনি নির্ম্মলস্বভাব মুদ্গলের মনে কোন বিকারই দেখিতে পান নাই; বরং তাঁহার পবিত্র ও নির্ম্মল মনই দেখিয়াছিলেন ॥২২॥

তাহার পর দুর্ব্বাসামুনি মুদ্গলের আচরণে সন্তুষ্ট হইয়া তাঁহাকে বলিলেন—"আপনার তুল্য মাৎসর্য্যবিহীন দাতা এই জগতে আর কেহ নাই ॥২৩॥

আহারপ্রভবাঃ প্রাণা মনো দুর্নিগ্রহং চলম্।
মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চাপ্যৈকাগ্র্যং নিশ্চিতং তপঃ ॥২৫॥
শ্রমেণোপার্জ্জিতং ত্যক্তুং দুঃখং শুদ্ধেন চেতসা।
তৎ সর্ব্বং ভবতা সাধো! যথাবদুপপাদিতম্ ॥২৬॥
প্রীতাঃ স্মোঽনুগৃহীতাশ্চ সমেত্য ভবতা সহ।
ইন্দ্রিয়াভিজয়ো ধৈর্য্যং সংবিভাগো দমঃ শমঃ ॥২৭॥
দয়া সত্যঞ্চ ধর্ম্মশ্চ ত্বয়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্।
জিতাস্তে কর্ম্মভির্লোকাঃ প্রাপ্তোঽসি পরমাং গতিম্ ॥২৮॥ (যুগ্মকম্)
অহো দানং বিঘুষ্টং তে সুমহৎ স্বর্গবাসিভিঃ।
সশরীরো ভবান্ গন্তা স্বর্গং সুচরিতব্রত! ॥২৯॥

ভারতকৌমুদী

ক্ষুদিতি। ক্ষুৎ ক্ষুধা, ধর্ম্মসংজ্ঞাং ধর্ম্মজ্ঞানম্, প্রণুদতি নাশয়তি, ধৈর্য্যমেব চ আদত্তে হরতি, তথা, রসানুসারিণী জিহ্বা রসান্ প্রতি প্রাণিনং কর্ষত্যেব। কিন্তু তবৈতৎসর্ব্বাভাবাৎ ত্বং ধন্য এবেতি ভাবঃ ॥২৪॥

আহারেতি। আহারাৎ প্রভবন্তি তিষ্ঠন্তীত্যাহারপ্রভবাঃ। আহারাভাবেঽপি প্রাণধারণম্, দুর্নিগ্রহস্য চলস্য চ মনসো নিগ্রহণম্, ঈদৃশং তপশ্চ দুষ্করমেব ত্বয়া ক্রিয়ত ইত্যাশয়ঃ ॥২৫॥

শ্রমেণেতি। উপার্জ্জিতং দ্রব্যম্, দুঃখং জায়তে, শুদ্ধেন দ্বেষশূন্যেন ॥২৬॥

প্রীতা ইতি। সমেত্য মিলিত্বা। সংবিভাগো বিভজ্যান্নদানম্। তে ত্বয়া ॥২৭—২৮॥

ক্ষুধা ধর্ম্মবুদ্ধি নষ্ট করে এবং ধৈর্য্য হরণ করে, আর রসানুবর্ত্তিনী জিহ্বা প্রাণীকে রসের প্রতি আকর্ষণ করে; (আপনার ইহার একটাও হয় নাই বলিয়া আপনি ধন্য) ॥২৪॥

আহারেই প্রাণ থাকে, চঞ্চল মনের দমন করাও দুষ্কর এবং মন ও ইন্দ্রিয়ের একাগ্রতাই তপস্যা; (বিনা আহারেও প্রাণ থাকায়, চঞ্চল মনের দমন করায় এবং উক্তরূপ তপস্যা করিতে থাকায় আপনি ধন্য) ॥২৫॥

সাধু! নির্ম্মলচিত্তে শ্রমার্জ্জিত ধন দান করিতে অত্যন্ত কষ্ট হয়; কিন্তু আপনি যথানিয়মে সে সমস্তই করিয়াছেন ॥২৬॥

আমি আপনার সহিত মিলিত হইয়া সন্তুষ্ট ও অনুগৃহীত হইয়াছি। চিত্ত-সংযম, ধৈর্য্য, বিভাগপূর্ব্বক অন্নদান, কর্ম্মেন্দ্রিয়দমন, জ্ঞানেন্দ্রিয়দমন, দয়া, সত্য ও ধর্ম্ম, এই সমস্তই আপনাতে রহিয়াছে; সুতরাং আপনি নিজ কর্ম্মদ্বারাই সমস্ত লোক জয় করিয়াছেন এবং পরম গতি লাভ করিবার যোগ্য হইয়াছেন ॥২৭—২৮॥

ইত্যেবং বদতস্তস্য তদা দুর্ব্বাসসো মুনেঃ।
দেবদূতো বিমানেন মুদ্গলং প্রত্যুপস্থিতঃ ॥৩০॥
হংসসারসযুক্তেন কিঙ্কিণীজালমালিনা।
কামগেন বিচিত্রেণ দিব্যগন্ধবতা তথা ॥৩১॥ (যুগ্মকম্)
উবাচ চৈনং বিপ্রর্ষিং বিমানং কর্ম্মভির্জিতম্।
সমুপারোহ সংসিদ্ধিং প্রাপ্তোঽসি পরমাং মুনে! ॥৩২॥
তমেবংবাদিনমৃষির্দেবদূতমুবাচ হ।
ইচ্ছামি ভবতা প্রোক্তান্ গুণান্ স্বর্গনিবাসিনাম্ ॥৩৩॥
কে গুণাস্তত্র বসতাং কিং তপঃ কশ্চ নিশ্চয়ঃ।
স্বর্গে তত্র সুখং কিঞ্চ দোষো বা দেবদূতক! ॥৩৪॥
সতাং সপ্তপদং মৈত্রমাহুঃ সন্তঃ কুলোচিতাঃ।
মিত্রতাঞ্চ পুরস্কৃত্য পৃচ্ছামি ত্বামহং বিভো! ॥৩৫॥

ভারতকৌমুদী

অহো ইতি। বিঘুষ্টং বিশেষেণ ঘোষিতম্। গন্তা গমিষ্যতি ॥২৯॥
ইতীতি। মুদ্গলং প্রতি তদন্তিকে। কামগেন ইচ্ছানুসারেণ গমনশক্তেন ॥৩০—৩১॥
উবাচেতি। উবাচ দেবদূত ইত্যনুবৃত্তিঃ। কর্ম্মভির্দানাদিভিঃ, জিতং প্রাপ্তম্ ॥৩২॥
তমিতি। ঋষির্মুদ্গলঃ। ইচ্ছামি শ্রোতুমিতি শেষঃ ॥৩৩॥
ক ইতি। তত্র স্বর্গে। নিশ্চয়স্তত্র বাসে নিশ্চিতকারণম্ ॥৩৪॥
সতামিতি। সপ্তপদং মিলিত্বা গচ্ছতামিতি শেষঃ, মৈত্রং পরস্পরমিত্রতাম্ ॥৩৫॥

ব্রতচারী ব্রাহ্মণ! স্বর্গবাসীরা আপনার গুরুতর দানের সংবাদ ঘোষণা করিয়াছেন; সুতরাং আপনি সশরীরেই স্বর্গে যাইবেন” ॥২৯॥

দুর্ব্বাসামুনি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে কামগামী ও বিচিত্র একখানা বিমানে আরোহণ করিয়া একজন দেবদূত মুদ্গলের নিকট উপস্থিত হইল; সে বিমানখানাতে হংস, সারস, কিঙ্কিণীর মালা ও স্বর্গীয় সৌরভ ছিল ॥৩০—৩১॥

সেই দেবদূত মহর্ষি মুদ্গলকে বলিল—“মুনি! আপনি পরম সিদ্ধি লাভ করিয়াছেন; অতএব আপন কর্ম্মলব্ধ এই বিমানে আরোহণ করুন” ॥৩২॥

দেবদূত এইরূপ বলিলে, মুদ্গল তাহাকে বলিলেন—“আপনি স্বর্গবাসিগণের গুণ বর্ণনা করুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥৩৩॥

দেবদূত! স্বর্গবাসীদের কি গুণ? কি তপস্যা? স্বর্গবাসে নিশ্চিত কারণ কি? এবং সেই স্বর্গলোকে কি সুখ? কি বা দোষ? ॥৩৪॥

তদত্র তথ্যং পথ্যঞ্চ তদ্‌ব্রবীহ্যবিচারয়ন্‌ ।
শ্রুত্বা তথা করিষ্যামি ব্যবসায়ং গিরা তব ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে মুদ্গলোপাখ্যানে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

দেবদূত উবাচ ।

মহর্ষে ! আর্য্যবুদ্ধিস্ত্বং যঃ স্বর্গসুখমুত্তমম্‌ ।
সম্প্রাপ্তং বহু মন্তব্যং বিমৃশস্যবুধো যথা ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। তথ্যং সত্যম্‌, পথ্যং হিতম্‌। ব্যবসায়ং স্বর্গগমননিশ্চয়ম্‌ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মহর্ষ ইতি। হে মহর্ষে! ত্বমার্য্যবুদ্ধিঃ সদ্বিবেচকঃ, যত্ত্বম্‌, উত্তমম্‌, অতএব বহু মন্তব্যং সর্ব্বৈরাদর্ত্তব্যম্‌, সম্প্রাপ্তমুপস্থিতং স্বর্গসুখম্‌, যথা অবুধঃ অনভিজ্ঞস্তথা, বিমৃশসি গচ্ছামি নবেতি বিচারয়সি; যদি কশ্চিন্নিকর্ষঃ স্যাদিতি বিচিন্তয়ন্নিতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

বিকচো হসন্‌ মুণ্ডো বা ॥১২—১৭॥ দ্বিতীয়ে পক্ষে ॥১৮—২৩॥ ক্ষুৎ ক্ষুধা, ধর্ম্মসহিতাং সংজ্ঞাম্‌, ত্বয়া তু প্রাণধর্ম্মঃ ক্ষুধা, ইন্দ্রিয়ধর্ম্মো রসনা, তদুভয়ং জিতমিত্যর্থঃ ॥২৪—৩১॥ উবাচ দেবদূত ইত্যনুকৃষ্যতে ॥৩২—৩৫॥ ব্যবসায়ং নিশ্চয়ম্‌ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৫॥

প্রভাবসম্পন্ন দেবদূত! উচ্চবংশজাত সজ্জনেরা বলিয়া থাকেন যে, একসঙ্গে সপ্তপদ গমন করিলেই মিত্রতা হয়; সুতরাং আমি সেই মিত্রতার অনুসরণ করিয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি ॥৩৫॥

অতএব আপনি এবিষয়ে বিবেচনা না করিয়া সত্য ও হিত বাক্য বলুন; আমি তাহা শুনিয়া আপনার বাক্যানুসারে কর্ত্তব্য স্থির করিব" ॥৩৬॥

---

* '...ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—পি, '...একোনষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—কা, '...একষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—নি।

উপরিষ্টাদসৌ লোকো যোঽয়ং স্বরিতি সংজ্ঞিতঃ।
ঊর্দ্ধগঃ সৎপথঃ শশ্বদ্দেবযানচরো মুনে! ॥২॥
নাতপ্ততপসঃ পুংসো নামহাযজ্ঞযাজিনঃ।
নানৃতা নাস্তিকাশ্চৈব তত্র গচ্ছন্তি মুদ্গল! ॥৩॥
ধর্ম্মাত্মানো জিতাত্মানঃ শান্তা দান্তা বিমৎসরাঃ।
দানধর্ম্মরতা মর্ত্ত্যাঃ শূরাশ্চাহবলক্ষণাঃ ॥৪॥
তত্র গচ্ছন্তি ধর্ম্মাগ্র্যং কৃত্বা শমদমাত্মকম্।
লোকান্ পুণ্যকৃতান্ ব্রহ্মন্! সদ্ভিরাচরিতান্ নৃভিঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্বর্গং বর্ণয়তি—উপেতি। উর্দ্ধগ ঊর্দ্ধগমনস্থানম্। এতদেব ব্যাচষ্টে সতো ব্রহ্মণঃ পন্থা ইতি সৎপথঃ, দেবযানানি বিমানানি চরাণি যত্র স তাদৃশশ্চ ॥২॥

নেতি। পুংসঃ পুমাংসঃ। অনৃতা বাচি কর্ম্মণি চ মিথ্যাপরায়ণাঃ ॥৩॥

কে গচ্ছন্তীত্যাহ—ধর্ম্মেতি। আহবে সম্মুখযুদ্ধে লক্ষণং মরণদর্শনং যেষাং তে, "রণে চাভিমুখো হতঃ" ইত্যেকবাক্যত্বাৎ। ধর্ম্মাগ্র্যং ধর্ম্মশ্রেষ্ঠম্ ॥৪—৫॥

ভারতভাবদীপঃ

মহর্ষে ইতি। বিমৃশসি শুভমশুভং বেতি বিচারয়সি ॥১॥ স্বর্লোকঃ সুখলোকঃ। "যন্ন দুঃখেন সংভিন্নং ন চ গ্রস্তমনন্তরম্। অভিলাষোপনীতং যত্তৎসুখং স্বঃপদাস্পদম্ ॥" ইতি শ্রুতিঃ। তৎপ্রধানত্বাল্লোকোঽপি স্বঃশব্দবাচ্যঃ। ঊর্দ্ধং গগনাদিতূর্দ্ধগঃ, সৎপথো ব্রহ্মমার্গঃ ক্রমমুক্তিস্থানমিত্যর্থঃ। দেবযানেন মার্গেণ অর্চ্চিরাদিপর্ব্ববতা চরন্ত্যস্মিন্নিতি দেবযানচরঃ ॥২॥

দেবদূত বলিল—"মহর্ষি! আপনার বুদ্ধিটা প্রশংসনীয়; কারণ, যে আপনি উত্তম ও সকলের আদরণীয় উপস্থিত স্বর্গসুখের বিষয়েও অনভিজ্ঞের ন্যায় বিবেচনা করিতেছেন ॥১॥

মুনি! যাহার নাম স্বর্গ; সে লোক ঐ উপরে রহিয়াছে; উহা ঊর্দ্ধগমনের স্থান, অর্থাৎ ব্রহ্মলাভের পথ এবং সর্ব্বদাই ওখানে দেবযান সকল বিচরণ করে ॥২॥

মুদ্গলমুনি! যাহারা তপস্যা বা মহাযজ্ঞ না করিয়াছে, তাহারা এবং মিথ্যাপরায়ণ ও নাস্তিক লোকেরা সেখানে যাইতে পারে না ॥৩॥

ধার্ম্মিক, চিত্তজয়ী, জ্ঞানেন্দ্রিয়জয়ী, কর্ম্মেন্দ্রিয়জয়ী, বিদ্বেষবিহীন ও দাননিরত লোকেরা এবং সম্মুখযুদ্ধনিহত বীরেরা সেখানে যাইতে পারেন। আর, ব্রাহ্মণ! সকলেই শম ও দমস্বরূপ শ্রেষ্ঠ ধর্ম্ম করিয়া সজ্জনের আচরিত যে কোন পুণ্যলোক লাভ করিতে পারে ॥৪—৫॥

দেবাঃ সাধ্যাস্তথা বিশ্বে তথৈব চ মহর্ষয়ঃ।
যামা ধামাশ্চ মৌদ্গল্য! গন্ধর্ব্বাপ্সরসস্তথা ॥৬॥
এষাং দেবনিকায়ানাং পৃথক্ পৃথগনেকশঃ।
ভাস্বন্তঃ কামসম্পন্না লোকাস্তেজোময়াঃ শুভাঃ ॥৭॥ (যুগ্মকম্)
ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি হিরণ্ময়ঃ।
মেরুঃ পর্ব্বতরাড্ যত্র দেবোদ্যানানি মুদ্গল! ॥৮॥
নন্দনাদীনি পুণ্যানি বিহারাঃ পুণ্যকর্ম্মণাম্।
ন ক্ষুৎপিপাসে ন গ্লানির্ন শীতোষ্ণে ভয়ং তথা ॥৯॥ (যুগ্মকম্)
বীভৎসমশুভং বাপি তত্র কিঞ্চিন্ন বিদ্যতে।
মনোজ্ঞাঃ সর্ব্বতো গন্ধাঃ সুখস্পর্শাশ্চ সর্ব্বশঃ ॥১০॥
শব্দাঃ শ্রুতিমনোগ্রাহ্যাঃ সর্ব্বতস্তত্র বৈ মুনে!।
ন শোকো ন জরা তত্র নায়াসপরিদেবনে ॥১১॥

ভারতকৌমুদী

দেবা ইতি। বিশ্বে সর্ব্বে। যামা ধামাশ্চ তদাখ্যা দেবযোনিবিশেষাঃ। মৌদ্গল্যেতি স্বার্থে ষণ্। দেবনিকায়ানাং দেবসমূহানাম্। লোকা নিবাসদেশা বর্ত্তন্তে ॥৬—৭॥

ত্রয় ইতি। ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি ব্যাপ্য ইত্যর্থঃ, হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ। যত্র পুণ্যকর্ম্মণাং বিহারা বিহরণস্থানভূতানি নন্দনাদীনি পুণ্যানি দেবোদ্যানানি বর্ত্তন্তে ॥৮—৯॥

বীভৎসমিতি। বীভৎসং বিষ্ঠাদি, অশুভং শবাদি। সুখস্পর্শা বায়ব ইতি শেষঃ ॥১০॥

শব্দা ইতি। শ্রুতিমনাংসি গ্রাহ্যাণি আকৃষ্যাণি যৈস্তে। আয়াসপরিদেবনে শ্রমবিলাপৌ ॥১১॥

ভারতভাবদীপঃ

পুংসঃ পুমাংসঃ ॥৩—৪॥ ধর্ম্মাগ্র্যং ধর্ম্মশ্রেষ্ঠং যোগম্ ॥৫॥ যামা ধামাশ্চ গণবিশেষাঃ ॥৬॥ দেবানাং নিকায়া আলয়া যেষু তেষাং দেবনিকায়ানাম্ ॥৭॥ ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনা-

---

মুদ্গলমুনি! যে সকল দেবতা, সাধ্য, দেবর্ষি, যাম, ধাম ও অপ্সরা আছেন, ইঁহাদের পৃথক্ পৃথক্ অনেক তেজোময় ও মঙ্গলময় লোক আছে; সে সকল লোকে সর্ব্বদাই অভীষ্ট বস্তু লাভ করা যায় ॥৬—৭॥

মুদ্গলমুনি! স্বর্ণময় পর্ব্বতরাজ সুমেরু তেত্রিশ হাজার যোজন ব্যাপিয়া রহিয়াছে; যাহার উপরে ধার্ম্মিকদিগের বিহারস্থান পুণ্যময় নন্দনপ্রভৃতি বহুতর দেবোদ্যান বিরাজ করিতেছে এবং যেখানে ক্ষুধা, পিপাসা, গ্লানি, শীত, গ্রীষ্ম ও ভয় নাই ॥৮—৯॥

আর সেখানে ঘৃণাজনক বা অমঙ্গলজনক কিছুই নাই এবং সে স্থানের সকল গন্ধই মনোহর ও সমস্ত বায়ুই সুখস্পর্শ ॥১০॥

ঈদৃশঃ স মুনে! লোকঃ স্বকর্ম্মফলহেতুকঃ।
সুকৃতৈস্তত্র পুরুষাঃ সংভবন্ত্যাত্মকর্ম্মভিঃ ॥১২॥

তৈজসানি শরীরাণি ভবন্ত্যত্রোপপদ্যতাম্।
কর্ম্মজান্যেব মৌদ্গল্য! ন মাতৃপিতৃজান্যুত ॥১৩॥

ন সংস্বেদো ন দৌর্গন্ধ্যং পুরীষং মূত্রমেব বা।
তেষাঞ্চ ন রজো বস্ত্রং বাধতে তত্র বৈ মুনে! ॥১৪॥

ন ম্লায়ন্তি স্রজস্তেষাং দিব্যগন্ধা মনোরমাঃ।
সংযুজ্যন্তে বিমানৈশ্চ ব্রহ্মন্নেবংবিধৈশ্চ তে ॥১৫॥

ঈর্ষ্যাশোকক্লমাপেতা মোহমাৎসর্য্যবর্জ্জিতাঃ।
সুখং স্বর্গজিতস্তত্র বর্ত্তয়ন্তে মহামুনে! ॥১৬॥

তেষাং তথাবিধানাস্তু লোকানাং মুনিপুঙ্গব!।
উপর্য্যুপরি লোকস্য লোকা দিব্যগুণান্বিতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ঈদৃশ ইতি। স্বকর্ম্মফলং দেবকর্ম্মফলং ধর্ম্ম এব হেতুর্যস্য সঃ। সম্ভবন্তি গতাঃ ॥১২॥

তৈজসানীতি। উপপদ্যতাম্ উপপদ্যমানানাং গচ্ছতাম্। উতশব্দঃ পাদপূরণে ॥১৩॥

নেতি। সংস্বেদো ঘর্ম্মঃ। তৈজসশরীরত্বাদেব ন সংস্বেদাদয় ইতি ভাবঃ ॥১৪॥

নেতি। সংযুজ্যন্তে আরোহণায় মিলিতা ভবন্তি। এবংবিধৈরিত্যঙ্গুল্যা স্বানীতবিমান-প্রদর্শনম্ ॥১৫॥

ঈর্ষ্যেতি। স্বর্গজিতো লব্ধস্বর্গাঃ, সুখং যথা স্যাত্তথা বর্ত্তয়ন্তে জীবনং ধারয়ন্তি ॥১৬॥

তেষামিতি। লোকানাং জনানাং দেবানামিতি যাবৎ। লোকস্য স্বর্গস্য ॥১৭॥

মুনি! সেখানে সকল শব্দই শ্রুতিমধুর ও হৃদয়গ্রাহী এবং সেখানে শোক, জরা, শ্রম ও বিলাপ নাই ॥১১॥

মুনি! সেই স্বর্গলোক দেবগণের কর্ম্মফলে এইরূপ হইয়াছে; সুতরাং মানুষও আপন পুণ্যের বলেই সেখানে যাইয়া থাকে ॥১২॥

মুদ্গল! স্বর্গগত লোকদিগের শরীরগুলি তেজোময় ও কর্ম্মজাত; কিন্তু মাতৃ-পিতৃজাত নহে ॥১৩॥

অতএব মুনি! সেখানে ঘর্ম্ম, দুর্গন্ধ, বিষ্ঠা বা মূত্র নাই এবং স্বর্গবাসীদের বস্ত্র ধূলিতে মলিন হয় না ॥১৪॥

ব্রাহ্মণ! তাঁহাদের দিব্যসৌরভসম্পন্ন ও মনোহর পুষ্পমালা সকল মলিন হয় না এবং তাঁহারা এইরূপ বিমানেই আরোহণ করিয়া থাকেন ॥১৫॥

মহর্ষি! স্বর্গবাসীদের ঈর্ষ্যা, শোক, ক্লান্তি, মোহ বা মাৎসর্য্য নাই; সুতরাং তাঁহারা সেখানে সুখে জীবন যাপন করেন ॥১৬॥

পরতো ব্রহ্মণস্তস্য লোকস্তেজোময়ঃ শুভঃ।
যত্র যান্ত্যৃষয়ো ব্রহ্মন্! পূতাঃ স্বৈঃ কর্ম্মভিঃ শুভৈঃ ॥১৮॥
ঋভবো নাম তত্রান্যে দেবানামপি দেবতাঃ।
তেষাং লোকাঃ পরতরে তান্ যজন্তীহ দেবতাঃ ॥১৯॥
স্বয়ম্প্রভাস্তে ভাস্বন্তো লোকাঃ কামদুঘাঃ পরে।
ন তেষাং স্ত্রীকৃতস্তাপো ন লোকৈশ্বর্য্যমৎসরঃ ॥২০॥
ন বর্ত্তয়ন্ত্যাহুতিভিস্তে নাপ্যমৃতভোজনাঃ।
তথা দিব্যশরীরাস্তে ন চ বিগ্রহমূর্ত্তয়ঃ ॥২১॥
ন সুখে সুখকামাস্তে দেবদেবাঃ সনাতনাঃ।
ন কল্পপরিবর্ত্তেষু পরিবর্ত্তন্তি তে তথা ॥২২॥

ভারতকৌমুদী

পরত ইতি। তস্য দেবলোকস্য, পরত উপরি, ব্রহ্মণো লোকো বর্ত্ততে ॥১৮॥
ঋভব ইতি। লোকা বাসদেশাঃ, পরতরে ব্রহ্মলোকমধ্যেঽপ্যুত্তমস্থানে বর্ত্তন্তে ॥১৯॥
স্বয়মিতি। কামদুঘা ইষ্টদাতারঃ। লোকৈশ্বর্য্যে পরসম্পদি মৎসরো নাস্তি ॥২০॥
নেতি। বিগ্রহমূর্ত্তয় ইতি বিগ্রহা ইন্দ্রিয়গ্রাহ্যা মূর্ত্তয়ো যেষাং তে তাদৃশা ন ॥২১॥
নেতি। সুখে সুখভোগসম্ভবেঽপি। সনাতনা নিত্যাঃ। অতএব নেত্যাদি ॥২২॥

মুনিশ্রেষ্ঠ! সেইরূপ দেবলোকের উপরে উপরে আরও কতকগুলি দিব্যগুণ-সম্পন্ন লোক আছে ॥১৭॥

ব্রাহ্মণ! সেই লোকগুলিরও উপরে তেজোময় ও মঙ্গলময় ব্রহ্মলোক রহিয়াছে; যেখানে ঋষিরা আপন আপন শুভকর্ম্মে পবিত্র হইয়া গমন করিয়া থাকেন ॥১৮॥

'ঋভু'-নামে আর কতকগুলি লোক আছেন, তাঁহারা দেবতাদেরও দেবতা এবং তাঁহারা ব্রহ্মলোকের মধ্যেও অত্যন্ত উত্তমস্থানে বাস করেন; আর দেবতারা তাঁহাদের পূজা করেন ॥১৯॥

সেই ঋভুগণ এমনই তেজস্বী যে, তাঁহারা আপনাদের তেজেই আলোকিত থাকেন এবং সকলেরই অভীষ্ট পূরণ করেন; আর তাঁহাদের স্ত্রীকৃত দুঃখ বা পরশ্রীকাতরতা নাই ॥২০॥

এবং তাঁহারা অন্যের আহুতিদ্বারা জীবন ধারণ করেন না কিংবা অমৃত পান করেন না; আর তাঁহাদের দিব্য শরীর, সে শরীরগুলি আবার কোন ইন্দ্রিয়গ্রাহ্য হয় না ॥২১॥

---

(১৮) পুরস্তাদ্ব্রাহ্মণাস্তত্র লোকাস্তেজোময়াঃ শুভাঃ—বা ব কা, পুরস্তাদ্ব্রহ্মণস্তত্র—পি।
(১৯) ধাম্নাহো নাম—পি।

জরা মৃত্যুঃ কুতস্তেষাং হর্ষঃ প্রীতিঃ সুখং ন চ।
ন দুঃখং ন সুখং বাপি রাগদ্বেষৌ কুতো মুনে! ॥২৩॥
দেবানামপি মৌদ্গল্য! কাঙ্ক্ষিতা সা পরা গতিঃ।
দুষ্প্রাপা পরমা সিদ্ধিরগম্যা কামগোচরৈঃ ॥২৪॥
ত্রয়স্ত্রিংশদিমে দেবা যেষাং লোকা মনীষিভিঃ।
গম্যন্তে নিয়মৈঃ শ্রেষ্ঠৈর্দানৈর্বা বিধিপূর্ব্বকৈঃ ॥২৫॥
সেয়ং দানকৃতা ব্যুষ্টিরনুপ্রাপ্তা সুখং ত্বয়া।
তাং ভুঙ্ক্ষ্ব সুকৃতৈর্লব্ধাং তপসা দ্যোতিতপ্রভঃ ॥২৬॥
এতৎ স্বর্গসুখং স্বর্গ-লোকা নানাবিধাস্তথা।
গুণাঃ স্বর্গস্য প্রোক্তাস্তে দোষানপি নিবোধ মে ॥২৭॥

ভারতকৌমুদী

জরেতি। সুখং দেববৎ প্রাক্তনকর্ম্মজসুখম্, পুনঃ সুখং মনুষ্যাদিবদধুনাতনকর্ম্মসুখম্ ॥২৩॥
দেবানামিতি। গতিরবস্থা। অগম্যা অলভ্যা, কামগোচরৈঃ কামিভির্জনৈঃ ॥২৪॥
অথ কিয়ৎসংখ্যকা ইম ইত্যাহ—ত্রয় ইতি। ইমে ঋভবো নাম ॥২৫॥
সেতি। সা ঋভুসম্বন্ধিনী। ব্যুষ্টিঃ সমৃদ্ধিঃ, "ব্যুষ্টিঃ স্তুতিফলর্দ্ধিষু" ইতি হেমচন্দ্রঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

হ্যুপরি পরিধিরিত্যর্থঃ, উচ্ছ্রায়স্তু চতুরশীতিসহস্রং মানমিতি জম্বুখণ্ডে বক্ষ্যমাণত্বাৎ ॥৮—১২॥ উপপদ্যতামুপগচ্ছতাম্ ॥১৩—১৪॥ এবংবিধৈরিতি দৃশ্যমানপ্রদর্শনম্ ॥১৫—২৫॥ ব্যুষ্টিঃ

দেবতাদেরও দেবতা এবং সনাতন সেই ঋভুগণ সুখভোগের সম্ভাবনা থকিলেও সুখকামনা করেন না কিংবা কল্পপরিবর্ত্তনের সময়েও পরিবর্ত্তিত হন না ॥২২॥

মুনি! সেই ঋভুগণের জরা, মৃত্যু, হর্ষ, প্রীতি, প্রাক্তনকর্ম্মজনিত সুখ, ঐহিক-কর্ম্মজনিত সুখ, দুঃখ, রাগ বা দ্বেষ ইহার কোনটাই নাই ॥২৩॥

মুদ্গলমুনি! দেবতারাও ঋভুগণের সেই পরম অবস্থার কামনা করেন এবং তাঁহাদের সেই দুর্লভ সিদ্ধি কামী লোকেরা লাভ করিতে পারে না ॥২৪॥

এই ঋভুরা সংখ্যায় তেত্রিশ জন; যাঁহাদের লোক—জ্ঞানীরা উত্তম নিয়ম ও যথাবিহিত দান করিয়া লাভ করিয়া থাকেন ॥২৫॥

মহর্ষি! আপনি দানদ্বারা অনায়াসে সেই ঋভুদের সম্পদ লাভ করিয়াছেন; সুতরাং আপনি এখন তপঃপ্রভাবে আলোকিত থাকিয়া সেই পুণ্যলব্ধ সম্পদ্ ভোগ করুন ॥২৬॥

(২৪) দেবতানাঞ্চ মৌদ্গল্য!—বা ব কা নি। (২৬)…অনুপ্রাপ্তা সুখাবহা—পি। (২৭) এতৎ স্বর্গসুখং বিপ্র!—বা ব কা।

কৃতস্য কর্ম্মণস্তত্র ভুজ্যতে যৎ ফলং দিবি।
ন চান্যৎ ক্রিয়তে কর্ম্ম মূলচ্ছেদেন ভুজ্যতে ॥২৮॥
সোঽত্র দোষো মম মতস্তস্যান্তে পতনঞ্চ যৎ।
সুখব্যাপ্তমনস্কানাং পতনং যচ্চ মুদ্গল! ॥২৯॥
অসন্তোষঃ পরীতাপো দৃষ্ট্বা দীপ্ততরাঃ শ্রিয়ঃ।
যদ্ভবত্যবরে স্থানে স্থিতানাং তৎ সুদুষ্করম্ ॥৩০॥
সংজ্ঞামোহশ্চ পততাং রজসা চ প্রধর্ষণম্।
প্রম্লানেষু চ মাল্যেষু ততঃ পিপতিষোর্ভয়ম্ ॥৩১॥
আব্রহ্মভবনাদেতে দোষা মৌদ্গল্য! দারুণাঃ।
নাকলোকে সুকৃতিনাং গুণাস্ত্বযুতশো নৃণাম্ ॥৩২॥
অয়ন্ত্বন্যো গুণঃ শ্রেষ্ঠশ্চ্যুতানাং স্বর্গতো মুনে!।
শুভানুশয়যোগেন মনুষ্যেষূপজায়তে ॥৩৩॥

ভারতকৌমুদী

এতদিতি। নিবোধ শৃণু। শ্রুত্বা চ যথেচ্ছং বিধেহীতি ভাবঃ ॥২৭॥
কৃতস্যেতি। তন্মূলচ্ছেদেনৈব ভুজ্যতে, ভোগেন ক্রমশঃ কর্ম্মক্ষয়াদিত্যাশয়ঃ ॥২৮॥
স ইতি। একং জ্ঞানপূর্ব্বকং পতনম্, অন্যচ্চাজ্ঞানপূর্ব্বকমিতি ভেদঃ ॥২৯॥
অসন্তোষ ইতি। শ্রিয়ঃ পরসম্পদঃ। অবরে ব্রহ্মলোকাপেক্ষয়া নিকৃষ্টে স্বর্গে ॥৩০॥
সংজ্ঞেতি। সংজ্ঞামোহো বুদ্ধিভ্রমঃ, প্রধর্ষণমাক্রমণম্ ॥৩১॥
আব্রহ্মেতি। আ ব্রহ্মভবনাৎ ব্রহ্মলোকাদারভ্য। নাকলোকে স্বর্গলোকে ॥৩২॥

মুনি! এই স্বর্গসুখ, নানাবিধ স্বর্গলোক এবং স্বর্গের গুণের কথা আপনার নিকট বলিলাম; এখন আপনি আমার নিকট স্বর্গের দোষও শ্রবণ করুন ॥২৭॥

সেখানে কৃতকর্ম্মের যে ফলভোগ করা হয়, তাহা মূলচ্ছেদ করিয়াই করা হয়; কিন্তু নূতন অন্য কোন কর্ম্ম করা হয় না ॥২৮॥

মুদ্গলমুনি! কর্ম্মক্ষয়ের পরে জ্ঞাতভাবে যে পতন হয় এবং সুখভোগ করিবার সময়ে অজ্ঞাতভাবে যে পতন হয়, আমার মতে তাহাই স্বর্গের দোষ ॥২৯॥

পরের উজ্জ্বল সম্পদ্ দেখিয়া স্বর্গবাসী লোকদিগের যে অসন্তোষ ও পরিতাপ জন্মে, সেটা গুরুতর দোষ ॥৩০॥

কণ্ঠের মালা মলিন হইতে লাগিলেই স্বর্গ হইতে পতনের সম্ভাবনা জন্মে, তখন বুদ্ধির ভ্রম ও রজোগুণের আক্রমণ হয়, তৎপরে ভয় জন্মে ॥৩১॥

মুদ্গলমুনি! ব্রহ্মলোক হইতে সকল স্বর্গেই এই সকল দারুণ দোষ রহিয়াছে; তবে পুণ্যবান্ লোকদিগের স্বর্গে গুণও বহুতরই আছে ॥৩২॥

তত্রাপি স মহাভাগঃ সুখভাগভিজায়তে।
ন চেৎ সংবুধ্যতে তত্র গচ্ছত্যধমতাং ততঃ ॥৩৪॥
ইহ যৎ ক্রিয়তে কর্ম্ম তৎ পরত্রোপভুজ্যতে।
কর্ম্মভূমিরিয়ং ব্রহ্মন্! ফলভূমিরসৌ মতা ॥৩৫॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যন্মাং পৃচ্ছসি মুদ্গল!।
তবানুকম্পয়া সাধো! সাধু গচ্ছাম মা চিরম্ ॥৩৬॥

ব্যাস উবাচ।

এতচ্ছ্রুত্বা তু মৌদ্গল্যো বাক্যং বিমমৃশে ধিয়া।
বিমৃশ্য চ মুনিশ্রেষ্ঠো দেবদূতমুবাচ হ ॥৩৭॥
দেবদূত! নমস্তেঽস্তু গচ্ছ তাত! যথাসুখম্।
মহাদোষেণ মে কার্য্যং ন স্বর্গেণ সুখেন বা ॥৩৮॥

ভারতকৌমুদী

অস্মিতি। শুভানুশয়যোগেন অবশিষ্টশুভাদৃষ্টসম্বন্ধেন ॥৩৩॥
তত্রেতি। সংবুধ্যতে ধর্ম্মজ্ঞানী ভবতি, ততস্তদা অধমতাম্ অধমযোনিতাম্ ॥৩৪॥
ইহেতি। ইয়ং পৃথিবী, অসৌ স্বর্গঃ, ফলভূমিঃ কর্ম্মফলভোগস্থানম্ ॥৩৫॥
এতদিতি। ত্বয়া সার্দ্ধং গমনমেব সাধু গমনমিতি ভাবঃ। মা চিরং বিলম্বং কুরু ॥৩৬॥
এতদিতি। এতদ্বাক্যং শ্রুত্বেতি সম্বন্ধঃ। বিমমৃশে স্বর্গে গন্তব্যং ন বেতি বিচারিতবান্ ॥৩৭॥
দেবেতি। মহান্ দোষো যত্র তেন। সুখেন স্বর্গীয়েণ ॥৩৮॥

মুনি! স্বর্গভ্রষ্ট লোকদিগের এই একটা শ্রেষ্ঠ গুণ যে, স্বর্গভ্রষ্ট লোক পূর্ব্ব শুভাদৃষ্টের সম্বন্ধবশতঃ মনুষ্যযোনিতেই জন্মগ্রহণ করে ॥৩৩॥

তাহাতেও সে মহাত্মা সুখীই হয়; তবে যদি তখন ধর্ম্মজ্ঞান লাভ না করে, তাহা হইলে ক্রমিক অধমযোনিতে গমন করে ॥৩৪॥

ইহলোকে যে কর্ম্ম করা হয়, পরলোকে তাহার ফল ভোগ হয়; সুতরাং ব্রাহ্মণ! এইটা কর্ম্মভূমি, আর ঐটা (স্বর্গ) ফলভোগভূমি ॥৩৫॥

মুদ্গলমুনি! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই আমি আপনার নিকট সে সমস্তই বলিলাম। এখন আপনার কৃপায় আমরা আপনার সহিত সুখেই যাইব; আপনি আর বিলম্ব করিবেন না” ॥৩৬॥

বেদব্যাস বলিলেন—“দেবদূতের এই সকল বাক্য শুনিয়া মুনিশ্রেষ্ঠ মুদ্গল মনে মনে বিবেচনা করিলেন এবং বিবেচনা করিয়া দেবদূতকে কহিলেন—॥৩৭॥

---

(৩৪)…ন চেৎ সংবধ্যতে তত্র গচ্ছত্যধমতাং পুনঃ—পি।

পতনান্তে মহদ্দুঃখং পরিতাপঃ সুদারুণঃ।
স্বর্গভাজঃ পতন্তীহ তস্মাৎ স্বর্গং ন কাময়ে ॥৩৯॥
যত্র গত্বা ন শোচন্তি ন ব্যথন্তি চলন্তি বা।
তদহং স্থানমত্যন্তং মার্গয়িষ্যামি কেবলম্ ॥৪০॥
ইত্যুক্ত্বা স মুনির্বাক্যং দেবদূতং বিসৃজ্য তম্।
শিলোঞ্ছবৃত্তির্ধর্ম্মাত্মা শমমাতিষ্ঠদুত্তমম্ ॥৪১॥
তুল্যনিন্দাস্তুতির্ভূত্বা সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।
জ্ঞানযোগেন শুদ্ধেন ধ্যাননিত্যো বভূব হ ॥৪২॥
ধ্যানযোগাদ্বলং লব্ধ্বা প্রাপ্য বুদ্ধিমনুত্তমাম্।
জগাম শাশ্বতীং সিদ্ধিং পরাং নির্ব্বাণলক্ষণাম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

অথ কোঽসৌ দোষ ইতি দেবদূতোক্তমেবানুবদতি—পতনেতি। পতনান্তে স্বর্গাৎ ॥৩৯॥ যত্রেতি। ন চলন্তি বা ততো ন বা পতন্তি। অত্যন্তং নিত্যম্, কেবলং কৈবল্যাখ্যম্ ॥৪০॥ ইতীতি। শিলোঞ্ছৌ প্রাগ্ব্যাখ্যাতৌ। শমং জ্ঞানেন্দ্রিয়নিরোধং যোগমিত্যর্থঃ ॥৪১॥ তুল্যেতি। অশ্মানো মণয়ঃ। ধ্যানং নিত্যং যস্য স নিত্যধ্যায়ীতি তাৎপর্য্যম্ ॥৪২॥ ধ্যানেতি। বলম্ আত্মানাত্মবিবেকশক্তিম্, অনুত্তমাং বুদ্ধিং তত্ত্বজ্ঞানম্ ॥৪৩॥

"দেবদূত! তোমাকে নমস্কার করি, বৎস! তুমি যথাসুখে গমন কর। কেন না, গুরুতরদোষযুক্ত স্বর্গ বা স্বর্গীয় সুখদ্বারা আমার প্রয়োজন নাই ॥৩৮॥

কারণ, স্বর্গবাসীরা ভূতলে পতিত হইয়া থাকেন এবং পতনের পরে তাঁহাদের গুরুতর দুঃখ ও অতিদারুণ পরিতাপ জন্মে; অতএব সে স্বর্গ আমি কামনা করি না ॥৩৯॥

মানুষ যে স্থানে যাইয়া শোক করে না, দুঃখ পায় না এবং পতিতও হয় না, আমি সেই 'কৈবল্য'-নামক নিত্য স্থানের অন্বেষণ করিব" ॥৪০॥

এই কথা বলিয়া ধর্ম্মাত্মা মুদ্গলমুনি দেবদূতকে বিদায় দিয়া সেই শিলোঞ্ছবৃত্তি-দ্বারাই জীবিকানির্ব্বাহ করিতে থাকিয়া উত্তম যোগ অবলম্বন করিলেন ॥৪১॥

তখন তিনি নিন্দা ও প্রশংসাকে সমান জ্ঞান করিতেন এবং লোষ্ট্র, মণি ও কাঞ্চনকে তুল্যমূল্য মনে করিতেন, এইভাবে বিশুদ্ধ-জ্ঞানযোগ অবলম্বনপূর্ব্বক সর্ব্বদা পরমাত্মচিন্তায় নিবিষ্ট হইলেন ॥৪২॥

ক্রমে মুদ্গলমুনি সেই ধ্যানযোগের প্রভাবে বিবেকশক্তি প্রাপ্ত হইয়া,

---

(৩৯)…স্বর্গভাজশ্চরন্তীহ—বা ব কা, …স্বার্গভাজশ্চ্যবন্তীহ—পি। (৪২) ইতঃ পরং যাবন্তি পুস্তকানি পর্য্যালোচ্যন্তে, তাবৎস্ব এব পাঠভেদা দৃশ্যন্তে।

তস্মাত্ত্বমপি কৌন্তেয়! ন শোকং কর্ত্তুমর্হসি।
রাজ্যাৎ স্ফীতাৎ পরিভ্রষ্টস্তপসা তদবাপ্স্যসি ॥৪৪॥
সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।
পর্য্যায়েণোপসর্পন্তে নরং নেমিমরা ইব ॥৪৫॥
পিতৃপৈতামহং রাজ্যং প্রাপ্স্যস্যমিতবিক্রম!।
বর্ষাত্রয়োদশাদূর্দ্ধং ব্যেতু তে মানসো জ্বরঃ ॥৪৬॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা স ভগবান্ ব্যাসঃ পাণ্ডবনন্দনম্।
জগাম তপসে ধীমান্ পুনরেবাশ্রমং প্রতি ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে মুদ্গলদেবদূতসংবাদে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইদানীং প্রস্তুতমুখাপয়তি—তস্মাদিতি। তপসঃ সর্ব্বসাধকত্বাদিত্যর্থঃ। স্ফীতাদ্বিস্তৃতাৎ ॥৪৪॥
সুখস্যেতি। নেমিং চক্রপ্রান্তম্, অরা নাভিসংলগ্নতির্য্যক্কাষ্ঠানি ॥৪৫॥
পিত্রিতি। ব্যেতু অপগচ্ছতু, জ্বরো রাজ্যনাশাদিনিবন্ধনঃ সন্তাপঃ ॥৪৬॥
এবমিতি। পাণ্ডবশ্চাসৌ নন্দনঃ সর্ব্বেষামেবানন্দজনকশ্চেতি তং যুধিষ্ঠিরম্ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আবার তাহার প্রভাবে সর্ব্বোৎকৃষ্ট তত্ত্বজ্ঞান লাভ করিয়া, নির্ব্বাণমুক্তিস্বরূপ চিরস্থায়িনী পরম সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥৪৩॥

অতএব কুন্তীনন্দন! তুমিও শোক করিতে পার না। কারণ, তুমি বিস্তৃত রাজ্য হইতে বিচ্যুত হইয়া থাকিলেও তপস্যার প্রভাবে পুনরায় তাহা লাভ করিবে ॥৪৪॥

রথচক্রের মধ্যস্থিত তির্য্যক্ কাষ্ঠ সকল যেমন (দৃষ্টিপথবর্ত্তী) চক্রপ্রান্তের নিকট পর্য্যায়ক্রমে উপস্থিত হয়, তেমন সুখের পর দুঃখ, আবার দুঃখের পর সুখ মানুষের নিকট পর্য্যায়ক্রমে উপস্থিত হয় ॥৪৫॥

অমিতবিক্রম যুধিষ্ঠির! (বনবাস আরম্ভ অবধি) ত্রয়োদশ বৎসরের পর তুমি পুনরায় পৈতৃক রাজ্য লাভ করিবে; সুতরাং তোমার মনের সন্তাপ দূরীভূত হউক" ॥৪৬॥

* '...ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—পি, '...ষষ্ঠ্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...একষষ্ঠ্যধিকদ্বিশততমঃ...'—কা, '...দ্বিষষ্ঠ্যধিকদ্বিশততমঃ...'—নি।

সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

বসৎস্বেবং বনে তেষু পাণ্ডবেষু মহাত্মসু।
রমমাণেষু চিত্রাভিঃ কথাভির্মুনিভিঃ সহ ॥১॥
সূর্য্যদত্তাক্ষয়ান্নেন কৃষ্ণায়া ভোজনাবধি।
ব্রাহ্মণাংস্তর্প্যমাণেষু যে চান্নার্থমুপাগতাঃ।
আরণ্যানাং মৃগাণাঞ্চ মাংসৈর্নানাবিধৈরপি ॥২॥
ধার্ত্তরাষ্ট্রা দুরাত্মানঃ সর্ব্বে দুর্য্যোধনাদয়ঃ।
কথং তেষ্বন্ববর্ত্তন্ত পাপাচারা মহামুনে! ॥৩॥
দুঃশাসনস্য কর্ণস্য শকুনেশ্চ মতে স্থিতাঃ।
এতদাচক্ষ্ব ভগবন্! বৈশম্পায়ন! পৃচ্ছতঃ ॥৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

বৎসস্বিতি। রমমাণেষু আমোদমানেষু। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। অন্ববর্ত্তন্ত ব্যাবাহরন্। আচক্ষ্ব ব্রূহি, পৃচ্ছতো মম সমীপে ॥১—৪॥

ভারতভাবদীপঃ

সম্পত্তিঃ ॥২৬—৪২॥ বলং পরবৈরাগ্যম্, বুদ্ধিং জ্ঞানম্ ॥৪৩—৪৪॥ নেমিং চক্রধারাম্, অরাঃ নাভিনেমিসন্ধানদারুণি ॥৪৫—৪৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৬॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—জ্ঞানী ভগবান্ বেদব্যাস যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া তপস্যা করিবার জন্য পুনরায় আশ্রমের দিকেই গমন করিলেন ॥৪৭॥

—:*:—

জনমেজয় বলিলেন—"মহর্ষি! ভগবন্! বৈশম্পায়ন! আমি জিজ্ঞাসা করিতেছি যে, মহাত্মা পাণ্ডবেরা যখন কাম্যকবনে থাকিয়া মুনিদের সহিত নানাবিধ আলাপে আনন্দ অনুভব করিতেন এবং দ্রৌপদীর ভোজন হইয়া যাওয়া পর্য্যন্ত—যাহারা অন্নের জন্য আসিত, তাহাদিগকে ও ব্রাহ্মণগণকে সূর্য্যদত্ত অক্ষয় অন্নদ্বারা ও নানাবিধ বন্য পশুর মাংসদ্বারা পরিতৃপ্ত করিতেন,

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তেষাং তথা বৃত্তিং নগরে বসতামিব।
দুর্য্যোধনো মহারাজ! তেষু পাপমরোচয়ৎ ॥৫॥
তথা তৈর্নিকৃতিপ্রজ্ঞৈঃ কর্ণদুঃশাসনাদিভিঃ।
নানোপায়ৈরঘং তেষু চিন্তয়ৎস্থ দুরাত্মসু ॥৬॥
অভ্যাগচ্ছৎ স ধর্ম্মাত্মা তপস্বী সুমহাযশাঃ।
শিষ্যাযুতসমোপেতো দুর্ব্বাসা নাম কামতঃ ॥৭॥ (যুগ্মকম্)
তমাগতমভিপ্রেক্ষ্য মুনিং পরমকোপনম্।
দুর্য্যোধনো বিনীতাত্মা প্রশ্রয়েণ দমেন চ।
সহিতো ভ্রাতৃভিঃ শ্রীমানাতিথ্যেন ন্যমন্ত্রয়ৎ ॥৮॥
বিধিবৎ পূজয়ামাস স্বয়ং কিঙ্করবৎ স্থিতঃ।
অহানি কতিচিত্তত্র তস্থৌ স মুনিসত্তমঃ ॥৯॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। তথা আনন্দেন, বৃত্তিং স্থিতিম্। পাপমনিষ্টম্, অরোচয়ৎ কর্ত্তুমৈচ্ছৎ ॥৫॥

তথেতি। নিকৃতিপ্রজ্ঞৈঃ শঠবুদ্ধিভিঃ সহ। অঘমনিষ্টম্, তেষু পাণ্ডবেষু। দুরাত্মসু দুর্য্যোধনাদিষু শিষ্যাণামযুতেন সমমুপেত ইতি শিষ্যাযুতসমোপেতঃ। মকারলোপ আর্ষঃ ॥৬—৭॥

তমিতি। প্রশ্রয়েণ প্রণয়েন, দমেন অভিমানদমনেন চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

বিধিবদিতি। তত্র দুর্য্যোধনভবনে ॥৯॥

তখন কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতানুবর্ত্তী, দুরাত্মা ও পাপাচারী দুর্য্যোধনপ্রভৃতি ধৃতরাষ্ট্রপুত্রেরা সকলে পাণ্ডবদের প্রতি কিরূপ আচরণ করিত, তাহা বলুন” ॥১—৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবেরা নগরবাসীদেরই মত কাম্যকবনে আনন্দে বাস করিতেছেন, ইহা শুনিয়া দুর্য্যোধন তাঁহাদের অনিষ্টাচরণ করিবার ইচ্ছা করিলেন ॥৫॥

দুরাত্মা দুর্য্যোধনপ্রভৃতি যখন শঠবুদ্ধি কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত মিলিত হইয়া নানা উপায়ে পাণ্ডবগণের অনিষ্ট করিবার চিন্তা করিতেছিলেন, তখন ধর্ম্মাত্মা, তপস্বী ও অত্যন্ত যশস্বী দুর্ব্বাসামুনি অযুত শিষ্যের সহিত দুর্য্যোধনভবনে আগমন করিলেন ॥৬—৭॥

তখন সুন্দরমূর্ত্তি দুর্য্যোধন সেই অত্যন্তক্রোধী মুনিকে আগত দেখিয়া ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া, অভিমান ত্যাগ করিয়া, প্রণয়পূর্ব্বক বিনীতভাবে আতিথ্যের জন্য তাঁহাকে নিমন্ত্রণ করিলেন ॥৮॥

তঞ্চ পর্য্যচরদ্রাজা দিবারাত্রমতন্দ্রিতঃ।
দুর্য্যোধনো মহারাজ! শাপাত্তস্য বিশঙ্কিতঃ ॥১০॥
ক্ষুধিতোঽস্মি দদস্বান্নং শীঘ্রং মম নরাধিপ!।
ইত্যুক্ত্বা গচ্ছতি স্নাতুং প্রত্যাগচ্ছতি বৈ চিরাৎ ॥১১॥
ন ভোক্ষ্যাম্যদ্য মে নাস্তি ক্ষুধেত্যুক্ত্বা ত্যদর্শনম্।
অকস্মাদেত্য চ ব্রূতে ভোজয়াস্মাংস্ত্বরান্বিতঃ ॥১২॥
কদাচিচ্চ নিশীথে স উত্থায় নিকৃতৌ স্থিতঃ।
পূর্ব্ববৎ কারয়িত্বান্নং ন ভুঙ্‌ক্তে গর্হয়ন্ স্ম সঃ ॥১৩॥
বর্ত্তমানে তথা তস্মিন্ যদা দুর্য্যোধনো নৃপঃ।
বিকৃতিং নৈতি ন ক্রোধং তদা তুষ্টোঽভবন্মুনিঃ।
আহ চৈনং দুরাধর্ষো বরদোঽস্মীতি ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

তমিতি। পর্য্যচরৎ শুশ্রূষিতবান্, অতন্দ্রিতঃ অনলসঃ সন্ ॥১০॥
অথ ত্রিভিঃ শ্লোকৈর্দুর্ব্বাসসো দুর্য্যোধনপরীক্ষামাহ—ক্ষুধিত ইতি। গচ্ছতি স্ম ॥১১॥
নেতি। অদর্শনম্ এতি প্রাপ্নোতি স্ম স্থানান্তরং জগামেত্যর্থঃ ॥১২॥
কদাচিদিতি। নিকৃতৌ শাঠ্যে। গর্হয়ন্ বিনা কারণং দুর্য্যোধনমেব নিন্দন্ ॥১৩॥
বর্ত্তমান ইতি। তস্মিন্ মুনৌ। নৈতি ন প্রাপ্নোতি স্ম। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৪॥

এবং তিনি নিজেই ভৃত্যের মত থাকিয়া যথাবিধানে দুর্ব্বাসার পূজা করিলেন; মুনিশ্রেষ্ঠ দুর্ব্বাসাও কয়েক দিন সেখানে থাকিলেন ॥৯॥

মহারাজ! রাজা দুর্য্যোধন তখন দুর্ব্বাসার অভিসম্পাতের আশঙ্কা করিয়া আলস্য পরিত্যাগপূর্ব্বক দিবারাত্র তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥১০॥

"রাজা! আমার ক্ষুধা হইয়াছে, সত্বর অন্নদান কর"—এই কথা বলিয়া দুর্ব্বাসা স্নান করিতে যাইতেন, অথচ অতিবিলম্বে ফিরিয়া আসিতেন ॥১১॥

"আজ আমার ক্ষুধা নাই; সুতরাং খাইব না"—এই কথা বলিয়া অদৃশ্য হইয়া যাইতেন, আবার অকস্মাৎ আসিয়া বলিতেন—"সত্বর আমাকে ভোজন করাও" ॥১২॥

কোন দিন রাত্রিদ্বিতীয়প্রহরের সময় উঠিয়া শঠতা করিবার ইচ্ছায় পূর্ব্বের মত অন্ন প্রস্তুত করাইয়া ভোজন করিতেন না, অথচ তিরস্কার করিতেন ॥১৩॥

দুর্বাসা এইরূপ আচরণ করিতে থাকিলেও যখন রাজা দুর্য্যোধন বিরক্ত বা ক্রুদ্ধ হইলেন না, তখন দুর্দ্ধর্ষ দুর্ব্বাসা তাঁহার প্রতি সন্তুষ্ট হইলেন এবং বলিলেন—"ভরতনন্দন! আমি তোমাকে বর দান করিব" ॥১৪॥

দুর্ব্বাসা উবাচ।

বরং বরয় ভদ্রং তে যত্তে মনসি বর্ত্ততে।
ময়ি প্রীতে তু যদ্ধর্ম্ম্যং নালভ্যং বিদ্যতে তব ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য মহর্ষের্ভাবিতাত্মনঃ।
অমন্যত পুনর্জাতমাত্মানং স সুযোধনঃ ॥১৬॥
প্রাগেব মন্ত্রিতশ্চাসীৎ কর্ণদুঃশাসনাদিভিঃ।
যাচনীয়ং মুনেস্তুষ্টাদিতি নিশ্চিত্য দুর্ম্মতিঃ ॥১৭॥
অতিহর্ষান্বিতো রাজা বরমেনমযাচত।
শিষ্যৈঃ সহ মম ব্রহ্মন্! যথা জাতোঽতিথির্ভবান্ ॥১৮॥
অস্মৎকুলে মহারাজো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ।
বনে বসতি ধর্ম্মাত্মা ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

বরমিতি। ধর্ম্মাদনপেতং ধর্ম্ম্যং নালভ্যম্। এতেনাধর্ম্ম্যমলভ্যমেবেতি সূচিতম্ ॥১৫॥
এতদিতি। আত্মানং পুনর্জাতমমন্যত, ইদানীং শাপদানাসম্ভবাদিতি ভাবঃ ॥১৬॥
প্রাগিতি। মন্ত্রিতো বিষয়ঃ। রাজা দুর্য্যোধনঃ। বনে কাম্যকনামকে। কদা

ভারতভাবদীপঃ

বসৎস্বিতি ॥১—১৪॥ ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্ ॥১৫—২৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৭॥

পরে পুনরায় দুর্ব্বাসা বলিলেন—"দুর্য্যোধন! তোমার মঙ্গল হউক, যাহা তোমার মনে আছে, সেই বর গ্রহণ কর। আমি সন্তুষ্ট হইয়াছি বলিয়া যাহা ধর্ম্ম-সঙ্গত, তাহা তোমার অপ্রাপ্য নহে" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—সন্তুষ্টচিত্ত মহর্ষি দুর্ব্বাসার এই কথা শুনিয়া দুর্য্যোধন নিজের পুনর্জন্ম হইল বলিয়া মনে করিলেন ॥১৬॥

'মুনি সন্তুষ্ট হইলে, তাঁহার নিকট আমি এই বর প্রার্থনা করিব' এইরূপ দুর্ম্মতি দুর্য্যোধন পূর্ব্বেই কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত মন্ত্রণা করিয়া রাখিয়াছিলেন; সুতরাং তৎকালে তিনি অত্যন্ত আনন্দিত হইয়া এই বর প্রার্থনা করিলেন যে, "ব্রহ্মন্! আপনি যেমন শিষ্যগণের সহিত আমার অতিথি হইয়াছেন, তেমনই শিষ্যগণের সহিত আপনি মহারাজ যুধিষ্ঠিরেরও অতিথি হইবেন। কারণ, তিনি আমাদের বংশে জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, ধার্ম্মিক, গুণবান্ ও সচ্চরিত্র; তিনি এখন ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া কাম্যকবনে বাস করিতেছেন। আর, আপনার যদি আমার উপরে অনুগ্রহ হইয়া থাকে, তবে রাজপুত্রী,

গুণবান্ শীলসম্পন্নস্তস্য ত্বমতিথির্ভব।
যদা চ রাজপুত্রী সা সুকুমারী যশস্বিনী ॥২০॥
ভোজয়িত্বা দ্বিজান্ সর্ব্বান্ পতীংশ্চ বরবর্ণিনী।
বিশ্রান্তা চ স্বয়ং ভুক্ত্বা সুখাসীনা ভবেদ্‌যদা ॥২১॥
তদা ত্বং তত্র গচ্ছেথা যদ্যনুগ্রাহ্যতা ময়ি।
তথা করিষ্যে ত্বৎপ্রীত্যেত্যেবমুক্ত্বা সুযোধনম্ ॥২২॥
দুর্ব্বাসা অপি বিপ্রেন্দ্রো যথাগতমগাত্ততঃ।
কৃতার্থমিব চাত্মানং তদা মেনে সুযোধনঃ ॥২৩॥
করেণ চ করং গৃহ্য কর্ণস্য মুদিতো ভৃশম্।
কর্ণোঽপি ভ্রাতৃসহিতমিত্যুবাচ নৃপং তদা ॥২৪॥ (কুলকম্)

কর্ণ উবাচ।

দিষ্ট্যা কামঃ সুসংবৃত্তো দিষ্ট্যা কৌরব! বর্দ্ধসে।
দিষ্ট্যা তে শত্রবো মগ্না দুস্তরে ব্যসনার্ণবে ॥২৫॥
দুর্ব্বাসঃক্রোধজে বহ্নৌ পতিতাঃ পাণ্ডুনন্দনাঃ।
স্বৈরেব তে মহাপাপৈর্গতা বৈ দুস্তরং তমঃ ॥২৬॥

ভারতকৌমুদী

অতিথির্ভবামীত্যাহ—যদেতি। বরবর্ণিনী দ্রৌপদী। দ্রৌপদ্যা ভোজনান্তে স্থাল্যন্নস্য ক্ষয়িষ্ণুত্বাৎ তথৈব চ সূর্য্যস্য বরদানাৎ তদা চান্নদানাশক্যত্বাদ্দুর্ব্বাসসঃ শাপেন পাণ্ডবানাং সর্ব্বনাশায় "তদা ত্বং তত্র গচ্ছেথাঃ" ইত্যুক্তম্। তদা চাত্মানং কৃতার্থমিব মেনে, পাণ্ডবসর্ব্বনাশস্যাবশ্যম্ভাবিত্ব-সম্ভাবনাদিত্যাশয়ঃ। গৃহ্য গৃহীত্বা ॥১৭—২৪॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, কামঃ অস্মাকমভিলাষঃ, সুসংবৃত্তঃ সুসম্পন্নঃ ॥২৫॥

কোমলাঙ্গী, যশস্বিনী ও বরবর্ণিনী দ্রৌপদী যখন সমস্ত ব্রাহ্মণ ও পতিগণকে ভোজন করাইয়া এবং নিজে ভোজন করিয়া বিশ্রাম করিবার জন্য সুখে উপবেশন করিবেন, তখন আপনি সেখানে গমন করিবেন"। "তোমার প্রতি সন্তোষবশতঃ তাহাই করিব" এই কথা দুর্য্যোধনকে বলিয়া ব্রাহ্মণশ্রেষ্ঠ দুর্ব্বাসাও যথাস্থানে চলিয়া গেলেন; দুর্য্যোধনও তখন অত্যন্ত আনন্দিত হইয়া হস্তদ্বারা কর্ণের হস্ত ধারণ করিয়া আপনাকে কৃতার্থের ন্যায় মনে করিলেন। কর্ণও তখন ভ্রাতাদের সহিত দুর্য্যোধনকে এই কথা বলিলেন ॥১৭—২৪॥

কর্ণ কহিলেন—"কৌরবনন্দন! ভাগ্যবশতঃ আমাদের অভিলাষ সুসম্পন্ন হইল, ভাগ্যবশতঃ তোমার শ্রীবৃদ্ধি হইল এবং ভাগ্যবশতই তোমার শত্রুগণ দুস্তর বিপৎসাগরে মগ্ন হইল ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্থং তে নিকৃতিপ্রজ্ঞা রাজন্! দুর্য্যোধনাদয়ঃ।
হসন্তঃ প্রীতিমনসো জগ্মুঃ স্বং স্বং নিবেশনম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দুর্ব্বাস আতিথ্যে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কদাচিদ্দুর্ব্বাসাঃ সুখাসীনাংস্তু পাণ্ডবান্।
ভুক্ত্বা চাবস্থিতাং কৃষ্ণাং জ্ঞাত্বা তস্মিন্ বনে মুনিঃ।
অভ্যাগচ্ছৎ পরিবৃতঃ শিষ্যৈরযুতসম্মিতৈঃ ॥১॥

ভারতকৌমুদী

দুর্ব্বাস ইতি। তমোঽন্ধকারং কর্ত্তব্যমূঢ়তামিত্যর্থঃ ॥২৬॥

ইত্থমিতি। নিকৃতিপ্রজ্ঞাঃ শাঠ্যাভিজ্ঞাঃ। প্রীতমনসঃ সন্তুষ্টচিত্তাঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ভুক্ত্বেত্যনেন পাণ্ডবানিত্যপি সম্বধ্যতে, তথৈব দুর্য্যোধনানুরোধাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

কারণ, পাণ্ডবেরা দুর্ব্বাসার কোপানলে পতিত হইল এবং তাহারা আপনাদের মহাপাপেই দুস্তর অন্ধকারে প্রবেশ করিল” ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! এইভাবে সেই শাঠ্যনিপুণ দুর্য্যোধনপ্রভৃতি হাসিতে হাসিতে আনন্দিতচিত্তে আপন আপন ভবনে গমন করিলেন ॥২৭॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কোন সময়ে পাণ্ডবগণ ভোজন করিয়া সুখে উপবেশন করিয়া রহিয়াছেন এবং দ্রৌপদীও ভোজন করিয়া বিশ্রাম

---

* ইদং প্রকরণং পিতামহপুস্তকে নাস্তি। তচ্চান্ত্যায়ং পর্ব্বসংগ্রহাধ্যায়ে এতদ্বৃত্তান্তস্যাভিধানাৎ। '…একষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…দ্বিষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—কা, '…ত্রিষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—নি।

দৃষ্ট্বায়ান্তং তমতিথিং স চ রাজা যুধিষ্ঠিরঃ।
জগামাভিমুখঃ শ্রীমান্ সহ ভ্রাতৃভিরচ্যুতঃ ॥২॥
তস্মৈ বদ্ধাঞ্জলিং সম্যগুপবেশ্য বরাসনে।
বিধিবৎ পূজয়িত্বা তমাতিথ্যেন ন্যমন্ত্রয়ৎ।
আহ্নিকং ভগবন্! কৃত্বা শীঘ্রমেহীতি চাব্রবীৎ ॥৩॥
জগাম চ মুনিঃ সোঽপি স্নাতুং শিষ্যৈঃ সহানঘঃ।
ভোজয়েৎ সহশিষ্যং মাং কথমিত্যবিচিন্তয়ন্।
ন্যমজ্জৎ সলিলে চাপি মুনিসংঘঃ সমাহিতঃ ॥৪॥
এতস্মিন্নন্তরে রাজন্! দ্রৌপদী যোষিতাং বরা।
চিন্তামবাপ পরমামন্নহেতোঃ পতিব্রতা ॥৫॥
সা চিন্তয়ন্তী চ যদা নান্নহেতুমবিন্দত।
মনসা চিন্তয়ামাস কৃষ্ণং কংসনিসূদনম্ ॥৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শ্রীমান্ কান্তিমান্। অচ্যুতো বৈধনিয়মাদভ্রষ্টঃ ॥২॥
তস্মা ইতি। তস্মৈ দুর্ব্বাসসে, অঞ্জলিং বদ্ধা বিধায়। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥
জগামেতি। কথং ভোজয়েৎ, তাদৃশভোজ্যসংগ্রহাসম্ভবাদিত্যাশয়ঃ। ষাট্পাদঃ শ্লোকঃ ॥৪॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। অন্নহেতোঃ অন্নসংগ্রহার্থম্ ॥৫॥

করিতেছেন—ইহা জানিয়া দুর্ব্বাসামুনি অযুত শিষ্যে পরিবেষ্টিত হইয়া সেই বনে আগমন করিলেন ॥১॥

তখন সদাচারপরায়ণ ও মনোহরমূর্ত্তি রাজা যুধিষ্ঠির সেই অতিথিকে আসিতে দেখিয়া, ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, তাঁহার অভিমুখে গমন করিলেন ॥২॥

এবং তিনি দুর্ব্বাসামুনিকে উত্তম আসনে উপবেশন করাইয়া, যথাবিধানে তাঁহার পূজা করিয়া, তাঁহার প্রতি কৃতাঞ্জলি হইয়া, অতিথি হইবার জন্য তাঁহাকে নিমন্ত্রণ করিলেন এবং "ভগবন্! আপনারা আহ্নিক করিয়া সত্বর আগমন করুন" এই কথা বলিলেন ॥৩॥

'যুধিষ্ঠির এখনে শিষ্যবর্গের সহিত আমাকে কি করিয়া ভোজন করাইবেন' ইহা চিন্তা না করিয়াই নিষ্পাপ দুর্ব্বাসামুনিও শিষ্যগণের সহিত স্নান করিতে গেলেন এবং যাইয়া একাগ্রচিত্ত হইয়া জলে নিমগ্ন হইলেন ॥৪॥

রাজা! এই সময়ে নারীশ্রেষ্ঠা ও পতিব্রতা দ্রৌপদী অন্নের জন্য গুরুতর চিন্তায় আকুল হইয়া পড়িলেন ॥৫॥

কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহো! দেবকীনন্দনাব্যয়!।
বাসুদেব! জগন্নাথ! প্রণতার্ত্তিবিনাশন!॥৭॥
বিশ্বাত্মন্! বিশ্বজনক! বিশ্বহর্ত্তঃ! প্রভোঽব্যয়!।
প্রপন্নপাল! গোপাল! প্রজাপাল! পরাৎপর!॥৮॥
আকূতীনাঞ্চ চিত্তীনাং প্রবর্ত্তক! নতাস্মি তে।
বরেণ্য! বরদানন্ত! অগতীনাং গতির্ভব॥৯॥ (বিশেষকম্)
পুরাণপুরুষ! প্রাণ! মনোবৃত্ত্যাদ্যগোচর!।
সর্ব্বাধ্যক্ষ! পরাধ্যক্ষ! ত্বামহং শরণং গতা॥১০॥

ভারতকৌমুদী

সেতি। অন্নহেতুম্ অন্নসংগ্রহোপায়ম্, অবিন্দত চিন্তয়াপি নালভত॥৬॥

কৃষ্ণেতি। হে অব্যয়!। অবিনশ্বর! হে বিশ্বহর্ত্তঃ! জগৎসংহারক!। হে অব্যয়! অচল! চিদ্রূপতয়া নিষ্ক্রিয়ত্বাদিত্যাশয়ঃ, বিশেষেণায়ত ইতি ব্যয়ঃ ন ব্যয়ঃ অব্যয় ইতি চ ব্যুৎপত্তেঃ। হে প্রপন্নপাল! বিপন্নরক্ষক!। পরাৎ হিরণ্যগর্ভাদপি পর! শ্রেষ্ঠ!। আকূতীনামভিপ্রায়রূপচিত্তবৃত্তীনাম্, চিত্তীনাং নির্ণয়রূপচিত্তবৃত্তীনাঞ্চ প্রবর্ত্তক! জীবরূপত্বাৎ। অগতীনাং নিরুপায়ানামস্মাকম্, গতিরুপায়ঃ॥৭—৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি॥১—৫॥ এতস্মিন্নন্তরে কালে॥৬—৭॥ কৃষ্ণং পাপকর্ষকম্, কংসস্য কামাদেদুষ্টরাজ্ঞো বা নিষূদনং হে কৃষ্ণ কৃষ্ণ অত্যাদরসূচনার্থং দ্বির্ব্বচনম্। "কৃষির্ভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে॥" ইতি শ্রুতিপ্রণীতঃ কৃষ্ণপদস্যার্থঃ। মহান্তৌ ব্রহ্মাণ্ডপিণ্ডাবষ্টম্ভক্ষমৌ বাহূ যস্য। "সং বাহুভ্যাং ধমতি সং পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্ দেব এক" ইতি শ্রুতেঃ। অব্যয়াবিনাশিন্! অত্র দেবকীনন্দনত্বাব্যয়ত্বং বদন্ত্যা কৃষ্ণমূর্ত্তেরভৌতিকত্বমুক্তম্, এবমাদিনাম্নামর্থঃ শঙ্করভগবৎপাদীয়ে বিষ্ণুসহস্রনামব্যাখ্যানে এব দ্রষ্টব্যঃ

তিনি চিন্তা করিয়াও যখন অন্নসংগ্রহের উপায় দেখিলেন না, তখন মনে মনে কংসনিসূদন কৃষ্ণের চিন্তা করিতে লাগিলেন॥৬॥

'কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহু! দেবকীনন্দন! অবিনশ্বর! বাসুদেব! জগন্নাথ! প্রণত লোকের পীড়ানাশক! বিশ্বাত্মা! বিশ্বজনক! বিশ্বনাশক! প্রভু! অচল! বিপন্নরক্ষক! গোপাল! প্রজারক্ষক! পরাৎপর! আকূতি ও চিত্তিনামক চিত্তবৃত্তির প্রবর্ত্তক! আমি তোমার উদ্দেশে নমস্কার করিতেছি। আমরা নিরুপায় হইয়া পড়িয়াছি; অতএব হে বরেণ্য! হে বরদ! হে অনন্ত! তুমি আমাদের উপায় হও॥৭—৯॥

পুরাণপুরুষ! প্রাণ! মনোবৃত্তিপ্রভৃতির অগোচর! সর্ব্বাধ্যক্ষ! শ্রেষ্ঠাধ্যক্ষ! আমি তোমার শরণাপন্ন হইলাম॥১০॥

পাহি মাং কৃপয়া দেব ! শরণাগতবৎসল ! ।
নীলোৎপলদলশ্যাম ! পদ্মগর্ভারুণেক্ষণ ! ।
পীতাম্বরপরীধান ! লসৎকৌস্তভভূষণ ! ॥১১॥
ত্বমাদিরন্তো ভূতানাং ত্বমেব চ পরায়ণম্ ।
পরাৎ পরতরং জ্যোতির্বিশ্বাত্মা সর্ব্বতোমুখঃ ॥১২॥
ত্বামেবাহুঃ পরং বীজং নিধানং সর্ব্বসম্পদাম্ ।
ত্বয়া নাথেন দেবেশ ! সর্ব্বাপদ্ভ্যো ভয়ং নহি ॥১৩॥
দুঃশাসনাদহং পূর্ব্বং সভায়াং মোচিতা যথা ।
তথৈব সঙ্কটাদস্মান্মামুদ্ধর্ত্তুমিহার্হসি ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ ।

এবং স্তুতস্তদা কৃষ্ণঃ কৃষ্ণয়া ভক্তবৎসলঃ ।
দ্রৌপদ্যাং সঙ্কটঃ জ্ঞাত্বা দেবদেবো জগৎপতিঃ ॥১৫॥
পার্শ্বস্থাং শয়নে ত্যক্ত্বা রুক্মিণীং কেশবঃ প্রভুঃ ।
তত্রাজগাম ত্বরিতো হ্যচিন্ত্যগতিরীশ্বরঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুরাণেতি। হে প্রাণ! প্রাণনহেতো! জীবরূপত্বাৎ। আদিপদেন বুদ্ধিবৃত্তের্গ্রহণম্ ॥১০॥
পাহীতি। পদ্মগর্ভবৎ রক্তপদ্মকোষবৎ, অরুণে ঈক্ষণে যস্য সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
ত্বমিতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। সর্ব্বত এব মুখং যস্য সঃ, সহস্রশীর্ষত্বাৎ ॥১২॥
ত্বামিতি। বীজং জগৎকারণম্, নিধানমাশ্রয়ম্। নহি বিদ্যত ইতি শেষঃ ॥১৩॥
দুরিতি। দুঃশাসনাৎ দুঃশাসনকর্ত্তৃকবস্ত্রহরণবিপদঃ। সঙ্কটান্মহাবিপদঃ ॥১৪॥
এবমিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। অচিন্ত্যগতিত্বাদেব ত্বরিতমাগমনমিতি ভাবঃ ॥১৫—১৬॥

দেব! শরণাগতবৎসল! নীলোৎপলতুল্য শ্যাম! পদ্মকোষতুল্য রক্তনয়ন! পীতবসন! উজ্জ্বলকৌস্তভভূষণ! কৃপা করিয়া আমাকে রক্ষা কর ॥১১॥

তুমি জগতের আদি ও অন্ত, তুমি পরম আশ্রয়, তুমি শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর জ্যোতি, তুমি জগতের আত্মা এবং তোমার মুখ সকল দিকে রহিয়াছে ॥১২॥

দেবদেব! জ্ঞানীরা তোমাকেই জগতের প্রধান বীজ ও সমস্ত সম্পদের আশ্রয় বলিয়া থাকেন এবং তুমি রক্ষা করিলে কোন বিপদেই ভয় থাকে না ॥১৩॥

কৃষ্ণ! তুমি পূর্ব্বে দ্যূতসভায় দুঃশাসন হইতে আমাকে যেমন উদ্ধার করিয়াছিলে, তেমন এই মহাবিপদ হইতেও আমাকে উদ্ধার কর' ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রৌপদী এইরূপ স্তব করিলে, তখনই ভক্তবৎসল দেবদেব জগৎপতি কৃষ্ণ শয্যায় পার্শ্ববর্ত্তিনী রুক্মিণীকে পরিত্যাগ করিয়া সত্বর

ততস্তং দ্রৌপদী দৃষ্ট্বা প্রণম্য পরয়া মুদা।
অব্রবীদ্বাসুদেবায় মুনেরাগমনাদিকম্ ॥১৭॥
ততস্তামব্রবীৎ কৃষ্ণঃ ক্ষুধিতোঽস্মি ভৃশাতুরঃ।
শীঘ্রং ভোজয় মাং কৃষ্ণে! পশ্চাৎ সর্ব্বং করিষ্যসি ॥১৮॥
নিশম্য তদ্বচঃ কৃষ্ণা লজ্জিতা বাক্যমব্রবীৎ।
স্থাল্যাং ভাস্করদত্তায়ামন্নং মদ্ভোজনাবধি ॥১৯॥
ভুক্তবত্যস্ম্যহং দেব! তস্মাদন্নং ন বিদ্যতে।
ততঃ প্রোবাচ ভগবান্ কৃষ্ণাং কমললোচনঃ ॥২০॥
কৃষ্ণে! ন নর্ম্মকালোঽয়ং ক্ষুচ্ছ্রমেণাতুরে ময়ি।
শীঘ্রং গচ্ছ মম স্থালীমানয়িত্বা প্রদর্শয় ॥২১॥
ইতি নির্বন্ধতঃ স্থালীমানায্য স যদূদ্বহঃ।
স্থাল্যাঃ কণ্ঠেঽথ সংলগ্নং শাকান্নং বীক্ষ্য কেশবঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। পরয়া অত্যন্তয়া, মুদা আনন্দেন ॥১৭॥
তত ইতি। ভৃশাতুরো নিতান্তপীড়িতঃ, ক্ষুধয়েবেত্যাশয়ঃ ॥১৮॥
নিশম্যেতি। অন্নং মদ্ভোজনাবধি তিষ্ঠতীতি শেষঃ, তথৈব ভাস্করবরদানাৎ ॥১৯॥
ভুক্তেতি। অহং ভুক্তবতী, সর্ব্বেষাং ভোজনস্যৈবাবসিতত্বাদিতি ভাবঃ ॥২০॥
কৃষ্ণ ইতি। নর্ম্মকালঃ পরিহাসসময়ঃ। আনয়িত্বা আনীয় ॥২১॥

সেই স্থানে আগমন করিলেন। কারণ, প্রভাবশালী ও জগদীশ্বর কৃষ্ণের গতি অচিন্তনীয় ॥১৫—১৬॥

তাহার পর দ্রৌপদী কৃষ্ণকে দেখিয়া প্রণাম করিয়া পরম আনন্দে তাঁহার নিকট দুর্ব্বাসামুনির আগমনাদির কথা বলিলেন ॥১৭॥

তদনন্তর কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—"কৃষ্ণা! আমিও ক্ষুধায় অত্যন্ত পীড়িত; সুতরাং তুমি সত্বর আমাকে ভোজন করাও, পরে অন্য সকল করিবে" ॥১৮॥

কৃষ্ণের বাক্য শুনিয়া দ্রৌপদী লজ্জিত হইয়া এই কথা বলিলেন—"সূর্য্যদত্ত স্থালীতে আমার ভোজনপর্য্যন্তই অন্ন থাকে ॥১৯॥

কিন্তু দেব! আমি ভোজন করিয়াছি; অতএব অন্ন আর নাই।" তখন কমললোচন ভগবান্ কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—॥২০॥

"দ্রৌপদি! আমি ক্ষুধায় ও পরিশ্রমে অত্যন্ত পীড়িত; সুতরাং এটা পরিহাসের সময় নহে; অতএব সত্বর যাও, স্থালীটা আনিয়া আমাকে দেখাও" ॥২১॥

উপযুজ্যাব্রবীদেনামনেন হরিরীশ্বরঃ।
বিশ্বাত্মা প্রীয়তাং দেবস্তুষ্টশ্চাস্ত্বিতি যজ্ঞভুক্ ॥২৩॥ (যুগ্মকম্)
আকারয় মুনীন্ শীঘ্রং ভোজনায়েতি চাব্রবীৎ।
সহদেবং মহাবাহুঃ কৃষ্ণঃ ক্লেশবিনাশনঃ ॥২৪॥
ততো জগাম ত্বরিতো সহদেবো মহাযশাঃ।
আকারিতুং তু তান্ সর্ব্বান্ ভোজনার্থং নৃপোত্তম ! ॥২৫॥
স্নাতুং গতান্ দেবনদ্যাং দুর্ব্বাসঃপ্রভৃতীন্ মুনীন্।
তে চাবতীর্ণাঃ সলিলে কৃতবন্তোঽঘমর্ষণম্ ॥২৬॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বোদ্গারান্ সান্নরসান্ তৃপ্ত্যা পরময়া যুতাঃ।
উত্তীর্য্য সলিলাত্তস্মাদ্দৃষ্টবন্তঃ পরস্পরম্ ॥২৭॥
দুর্ব্বাসসমভিপ্রেক্ষ্য সর্ব্বে তে মুনয়োঽব্রুবন্।
রাজ্ঞা হি কারয়িত্বান্নং বয়ং স্নাতুং সমাগতাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

ইতীতি। নির্ব্বন্ধত আগ্রহাতিশয়াৎ। উপযুজ্য ভুক্ত্বা। প্রীয়তাং তৃপ্যতু ॥২২—২৩॥
আকারয়েতি। আকারয় আহ্বয়, "হুতিরাকারণাহ্বানম্" ইত্যমরঃ ॥২৪॥
তত ইতি। আকারিতুমাকারয়িতুমাহ্বাতুম্। অঘমর্ষণং তৎসূক্তজপম্ ॥২৫—২৬॥
দৃষ্ট্বেতি। দৃষ্টবন্তঃ, অকস্মাদুদ্গারদর্শনেন বিস্ময়াদিতি ভাবঃ ॥২৭॥

যদুকুলশ্রেষ্ঠ কৃষ্ণ এইরূপ বিশেষ আগ্রহ করিয়া স্থালী আনাইয়া তাহার কণ্ঠলগ্ন শাকান্ন দেখিয়া তাহাই ভোজন করিয়া দ্রৌপদীকে বলিলেন—"আমার এই ভোজনদ্বারাই যজ্ঞভোজী, জগদীশ্বর ও বিশ্বাত্মা নারায়ণদেব তৃপ্ত ও তুষ্ট হউন" ॥২২—২৩॥

তদনন্তর জগতের ক্লেশনাশক মহাবাহু কৃষ্ণ সহদেবকে বলিলেন—"সহদেব! ভোজন করিবার জন্য সত্বর মুনিগণকে আহ্বান কর" ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! তখন মহাযশা সহদেব ভোজন করিবার জন্য মুনিগণকে আহ্বান করিতে সত্বর গমন করিলেন; ওদিকে দুর্ব্বাসাপ্রভৃতি মুনিরা তখন স্নান করিবার জন্য দেবনদীতে যাইয়া তাহার জলে নামিয়া অঘমর্ষণসূক্ত জপ করিতেছিলেন ॥২৫—২৬॥

কিন্তু তাঁহারা তখন পরম তৃপ্তিযুক্ত হইয়া অন্নরসের সহিত আপন আপন উদ্গার দেখিয়া সেই জল হইতে উঠিয়া পরস্পর পরস্পরের মুখাবলোকন করিতে লাগিলেন ॥২৭॥

---

(২৪)···ভীমসেনং মহাবাহুঃ—নি।

আকণ্ঠতৃপ্তা বিপ্রর্ষে! কিংস্বিদ্ভুঞ্জামহে বয়ম্।
বৃথা পাকঃ কৃতোঽস্মাভিস্তত্র কিং করবামহে ॥২৯॥

দুর্ব্বাসা উবাচ।

বৃথা পাকেন রাজর্ষেরপরাধঃ কৃতো মহান্।
মাস্মানধাক্ষুর্দৃষ্টৈব পাণ্ডবাঃ ক্রূরচক্ষুষা ॥৩০॥
স্মৃত্বানুভাবং রাজর্ষেরম্বরীষস্য ধীমতঃ।
বিভেমি স্নুতরাং বিপ্রাঃ! হরিপাদাশ্রয়াজ্জনাৎ ॥৩১॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ সর্ব্বে ধর্ম্মপরায়ণাঃ।
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ব্রতিনস্তপসি স্থিতাঃ।
সদাচাররতা নিত্যং বাসুদেবপরায়ণাঃ ॥৩২॥
ক্রুদ্ধাস্তে নির্দ্দহেয়ুর্বৈ তূলরাশিমিবানলঃ।
তত এতানদৃষ্টৈব শিষ্যাঃ! শীঘ্রং পলায়ত ॥৩৩॥

ভারতকৌমুদী

দুর্ব্বাসসমিতি। মুনয়ঃ শিষ্যাঃ। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ ॥২৮॥

আকণ্ঠেতি। আকণ্ঠতৃপ্তাঃ ভোজনেনাকণ্ঠপূর্ণা ইব। কৃতঃ কারিতঃ ॥২৯॥

বৃথেতি। অধাক্ষুরিতি মাযোগেঽপ্যড়াগম আর্ষঃ ॥৩০॥

স্মৃত্বেতি। অনুভাবং প্রভাবম্, "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ। স্নুতরামত্যন্তম্ ॥৩১॥

পাণ্ডবা ইতি। এভিঃ সর্ব্বৈগুণৈরেব পাণ্ডবেভ্যো ভয়সম্ভব ইতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

তাহার পর সেই মুনিরা সকলে দুর্ব্বাসাকে দেখিয়া বলিলেন "মহর্ষি। আমরা রাজা দ্বারা অন্ন প্রস্তুত করাইয়া স্নান করিতে আসিয়াছিলাম ॥২৮॥

এখন বোধ হইতেছে—যেন ভোজন করায় কণ্ঠপর্য্যন্ত পূর্ণ হইয়া গিয়াছে; স্নুতরাং আমরা এখন ভোজনই বা করিব কি, অনর্থক পাক করাইয়াছি, সে বিষয়েই বা করিব কি?" ॥২৯॥

দুর্ব্বাসা বলিলেন—"অনর্থক পাক করাইয়াছি বলিয়া আমরা রাজর্ষি যুধিষ্ঠিরের নিকট গুরুতর অপরাধ করিয়াছি; অতএব পাণ্ডবেরা যেন ক্রূর দৃষ্টিতে দর্শন করিয়া আমাদিগকে দগ্ধ না করেন ॥৩০॥

ব্রাহ্মণগণ। রাজর্ষি ও জ্ঞানী অম্বরীষরাজার প্রভাব স্মরণ করিয়া আমি হরির চরণাশ্রিত ব্যক্তি হইতে অত্যন্ত ভীত হইতেছি ॥৩১॥

পাণ্ডবেরা সকলেই মহাত্মা, ধার্ম্মিক, বীর, কৃতবিদ্য, ব্রতী, তপস্বী, সদাচারনিরত এবং সর্ব্বদা কৃষ্ণপরায়ণ" ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তাস্তে দ্বিজাঃ সর্ব্বে মুনিনা গুরুণা তদা।
পাণ্ডবেভ্যো ভৃশং ভীতা দুদ্রুবুস্তে দিশো দশ ॥৩৪॥
সহদেবো দেবনদ্যামপশ্যন্ মুনিসত্তমান্।
তীর্থেষ্বিতস্ততস্তস্যা বিচচার গবেষয়ন্ ॥৩৫॥
তত্রস্থেভ্যস্তাপসেভ্যঃ শ্রুত্বা তাংশ্চৈব বিদ্রুতান্।
যুধিষ্ঠিরমথাভ্যেত্য তং বৃত্তান্তং ন্যবেদয়ৎ ॥৩৬॥
ততস্তে পাণ্ডবাঃ সর্ব্বে প্রত্যাগমনকাঙ্ক্ষিণঃ।
প্রতীক্ষন্তঃ কিয়ৎকালং জিতাত্মানোঽবতস্থিরে ॥৩৭॥
নিশীথেঽভ্যেত্য চাকস্মাদস্মান্ স ছলয়িষ্যতি।
কথঞ্চ নিস্তরেমাস্মাৎ কৃচ্ছ্রাদ্দৈবোপসাদিতাৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধা ইতি। পলায়তেতি পরস্মৈপদমার্ষম্ ॥৩৩॥
ইতীতি। দুদ্রুবুর্দ্রুতং পলায়িতাঃ ॥৩৪॥
সহেতি। তীর্থেষু ঘট্টেষু তীরস্থপুণ্যক্ষেত্রেষু বা। গবেষয়ন্ অন্বিষ্যন্ ॥৩৫॥
তত্রেতি। বিদ্রুতান্ দ্রুতং গতান্। ন্যবেদয়ৎ সহদেব ইত্যনুবৃত্তিঃ ॥৩৬॥
তত ইতি। প্রত্যাগমনকাঙ্ক্ষিণো দুর্ব্বাসঃপ্রভৃতীনামিতি শেষঃ ॥৩৭॥
নিশীথ ইতি। স দুর্ব্বাসাঃ। দৈবেন উপসাদিতাদানীতাৎ ॥৩৮॥

অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করেন, তেমন তাঁহারা আমাদিগকে দগ্ধ করিতে পারেন; অতএব শিষ্যগণ! ইহাদিগকে না দেখিয়া সত্বর পলায়ন কর” ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—গুরু দুর্ব্বাসামুনি এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণেরা সকলেই পাণ্ডবগণ হইতে অত্যন্ত ভীত হইয়া তখনই দশদিকে দ্রুত পলায়ন করিলেন ॥৩৪॥

তাহার পর সহদেব আসিয়া সেই দেবনদীতে মুনিগণকে না দেখিয়া তাহার ঘাট-গুলিতে এবং তীরবর্ত্তী আশ্রমগুলিতে ইতস্ততঃ তাঁহাদের অন্বেষণ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

‘তাঁহারা চলিয়া গিয়াছেন’ এই কথা তত্রত্য তপস্বিগণের নিকট শুনিয়া সহদেব যুধিষ্ঠিরের নিকট আসিয়া সেই বৃত্তান্ত জানাইলেন ॥৩৬॥

তদনন্তর সংযতচিত্ত পাণ্ডবেরা সকলেই সেই মুনিগণের প্রত্যাগমনের আশা করিয়া কিয়ৎকাল প্রতীক্ষায় রহিলেন ॥৩৭॥

---

(৩৫) ভীমসেনো দেবনদ্যাম—নি।

ইতি চিন্তাপরান্ দৃষ্ট্বা নিশ্বসন্তো মুহুর্মুহুঃ।
উবাচ বচনং শ্রীমান্ কৃষ্ণঃ প্রত্যক্ষতাং গতঃ ॥৩৯॥

শ্রীকৃষ্ণ উবাচ।

ভবতামাপদং জ্ঞাত্বা ঋষেঃ পরমকোপনাৎ।
দ্রৌপদ্যা চিন্তিতঃ পার্থা অহং সত্বরমাগতঃ ॥৪০॥
ন ভয়ং বিদ্যতে তস্মাদৃষের্দুর্ব্বাসসোঽল্পকম্।
তেজসা ভবতাং ভীতঃ পূর্ব্বমেব পলায়িতঃ ॥৪১॥
ধর্ম্মনিত্যাস্তু যে কেচিন্ন তে সীদন্তি কর্হিচিৎ।
আপৃচ্ছে বো গমিষ্যামি নিয়তং ভদ্রমস্তু বঃ ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বেরিতং কেশবস্য বভূবুঃ স্বস্থমানসাঃ।
দ্রৌপদ্যাঃ সহিতাঃ পার্থাস্তমূচুর্বিগতজ্বরাঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

ইতীতি। নিশ্বসন্ত ইতি নকারলোপাভাব আর্ষঃ। প্রত্যক্ষতাং গতঃ দ্রৌপদ্যন্তিকাদাগম্য ॥৩৯॥
ভবতামিতি। হে পার্থাঃ পাণ্ডবাঃ। সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশাদিত্যাশয়ঃ ॥৪০॥
নেতি। তস্মাদ্দুর্ব্বাসসঃ, অল্পকমপি। পলায়িতঃ সশিষ্যো দুর্ব্বাসা ইতি শেষঃ ॥৪১॥
উক্তার্থে হেতুমাহ—ধর্ম্মেতি। ধর্ম্মো নিত্যো নিত্যানুষ্ঠেয়ো যেষাং তে। সীদন্তি বিপদ্যন্তে ॥৪২॥

'হয় ত, দুর্ব্বাসামুনি রাত্রিদ্বিতীয়প্রহরের সময় অকস্মাৎ আসিয়া আমাদিগকে প্রতারিত করিবেন; অতএব এই দৈবানীত বিপদ হইতে আমরা কিপ্রকারে উদ্ধার পাইব' ॥৩৮॥

এইরূপ চিন্তায় আকুল হইয়া পাণ্ডবেরা বার বার নিশ্বাস ত্যাগ করিতেছেন—ইহা জানিয়া শ্রীমান্ কৃষ্ণ আসিয়া এই কথা বলিলেন ॥৩৯॥

কৃষ্ণ বলিলেন—"পাণ্ডবগণ! অত্যন্ত কোপনস্বভাব দুর্ব্বাসা হইতে আপনাদের বিপদ্ উপস্থিত হইয়াছে ইহা জানিয়া দ্রৌপদী আমাকে স্মরণ করিয়াছিলেন; তাই আমি সত্বর আসিয়াছি ॥৪০॥

এখন সেই দুর্ব্বাসা হইতে আপনাদের একটুকু ভয়ও নাই। কারণ, তিনি আপনাদের প্রভাবে ভীত হইয়া পূর্ব্বেই পলায়ন করিয়াছেন ॥৪১॥

যাঁহারা সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠান করেন, তাঁহারা কখনও বিপন্ন হন না। সে যাহা হউক, আমি আপনাদের অনুমতি চাহিতেছি, আমি যাইব; আপনাদের নিয়তই মঙ্গল হউক" ॥৪২॥

ত্বয়া নাথেন গোবিন্দ ! দুস্তরামাপদং বিভো ! ।
তীর্ণাঃ প্লবমিবাসাদ্য মজ্জমানা মহার্ণবে ॥৪৪॥
স্বস্তি সাধয় ভদ্রং তে ইত্যাজ্ঞাতো যযৌ পুরীম্ ।
পাণ্ডবাশ্চ মহাভাগ ! দ্রৌপদীসহিতাঃ প্রভো ! ॥৪৫॥
ঊষুঃ প্রহৃষ্টমনসো বিহরন্তো বনাদ্বনম্ ।
ইতি তেঽভিহিতং রাজন্ । যৎ পৃষ্টোঽহমিহ ত্বয়া ॥৪৬॥ (যুগ্মকম্)
এবংবিধান্যলীকানি ধার্ত্তরাষ্ট্রৈর্দুরাত্মভিঃ ।
পাণ্ডবেষু বনস্থেষু প্রযুক্তানি বৃথাঽভবন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দুর্ব্বাস উপাখ্যানে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রহৃষ্টেতি । ঈরিতং বাক্যম্ । স্বস্থমানসাঃ সুস্থচিত্তাঃ । বিগতজ্বরা নিরুদ্বেগাঃ ॥৪৩॥
ত্বয়েতি । নাথেন রক্ষকেণ । তীর্ণা বয়মিতি শেষঃ ॥৪৪॥
স্বস্তীতি । সাধয় গচ্ছ, "প্রায়েণ গ্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণোক্তেঃ । যযৌ কৃষ্ণ ইতি শেষঃ । বিহরন্তো বিচরন্তঃ ॥৪৫—৪৬॥

ভারতভাবদীপঃ

॥৮॥ আকূতীনাং চিত্তীনাঞ্চেতি চেতোবৃত্তিবিশেষাণাম্ ॥৯—২৫॥ দেবনদ্যাং তত্রস্থ এব তীর্থ-বিশেষে ॥২৬—৪৬॥ অলীকানি ছলানি । "অলীকং ত্বপ্রিয়েঽনৃতে" ইতি নানার্থঃ ॥৪৭॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৮॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণের কথা শুনিয়া পাণ্ডবেরা দ্রৌপদীর সহিত সুস্থচিত্ত হইলেন এবং নিরুদ্বেগে কৃষ্ণকে বলিলেন—॥৪৩॥

"প্রভু ! গোবিন্দ ! মহাসমুদ্রে মজ্জনোন্মুখ লোক যেমন ভেলা পাইয়া উত্তীর্ণ হয়, সেইরূপ আমরা তোমাকে রক্ষক পাইয়া দুস্তর বিপদ হইতে উত্তীর্ণ হইলাম ॥৪৪॥

আশীর্ব্বাদ করি—তোমার মঙ্গল হউক, তুমি যাইতে পার"। এইরূপ আদেশ করিলে কৃষ্ণ দ্বারকানগরীর দিকে প্রস্থান করিলেন। মহাভাগ রাজা ! পাণ্ডবেরাও দ্রৌপদীর সহিত হৃষ্টচিত্তে এক বন হইতে অপর বনে বিচরণ করতঃ কাম্যকবনে বাস করিতে লাগিলেন। রাজা ! তুমি এখন আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট তাহা বলিলাম ॥৪৫—৪৬॥

পাণ্ডবেরা বনে বাস করিবার সময়ে দুরাত্মা ধার্ত্তরাষ্ট্রেরা এইরূপ অনেক অনিষ্ট প্রয়োগ করিয়াছিল এবং সে সমস্তই নিষ্ফল হইয়াছিল ॥৪৭॥

* '...দ্বিষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ত্রিষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—কা '...চতুঃষষ্ট্যধিক-দ্বিশততমঃ...'—নি ।

ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ বহুমৃগেঽরণ্যে অটমানা মহারথাঃ।
কাম্যকে ভরতশ্রেষ্ঠা বিজহ্রুস্তে যথামরাঃ ॥১॥
প্রেক্ষমাণা বহুবিধান্ বনোদ্দেশান্ সমন্ততঃ।
যথর্ত্তুকালরম্যাশ্চ বনরাজীঃ সুপুষ্পিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
পাণ্ডবা মৃগয়াশীলাশ্চরন্তস্তন্মহদ্বনম্।
বিজহ্রুরিন্দ্রপ্রতিমাঃ কঞ্চিৎ কালমরিন্দমাঃ ॥৩॥
ততস্তে যৌগপদ্যেন যযুঃ সর্ব্বে চতুর্দ্দিশম্।
মৃগয়াং পুরুষব্যাঘ্রা ব্রাহ্মণার্থে পরন্তপাঃ ॥৪॥
দ্রৌপদীমাশ্রমে ন্যস্য তৃণবিন্দোরনুজ্ঞয়া।
মহর্ষের্দীপ্ততপসো ধৌম্যস্য চ পুরোধসঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। অলীকানি অপ্রিয়াণি, "অলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তস্মিন্নিতি। বহবো মৃগা যত্র তস্মিন্। বনোদ্দেশান্ বনসন্নিহিতস্থানানি ॥১—২॥
পাণ্ডবা ইতি। তৎ কাম্যকাখ্যম্। ইন্দ্রপ্রতিমাঃ শক্তিসৌন্দর্য্যাদৌ ॥৩॥
তত ইতি। যৌগপদ্যেন একদৈবেত্যর্থঃ। মৃগয়াং কর্ত্তুম্। ন্যস্য স্থাপয়িত্বা ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর ভরতবংশশ্রেষ্ঠ মহারথ পাণ্ডবগণ সকল দিকে বনসন্নিহিত নানাবিধ স্থান এবং পুষ্পসমন্বিত তত্তৎকালমনোহর বহুতর বন দেখিতে থাকিয়া বহু মৃগে পরিপূর্ণ সেই কাম্যকবনে দেবগণের ন্যায় বিচরণ করতঃ বিহার করিতে লাগিলেন ॥১—২॥

এবং ইন্দ্রের তুল্য শক্তিশালী, শক্রবিজয়ী ও মৃগয়াশীল পাণ্ডবেরা কাম্যকনামক সেই মহাবনেও কিছু কাল বিহার করিলেন ॥৩॥

তাহার পর কোন সময়ে পুরুষশ্রেষ্ঠ ও শক্রবিজয়ী পাণ্ডবগণ—মহাতেজা ও মহর্ষি তৃণবিন্দুর এবং ধৌম্যপুরোহিতের অনুমতিক্রমে দ্রৌপদীকে আশ্রমে রাখিয়া ব্রাহ্মণগণের জন্য মৃগয়া করিতে একদাই সকলে চতুর্দ্দিকে চলিয়া গেলেন ॥৪—৫॥

ততস্তু রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্মহাযশাঃ।
বিবাহকামঃ শাল্বেয়ান্ প্রয়াতঃ সোঽভবত্তদা ॥৬॥
মহতা পরিবর্হেণ রাজযোগ্যেন সংবৃতঃ।
রাজভির্বহুভিঃ সার্দ্ধমুপায়াৎ কাম্যকঞ্চ সঃ ॥৭॥
তত্রাপশ্যৎ প্রিয়াং ভার্য্যাং পাণ্ডবানাং যশস্বিনীম্।
তিষ্ঠন্তীমাশ্রমদ্বারি দ্রৌপদীং নির্জ্জনে বনে ॥৮॥
বিভ্রাজমানাং বপুষা বিভ্রতীং রূপমুত্তমম্।
ভ্রাজয়ন্তীং বনোদ্দেশং নীলাভ্রমিব বিদ্যুতম্ ॥৯॥ (যুগ্মকম্)
অপ্সরা দেবকন্যা বা মায়া বা দেবনির্ম্মিতা।
ইতি কৃত্বাঞ্জলিং সর্ব্বে দদৃশুস্তামনিন্দিতাম্ ॥১০॥
ততঃ স রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ।
বিস্মিতস্ত্বনবদ্যাঙ্গীং দৃষ্ট্বা তাং দুষ্টমানসঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ। শাল্বেয়ান্ শাল্বদেশম্ ॥৬॥
মহতেতি। পরিবর্হেণ পরিচ্ছদেন। কাম্যকং বনম্ ॥৭॥
তত্রেতি। অপশ্যৎ স ইত্যনুবৃত্তিঃ। নীলাভ্রং নীলমেঘম্ ॥৮—৯॥
অপ্সরা ইতি। দেবৈর্নির্ম্মিতা কৃতা। ইতি ইত্থং বিকল্পেন ॥১০॥
তত ইতি। বৃদ্ধক্ষত্রস্যাপত্যং বার্দ্ধক্ষত্রিঃ। বিস্মিতঃ অভবদিতি শেষঃ ॥১১॥

সেই সময়ে সিন্ধুদেশের রাজা মহাযশা জয়দ্রথ বিবাহ করিবার ইচ্ছায় শাল্বদেশে গমন করিতেছিলেন ॥৬॥

তিনি রাজার যোগ্য মূল্যবান্ পরিচ্ছদে আবৃত হইয়া বহুতর রাজার সহিত কাম্যকবনে উপস্থিত হইলেন ॥৭॥

এবং দেখিলেন—পাণ্ডবগণের প্রিয়তমা ভার্য্যা, যশস্বিনী, শরীরশোভায় দীপ্তিমতী ও পরম সুন্দরী দ্রৌপদী তখন সেই নির্জ্জন-বন-মধ্যে আশ্রমদ্বারে অবস্থান করিতেছেন এবং বিদ্যুৎ যেমন নীলমেঘকে উজ্জ্বল করে, সেইরূপ সেই বনপ্রদেশটাকে উজ্জ্বল করিতেছেন ॥৮—৯॥

'ইনি কি অপ্সরা, না দেবকন্যা, না দৈবী মায়া' এইরূপ নানাবিধ কল্পনা করিয়া তাঁহারা সকলেই কৃতাঞ্জলি হইয়া সেই অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীকে দেখিতে লাগিলেন ॥১০॥

তাহার পর সিন্ধুদেশের রাজা ও বৃদ্ধক্ষত্রনন্দন দুরাত্মা জয়দ্রথ সেই অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীকে দেখিয়া বিস্মিত হইলেন ॥১১॥

স কোটিকাস্যং রাজানমব্রবীৎ কামমোহিতঃ।
কস্য ত্বেষাঽনবদ্যাঙ্গী যদি বাপি ন মানুষী ॥১২॥
বিবাহার্থো ন মে কশ্চিদিমাং প্রাপ্যাতিসুন্দরীম্।
এতামেবাহমাদায় গমিষ্যামি স্বমালয়ম্ ॥১৩॥
গচ্ছ জানীহি সৌম্যেমাং কস্য বাত্র কুতোঽপি বা।
কিমর্থমাগতা সুভ্রূরিদং কণ্টকিতং বনম্ ॥১৪॥
অপি নাম বরারোহা মামেষা লোকসুন্দরী।
ভজেদত্যায়তাপাঙ্গী সুদতী তনুমধ্যমা ॥১৫॥
অপ্যহং কৃতকামঃ স্যামিমাং প্রাপ্য বরস্ত্রিয়ম্।
গচ্ছ জানীহি কো ন্বস্যা নাথ ইত্যেব কোটিক! ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। কোটিকাস্যং তদাখ্যম্। যদি বেতি সম্ভাবনায়াম্ ॥১২॥
বিবাহেতি। বিবাহস্য অর্থঃ প্রয়োজনং নাস্তি, অনয়ৈব তস্য সিদ্ধত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥
গচ্ছেতি। হে সৌম্য! কোটিকাস্য!। সুভ্রূঃ ইয়ং সুন্দরভ্রূযুগলা রমণী ॥১৪॥
অপীতি। বরারোহা মনোহরনিতম্বা। সুদতী সুন্দরদন্তশালিনী ॥১৫॥
অপীতি। কৃতকামঃ সম্পাদিতাভিলাষঃ। নাথো রক্ষকঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৬॥ পরিবর্হেণ পরিচ্ছদেন। "পরিবর্হস্তু রাজার্হবস্তুন্যপি পরিচ্ছদে" ইতি বিশ্বঃ ॥৭—৮॥ নীলাভ্রং নীলমেঘম্ ॥৯—১১॥ কোটিকাস্যং কোটী দুর্গমন্তঃপুরং তত্রাধিকৃতাঃ কোটিকাস্তেষামাস্যমিব মুখ্যম্। আখ্যমিতি পাঠে সংখ্যান্তরং বক্তারমিতি বা। অশ্যেতি পাঠে কোটিকা অশ্যা ব্যাপ্যা যস্যেতি বা রাজানং ক্ষত্রিয়ং প্রভুং বা। "রাজা প্রভৌ চ নৃপতৌ ক্ষত্রিয়ে রজনীপতৌ" ইতি মেদিনী ॥১২—১৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশত্যধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৯॥

এবং তিনি কামমোহিত হইয়া কোটিকাস্য রাজাকে বলিলেন—"এই অনিন্দ্য-সুন্দরী কাহার? আমার মনে হয়—ইনি মানুষী নহেন ॥১২॥

এই পরমসুন্দরীকে লাভ করায় আমার আর বিবাহের কোন প্রয়োজন নাই। কারণ, আমি ইঁহাকে লইয়াই আপন ভবনে চলিয়া যাইব ॥১৩॥

অতএব সৌম্য কোটিকাস্য! তুমি ইঁহার নিকট যাও, যাইয়া জান যে, এই সুন্দরী কাহার, কি জন্যই বা কোথা হইতে এই কণ্টকপূর্ণ বনে আসিয়াছেন ॥১৩॥

সুন্দরনিতম্বা, ভুবনসুন্দরী, আয়তনয়না, মনোহরদন্তশালিনী ও ক্ষীণমধ্যা এই রমণী আজ আমাকে ভজন করিবেন কি? ॥১৫॥

স কোটিকাস্যস্তচ্ছ্রুত্বা রথাৎ প্রস্কন্দ্য কুণ্ডলী।
উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টা ব্যাঘ্রবধূমিব ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে জয়দ্রথাগমনে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

কোটিকাস্য উবাচ।

কা ত্বং কদম্বস্য বিনাম্য শাখামেকাশ্রমে তিষ্ঠসি শোভমানা।
দেদীপ্যমানাগ্নিশিখেব নক্তং ব্যাধূয়মানা পবনেন সুভ্রু! ॥১॥
অতীব রূপেণ সমন্বিতা ত্বং ন চাপ্যরণ্যেষু বিভেষি কিন্নু।
দেবী নু যক্ষী যদি দানবী বা বরাপ্সরা দৈত্যবরাঙ্গনা বা ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। প্রস্কন্দ্য অবপ্লুত্য, কুণ্ডলী কর্ণকুণ্ডলযুগলধারী। ক্রোষ্টা শৃগালঃ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কেতি। কদম্বস্য বৃক্ষস্য, একা একাকিনী। নক্তং রাত্রৌ, ব্যাধূয়মানা কম্প্যমানা ॥১॥

অতীবেতি। ভয়কারণে সত্যপি যন্ন বিভেষি তদেবাশ্চর্য্যমিতি ভাবঃ ॥২॥

আমি এই উত্তম রমণীটাকে পাইয়া পূর্ণমনোরথ হইব কি ?। অতএব কোটিক ! যাও, যাইয়া জান যে, ইঁহার রক্ষক কে আছে" ॥১৬॥

কুণ্ডলধারী কোটিকাস্য সেই কথা শুনিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া তখনই যাইয়া—শৃগাল যেমন ব্যাঘ্রবধূর নিকট জিজ্ঞাসা করে, সেইরূপ দ্রৌপদীর নিকটে জিজ্ঞাসা করিল ॥১৭॥

—:*:—

কোটিকাস্য বলিল—"সুন্দরি ! রাত্রিতে বায়ুকম্পিত দেদীপ্যমানা অগ্নিশিখার ন্যায় শোভা পাইতে থাকিয়া, কদম্ববৃক্ষের একটী শাখাকে নোয়াইয়া ধরিয়া আশ্রম-দ্বারে একাকিনী দাঁড়াইয়া রহিয়াছ; তুমি কে ? ॥১॥

* '…চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমঃ…'—পি, '…ত্রিষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—কা, '…পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—নি।

(১)…নিয়ম্য শাখাম—পি।

বপুষ্মতী বোরগরাজকন্যা বনেচরী বা ক্ষণদাচরস্ত্রী।
যদ্বেব রাজ্ঞো বরুণস্য পত্নী যমস্য সোমস্য ধনেশ্বরস্য ॥৩॥
ধাতুর্বিধাতুঃ সবিতুর্বিভোর্বা শুক্রস্য বা ত্বং সদনাৎ প্রপন্না।
স হ্যেব নঃ পৃচ্ছসি যে বয়ং স্ম ন চাপি জানীম তবেহ নাথম্ ॥৪॥
বয়ং হি মানং তব বর্দ্ধয়ন্তঃ পৃচ্ছাম ভদ্রে! প্রভবং প্রভুঞ্চ।
আচক্ষ্ব বন্ধূংশ্চ পতিং কুলঞ্চ তত্ত্বেন যচ্চেহ করোষি কার্য্যম্ ॥৫॥
অহন্তু রাজ্ঞঃ সুরথস্য পুত্রো যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ।
অসৌ তু যস্তিষ্ঠতি কাঞ্চনাঙ্গে রথে হুতোঽগ্নিশ্চয়নে যথৈব।
ত্রিগর্ত্তরাজঃ কমলায়তাক্ষঃ ক্ষেমঙ্করো নাম স এষ বীরঃ ॥৬॥

ভারতকৌমুদী

বপুরিতি। বপুষ্মতী মানুষীমূর্ত্তিধারিণী। উরগঃ সর্পঃ, ক্ষণদাচরো রাক্ষসঃ ॥৩॥
ধাতুরিতি। বিভোঃ প্রভোঃ। স্ম ইতি বিসর্গলোপ আর্ষঃ। নাথং রক্ষকম্ ॥৪॥
বয়মিতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ পিতা তম্, প্রভুং স্বামিনম্ ॥৫॥
অহমিতি। কাঞ্চনাঙ্গে স্বর্ণময়ে। চীয়তে অগ্নিরিতি চয়নং স্থণ্ডিলং কুণ্ডং বা তত্র। কমলায়তাক্ষঃ পদ্মপত্রবৎ দীর্ঘনয়নঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

কেতি ॥১—৩॥ ধাতুঃ প্রজাপতেঃ সরস্বতী বা, বিধাতুঃ কশ্যপস্য রুদ্রস্য বা, অদিতিঃ পার্ব্বতী বা, বিভোর্বিষ্ণোর্লক্ষ্মীর্বা ॥৪॥ প্রভবং পিতরম্, প্রভুং মহান্তম্ ॥৫॥ রাজ্ঞঃ ক্ষত্রিয়স্য,

---

তুমি পরম রূপবতী, অথচ বনের ভিতরে ভয় পাইতেছ না কেন? তুমি কি কোন দেবী, না যক্ষী, না দানবী, না কোন প্রধান অপ্সরা, কিংবা কোন প্রধান দৈত্যের পত্নী? ॥২॥

অথবা তুমি নাগরাজের কন্যা, মানুষীর মূর্ত্তি ধারণ করিয়া আসিয়াছ, কিংবা কোন রাক্ষসের স্ত্রী বনে বিচরণ করিতেছ; অথবা রাজা বরুণ, যম, চন্দ্র কিংবা কুবেরের পত্নী ॥৩॥

অথবা তুমি—প্রভু ধাতা, বিধাতা, সূর্য্য বা শুক্রের ভবন হইতে আসিয়াছ; কিন্তু আমরা যাহারা, তাহা ত তুমি আমাদের নিকট জিজ্ঞাসা করিলে না; কিংবা আমরাও তোমার অভিভাবকের বিষয় জানিলাম না ॥৪॥

ভদ্রে! আমি তোমার সম্মানবৃদ্ধি করতঃ জিজ্ঞাসা করিতেছি—তোমার পিতা কে? অভিভাবকই বা কে? বন্ধু কাহারা? স্বামী কে? কোন্ বংশে জন্মিয়াছ? এখানে যে কার্য্য করিতেছ, তাহাই বা কি? এই সকল বিষয় সত্য বল ॥৫॥

তবে আমি সুরথরাজার পুত্র, যাঁহাকে লোকে 'কোটিকাস্য' বলিয়া জানে।

অস্মাৎ পরস্তেষ মহাধনুষ্মান্ পুত্রঃ কুলিন্দাধিপতের্বরিষ্ঠঃ।
নিরীক্ষতে ত্বাং বিপুলায়তাক্ষঃ সুপুষ্পিতঃ পর্ব্বতবাসনিত্যঃ ॥৭॥
অসৌ তু যঃ পুষ্করিণীসমীপে শ্যামো যুবা তিষ্ঠতি দর্শনীয়ঃ।
ইক্ষ্বাকুরাজ্ঞঃ সুবলস্য পুত্রঃ স এষ হন্তা দ্বিষতাং সুগাত্রি! ॥৮॥
যস্যানুযাত্রা ধ্বজিনঃ প্রযান্তি সৌবীরকা দ্বাদশ রাজপুত্রাঃ।
শোণাশ্বযুক্তেষু রথেষু সর্ব্বে মুখেষু দীপ্তা ইব হব্যবাহাঃ ॥৯॥
অঙ্গারকঃ কুঞ্জরো গুপ্তকশ্চ শত্রুঞ্জয়ঃ সৃঞ্জয়সুপ্রবৃদ্ধৌ।
প্রভঙ্করোঽথ ভ্রমরো রবিশ্চ শূরঃ প্রতাপঃ কুহনশ্চ নাম ॥১০॥
যং ষট্‌সহস্রা রথিনোঽনুযান্তি নাগা হয়াশ্চৈব পদাতিনশ্চ।
জয়দ্রথো নাম যদি শ্রুতস্তে সৌবীররাজঃ সুভগে! স এষঃ ॥১১॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

অস্মাদিতি। সুপুষ্পিতঃ শোভনপুষ্পমালাধারী, পর্ব্বতবাসো নিত্যো যস্য সঃ ॥৭॥

অসাবিতি। দর্শনীয়ো মনোহরমূর্ত্তিঃ। হে সুগাত্রি! সুন্দরাঙ্গি! ॥৮॥

যস্যেতি। অনু পশ্চাদ্‌যাত্রা গমনং যেষাং তে, সৌবীরকাঃ সৌবীরদেশীয়াঃ। অথ কে তে দ্বাদশেত্যাহ—অঙ্গারক ইতি। এতানি তেষাং দ্বাদশানাং নামানি। পদাভ্যামতন্তি সততং গচ্ছন্তীতি পদাতিনঃ পদাতয়ঃ ॥৯—১১॥

ভারতভাবদীপঃ

চয়নে ইষ্টকোচ্চয়ে ॥৬—৮॥ অনুচক্রং সৈন্যমনু লক্ষ্যীকৃত্য প্রযান্তি। "চক্রং সৈন্যরথাঙ্গয়োঃ" ইতি বিশ্বঃ। পাঠান্তরেঽনুযাত্রা যাত্রোপকরণপালা ইত্যর্থঃ ॥৯—১০॥ পদাতিনঃ পত্ত্যা-

---

আর স্থণ্ডিলে আহুত অগ্নির ন্যায় ঐ যিনি স্বর্ণময় রথে অবস্থান করিতেছেন, উনি ত্রিগর্ত্তদেশের রাজা পদ্মনয়ন ও বীর 'ক্ষেমঙ্কর' ॥৬॥

উঁহার পরবর্ত্তী বিশালনয়ন ও সুন্দর পুষ্পমালাধারী যে পুরুষটী তোমাকে দর্শন করিতেছেন, ইনি পর্ব্বতবাসী পুলিন্দাধিপতির জ্যেষ্ঠপুত্র এবং ইনি মহাধনুর্দ্ধর ॥৭॥

সুন্দরি! পুষ্করিণীর নিকটে ঐ যে শ্যামবর্ণ সুন্দর যুবকটী দাঁড়াইয়া আছেন, ইনি শত্রুহন্তা ইক্ষ্বাকুবংশীয় রাজা সুবলের পুত্র ॥৮॥

অঙ্গারক, কুঞ্জর, গুপ্তক, শত্রুঞ্জয়, সৃঞ্জয়, সুপ্রবৃদ্ধ, প্রভঙ্কর, ভ্রমর, রবি, শূর, প্রতাপ ও কুহন—এই বার জন সৌবীররাজপুত্র রক্তবর্ণ ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া ধ্বজ ধারণপূর্ব্বক প্রজ্বলিত যজ্ঞাগ্নির ন্যায় যাঁহার পশ্চাতে গমন করিতেছেন এবং ছয় হাজার রথী, হস্তী, অশ্ব ও পদাতি যাঁহার অনুগমন

তস্যাপরে ভ্রাতরোঽদীনসত্ত্বা বলাহকানীকবিদারণাদ্যাঃ।
সৌবীরবীরাঃ প্রবরা যুবানো রাজানমেতে বলিনোঽনুযান্তি ॥১২॥
এতৈঃ সহায়ৈরুপযাতি রাজা মরুদ্‌গণৈরিন্দ্র ইবাভিগুপ্তঃ।
অজানতাং খ্যাপয় নঃ সুকেশি! কস্যাসি ভার্য্যা দুহিতা চ কস্য ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

অথাব্রবীদ্‌দ্রৌপদী রাজপুত্রী পৃষ্টা শিবীনাং প্রবরেণ তেন।
অবেক্ষ্য মন্দং প্রবিমুচ্য শাখাং সংগৃহ্নতী কৌশিকমুত্তরীয়ম্ ॥১৪॥
বুদ্ধ্যাভিজানামি নরেন্দ্রপুত্র! ন মাদৃশী ত্বামভিভাষ্টুমর্হা।
ন ত্বেব বক্তাস্তি তবেহ বাক্যমন্যো নরো বাপ্যথবাপি নারী ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ, বলাহকাদীনি ত্রীণি নামানি ॥১২॥

এতৈরিতি। মরুতাং দেবানাং গণৈঃ, অভিগুপ্তো রক্ষিতঃ। খ্যাপয় ব্রূহি ॥১৩॥

অথেতি। শিবীনাং শিবিবংশীয়ানাম্, তেন কোটিকাস্যেন। কৌশিকং কুশময়ম্ ॥১৪॥

বুদ্ধ্যেতি। অভিভাষ্টুম্ অভিভাষিতুম্, ইড়াগমাভাব আর্ষঃ। বক্তেতি সাধুকারিণ্যর্থে তৃন্, তস্য চ নিষ্ঠাদিত্বাদ্বাক্যমিত্যত্র ন কর্ম্মণি ষষ্ঠী। বাক্যং বাক্যোত্তরম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

মতিভুং সততং গন্তুং শীলং যেষাং তে পদাতয়ঃ ॥১১—১৩॥ শিবীনাং শিবিবংশানাং ক্ষত্রিয়াণাম, মন্দং স্বৈরম্, অবেক্ষ্য সঙ্কোচ্য। তদেবাহ—বিমুচ্যেতি। কৌশিকং কোশজম্

করিতেছে, ইনি সেই সৌবীররাজ 'জয়দ্রথ'। সুন্দরি। তুমি সম্ভবতঃ ইহার নাম শুনিয়াছ ॥৯—১১॥

এবং বলাহক, অনীক ও বিদারণপ্রভৃতি উঁহার অপর ভ্রাতারাও উঁহার অনুগমন করিতেছেন; উঁহারা অসাধারণ অধ্যবসায়ী, সৌবীরদেশের মধ্যে প্রধান বীর ও বলবান্ ॥১২॥

সুকেশি। দেবগণরক্ষিত ইন্দ্রের ন্যায় এই সকল সহায়কর্ত্তৃক রক্ষিত রাজা জয়দ্রথ গমন করিতেছেন। এদিকে আমরা তোমার বৃত্তান্ত কিছুই জানি না; সুতরাং তুমি বল যে, তুমি কাহার ভার্য্যা এবং কাহার কন্যা" ॥১৩॥

বৈশম্পায়ন কহিলেন—শিবিবংশপ্রধান কোটিকাস্য এইরূপ জিজ্ঞাসা করিলে, কুশময় উত্তরীয়ধারিণী রাজনন্দিনী দ্রৌপদী কদম্বশাখা পরিত্যাগপূর্ব্বক অল্প দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥১৪॥

---

(১৩) শ্লোকাৎ পরম্ '...পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—পি, '...চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—কা, '...ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—নি।

একা হ্যহং সম্প্রতি তেন বাচং দদানি বৈ ভদ্র ! নিবোধ চেদম্ ।
অহং হ্যরণ্যে কথমেকমেকা ত্বামালপেয়ং নিরতা স্বধর্ম্মে ॥১৬॥
জানামি চ ত্বাং সুরথস্য পুত্রং যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ ।
তস্মাদহং শৈব্য ! তথৈব তুভ্যমাখ্যামি বন্ধূন্ প্রথিতং কুলঞ্চ ॥১৭॥
অপত্যমস্মি দ্রুপদস্য রাজ্ঞঃ কৃষ্ণেতি মাং শৈব ! বিদুর্মনুষ্যাঃ ।
সাহং বৃণে পঞ্চ জনান্ পতিত্বে যে খাণ্ডবপ্রস্থগতাঃ শ্রুতাস্তে ॥১৮॥
যুধিষ্ঠিরো ভীমসেনার্জ্জুনৌ চ মাদ্র্যাশ্চ পুত্রৌ পুরুষপ্রবীরৌ ।
তে মাং নিবেশ্যেহ দিশশ্চতস্রো বিভজ্য পার্থা মৃগয়াং প্রয়াতাঃ ॥১৯॥
প্রাচীং রাজা দক্ষিণাং ভীমসেনো জয়ঃ প্রতীচীং যমজাবুদীচীম্ ।
মন্যে তু তেষাং রথসত্তমানাং কালোঽভিতঃ প্রাপ্ত ইহোপযাতুম্ ॥২০॥

ভারতকৌমুদী

একেতি । তিষ্ঠামীতি শেষঃ । দদানি উত্তরতয়া কথয়ানি । স্বধর্ম্মে গার্হস্থ্যে ॥১৬॥
জানামীতি । হে শৈব্য ! শিবিকুলোদ্ভব ! । আখ্যামি ব্রবীমি ॥১৭॥
অপত্যমিতি । খাণ্ডবপ্রস্থগতা ইন্দ্রপ্রস্থস্থিতাঃ, তে ত্বয়া ॥১৮॥
যুধীতি । নিবেশ্য স্থাপয়িত্বা । বিভজ্য অহমস্যাং দিশি গচ্ছামীত্যাত্মনো বিভক্তীকৃত্য ॥১৯॥
প্রাচীমিতি । জয়োঽর্জ্জুনঃ । প্রয়াত ইতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ । অভিতঃ সম্মুখে ॥২০॥

"রাজপুত্র ! আমি আপন বুদ্ধিতেই বুঝিতেছি যে, আপনার সহিত আমার মত লোকের কথা বলা উচিত নহে ; কিন্তু আপনার কথার উত্তর দেয়, এমন অন্য পুরুষ বা স্ত্রীলোক এখানে নাই ॥১৫॥

ভদ্র ! আমি এখন এখানে একা রহিয়াছি ; সেই জন্যই আপনার কথার উত্তর দিতেছি ; কিন্তু স্বধর্ম্মনিরতা একা আমি বনের ভিতরে একক আপনার সহিত কি করিয়া কথোপকথন করিতে পারি ॥১৬॥

শিবিনন্দন ! আমি জানিলাম যে, আপনি সুরথরাজার পুত্র, লোকে যাঁহাকে 'কোটিকাস্য' বলিয়া জানে । সেই জন্যই আমি আপনার নিকট বন্ধুবর্গের কথা ও প্রসিদ্ধ-বংশের কথা বলিব ॥১৭॥

শিবিনন্দন ! আমি দ্রুপদরাজার সন্তান, লোকে আমাকে 'কৃষ্ণা' বলিয়া জানে ; আর আপনি যাঁহাদিগকে ইন্দ্রপ্রস্থবাসী বলিয়া শুনিয়াছেন, সেই পাঁচ জনকে আমি পতিত্বে বরণ করিয়াছি ॥১৮॥

যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব—ইঁহারা সকলেই আমাকে এই আশ্রমে রাখিয়া আপনাদিগকে বিভক্ত করিয়া মৃগয়া করিবার জন্য চারি দিকে গিয়াছেন ॥১৯॥

সম্মানিতা যাস্যথ তৈর্যথেষ্টং বিমুচ্য বাহানবরোহয়ধ্বম্।
প্রিয়াতিথির্ধর্ম্মসুতো মহাত্মা প্রীতো ভবিষ্যত্যভিবীক্ষ্য যুষ্মান্ ॥২১॥
এতাবদুক্ত্বা দ্রুপদাত্মজা সা শৈব্যাত্মজং চন্দ্রমুখী প্রতীতা।
বিবেশ তাং পর্ণশালাং প্রশস্তাং সঞ্চিন্ত্য তেষামতিথিত্বধর্ম্মম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দ্রৌপদীবাক্যে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সম্মানিতা ইতি। বাহান্ যানানি, অবরোহয়ধ্বম্ অপরান্ সর্ব্বানিতি শেষঃ ॥২১॥
এতাবদিতি। প্রতীতা অতিথিলাভাদেব হৃষ্টা। অতিথিত্বমেব ধর্ম্মস্তম্ ॥২২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥১৪॥ অভিভাষ্টুম্ অভিভাষিতুম্ ॥১৫॥ তেন কারণেন ॥১৮—১৭॥ পঞ্চ জনান্ পঞ্চ পুরুষান ॥১৮—১৯॥ জয়োঽর্জ্জুনঃ ॥২০—২১॥ তেষামর্থে অতিথিষু যোগ্যং স্বধর্ম্মং পূজাদিকং কর্ত্তুং সঞ্চিন্ত্য শালাং বিবেশ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২০॥

—:*:—

যুধিষ্ঠির পূর্ব্বদিকে, ভীম দক্ষিণদিকে, অর্জ্জুন পশ্চিমদিকে এবং নকুল ও সহদেব উত্তরদিকে গিয়াছেন। আমি মনে করি—সেই রথিশ্রেষ্ঠগণের আশ্রমে আসিবার সময় সম্মুখে উপস্থিত হইয়াছে ॥২০॥

সুতরাং আপনারা তাঁহাদের দ্বারা যথেষ্ট সম্মানিত হইয়া যাইতে পারিবেন; অতএব আপনি যানবাহন পরিত্যাগ করাইয়া উঁহাদিগকে অবতরণ করান! অতিথি যাঁহার প্রিয়, সেই মহাত্মা ধর্ম্মপুত্র আপনাদিগকে দেখিয়া সন্তুষ্ট হইবেন" ॥২১॥

কোটিকাস্যকে এই পর্য্যন্ত বলিয়া চন্দ্রমুখী দ্রৌপদী তাঁহাদিগকে অতিথি ভাবিয়া আনন্দিত হইয়া সেই প্রশস্ত পর্ণশালার ভিতরে প্রবেশ করিলেন ॥২২॥

—:*:—

(২২)…অতিথিত্বধর্ম্মম্—কা নি, …অতিথিং স্বধর্ম্মম্—পি। * '…ষট্‌পঞ্চাশদধিকদ্বিশততমঃ…'—পি, '…পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—কা; '…সপ্তষষ্ট্যধিকদ্বিশততমঃ…'—নি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তথাসীনেষু সর্ব্বেষু তেষু রাজসু ভারত!।
যদুক্তং কৃষ্ণয়া তত্র তৎ সর্ব্বং প্রত্যবেদয়ৎ ॥১॥
কোটিকাস্যবচঃ শ্রুত্বা শৈব্যং সৌবীরকোঽব্রবীৎ।
যদা বাচং ব্যাহরন্ত্যামস্যাং মে রমতে মনঃ।
সীমন্তিনীনাং মুখ্যায়াং বিনিবৃত্তঃ কথং ভবান্ ॥২॥
এতাং দৃষ্ট্বা স্ত্রিয়ো মেঽন্যা যথা শাখামৃগস্ত্রিয়ঃ।
প্রতিভান্তি মহাবাহো! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩॥
দর্শনাদেব হি মনস্তয়া মেঽপহৃতং ভৃশম্।
তাং সমাচক্ষ্ব কল্যাণীং যদি স্যাচ্ছৈব্য! মানুষী ॥৪॥

কোটিক উবাচ।

এষা বৈ দ্রৌপদী কৃষ্ণা রাজপুত্রী যশস্বিনী।
পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং মহিষী সম্মতা ভৃশম্ ॥৫॥

ভারতকৌমুদী

তথেতি। তথা দূরে, আসীনেষু স্থিতেষু। প্রত্যবেদয়ৎ কোটিকাস্য ইতি শেষঃ ॥১॥
কোটিকেতি। শৈব্যং কোটিকাস্যম্, সৌবীরকো জয়দ্রথঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
এতামিতি। শাখামৃগস্ত্রিয়ো বানরস্ত্রিয়ঃ, প্রতিভান্তি জ্ঞানবিষয়া ভবন্তি ॥৩॥
দর্শনাদিতি। সমাচক্ষ্ব কুলশীলাদিভির্ব্বর্ণয়, যদি সা মানুষী স্যাৎ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! সেই রাজারা সকলে সেইরূপ দূরে অবস্থান করিতেছিলেন, এমন সময়ে আশ্রমদ্বারে দ্রৌপদী যাহা বলিয়াছিলেন, সেই সকল বিষয় যাইয়া কোটিকাস্য তাঁহাদিগকে জানাইলেন ॥১॥

কোটিকাস্যের কথা শুনিয়া জয়দ্রথ তাঁহাকে বলিলেন—"এই রমণীপ্রধানা যখন কথা বলিতেছিলেন, তখন উঁহার প্রতি আমার মন আকৃষ্ট হইয়াছিল; অতএব তুমি ফিরিয়া আসিলে কেন? ॥২॥

মহাবাহু কোটিকাস্য! আমি তোমার নিকট সত্য বলিতেছি যে, এই রমণীটিকে দেখিয়া অন্য রমণীগুলিকে আমার বানরীর মত বোধ হইতেছে ॥৩॥

শিবিনন্দন! দর্শনমাত্রই সেই রমণী আমার মনটাকে গুরুতর আকর্ষণ করিয়াছে; অতএব সে যদি মানবী হয়, তবে তাহার বিষয় বর্ণনা কর" ॥৪॥

সর্ব্বেষাঞ্চৈব পার্থানাং প্রিয়া বহুমতা সতী।
তয়া সমেত্য সৌবীর! সৌবীরাভিমুখো ব্রজ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ প্রত্যুবাচ পশ্যামো দ্রৌপদীমিতি।
পতিঃ সৌবীরসিন্ধূনাং দুষ্টভাবো জয়দ্রথঃ ॥৭॥
স প্রবিশ্যাশ্রমং পুণ্যং সিংহগোষ্ঠং বৃকো যথা।
আত্মনা সপ্তমঃ কৃষ্ণামিদং বচনমব্রবীৎ ॥৮॥
কুশলং তে বরারোহে! ভর্ত্তারস্তেহপ্যনাময়াঃ।
যেষাং কুশলকামাসি তেহপি কচ্চিদনাময়াঃ ॥৯॥

ভারতকৌমুদী

এবেতি। রাজপুত্রী চেৎ কোহসৌ রাজেত্যাহ—দ্রৌপদীতি। কৃষ্ণা নাম ॥৫॥

সর্ব্বেষামিতি। সমেত্য মিলিত্বা। সৌবীরাভিমুখঃ সৌবীরদেশাভিমুখঃ ॥৬॥

এবমিতি। সৌবীরসিন্ধূনাং তদাখ্যয়োর্দেশয়োঃ পতিঃ ॥৭॥

স ইতি। অত্র গোষ্ঠপদমাবাসপরম্, "নলিনীদলতালবৃন্তম্" ইত্যাদৌ তালবৃন্তশব্দস্য ব্যজনমাত্রপরত্ববৎ। আত্মনা সপ্তম ইত্যনেন অন্যেহপি ষট্ প্রবিবিশুরিতি সূচিতম্ ॥৮॥

কুশলমিতি। অনাময়া নীরোগাঃ। যেষামপরেষাং বন্ধূনাম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১॥ সৌবীরকো জয়দ্রথঃ। যদাস্যাং মে মনো রমতে, তদা ভবান্ কথং বিনিবৃত্ত ইতি যোজ্যম্ ॥২—৭॥ সিংহগোষ্ঠং সিংহসভাম্। "গোষ্ঠং গোস্থানকং গোষ্ঠী

কোটিকাস্য বলিলেন—"ইনি দ্রুপদরাজার তনয়া যশস্বিনী 'কৃষ্ণা' এবং ইনি পঞ্চ পাণ্ডবেরই পরমসম্মতা মহিষী ॥৫॥

আর ইনি পাণ্ডবদের সকলেরই প্রীতি ও আদরের পাত্রী; অতএব সৌবীরনাথ। তুমি তাঁহার সহিত মিলিত হইয়া সৌবীরদেশের দিকেই গমন কর" ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—কোটিকাস্য এইরূপ বলিলে, সৌবীর ও সিন্ধুদেশের অধিপতি দুষ্টস্বভাব জয়দ্রথ বলিলেন—"দ্রৌপদীকে দেখিব" ॥৭॥

তাহার পর ক্ষুদ্র ব্যাঘ্র যেমন সিংহের আবাসে প্রবেশ করে, সেইরূপ জয়দ্রথ অপর ছয় জন সহচরকে লইয়া সেই পবিত্র আশ্রমে প্রবেশ করিয়া দ্রৌপদীকে এই কথা বলিলেন—॥৮॥

"বরবর্ণিনি! তোমার মঙ্গল ত? তোমার ভর্ত্তারা সুস্থ আছেন ত? এবং তুমি অন্য যাঁহাদের মঙ্গল কামনা কর, তাঁহারাও ভাল আছেন ত?" ॥৯॥

দ্রৌপদ্যুবাচ।

কৌরব্যঃ কুশলী রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অহঞ্চ ভ্রাতরশ্চাস্য যাংশ্চান্যান্ পরিপৃচ্ছসি ॥১০॥
অপি তে কুশলং রাজ্যে রাষ্ট্রে কোষে বলে তথা।
কচ্চিদেকঃ শিবীনাঢ্যান্ সৌবীরান্ সহ সিন্ধুভিঃ।
অনুতিষ্ঠসি ধর্ম্মেণ যে চান্যে বিদিতাস্ত্বয়া ॥১১॥
পাদ্যং প্রতিগৃহাণেদমাসনঞ্চ নৃপাত্মজ!।
মৃগান্ পঞ্চাশতঞ্চৈব প্রাতরাশং দদানি তে ॥১২॥
ঐণেয়ান্ পৃষতান্ ন্যঙ্কূন্ হরিণান্ শরভান্ শশান্।
ঋক্ষান্ রুরূন্ শম্বরাংশ্চ গবয়াংশ্চ মৃগান্ বহূন্ ॥১৩॥
বরাহান্ মহিষাংশ্চৈব যাশ্চান্যা মৃগজাতয়ঃ।
প্রদাস্যতি স্বয়ং তুভ্যং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৌরব্য ইতি। অহঞ্চ কুশলিনী, অস্য ভ্রাতরো ভীমাদয়শ্চ কুশলিন ইতি সম্বন্ধঃ ॥১০॥

অপীতি। রাজ্যে রাজত্বপদে, রাষ্ট্রে স্বাধিকৃতদেশে। বলে সৈন্যে। অনু লক্ষ্যীকৃত্য, ধর্ম্মেণ তিষ্ঠসি পালয়ন্ বর্ত্তসে। বিদিতাঃ স্বকীয়ত্বেন জ্ঞাতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পাদ্যমিতি। অশ্যত ইত্যাশঃ খাদ্যং তম্, সহচরবাহুল্যাদ্বহুপ্রদানমিতি ভাবঃ ॥১২॥

ঐণেয়ানিতি। এতে মৃগবিশেষাঃ। স্বয়ং প্রদাস্যতি, অত্রাগত্যেতি শেষঃ ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

সভাসংপালয়োঃ স্ত্রিয়া"মিতি মেদিনী। লিঙ্গং ত্ববিবক্ষিতং গোষ্ঠমিতি বা স্থানমেব। সপ্তমো বলাহকাদীন্ ষড়্ভ্রাতৃনুপলক্ষ্য আত্মনা শরীরেণ সপ্তানাং পূরণঃ ॥৮—১০॥ অনু-

---

দ্রৌপদী বলিলেন—"কুরুবংশজাত কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির, আমি ও তাঁহার ভ্রাতারা সকলেই কুশলে আছি এবং আপনি অন্য যাঁহাদের কথা জিজ্ঞাসা করিতেছেন, তাঁহারাও কুশলে আছেন ॥১০॥

আপনার রাজপদ, রাজ্য, কোষ ও সৈন্যগণের মঙ্গল ত? এবং আপনি একাই সমৃদ্ধ শিবিগণকে, সিন্ধুদেশের সহিত সৌবীরদেশকে, আর অন্য যত দেশ আপনার নিজের বলিয়া জানা আছে, সেগুলিকে ধর্ম্ম অনুসারে পালন করিতেছেন ত? ॥১১॥

রাজপুত্র! আপনি এই পাদ্য ও আসন গ্রহণ করুন, আর আমি আপনাকে প্রাতঃকালের খাদ্যরূপে পঞ্চাশটী হরিণ দিব ॥১২॥

তা'র পর, কুন্তীনন্দন যুধিষ্ঠির আসিয়া নিজে আপনাকে বহুতর

জয়দ্রথ উবাচ।

কুশলং প্রাতরাশস্য সর্ব্বং মে দিৎসিতং ত্বয়া।
এহি মে রথমারোহ সুখমাপ্নুহি কেবলম্ ॥১৫॥
হৃতরাজ্যান্ গতশ্রীকান্ কৃপণান্ গতচেতসঃ।
অরণ্যবাসিনঃ পার্থান্ নানুরোদ্ধুং ত্বমর্হসি ॥১৬॥
ন বৈ প্রাজ্ঞা গতশ্রীকং ভর্ত্তারমুপযুঞ্জতে।
যুঞ্জানমনুযুঞ্জীত ন শ্রিয়ঃ সংক্ষয়ে বসেৎ ॥১৭॥
শ্রিয়া বিহীনা রাজ্যাচ্চ বিনষ্টাঃ শাশ্বতীঃ সমাঃ।
অলং তে পাণ্ডুপুত্রাণাং ভক্ত্যা ক্লেশমুপাসিতুম্ ॥১৮॥

ভারতকৌমুদী

কুশলমিতি। কুশলং মম রাজ্যাদীনাঞ্চ মঙ্গলমিত্যেকং বাক্যম্। দিৎসিতং দাতুমিষ্টম্ ॥১৫॥

হৃতেতি। গতশ্রীকান্ নষ্টরাজলক্ষ্মীকান্, কৃপণান্ ক্ষুদ্রান্। অনুরোদ্ধুমপেক্ষিতুম্ ॥১৬॥

নেতি। প্রাজ্ঞা বুদ্ধিমতী স্ত্রী, গতশ্রীকং ভর্ত্তারম্, ন উপযুঞ্জতে ন সেবতে; কিন্তু যুঞ্জানং শ্রীযুক্তং ভর্ত্তারমেব, অনুযুঞ্জীত সেবেত, শ্রিয়ঃ সংক্ষয়ে তু নৈকত্র বসেৎ ॥১৭॥

শ্রিয়েতি। শাশ্বতীঃ সমা বহূন্ বৎসরান্ পাণ্ডবা ইতি শেষঃ। উপাসিতুং ভোক্তুম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তিষ্ঠসি পালয়সি, বিদিতা লব্ধাঃ ॥১১—১৬॥ শ্রিয়ঃ সংক্ষয়ে সতীতি শেষঃ, হীনলক্ষ্মীকে ইত্যর্থঃ ॥১৭॥ সমাঃ সংবৎসরান্ ॥১৮—২২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২১॥

ঐণেয়, পৃষত, ন্যঙ্কু, হরিণ, শরভ, শশ, ভল্লুক, রুরু, শম্বর, গবয়, মৃগ, বরাহ, মহিষ এবং অন্য যতপ্রকার মৃগ আছে, সে সকল দান করিবেন" ॥১৩—১৪॥

জয়দ্রথ বলিলেন—"আমার ও আমার রাজ্যপ্রভৃতির মঙ্গল। তুমি আমাকে সর্ব্বপ্রকার প্রাতঃকালের খাদ্য দিতে ইচ্ছা করিয়াছ, (তাহা এখন থাক্); তুমি আইস, আমার রথে উঠ, আর কেবল সুখভোগই করিতে থাক ॥১৫॥

দ্রৌপদি! তুমি—হৃতরাজ্য, সমৃদ্ধিশূন্য, ক্ষুদ্র, হৃদয়বিহীন ও বনবাসী পাণ্ডবগণের কোন অপেক্ষা রাখিবার যোগ্য নহ ॥১৬॥

দেখ—বুদ্ধিমতী স্ত্রী, সমৃদ্ধিবিহীন ভর্ত্তার সেবা করেন না, সমৃদ্ধিযুক্ত ভর্ত্তারই সেবা করিয়া থাকেন এবং ভর্ত্তার সম্পত্তি নষ্ট হইলে আর তাঁহার সহিত একত্র বাস করেন না ॥১৭॥

পাণ্ডবেরা বহু বৎসর যাবৎ রাজ্যভ্রষ্ট এবং সম্পত্তিশূন্য হইয়া রহিয়াছে; অতএব তাহাদের প্রতি ভক্তিবশতঃ তুমি আর কষ্ট ভোগ করিও না ॥১৮॥

ভার্য্যা মে ভব সুশ্রোণি! ত্যজৈনান্ সুখমাপ্নুহি।
অখিলান্ সিন্ধুসৌবীরানাপ্নুহি ত্বং ময়া সহ ॥১৯॥
বৈশম্পায়ন উবাচ।
ইত্যুক্তা সিন্ধুরাজেন বাক্যং হৃদয়কম্পনম্।
কৃষ্ণা তস্মাদপাক্রামদ্দেশাৎ সা ভ্রুকুটীমুখী ॥২০॥
অবমত্যাস্য তদ্বাক্যমাক্ষিপ্য চ সুমধ্যমা।
মৈবমিত্যব্রবীৎ কৃষ্ণা লজ্জসে নেতি সৈন্ধবম্ ॥২১॥
সা কাঙ্ক্ষমাণা ভর্ত্তৄণামুপযাতমনিন্দিতা।
বিলোভয়ামাস পরং বাক্যৈর্বাক্যানি যুঞ্জতী ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে জয়দ্রথদ্রৌপদীবাক্যে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভার্য্যেতি। হে সুশ্রোণি! সুনিতম্বে! এনান্ পাণ্ডবান্। সিন্ধুসৌবীরান্ দেশান্ ॥১৯॥
ইতীতি। অপাক্রামৎ অপাসরৎ। ভ্রুকুটী মুখে যস্যাঃ সা ॥২০॥
অবেতি। আক্ষিপ্য বিনিন্দ্য। মৈবং ব্রূহীতি শেষঃ। সৈন্ধবং সিন্ধুরাজম্ ॥২১॥
সেতি। উপযাতমুপস্থিতিম্। আত্মনো বাক্যৈর্জয়দ্রথস্য বাক্যানি, যুঞ্জতী যুঞ্জানা তেন সার্দ্ধমালপন্তীত্যর্থঃ, পরমত্যন্তং জয়দ্রথং বিলোভয়ামাস, বিলম্বার্থমিতি ভাবঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

সুনিতম্বে! তুমি আমার ভার্য্যা হও, পাণ্ডবগণকে পরিত্যাগ কর এবং অনবরত সুখভোগ করিতে থাক, আর আমার সহিত মিলিত থাকিয়া সমগ্র সিন্ধুদেশ ও সমগ্র সৌবীরদেশ লাভ কর" ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—জয়দ্রথ এইরূপ হৃৎকম্পজনক বাক্য বলিলে, দ্রৌপদী ভ্রূকুটী করিয়া সেস্থান হইতে সরিয়া গেলেন ॥২০॥

পরে সুমধ্যমা দ্রৌপদী মনে মনে জয়দ্রথবাক্যের অবজ্ঞা ও নিন্দা করিয়া তাঁহাকে বলিলেন—"এরূপ কথা আর বলিবেন না, আপনার কি লজ্জা হয় না" ॥২১॥

তাহার পর তিনি ভর্ত্তাদের আগমন কামনা করিয়া জয়দ্রথের সহিত আলাপ করিতে থাকিয়া তাঁহাকে অত্যন্ত লুব্ধ করিতে লাগিলেন ॥২২॥

* '...সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—পি, '...ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...সপ্ত-ষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—কা, '...অষ্টষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—নি।

দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

সরোষরাগোপহতেন বল্গুনা সরাগনেত্রেণ নতোন্নতভ্রুবা।
মুখেন বিস্ফূর্য্য সুবীররাষ্ট্রপং ততোঽব্রবীত্তং দ্রুপদাত্মজা পুনঃ ॥১॥
যশস্বিনস্তীক্ষ্ণবিষান্ মহারথান্ অতিব্রুবন্ মূঢ়! ন লজ্জসে কথম্।
মহেন্দ্রকল্পান্ নিরতান্ স্বকর্ম্মসু স্থিতান্ সমূহেষ্বপি যক্ষরক্ষসাম্ ॥২॥
ন কিঞ্চিদীড্যং প্রবদন্তি পাপং বনেচরং বা গৃহমেধিনং বা।
তপস্বিনং সম্পরিপূর্ণবিদ্যং ভষন্তি হৈবং শ্বনরাঃ সুবীর! ॥৩॥

ভারতকৌমুদী

সেতি। ততো দ্রুপদাত্মজা, রোষেণ যো রাগো রক্তিমা তেন সহেতি সরোষরাগঞ্চ তৎ উপহতং তেনৈব বিকৃতঞ্চেতি তেন, বল্গুনা সুন্দরেণ, রাগেণ রক্তিম্না সহেতি সরাগে নেত্রে যত্র তেন, তথা রোষাদেব নতে উন্নতে চ ভ্রুবৌ যত্র তেন তাদৃশেন মুখেন, সুবীররাষ্ট্রং পাতি রক্ষতীতি তম্, তং জয়দ্রথম্, বিস্ফূর্য্য আক্রম্য, পুনরব্রবীৎ ॥১॥

যশস্বিন ইতি। হে মূঢ়! ত্বম্, যুদ্ধজয়াদিনা যশস্বিনঃ, তীক্ষ্ণং বিষং তদ্বৎ ক্রোধো যেষাং তান্, মহারথান্, মহেন্দ্রকল্পান্, স্বকর্ম্মসু যজ্ঞাদিষু নিরতান্, তথা যক্ষরক্ষসাং সমূহেষ্বপি স্থিতান্ যুদ্ধাদাবচলান্ পাণ্ডবান্, অতিব্রুবন্ অতিক্রম্য কথয়ন্ নিন্দন্নিত্যর্থঃ, কথং ন লজ্জসে ॥২॥

ভারতভাবদীপঃ

সরোষেতি। রোষেণ রাগো রক্তিমা তেন সহিতং সরোষরাগং তদুপহতঞ্চ ম্লানঞ্চ তেন, বল্গুনা সুন্দরেণ, নতে স্বভাবত উন্নতে ক্রোধেন ভ্রুবৌ যস্যাস্তথা বিস্ফূর্য্য ফুৎকারং কৃত্বা ॥১॥ অভি অভিক্রম্য, ব্রুবন্ স্থিতানচলান্ যক্ষাদিভিরপ্যজেয়ানিত্যর্থঃ ॥২॥ ঈড্যং স্তুত্যম্, বনেচরং বানপ্রস্থম্, পাপং পাপবচনং প্রবদন্তি সন্ত ইতি শেষঃ। শ্বনরাঃ শুনকতুল্যা

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর দ্রৌপদীর সুন্দর মুখখানি ক্রোধে রক্তবর্ণ ও বিকৃত হইল, নয়নযুগল রক্তবর্ণ ধারণ করিল এবং ভ্রূযুগল অবনত ও উন্নত হইতে লাগিল; এহেন মুখদ্বারা তিনি জয়দ্রথকে আক্রমণ করিয়া পুনরায় বলিতে লাগিলেন—॥১॥

"মূর্খ! যাঁহারা যশস্বী, তীক্ষ্ণবিষের ন্যায় ক্রোধশালী, মহারথ, ইন্দ্রতুল্য, স্বকর্ম্মনিরত এবং যক্ষ-রাক্ষসগণের যুদ্ধেও অচল, সেই পাণ্ডবগণকে তুমি নিন্দা করিতে থাকিয়া কেন লজ্জিত হইতেছ না ॥২॥

---

(৩)…ভজন্তি চৈবং সুনরাঃ সুবীর!—নি।

অহন্তু মন্যে তব নাস্তি কশ্চিদেতাদৃশে ক্ষত্রিয়সন্নিবেশে।
যস্ত্বদ্য পাতালমুখে পতন্তং পাণৌ গৃহীত্বা প্রতিসংহরেত ॥৪॥
নাগং প্রভিন্নং গিরিকূটকল্পমুপত্যকাং হৈমবতীং চরন্তম্।
দণ্ডীব যূথাদপসেধসি ত্বং যো জেতুমাশংসসি ধর্ম্মরাজম্ ॥৫॥
বাল্যাৎ প্রসুপ্তস্য মহাবলস্য সিংহস্য পক্ষ্মাণি মুখাল্লুনাসি।
পদা সমাহত্য পলায়মানঃ ক্রুদ্ধং যদা দ্রক্ষ্যসি ভীমসেনম্ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। হে স্ববীর! স্ববীরদেশাধিপতে! ঈড্যং গুণাতিরেকাদিনা স্তুত্যম্, বনেচরং তপোবনবাসিনং বা, গৃহমেধিনং গৃহস্থং বা জনম্, পাপং নিন্দাম্, ন প্রবদন্তি সাধব ইতি শেষঃ। কিন্তু শ্বানঃ কুক্কুরা ইব নরাঃ শ্বনরা ভবাদৃশা জনাঃ, সম্পরিপূর্ণবিদ্যং তপস্বিনম্, এবমেব, ভষন্তি ভৎর্সয়ন্তে। হেতি পাদপূরণে ॥৩॥

অহমিতি। অহন্তু মন্যে যৎ, এতাদৃশে ক্ষত্রিয়াণাং সন্নিবেশে সমাজে, তব কশ্চিদপি বন্ধুর্নাস্তি। যস্তদ্য পাতালমুখে মহাগর্ত্তে পতন্তং ত্বাম্, পাণৌ গৃহীত্বা, প্রতিসংহরেত নিবারয়েৎ ॥৪॥

নাগমিতি। হে মূঢ়! ত্বম্, হৈমবতীমুপত্যকাং হিমালয়সন্নিহিতভূমিং চরন্তম্, গিরিকূটকল্পং পর্ব্বতশৃঙ্গতুল্যং বিশালম্, প্রভিন্নং মদস্রাবিণম্, নাগং হস্তিনম্, যূথাৎ স্বজাতীয়সমূহাৎ, দণ্ডী দণ্ডমাত্রধারী পুরুষ ইব, অপসেধসি অপকর্ষসি; যস্ত্বম্, ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং জেতুমাশংসসি। তস্য জয়ং বিনা মম হরণমসম্ভবমেবেতি ভাবঃ ॥৫॥

বাল্যাদিতি। ত্বং বাল্যাৎ মূর্খত্বাদেব, পদা সমাহত্য পদাঘাতেন জাগরয়িত্বেত্যর্থঃ, প্রসুপ্তস্য নিদ্রিতপূর্ব্বস্য মহাবলস্য সিংহস্য মুখাৎ, পক্ষ্মাণি লোমানি, লুনাসি লবিতুং ছেত্তুমিচ্ছসি; যদা যতঃ, পলায়মান এব ক্রুদ্ধং ভীমসেনং দ্রক্ষ্যসি। ক্রুদ্ধভীমসেনান্তিকান্মম হরণেচ্ছা জাগরিতসিংহমুখলোম-হরণেচ্ছেবেতি ভাবঃ ॥৬॥

সৌবীররাজ! প্রশংসার যোগ্য লোক বনবাসীই হউন বা গৃহস্থই হউন, তাঁহাকে সাধুলোকেরা কোন নিন্দা করেন না; কিন্তু কুক্কুরতুল্য মানুষেরাই পূর্ণবিদ্যাশালী তপস্বীকে এইরূপ তিরস্কার করিয়া থাকে ॥৩॥

তুমি আজ মহাগর্ত্তে পতিত হইতেছ, এই অবস্থায় যিনি হাত ধরিয়া তোমাকে বারণ করিবেন, এমন তোমার কোন বন্ধু এই ক্ষত্রিয়সমাজে নাই; ইহাই আমি মনে করি ॥৪॥

পর্ব্বতশৃঙ্গের তুল্য বিশাল ও মদস্রাবী কোন হস্তী হিমালয়সন্নিহিত স্থানে বিচরণ করে, তখন কেবল দণ্ডদ্বারা সেই হস্তীকে তাহার যূথ হইতে যে আকর্ষণ করিয়া আনিতে চায়, তাহার যে দশা ঘটে, তোমারও সেই দশাই ঘটিবে। কারণ, তুমি ধর্ম্মরাজকে জয় করিবার আশা করিতেছ ॥৫॥

মহাবলং ঘোরতরং প্রবৃদ্ধং জাতং হরিং পর্ব্বতকন্দরেষু।
প্রসুপ্তমুগ্রং প্রপদেন হংসি যঃ ক্রুদ্ধমাযোৎস্যসি জিষ্ণুমুগ্রম্ ॥৭॥
কৃষ্ণোরগৌ তীক্ষ্ণবিষৌ দ্বিজিহ্বৌ মত্তঃ পদাক্রামসি পুচ্ছদেশে।
যঃ পাণ্ডবাভ্যাং পুরুষোত্তমাভ্যাং জঘন্যজাভ্যাং প্রযুযুৎসসে ত্বম্ ॥৮॥
যথা চ বেণুঃ কদলী নলো বা ফলত্যভাবায় ন ভূতয়েত্মনঃ।
তথৈব মাং তৈঃ পরিরক্ষ্যমাণামাদাস্যসে কর্কটকীব গর্ভম্ ॥৯॥

ভারতকৌমুদী

মহেতি। যস্ত্বম্, ক্রুদ্ধম্, অতএবোগ্রম্, জিষ্ণুমর্জ্জুনম্, আযোৎস্যসি যোদ্ধুমিচ্ছসীত্যর্থঃ, স ত্বম্, প্রপদেন পদাগ্রেণ, পর্ব্বতকন্দরেষু জাতম্, কালক্রমেণ প্রবৃদ্ধম্, অতএব মহাবলং ঘোরতরম্ আকৃত্যা ভীষণতরম্, উগ্রং স্বভাবেনাপি ভীষণঞ্চ প্রসুপ্তং নিদ্রিতম্, হরিং সিংহম্, হংসি তাড়য়সি অর্জ্জুনেন সহ যুদ্ধং সিংহতাড়নমিব স্বমৃত্যুজনকমিত্যাশয়ঃ ॥৭॥

কৃষ্ণেতি। যস্ত্বম্, জঘন্যজাভ্যাং কনিষ্ঠাভ্যাম্, পুরুষোত্তমাভ্যাং পাণ্ডবাভ্যাং নকুলসহদেবাভ্যাং সহ, প্রযুযুৎসসে প্রযোদ্ধুমিচ্ছসি; স মত্তস্ত্বম্, পদা চরণেন তীক্ষ্ণবিষৌ দ্বিজিহ্বৌ চ, কৃষ্ণোরগৌ কৃষ্ণসর্পৌ, পুচ্ছদেশে আক্রামসি। পূর্ব্ববদ্ভাবঃ ॥৮॥

যথেতি। অপি চেতি চার্থঃ। যথা বেণুর্বংশঃ, কদলী রম্ভাতরুঃ, নলঃ স্বনামপ্রসিদ্ধতৃণবিশেষো বা, আত্মনঃ অভাবায় মরণায়ৈব, ফলতি ফলং ধত্তে, ন পুনর্ভূতয়ে সমৃদ্ধয়ে, ইব যথা বা কর্কটকী আত্মনঃ অভাবায়ৈব গর্ভমাধত্তে, তথৈব ত্বম্, তৈঃ পাণ্ডবৈঃ পরিরক্ষ্যমাণাং মাম্ আত্মনঃ অভাবায়ৈব আদাস্যসে গ্রহীষ্যসি। ভূতয়েত্মন ইত্যাত্মশব্দস্য আকার লোপ আর্ষঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

নরাস্ত্বাদৃশাস্ত্ব এবমুক্তরীত্যা ভষন্তি ব্রুবন্তি ॥৩॥ ক্ষত্রিয়সন্নিবেশে নৃপসমাজে, পাতালমুখে মহাগর্ত্তে, প্রতিসংহরেৎ প্রতিষেধেত ॥৪॥ উপত্যকামদ্রিসমীপভূমিম্, দণ্ডী দণ্ডমাত্রায়ুধো যূথাৎ সমূহাদপসেধসি অপকর্ষসি ॥৫॥ বাল্যাৎ মৌঢ্যাৎ, পক্ষ্মাণি মুখোপরিস্থকেশান্, পদা সমাহত্য লুনাসি ছিনৎসি ॥৬—৮॥ বেণ্বাদয়ঃ ফলিতা এব নশ্যন্তি, কর্কটী চ পরিণতগর্ভা

জয়দ্রথ! তুমি মূর্খ বলিয়াই পদাঘাত করিয়া নিদ্রিত মহাবল সিংহের মুখ হইতে লোমচ্ছেদন করিবার ইচ্ছা করিতেছ। যেহেতু তুমি পলায়ন করিতে থাকিয়াই ক্রুদ্ধ ভীমসেনকে দর্শন করিবে ॥৬॥

যে তুমি ক্রুদ্ধ ও ভীষণমূর্ত্তি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, সে তুমি নিশ্চয়ই—পর্ব্বতগুহাজাত, কালক্রমে বৃদ্ধিপ্রাপ্ত, মহাবল এবং ভীষণাকৃতি ও ভীষণপ্রকৃতি নিদ্রিত সিংহকে চরণাগ্রদ্বারা আঘাত করিতেছ ॥৭॥

এবং যে তুমি—কনিষ্ঠ ও পুরুষশ্রেষ্ঠ, পাণ্ডবদ্বয়ের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, সে তুমি মত্ত হইয়া চরণদ্বারা তীক্ষ্ণবিষ ও জিহ্বাদ্বয়শালী কৃষ্ণসর্পদ্বয়কে তাহাদের পুচ্ছদেশে আক্রমণ করিতেছ ॥৮॥

জয়দ্রথ উবাচ।

জানামি কৃষ্ণে! বিদিতং মমৈতদ্ যথাবিধাস্তে নরদেবপুত্রাঃ।
ন ত্বেবমেতেন বিভীষণেন শক্যা বয়ং ত্রাসয়িতুং ত্বয়াদ্য ॥১০॥
বয়ং পুনঃ সপ্তদশেষু কৃষ্ণে! কুলেষু সর্ব্বেঽনবমেষু জাতাঃ।
ষড়্ভ্যো গুণেভ্যোঽভ্যধিকা বিহীনান্ মন্যামহে দ্রৌপদি! পাণ্ডুপুত্রান্ ॥১১॥

ভারতকৌমুদী

জানামীতি। হে কৃষ্ণে! জানামি ত্বদ্বাক্যার্থং বুধ্যে, তথা তে নরদেবপুত্রা রাজপুত্রাঃ পাণ্ডবাঃ, যথাবিধাঃ, এতদপি মম বিদিতমাস্তে। কিন্তু অদ্য ত্বয়া, এবমীদৃশেন এতেন বিভীষণেন ভয়-প্রদর্শনেন, বয়ং ত্রাসয়িতুং ন শক্যাঃ তদধিকবীরত্বাৎ ॥১০॥

বয়মিতি। হে কৃষ্ণে! বয়ং সর্ব্বেঽপি, অনবমেষু অনীচেষু, সপ্ত দশা বাল্য-কৌমার-পৌগণ্ড-কৈশোর-যৌবন-প্রৌঢ়-বার্দ্ধক্যাখ্যা জাতজনানামবস্থা যেষু তাদৃশেষু অকালমৃত্যুরহিতেষ্বিত্যর্থঃ, কুলেষু, জাতাঃ, পুনস্তথা ষড়্ভ্যো গুণেভ্যঃ "সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ" ইত্যমরোক্তৈঃ ষড়্ভিগুণৈরভ্যধিকাশ্চ, রাজ্যসত্ত্বাদিতি ভাবঃ। অতএব হে দ্রৌপদি! পাণ্ডুপুত্রান্ অস্মত্তো বিহীনান্ ন্যূনান্ মন্যামহে,তেষাং রাজ্যাসত্ত্বাৎ ॥১১॥

ভারতভাবদীপঃ

নশ্যতীতি লোকপ্রসিদ্ধম্ ॥৯॥ বিভীষণেন ভয়প্রদর্শনেন ॥১০॥ বয়মিতি। সপ্তদশ অষ্টৌ কর্ম্মাণি নব শক্ত্যাদয়শ্চ নিত্যং সন্তি যেষু তানি সপ্তদশানি। নিত্যযোগে মত্বর্থীয়োঽর্শ আদ্যচ্। তত্র—"কৃষির্বণিক্‌পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্। অষ্টৌ সন্ধানকর্ম্মাণি নিযুক্তানি মনীষিভিঃ॥" ইতি। কর্ম্মাষ্টকং কোষবৃদ্ধিকরং তথা প্রভুশক্তি-র্মন্ত্রশক্তিরুৎসাহশক্তিঃ, প্রভুসিদ্ধির্মন্ত্রসিদ্ধিরুৎসাহসিদ্ধিঃ, প্রভূদয়ো মন্ত্রোদয় উৎসাহোদয়ঃ প্রভু-ত্বাদীনাং স্বরূপতঃ সামর্থ্যতঃ ফলতশ্চ যেষু নিত্যযোগ ইত্যর্থঃ। অনবমেষু অনীচেষু, ষড়্ভ্যো গুণেভ্যঃ ল্যব্‌লোপে পঞ্চমী। ষড়্গুণান্ প্রাপ্য পাণ্ডবেভ্যোঽভ্যধিকাঃ তে চ শৌর্য্যতেজো-ধৃতিদাক্ষিণ্যদানৈশ্বর্য্যাণি ভবতাপ্যুক্তাঃ; "শৌর্য্যং তেজ" ইতি যত্র যুদ্ধে চাপ্যপলায়নং ধৈর্য্যে এবান্তর্ভূতমিতি ষড়েব ক্ষত্রিয়কর্ম্মাণি তস্য গণত্বেনোচ্যন্তে; সন্ধিবিগ্রহয়ানাসনদ্বৈধীভাবা-শ্রয়াখ্যাস্তু গুণা নীতিশাস্ত্রোক্তা নেহ গৃহ্যন্তে তেষাং সর্ব্বেষামুৎকর্ষানাধায়কত্বাৎ হীনবল এব

আর, জয়দ্রথ! বংশ (বাঁশ), কদলীবৃক্ষ ও নল যেমন নিজের মৃত্যুর জন্যই ফল ধারণ করে; কিন্তু সম্পদের জন্য নহে; এবং কর্কটকী যেমন নিজের মৃত্যুর জন্যই গর্ভ ধারণ করে, তুমিও তেমনই পাণ্ডবরক্ষিত আমাকে গ্রহণ করিবে" ॥৯॥

জয়দ্রথ বলিলেন—"দ্রৌপদি! তোমার কথার অর্থ বুঝিয়াছি এবং সেই পাণ্ডবেরা যেমন, তাহাও আমার জানা আছে; কিন্তু তুমি আজ এইরূপ ভয় দেখাইয়া আমাদিগকে ভীত করিতে পারিবে না ॥১০॥

দ্রৌপদি! আমরা সকলেও অকালমৃত্যুশূন্য উচ্চবংশে জন্মিয়াছি এবং ছয়টী গুণেই অধিক আছি; অতএব আমরা পাণ্ডবগণকে নিকৃষ্ট বলিয়াই মনে করি ॥১১॥

সা ক্ষিপ্রমাতিষ্ঠ গজং রথং বা ন বাক্যমাত্রেণ বয়ং হি শক্যাঃ।
আশংস বা ত্বং কৃপণং বদন্তী সৌবীররাজস্য পুনঃ প্রসাদম্ ॥১২॥

দ্রৌপদ্যুবাচ।

মহাবলা কিং ত্বিহ দুর্ব্বলেব সৌবীররাজস্য মতাহমস্মি।
নাহং প্রমাথাদিহ সম্প্রতীতা সৌবীররাজং কৃপণং বদেয়ম্ ॥১৩॥
যস্যা হি কৃষ্ণৌ পদবীং চরেতাং সমাস্থিতাবেকরথে সমেতৌ।
ইন্দ্রোহপি তাং নাপহরেৎ কথঞ্চিন্মনুষ্যমাত্রং কৃপণঃ কুতোহন্যঃ ॥১৪॥

ভারতকৌমুদী

সেতি। সা ত্বং ক্ষিপ্রমেব গজং রথং বা, আতিষ্ঠ আরোহ। কিন্তু ত্বয়া বাক্যমাত্রেণ বয়ং নিবারয়িতুং ন শক্যাঃ। বা অথবা, ত্বং কৃপণং সানুনয়ং বদন্তী সতী সৌবীররাজস্য মম, প্রসাদমনুগ্রহম্, পুনরাশংস যাচস্ব। তদা ত্বাং মুঞ্চামীত্যাশয়ঃ ॥১২॥

মহেতি। অহং মহাবলা সত্যপি, ইহ কিং নু, সৌবীররাজস্য তব, দুর্ব্বলেব মতাস্মি। তচ্চেত্তদা তদযুক্তমিত্যভিপ্রায়ঃ। অতএব সম্প্রতীতা আত্মনো মহাবলত্বে বিশ্বস্তাহম্, ইহ প্রমাথাদাক্রমণাৎ তদ্ভয়াদিত্যর্থঃ, সৌবীররাজং ত্বাম্, কৃপণং সানুনয়ম্, ন বদেয়ম্ ॥১৩॥

যস্যা ইতি। সমেতৌ মিলিতৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, একরথে সমাস্থিতৌ আরূঢ়ৌ সন্তৌ, যস্যাঃ পদবীং পন্থানং চরেতাং যামনুসরেতামিত্যর্থঃ, তাম্, ইন্দ্রোহপি, কথঞ্চিৎ কেনাপি প্রকারেণ, নাপহরেৎ নাপহর্ত্তুং শক্নুয়াৎ। অতএব কৃপণঃ ক্ষুদ্রঃ, অন্যো মনুষ্যমাত্রঃ, কুতস্তামপহরেৎ কুতোহপি নেত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সন্ধিদ্বৈধাদীনি ইচ্ছতি ন প্রবল ইতি ॥১১॥ শক্যাঃ নিবারিতুমিতি শেষঃ। পুনরিতি পাণ্ডবপরাজয়ানন্তরং বা ইদানীমেব বা ত্বং মৎপ্রসাদমাশংস প্রার্থয় ॥১২॥ প্রমাথান্নিগ্রহাৎ, প্রতীতা সাদরা প্রখ্যাতা বা, সভায়াং বস্ত্ররাশিপ্রদানেন ভগবদনুগৃহীতত্বাৎ। "প্রতীতঃ সাদরে জ্ঞাতে হৃষ্টে" ইতি মেদিনী ॥১৩॥ কৃষ্ণৌ বাসুদেবার্জ্জুনৌ, পদবীং চরেতামন্বেষণং

সে যাহা হউক, দ্রৌপদি! তুমি সত্বর হস্তিপৃষ্ঠে বা রথে আরোহণ কর, কেবল বাক্যদ্বারা আমাদিগকে নিবারণ করিতে পারিবে না; অথবা তুমি অনুনয়োক্তিদ্বারা আমার নিকট অনুগ্রহ প্রার্থনা কর" ॥১২॥

দ্রৌপদী বলিলেন—"আমি মহাবলা হইয়াও আজ সৌবীররাজের নিকট দুর্ব্বলা বলিয়া অবধারিত হইলাম না কি? । আমি আপন বলে বিশ্বাস করি; সুতরাং আক্রমণের ভয়ে সৌবীররাজের নিকট কাতরোক্তি করিব না ॥১৩॥

কারণ, কৃষ্ণ ও অর্জ্জুন মিলিত হইয়া একরথে আরোহণ করিয়া যাঁহার পশ্চাতে ধাবিত হইবেন, তাঁহাকে ইন্দ্রও কোন প্রকারে অপহরণ করিতে

(১৩) মহাবলা কিন্ত্বিহ—বা ব কা। (১৪)···কৃপণঃ কথঞ্চ—পি।

যদা কিরীটী পরবীরঘাতী নিঘ্নন্ রথস্থো দ্বিষতাং মনাংসি।
মদন্তরে ত্বদ্ধ্বজিনীং প্রবেষ্টা কক্ষং দহন্নগ্নিরিবোষ্ণগেষু ॥১৫॥
জনার্দ্দনঃ সান্ধকবৃষ্ণিবীরো মহেষ্বাসাঃ কৈকেয়াশ্চাপি সর্ব্বে।
এতে হি সর্ব্বে মম রাজপুত্রাঃ প্রহৃষ্টরূপাঃ পদবীং চরেয়ুঃ ॥১৬॥
মৌর্ব্বীবিসৃষ্টাঃ স্তনয়িত্নুঘোষা গাণ্ডীবমুক্তাস্ত্বতিবেগবন্তঃ।
হস্তং সমাহত্য ধনঞ্জয়স্য ভীমাঃ শব্দং ঘোরতরং নদন্তি ॥১৭॥
গাণ্ডীবমুক্তাংশ্চ মহাশরৌঘান্ পতঙ্গসংঘানিব শীঘ্রবেগান্।
যদা দ্রষ্টাস্যর্জ্জুনেন প্রযুক্তান্ তদা স্ববুদ্ধিং প্রতিনিন্দিতাসি ॥১৮॥

ভারতকৌমুদী

যদেতি। যদা যতঃ, রথস্থঃ পরবীরঘাতী কিরীটী অর্জ্জুনঃ, দ্বিষতাং মনাংসি, নিঘ্নন্ ভয়োৎপাদনেন নিহতানীব কুর্ব্বন্, উষ্ণগেষু নিদাঘপ্রাপিষু বনেষু, কক্ষং শুষ্কতৃণরাশিম্, দহন্নগ্নিরিব, মদন্তরে মদর্থে, তব ধ্বজিনীং সেনাম্, প্রবেষ্টা প্রবেক্ষ্যতি ॥১৫॥

জনেতি। অন্ধকবৃষ্ণিবীরৈঃ সহেতি সান্ধকবৃষ্ণিবীরঃ, জনার্দ্দনঃ কৃষ্ণঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ সর্ব্বে কৈকেয়াশ্চ, এতে সর্ব্বে হি রাজপুত্রাঃ, প্রহৃষ্টরূপাঃ সন্তঃ, মম পদবীং চরেয়ুঃ মামুদ্দিশ্য অনুসরেয়ুরিত্যর্থঃ ॥১৬॥

মৌর্ব্বীতি। মৌর্ব্বীবিসৃষ্টা গুণক্ষিপ্তাঃ, গাণ্ডীবমুক্তাঃ, অতিবেগবন্তঃ, স্তনয়িত্নোর্মেঘস্যেব ঘোষো ধ্বনির্যেষাং তে, ভীমা ভয়ঙ্করাঃ শরা ইতি শেষঃ, ধনঞ্জয়স্য অর্জ্জুনস্য হস্তম্, সমাহত্য তাড়য়িত্বা, ঘোরতরং শব্দং নদন্তি কুর্ব্বন্তি ॥১৭॥

ভারতভাবদীপঃ

কুরুত এবেত্যর্থঃ ॥১৪॥ মদন্তরে মন্নিমিত্তম্, প্রবেষ্টা প্রকর্ষেণ বেষ্টয়িষ্যতি, উষ্ণগেষু নিদাঘেষু ॥১৫—১৬॥ গাণ্ডীবমুক্তা ইতি স্তনাচ্ছরা ইতি বিশেষ্যানির্দ্দেশো ন দোষায় ॥১৭—১৮॥

পারেন না; সুতরাং ক্ষুদ্র একটা মানুষ তাঁহাকে অপহরণ করিবে কি করিয়া? ॥১৪॥

কাতরোক্তি না করিবার অপর কারণ এই যে, শত্রুবীরহন্তা অর্জ্জুন রথে আরোহণ করিয়া শত্রুগণের মন ভয়ে আকুল করিতে থাকিয়া, গ্রীষ্মকালে শুষ্ক তৃণরাশির দাহকারী অগ্নির ন্যায় আমার জন্য তোমার সৈন্যের মধ্যে প্রবেশ করিবেন ॥১৫॥

অন্ধকবংশীয় বীরগণ ও বৃষ্ণিবংশীয় বীরগণের সহিত কৃষ্ণ এবং সমস্ত কৈকেয়গণ —এই সকল রাজপুত্রেরা হৃষ্টচিত্তে আমার অনুসরণ করিবেন ॥১৬॥

গাণ্ডীবধনু ও তাহার গুণদ্বারা নিক্ষিপ্ত, অত্যন্ত বেগবান্ ও মেঘের তুল্য ধ্বনিযুক্ত ভয়ঙ্কর বাণ সকল অর্জ্জুনের হস্তে আঘাত করিয়া অতিভয়ঙ্কর শব্দ করিয়া থাকে ॥১৭॥

সশঙ্খঘোষঃ সতলত্রঘোষো গাণ্ডীবধন্বা মুহুরুদ্বহংশ্চ।
যদা শরানর্পয়িতা তবোরসি তদা মনস্তে কিমিবাভবিষ্যৎ ॥১৯॥
গদাহস্তং ভীমমভিদ্রবন্তং মাদ্রীপুত্রৌ সংপতন্তৌ দিশশ্চ।
অমর্ষজং ক্রোধবিষং বমন্তৌ দৃষ্ট্বা চিরং তাপমুপৈষ্যসি ত্বম্ ॥২০॥
যথা চাহং নাভিচরে কথঞ্চিৎ পতীন্ মহার্হান্ মনসাপি জাতু।
তেনাদ্য সত্যেন বশীকৃতং ত্বাং দ্রষ্টাস্মি পার্থৈঃ পরিকৃষ্যমাণম্ ॥২১॥
ন সম্ভ্রমং গন্তুমহং হি শক্ষ্যে ত্বয়া নৃশংসেন বিকৃষ্যমাণা।
সমাগতাহং হি কুরুপ্রবীরৈঃ পুনর্বনং কাম্যকমাগতাস্মি ॥২২॥

ভারতকৌমুদী

গাণ্ডীবেতি। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি। প্রতিনিন্দিতাসি, তয়ৈব মন্দরণে প্রবর্ত্তিতত্বাৎ ॥১৮॥

সেতি। শঙ্খঘোষেণ সহেতি সশঙ্খঘোষঃ, তলত্রঘোষেণ হস্তাবাপধ্বনিনা সহেতি সতলত্রঘোষশ্চ, গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ, মুহুঃ, উদ্বহন্ তূণীরাদুত্তোলয়ন্, যদা তব উরসি বক্ষসি, শরান্, অর্পয়িতা নিবেশয়িষ্যতি, তদা তব মনঃ, কিমিব কীদৃশম্, অভবিষ্যৎ ভবিষ্যতি। ভবিষ্যৎকালে ক্রিয়াতিপত্তিপ্রয়োগ আর্ষঃ ॥১৯॥

গদেতি। গদাহস্তম্, অভিদ্রবন্তং ত্বাং প্রতি ধাবন্তম, ভীমম্, সর্ব্বা দিশঃ সংপতন্তৌ বিচরন্তৌ, অমর্ষজম্ অক্ষমাজাতং ক্রোধবিষম্, বমন্তৌ উদ্গিরন্তৌ, মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ চ দৃষ্ট্বা, ত্বং চিরং তাপমুপৈষ্যসি প্রাপ্স্যসি ॥২০॥

যথেতি। অহং জাতু কদাচিদপি, মনসাপি মহার্হান্ অতীবপূজনীয়ান্ পতীন্, কথঞ্চিদপি যথা যৎ, ন অভিচরে তেষামনিষ্টং ন চিন্তয়ামীত্যর্থঃ, তেন সত্যেন যথার্থস্ত্রীধর্ম্মেণ, অদ্যাহম্, পার্থৈঃ পাণ্ডবৈঃ, বশীকৃতং পরিকৃষ্যমাণঞ্চ ত্বাম্, দ্রষ্টাস্মি দ্রক্ষ্যামি ॥২১॥

নেতি। নৃশংসেন ত্বয়া, বিকৃষ্যমাণা আকৃষ্যমাণাপ্যহম্, সম্ভ্রমমাকুলতাম্, গন্তুং প্রাপ্তুম্,

---

অর্জ্জুনকর্ত্তৃক নিক্ষিপ্ত, গাণ্ডীবধনু হইতে নির্গত এবং পতঙ্গ-(ফড়িং) সমূহের ন্যায় শীঘ্রগামী মহাবাণসমূহ যখন তুমি দেখিতে থাকিবে, তখন নিজবুদ্ধিরও নিন্দা করিতে থাকিবে ॥১৮॥

শঙ্খধ্বনি ও তলত্রধ্বনিকারী অর্জ্জুন যখন তূণ হইতে মুহুর্মুহুঃ বাণ উত্তোলন করিয়া তোমার বক্ষে নিক্ষেপ করিবেন, তখন তোমার মনটা কিরূপ হইবে ॥১৯॥

ভীমসেন গদাহস্তে তোমার দিকে ধাবিত হইবেন, আর নকুল ও সহদেব অক্ষমাজাত-ক্রোধবিষ উদ্গার করিতে থাকিয়া সকল দিকে বিচরণ করিবেন; তখন তাঁহাদিগকে দেখিয়া তুমি দীর্ঘকাল সন্তাপ অনুভব করিবে ॥২০॥

আমি কখনও কোন প্রকারে মনে মনেও যে পরমপূজনীয় পতিগণের অনিষ্টচিন্তা করি নাই, সেই সতীধর্ম্মের বলে আজ আমি তোমাকে পাণ্ডবগণের বশীভূত ও আকৃষ্যমাণ দেখিব ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

সা তাননুপ্রেক্ষ্য বিশালনেত্রা জিঘৃক্ষমাণানবভৎ‌সয়ন্তী।
প্রোবাচ মা মাং স্পৃশতেতি ভীতা ধৌম্যং প্রচুক্রোশ পুরোহিতং সা ॥২৩॥
জগ্রাহ তামুত্তরবস্ত্রদেশে জয়দ্রথস্তং সমবাক্ষিপৎ সা।
তয়া সমাক্ষিপ্ততনুঃ স পাপঃ পপাত শাখীব নিকৃত্তমূলঃ ॥২৪॥
প্রগৃহ্যমাণা তু মহাজবেন মুহুর্বিনিশ্বস্য তু রাজপুত্রী।
সা কৃষ্যমাণা রথমারুরোহ ধৌম্যস্য পাদাবভিবাদ্য কৃষ্ণা ॥২৫॥

ভারতকৌমুদী

ন শক্যে, অপি তু ধৈর্য্যমেবাশ্রয়ামীত্যর্থঃ। হি যস্মাৎ, অহম্, কুরুপ্রবীরৈঃ পাণ্ডবৈঃ সহ, পুনঃ সমাগতা সম্মিলিতা সতী, ইদং কাম্যকং বনমেব, আগতাস্মি, উক্তধর্ম্মবলাদেবেতি ভাবঃ ॥২২॥

সেতি। বিশালনেত্রা সা দ্রৌপদী, তান্ জয়দ্রথাদীন্, জিঘৃক্ষমাণান্ আত্মানং গ্রহীতুং ধর্ত্তুমিচ্ছন্, অনুপ্রেক্ষ্য দৃষ্ট্বা, অবভৎ‌সয়ন্তী তান্ তিরস্কুর্বতী সতী, মাং মা স্পৃশত, ইতি প্রোবাচ, ভীতা সতী চ সা, পুরোহিতং ধৌম্যম্, প্রচুক্রোশ আজুহাব ॥২৩॥

জগ্রাহেতি। জয়দ্রথঃ, উত্তরবস্ত্রদেশে উত্তরীয়বস্ত্রাঞ্চলে, তাং দ্রৌপদীং জগ্রাহ। সা চ তং সমাক্ষিপৎ হস্তেন তরসা প্রাক্ষিপৎ। তয়া সমাক্ষিপ্ততনুশ্চ স পাপো জয়দ্রথঃ, নিকৃত্তমূলশ্ছিন্নমূলঃ, শাখী বৃক্ষ ইব ভূমৌ পপাত ॥২৪॥

প্রেতি। অথ জয়দ্রথেনোত্থায় মহাজবেন মহাবেগেন, প্রগৃহ্যমাণা কৃষ্যমাণা চ সা রাজপুত্রী কৃষ্ণা, মুহুর্বিনিশ্বস্য ধৌম্যস্য পাদাবভিবাদ্য চ, অগত্যা জয়দ্রথস্য রথমারুরোহ ॥২৫॥

নৃশংস! জয়দ্রথ! তুমি আমাকে আকর্ষণ করিলেও, আমি ভয়ে বিহ্বল হইব না। কারণ, নিশ্চয়ই আমি আবার কৌরবপ্রধান পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া এই কাম্যকবনে আগমন করিব” ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—তখন জয়দ্রথপ্রভৃতি বীরগণ আপনাকে ধরিবার উপক্রম করিতেছে—ইহা দেখিয়া বিশালনয়না দ্রৌপদী তাহাদিগকে ভৎ‌সনা করতঃ বলিলেন—“আমাকে স্পর্শ করিস্ না”। তাহার পর দ্রৌপদী ভীত হইয়া ধৌম্যপুরোহিতকে ডাকিলেন ॥২৩॥

এই সময়ে জয়দ্রথ যাইয়া দ্রৌপদীর উত্তরীয়বস্ত্রাঞ্চল ধারণ করিল; তখন দ্রৌপদী তাহাকে ধাক্কা দিলেন; সেই ধাক্কাতেই পাপাত্মা জয়দ্রথ, ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল ॥২৪॥

এবং তৎক্ষণাৎ মহাবেগে উঠিয়া যাইয়া জয়দ্রথ দ্রৌপদীকে ধরিয়া টানিতে লাগিল; তখন রাজনন্দিনী দ্রৌপদী বার বার নিশ্বাস ত্যাগ করিয়া এবং ধৌম্যপুরোহিতের চরণযুগলে প্রণাম করিয়া অগত্যা যাইয়া জয়দ্রথের রথে আরোহণ করিলেন ॥২৫॥

ধৌম্য উবাচ।

নেয়ং শক্যা ত্বয়া নেতুমবিজিত্য মহারথান্।
ধর্ম্মং ক্ষত্রস্য পৌরাণমবেক্ষস্ব জয়দ্রথ! ॥২৬॥
ক্ষুদ্রং কৃত্বা ফলং পাপং ত্বং প্রাপ্স্যসি ন সংশয়ঃ।
আসাদ্য পাণ্ডবান্ বীরান্ ধর্ম্মরাজপুরোগমান্ ॥২৭॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা হ্রিয়মাণাং তাং রাজপুত্রীং যশস্বিনীম্।
অন্বগচ্ছত্তদা ধৌম্যঃ পদাতিগণমধ্যগঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দ্রৌপদীপ্রমাথে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

নেতি। পাণ্ডবান্ বিজিত্যৈব নয়েতি ভাবঃ। পৌরাণমিতি স্বার্থে অণ্ ॥২৬॥

ক্ষুদ্রমিতি। ক্ষুদ্রং ক্ষুদ্রজনোচিতং রহোহরণরূপং কার্য্যং কৃত্বা, পাপমনিষ্টম্ ॥২৭॥

ইতীতি। পদাতিগণমধ্যগঃ জয়দ্রথস্যৈব পদাতিসৈন্যগণমধ্যবর্ত্তী সন্ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

অভবিষ্যৎ ভবিষ্যতীত্যর্থে ব্যত্যয়েন লৃঙ্ ॥১৯॥ অধমেতি চ্ছেদঃ ॥২০—২১॥ সম্ভ্রমং ভয়ম্, আগতৈবাস্মি ন তু ত্বদ্বশে স্থাস্যামীত্যর্থঃ ॥২২—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২২॥

ধৌম্য বলিলেন—"জয়দ্রথ! তুমি ক্ষত্রিয়ের প্রাচীন ধর্ম্মের প্রতি দৃষ্টিপাত কর, তুমি মহারথ পাণ্ডবগণকে জয় না করিয়া ইঁহাকে হরণ করিতে পার না ॥২৬॥

তুমি ক্ষুদ্রজনোচিত কার্য্য করিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি মহাবীর পাণ্ডবগণের নিকটে ইহার মন্দ ফল ভোগ করিবে, এবিষয়ে কোন সন্দেহ নাই" ॥২৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া তখনই ধৌম্যপুরোহিত জয়দ্রথের পদাতিসৈন্যগণের মধ্যবর্ত্তী হইয়া হ্রিয়মাণা সেই যশস্বিনী রাজনন্দিনী দ্রৌপদীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥২৮॥

* '...অষ্টপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—পি, '...সপ্তষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...অষ্টষষ্ট্যধিকদ্বিশততমঃ...'—কা, '...একোনসপ্তত্যধিকদ্বিশততমঃ...'—নি।

ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—※—

বৈশম্পায়ন উবাচ।

ততো দিশঃ সম্প্রবিহৃত্য পার্থা মৃগান্ বরাহান্ মহিষাংশ্চ হত্বা।
ধনুর্দ্ধরাঃ শ্রেষ্ঠতমাঃ পৃথিব্যাং পৃথক্ চরন্তঃ সহিতা বভূবুঃ ॥১॥
ততো মৃগব্যালগণানুকীর্ণং মহাবনং তদ্বিহগোপঘুষ্টম্।
ভ্রাতৄংশ্চ তানভ্যবদদ্যুধিষ্ঠিরঃ শ্রুত্বা গিরো ব্যাহরতাং মৃগাণাম্ ॥২॥
আদিত্যদীপ্তাং দিশমভ্যুপেত্য মৃগা দ্বিজাঃ ক্রূরমিমে বদন্তি।
আয়াসমুগ্রং প্রতিবেদয়ন্তো মহাবনং শত্রুভির্বাধ্যমানম্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পৃথিব্যাং শ্রেষ্ঠতমা ধনুর্দ্ধরাঃ পার্থাঃ পাণ্ডবাঃ, প্রাগুক্তবিভাগানুসারেণ পৃথক্ পৃথক্ চরন্তঃ, চতস্র এব দিশঃ সম্প্রবিহৃত্য বিচর্য্য, মৃগান্ বরাহান্ মহিষাংশ্চ হত্বা, সহিতা আগত্যৈকত্র মিলিতা বভূবুঃ ॥১॥

তত ইতি। ততো যুধিষ্ঠিরঃ, মৃগাণাং ব্যালানাং হিংস্রজন্তূনাঞ্চ গণেন অনুকীর্ণং ব্যাপ্তং তৎ মহাবনং কাম্যকম্, বিহগোপঘুষ্টং সন্ত্রাস্তৈঃ পক্ষিভিরুপশব্দিতং দৃষ্টেতি শেষঃ, ব্যাহরতাং রুবতাং মৃগাণাং গিরো রবান্ শ্রুত্বা চ, তান্ ভ্রাতৄন্ অভ্যবদৎ ॥২॥

আদিত্যেতি। ইমে মৃগাঃ পশবঃ, দ্বিজাঃ পক্ষিণশ্চ, আদিত্যদীপ্তাং দিশং প্রাচীমভ্যুপেত্য উগ্রমায়াসং যাতনাম্, মহাবনং কাম্যকঞ্চ, শত্রুভির্বাধ্যমানং পীড্যমানম্, প্রতিবেদয়ন্তো জ্ঞাপয়ন্তঃ, বদন্তি রুবন্তি। শাকুনজ্ঞানাদেবেদমুচ্যত ইতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ মহাবনং কাম্যকম্ ॥২॥ মহাবনং মহানালয়ঃ, "গৃহিণী গৃহমুচ্যতে" ইত্যুক্তেঃ গৃহিণী। "বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে" ইতি মেদিনী। মহাধনমিতি পাঠে

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠতম ধনুর্দ্ধর পাণ্ডবেরা পৃথক্ পৃথক্ বিচরণ করিয়া, চারি দিকেই যাইয়া, মৃগ, বরাহ ও মহিষ বধ করিয়া, ক্রমে যাইয়া একস্থানে সম্মিলিত হইলেন ॥১॥

তদনন্তর হরিণগণ ও হিংস্রজন্তুগণে পরিপূর্ণ সেই কাম্যকবনের মধ্যে পক্ষিগণ ব্যস্ত হইয়া রব করিতেছে ইহা দেখিয়া এবং শব্দায়মান পশুগণের রব শুনিয়া যুধিষ্ঠির ভ্রাতৃগণকে বলিলেন—॥২॥

"এই সকল পশু ও পক্ষী পূর্ব্বদিকে যাইয়া ভয়ঙ্কর বেদনা ও কাম্যকবনে শত্রুগণের উৎপীড়ন জানাইতে থাকিয়া নিষ্ঠুর রব করিতেছে ॥৩॥

ক্ষিপ্রং নিবর্ত্তধ্বমলং মৃগৈর্নো মনো হি মে দূয়তি দহ্যতে চ।
বুদ্ধিং সমাচ্ছাদ্য চ মে সমন্যুরুদ্ধূয়তে প্রাণপতিঃ শরীরে ॥৪॥
সরঃ সুপর্ণেন হৃতোরগং যথা রাষ্ট্রং যথাঽরাজকমাত্তলক্ষ্মি।
এবংবিধং মে প্রতিভাতি কাম্যকং শৌণ্ডৈর্যথা পীতরসশ্চ কুম্ভঃ ॥৫॥
তে সৈন্ধবৈরত্যনিলোগ্রবেগৈর্মহাজবৈর্বাজিভিরুহ্যমানাঃ।
যুক্তৈর্বৃহদ্ভিঃ সুরথৈর্নৃবীরাস্তদাশ্রমায়াভিমুখা বভূবুঃ ॥৬॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। হে ভ্রাতরঃ! যূয়ং ক্ষিপ্রং নিবর্ত্তধ্বম্, নঃ অস্মাকং মৃগৈরলম্। হি যস্মাৎ, মে মনঃ, দূয়তি দূয়তে উদ্বেগেন তপ্যতে দহ্যতে চ। তথা মে শরীরে সমন্যুঃ সদৈন্যঃ প্রাণপতিৰ্জীবঃ, বুদ্ধিং সমাচ্ছাদ্য আবৃত্য, উদ্ধূয়তে উদ্বেগেনৈব কম্প্যতে ॥৪॥

সর ইতি। যথা সুপর্ণেন গরুড়েন, হৃতোরগং নীতসর্পং সরঃ, যথা চ অরাজকং তথা আত্তা শত্রুভির্গৃহীতা লক্ষ্মীঃ সমৃদ্ধির্যস্মাত্তাদৃশঞ্চ, রাষ্ট্রং রাজ্যম্, যথা চ শৌণ্ডৈর্মত্তৈর্জনৈঃ, পীতরসঃ পীতসুরাদ্রবঃ কুম্ভঃ, এবংবিধং তথা, কাম্যকং বনং মে প্রতিভাতি ॥৫॥

ত ইতি। তে নৃবীরাঃ পাণ্ডবাঃ তদৈব, বৃহদ্ভিঃ সুরথৈঃ শোভনরথৈঃ সহ যুক্তৈর্মিলিতৈঃ, অত্যনিলঃ অনিলবেগমতিক্রান্তঃ অতএব উগ্রো বেগো যেষাং তৈঃ; অতএব চ মহাজবৈর্মহাবেগৈঃ, সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ, বাজিভিরশ্বৈঃ, উহ্যমানাঃ সন্তঃ, আশ্রমায় আশ্রমস্য অভিমুখা বভূবুঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

মহচ্চ তদ্বনং চেতি স্ত্রীরূপমেব ধনম্ ॥৩॥ সমাচ্ছাদ্য মোহয়িত্বা, সমন্যুঃ দৈন্যসহিতঃ, প্রাণানামাধ্যাত্মিকানামিন্দ্রিয়াণাম্, পতির্মুখ্যঃ প্রাণঃ ॥৪॥ অরাজকং রাজহীনম্, শৌণ্ডৈঃ শুণ্ডয়া বিদিতৈর্গজৈঃ, পীতরসঃ পীতজলঃ, যথা দাসীমুদকুম্ভং নয়ন্তীমনুলক্ষ্য মহামাত্রস্তয়াঽজ্ঞাতমেব গজং তৎপৃষ্ঠতো নীত্বা তেন তজ্জলং শোষয়তি সা চাকস্মাদ্ঘটং লঘুতয়া রিক্তং পশ্চাজ্জানাতি

অতএব ভ্রাতৃগণ! তোমরা সত্বর নিবৃত্ত হও, আর মৃগদ্বারা আমাদের প্রয়োজন নাই। কারণ, আমার মন উদ্বেগে সন্তপ্ত—এমন কি দগ্ধ হইতেছে এবং আমার শরীরের ভিতরে প্রাণটা অত্যন্ত কাতর হইয়া বুদ্ধিটাকে আবৃত করিয়া আশঙ্কায় কম্পিত হইতেছে ॥৪॥

গরুড় সর্পকে হরণ করিলে সরোবর যেমন হয়, শত্রুরা সমৃদ্ধি হরণ করিলে অরাজক রাজ্য যেমন হয় এবং সুরাপায়ীরা সমস্ত সুরা পান করিলে সুরাকুম্ভ যেমন হয়, তেমনই কাম্যকবনটা আমার নিকট প্রতিভাত হইতেছে ॥৫॥

সেই সময়েই মনুষ্যবীর পাণ্ডবগণ বিশাল ও মনোহর রথে আরোহণ করিয়া আশ্রমাভিমুখী হইলেন; তখন বায়ু অপেক্ষাও ভয়ঙ্কর বেগশালী সিন্ধুদেশীয় অশ্বগণ তাঁহাদিগকে লইয়া চলিল ॥৬॥

তেষান্তু গোমায়ুরনল্পঘোষো নিবর্ত্ততাং বামমুপেত্য পার্শ্বম্ ।
প্রব্যাহরত্তৎ প্রবিমৃশ্য রাজা প্রোবাচ ভীমঞ্চ ধনঞ্জয়ঞ্চ ॥৭॥
যথা বদত্যেষ বিহীনযোনিঃ শালাবৃকো বামমুপেত্য পার্শ্বম্ ।
সুব্যক্তমস্মানবমন্য পাপৈঃ কৃতোঽভিমর্দ্দঃ কুরুভিঃ প্রসহ্য ॥৮॥
ইত্যেব তে তদ্বনমাবিশন্তো মহত্যরণ্যে মৃগয়াং চরিত্বা ।
বালামপশ্যন্ত তদা রুদন্তীং ধাত্রেয়িকাং প্রেষ্যবধূং প্রিয়ায়াঃ ॥৯॥
তামিন্দ্রসেনস্ত্বরিতোঽভিসৃত্য রথাদবপ্লুত্য ততোঽভ্যধাবৎ ।
প্রোবাচ চৈনাং বচনং নরেন্দ্র ! ধাত্রেয়িকামার্ত্ততরস্তদানীম্ ॥১০॥

ভারতকৌমুদী

রাবণ, বলবান্ কুম্ভকর্ণকে এইরূপ বলিয়া বজ্রবেগ ও প্রমাথীকে যুদ্ধের ইতি-কর্ত্তব্য বলিয়া দিলেন ॥২৮॥

---

* '...দ্বিসপ্তত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...পঞ্চাশীত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ষড়শীত্যধিকদ্বিশততমঃ...'—কা, '...সপ্তাশীত্যধিকদ্বিশততমঃ...'—নি।

একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ততো নির্যায় স্বপুরাৎ কুম্ভকর্ণঃ সহানুগঃ।
অপশ্যৎ কপিসৈন্যং তজ্জিতকাশ্যগ্রতঃ স্থিতম্ ॥১॥
স বীক্ষমাণস্তৎ সৈন্যং রামদর্শনকাঙ্ক্ষয়া।
অপশ্যচ্চাপি সৌমিত্রিং ধনুষ্পাণিং ব্যবস্থিতম্ ॥২॥
তমভ্যেত্যাশু হরয়ঃ পরিবব্রুঃ সমন্ততঃ।
অভ্যঘ্নংশ্চ মহাকায়ৈর্বহুভির্জগতীরুহৈঃ।
করজৈরতুদংশ্চান্যে বিহায় ভয়মুত্তমম্ ॥৩॥

ভারতকৌমুদী

তথেতি। তৌ বজ্রবেগপ্রমাথিনৌ। পুরস্কৃত্য অগ্রবর্তীকৃত্য ॥২৯॥

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। জিতেন প্রহস্তাদীনাং জয়েন কাশতে দীপ্যত ইতি জিতকাশি ॥১॥
স ইতি। রামদর্শনকাঙ্ক্ষয়া তদাক্রমণেচ্ছয়েবেতি ভাবঃ ॥২॥
তমিতি। জগতীরুহৈর্বৃক্ষৈঃ। করজৈর্নখৈঃ, অতুদন্ অব্যথয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

দূষণের কনিষ্ঠ ভ্রাতা বীর বজ্রবেগ ও প্রমাথী 'তাহাই হইবে' এই কথা রাবণকে য়া কুম্ভকর্ণকে অগ্রবর্ত্তী করিয়া সত্বর লঙ্কা হইতে নির্গত হইল" ॥২৯॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর কুম্ভকর্ণ অনুচরবর্গের সহিত লঙ্কা হইতে তি হইয়া সম্মুখস্থিত বিজয়শোভী সেই বানরসৈন্য দর্শন করিলেন ॥১॥

তিনি রামকে দেখিবার ইচ্ছায় সেই সৈন্য পর্য্যবেক্ষণ করিতে থাকিয়া ধনুর্হস্তে স্থিত লক্ষ্মণকে দর্শন করিলেন ॥২॥

তখন বানরগণ সত্বর যাইয়া সকল দিক্ হইতে কুম্ভকর্ণকে পরিবেষ্টন করিল এবং ালাকৃতি বহুতর বৃক্ষদ্বারা আঘাত করিতে থাকিল; আর অন্য বানরেরা ভয় রিত্যাগ করিয়া নখদ্বারা গুরুতর প্রহার করিতে লাগিল ॥৩॥

বহুধা যুধ্যমানাস্তে যুদ্ধমার্গৈঃ প্লবঙ্গমাঃ।
নানাপ্রহরণৈর্ভীমৈ রাক্ষসেন্দ্রমতাড়য়ন্ ॥৪॥
স তাড্যমানঃ প্রহসন্ ভক্ষয়ামাস বানরান্।
বলং চণ্ডবলাখ্যঞ্চ বজ্রবাহুঞ্চ বানরম্ ॥৫॥
তদ্দৃষ্ট্বা ব্যথনং কর্ম্ম কুম্ভকর্ণস্য রক্ষসঃ।
উদক্রোশন্ পরিত্রস্তাস্তারপ্রভৃতয়স্তদা ॥৬॥
তানুচ্চৈঃ ক্রোশতঃ সৈন্যান্ শ্রুত্বা স হরিযূথপান্।
অভিদুদ্রাব সুগ্রীবঃ কুম্ভকর্ণমপেতভীঃ ॥৭॥
ততোঽভিপত্য বেগেন কুম্ভকর্ণং মহামনাঃ।
শালেনাজঘ্নিবান্ মূর্দ্ধ্নি বলেন কপিকুঞ্জরঃ ॥৮॥
স মহাত্মা মহাবেগঃ কুম্ভকর্ণস্য মূর্দ্ধনি।
বিভেদ শালং সুগ্রীবো নচৈবাব্যথয়ৎ কপিঃ ॥৯॥

ভারতকৌমুদী

বহুধেতি। বহুধা যুদ্ধমার্গৈর্যুদ্ধপদ্ধতিভিঃ। রাক্ষসেন্দ্রং কুম্ভকর্ণম্ ॥৪॥
স ইতি। বলাদিনামকং প্রধানং বানরঞ্চ ভক্ষয়ামাসেতি সম্বন্ধঃ ॥৫॥
তদিতি। ব্যথনং স্বপক্ষপীড়াজনকম্। তারপ্রভৃতয়ো বানরাঃ ॥৬॥
তানিতি। হরিযূথপান্ বানরসমূহশ্রেষ্ঠান্। অপেতভীর্নির্ভয়ঃ ॥৭॥
তত ইতি। শালেন বৃক্ষেণ। কপিকুঞ্জরঃ সুগ্রীবঃ ॥৮॥

ক্রমে সেই বানরেরা নানাবিধ প্রণালীতে যুদ্ধ করিতে থাকিয়া নানাবিধ ভয়ঙ্কর অস্ত্রদ্বারা কুম্ভকর্ণকে তাড়ন করিতে থাকিল ॥৪॥

তখন কুম্ভকর্ণ প্রহৃত হইতে থাকিয়াও হাস্য করতঃ বহুতর ক্ষুদ্র বানরকে এবং বল, চণ্ডবল ও বজ্রবাহুনামক প্রধান তিনটী বানরকে ভক্ষণ করিয়া ফেলিলেন ॥৫॥

তখন কুম্ভকর্ণের সেই দারুণ কার্য্য দেখিয়া তারপ্রভৃতি বানরেরা অত্যন্ত ভীত হইয়া উচ্চস্বরে আর্ত্তনাদ করিয়া উঠিল ॥৬॥

প্রধান বানরসৈন্যগণের সেই উচ্চ আর্ত্তনাদ শুনিয়া সুগ্রীব নির্ভয়চিত্তে কুম্ভকর্ণের দিকে ধাবিত হইলেন ॥৭॥

তাহার পর মহামানা বানরশ্রেষ্ঠ সুগ্রীব বেগে যাইয়া শালবৃক্ষদ্বারা বলপূর্ব্বক কুম্ভকর্ণের মস্তকে আঘাত করিলেন ॥৮॥

মহাত্মা ও মহাবেগশালী সুগ্রীব কুম্ভকর্ণের মস্তকে সেই শালবৃক্ষটাকে ভাঙ্গিয়া ফেলিলেন, তথাপি তাঁহাকে ব্যথিত করিতে পারিলেন না ॥৯॥

ততো বিনদ্য সহসা শালস্পর্শবিবোধিতঃ।
দোর্ভ্যামাদায় সুগ্রীবং কুম্ভকর্ণোঽহরদ্বলাৎ ॥১০॥
হ্রিয়মাণন্তু সুগ্রীবং কুম্ভকর্ণেন রক্ষসা।
অবেক্ষ্যাভ্যদ্রবদ্বীরঃ সৌমিত্রির্মিত্রনন্দনঃ ॥১১॥
সোঽভিপত্য মহাবেগং রুক্মপুঙ্খং মহাশরম্।
প্রাহিণোৎ কুম্ভকর্ণায় লক্ষ্মণঃ পরবীরহা ॥১২॥
স তস্য দেহাবরণং ভিত্ত্বা দেহঞ্চ সায়কঃ।
জগাম দারয়ন্ ভূমিং রুধিরেণ সমুক্ষিতঃ ॥১৩॥
তথা স ভিন্নহৃদয়ঃ সমুৎসৃজ্য কপীশ্বরম্।
কুম্ভকর্ণো মহেষ্বাসঃ প্রগৃহীতশিলায়ুধঃ।
অভিদুদ্রাব সৌমিত্রিমুদ্যম্য মহতীং শিলাম্ ॥১৪॥
তস্যাভিপততস্তূর্ণং ক্ষুরাভ্যামুচ্ছ্রিতৌ করৌ।
চিচ্ছেদ নিশিতাগ্রাভ্যাং স বভূব চতুর্ভুজঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। বিভেদ বভঞ্জ। কিন্তু তথাপি নচ অবাধয়ৎ কুম্ভকর্ণং বাধয়িতুমশক্লোৎ ॥৯॥
তত ইতি। শালস্পর্শেন বিবোধিতঃ প্রহরতীতি জ্ঞাপিতঃ। দৃঢ়াঙ্গত্বং সূচিতম্ ॥১০॥
হ্রিয়মাণমিতি। অভ্যদ্রবৎ কুম্ভকর্ণং প্রত্যধাবৎ। মিত্রাণাং নন্দন আনন্দকরঃ ॥১১॥
স ইতি। রুক্মপুঙ্খং স্বর্ণখচিতমুখম্। পরবীরহা শত্রুবীরহন্তা ॥১২॥
স ইতি। দেহাবরণং বর্ম্ম। সমুক্ষিতঃ সংসিক্তঃ ॥১৩॥
তথেতি। কপীশ্বরং সুগ্রীবম্। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তদনন্তর কুম্ভকর্ণ সেই শালবৃক্ষস্পর্শে সচেতন হইয়া, সিংহনাদ করিয়া, বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক তৎক্ষণাৎ সুগ্রীবকে উঠাইয়া লইয়া হরণ করিতে লাগিলেন ॥১০॥

কুম্ভকর্ণ সুগ্রীবকে হরণ করিয়া লইয়া যাইতেছেন দেখিয়া মহাবীর ও বন্ধুজনের আনন্দজনক লক্ষ্মণ তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১১॥

এবং শত্রুবীরহন্তা লক্ষ্মণ উপস্থিত হইয়া মহাবেগশালী ও স্বর্ণখচিত একটা ভয়ঙ্কর বাণ কুম্ভকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥১২॥

সেই বাণ কুম্ভকর্ণের বর্ম্ম ও দেহ ভেদ করিয়া রুধিরসিক্ত হইয়া ভূমি বিদারণপূর্ব্বক চলিয়া গেল ॥১৩॥

তখন মহাধনুর্দ্ধর ও শিলায়ুধধারী কুম্ভকর্ণ সেইভাবে বিদীর্ণহৃদয় হইয়া, সুগ্রীবকে ছাড়িয়া দিয়া, একটা বিশাল শিলা উত্তোলন করিয়া লক্ষ্মণের দিকে ধাবিত হইলেন ॥১৪॥

তানপ্যস্য ভুজান্ সর্ব্বান্ প্রগৃহীতশিলায়ুধান্ ।
ক্ষুরৈশ্চিচ্ছেদ লঘ্বস্ত্রং সৌমিত্রিঃ প্রতিদর্শয়ন্ ॥১৬॥
স বভূবাতিকায়শ্চ বহুপাদশিরোভুজঃ ।
তং ব্রহ্মাস্ত্রেণ সৌমিত্রির্দ্দারাদ্রিচয়োপমম্ ॥১৭॥
স পপাত মহাবীর্য্যো দিব্যাস্ত্রাভিহতো রণে ।
মহাশনিবিনির্দ্দগ্ধঃ পাদপোঽঙ্কুরবানিব ॥ ১৮॥
তং দৃষ্ট্বা বৃত্রসঙ্কাশং কুম্ভকর্ণং তরস্বিনম্ ।
গতাসুং পতিতং ভূমৌ রাক্ষসাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥১৯॥
তথা তান্ দ্রবতো যোধান্ দৃষ্ট্বা তৌ দূষণানুজৌ ।
অবস্থাপ্যাথ সৌমিত্রিং সংক্রুদ্ধাবভ্যধাবতাম্ ॥২০॥

ভারতকৌমুদী

তস্যেতি। উচ্ছ্রিতৌ উন্নতৌ। তদা স কুম্ভকর্ণশ্চতুর্ভুজো বভূব, কামরূপত্বাৎ ॥১৫॥

তানিতি। অস্য কুম্ভকর্ণস্য। লঘ্বস্ত্রম্ অস্ত্রনিক্ষেপে লঘুহস্ততাম্ ॥১৬॥

স ইতি। অতিকায়ো বিশালদেহঃ। অদ্রিচয়োপমং মিলিতপর্ব্বতসমূহতুল্যাম্ ॥১৭॥

স ইতি। অঙ্কুরবান্ অঙ্গগতশাখানামিত্যর্থঃ। বহুভুজাদিসাদৃশ্যার্থমিদম্ ॥১৮॥

তমিতি। তরস্বিনং বলবন্তম্। রামায়ণে রামেণ নিহতঃ কুম্ভকর্ণঃ, অত্র তু লক্ষ্মণেনেতি বিরোধস্তু কল্পভেদে কর্ত্তৃভেদাঙ্গীকারেণ পরিহার্য্যঃ। অন্যত্রাপ্যেবম্ ॥১৯॥

তথেতি। অবস্থাপ্য তিষ্ঠ তিষ্ঠেত্যুক্ত্বা পলায়নং নিষিধ্যেত্যর্থঃ ॥২০॥

কুম্ভকর্ণ হস্তযুগল উত্তোলন করিয়া আসিতেছিলেন ; এই সময়ে লক্ষ্মণ নিশিত দুইটা ক্ষুরাস্ত্রদ্বারা তাহার বাহুযুগল ছেদন করিলেন ; কুম্ভকর্ণ তৎক্ষণাৎ চতুর্ভুজ হইলেন ॥১৫॥

তখন লক্ষ্মণ লঘুহস্ততা দেখাইতে থাকিয়া ক্ষুরাস্ত্রদ্বারা তাঁহার সেই সকল শিলাধারী বাহুগুলিকেও ছেদন করিলেন ॥১৬॥

কুম্ভকর্ণও তৎক্ষণাৎ বিশাল দেহ, বহু চরণ, বহু মস্তক ও বহু বাহু হইলেন ; লক্ষ্মণও অমনি ব্রহ্মাস্ত্রদ্বারা পর্ব্বতসমূহতুল্য সেই কুম্ভকর্ণকে বিদীর্ণ করিলেন ॥১৭॥

তখন মহাবজ্রদগ্ধ শাখাসমন্বিত বৃক্ষের ন্যায় মহাবীর কুম্ভকর্ণ ব্রহ্মাস্ত্রে আহত হইয়া যুদ্ধে নিপতিত হইলেন ॥১৮॥

বৃত্রাসুরের ন্যায় মহাবীর কুম্ভকর্ণকে গতাসু ও ভূপতিত দেখিয়া রাক্ষসেরা ভয়ে পলায়ন করিতে লাগিল ॥১৯॥

---

(২০) ততস্তান্ দ্রবতঃ—বা ব কা।

তাবাদ্রবন্তৌ সংক্রুদ্ধৌ বজ্রবেগপ্রমাথিনৌ।
প্রতিজগ্রাহ সৌমিত্রির্বিনদ্যোভৌ পতত্রিভিঃ ॥২১॥
ততঃ সুতুমুলং যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
দূষণানুজয়োঃ পার্থ! লক্ষ্মণস্য চ ধীমতঃ ॥২২॥
মহতা শরবর্ষেণ রাক্ষসৌ সোঽভ্যবর্ষত।
তৌ চাপি বীরৌ সংক্রুদ্ধাবুভৌ তং সমবর্ষতাম্ ॥২৩॥
মুহূর্ত্তমেবমভবদ্বজ্রবেগপ্রমাথিনোঃ।
সৌমিত্রেশ্চ মহাবাহোঃ সম্প্রহারঃ সুদারুণঃ ॥২৪॥
অথাদ্রিশৃঙ্গমাদায় হনূমান্ মারুতাত্মজঃ।
অভিদ্রুত্যাদদে প্রাণান্ বজ্রবেগস্য রক্ষসঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তাবিতি। আদ্রবন্তৌ অভিধাবন্তৌ। বিনদ্য সিংহনাদং কৃত্বা, পতত্রিভির্বাণৈঃ ॥২১॥
তত ইতি। দূষণানুজয়োর্বজ্রবেগপ্রমাথিনোঃ। পার্থেতি যুধিষ্ঠিরসম্বোধনম্ ॥২২॥
মহতেতি। স লক্ষ্মণঃ। তৌ বজ্রবেগপ্রমাথিনৌ। তং লক্ষ্মণম্ ॥২৩॥
মুহূর্ত্তমিতি। মুহূর্ত্তং কিয়ন্তং কালমিত্যর্থঃ। সম্প্রহারঃ সমরঃ ॥২৪॥
অথেতি। প্রাণান্ আদদে, তদদ্রিশৃঙ্গাঘাতেনেতি শেষঃ ॥২৫॥

সেই যোদ্ধাদিগকে পলায়ন করিতে দেখিয়া দূষণের কনিষ্ঠ ভ্রাতা বজ্রবেগ ও প্রমাথী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া 'থাক্ থাক্' বলিয়া লক্ষ্মণের দিকে ধাবিত হইল ॥২০॥

অত্যন্ত ক্রুদ্ধ অবস্থায় বজ্রবেগ ও প্রমাথীকে আসিতে দেখিয়া লক্ষ্মণ সিংহনাদ করিয়া বাণদ্বারা তাহাদিগকে গ্রহণ করিলেন ॥২১॥

যুধিষ্ঠির! তাহার পর বজ্রবেগ ও প্রমাথীর এবং বুদ্ধিমান্ লক্ষ্মণের অতিতুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥২২॥

তখন লক্ষ্মণ, বজ্রবেগ ও প্রমাথীর উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন; সেই বীরেরা দুই জনও ক্রুদ্ধ হইয়া লক্ষ্মণের উপরে শরবর্ষণ করিতে থাকিল ॥২৩॥

এইভাবে কিছু কাল বজ্রবেগ ও প্রমাথীর এবং মহাবাহু লক্ষ্মণের অতিদারুণ যুদ্ধ হইল ॥২৪॥

তাহার পর পবননন্দন হনূমান্ একটা পর্ব্বতশৃঙ্গ লইয়া দ্রুত যাইয়া তাহার আঘাতে রাক্ষস বজ্রবেগের প্রাণ গ্রহণ করিলেন ॥২৫॥

নীলশ্চ মহতা গ্রাব্ণা দূষণাবরজং হরিঃ।
প্রমাথিনমভিদ্রুত্য প্রমমাথ মহাবলঃ ॥২৬॥
ততঃ প্রাবর্ত্তত পুনঃ সংগ্রামঃ কটুকোদয়ঃ।
রামরাবণসৈন্যানামন্যোন্যমভিধাবতাম্ ॥২৭॥
শতশো নৈর্ঋতান্ বন্যা জঘ্নুর্বন্যাংশ্চ নৈর্ঋতাঃ।
নৈর্ঋতাস্তত্র বধ্যন্তে প্রায়েণ ন তু বানরাঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে কুম্ভকর্ণাদিবধে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

নীল ইতি। নীলো নাম হরির্বানরঃ, গ্রাব্ণা প্রস্তরেণ ॥২৬॥

তত ইতি। কটুকো দুঃখকর উদয় আবির্ভাবো যস্য সঃ, বহুপ্রাণিনাশাৎ ॥২৭॥

শতশ ইতি। নৈর্ঋতান্ রাক্ষসান্, বন্যা বানরাঃ। প্রায়েণ বাহুল্যেন ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

তত ইতি। জিতকাশি দৃঢ়মুষ্টি। "কাশির্মুষ্টিঃ প্রকাশনাৎ" ইতি যাস্কঃ ॥১—২৭॥ বন্যা বনেচরা বানরাঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪১॥

—:*:—

এবং মহাবল নীলও দ্রুত যাইয়া বিশাল প্রস্তরের আঘাতে দূষণের কনিষ্ঠ ভ্রাতা প্রমাথীকে মথিত করিলেন ॥২৬॥

তদনন্তর রামের সৈন্য ও রাবণের সৈন্যেরা পরস্পর পরস্পরের প্রতি ধাবিত হইল; তখন পুনরায় দারুণ যুদ্ধ চলিতে লাগিল ॥২৭॥

সেই যুদ্ধে বানরেরা শত শত রাক্ষসকে এবং রাক্ষসেরাও শত শত বানরকে বধ করিল। তবে তাহাতে রাক্ষসেরাই অধিক নিহত হইল; কিন্তু বানরেরা নহে" ॥২৮॥

—:*:—

* '...ত্রিসপ্তত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...ষড়শীত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...সপ্তাশীত্যধিকদ্বিশততমঃ...'—কা, '...অষ্টাশীত্যধিকদ্বিশততমঃ...'—নি।

দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

মার্কণ্ডেয় উবাচ ।

ততঃ শ্রুত্বা হতং সংখ্যে কুম্ভকর্ণং সহানুগম্ ।
প্রহস্তঞ্চ মহেষ্বাসং ধূম্রাক্ষঞ্চাতিতেজসম্ ।
পুত্রমিন্দ্রজিতং বীরং রাবণঃ প্রত্যভাষত ॥১॥

জহি রামমমিত্রঘ্ন ! সুগ্রীবঞ্চ সলক্ষ্মণম্ ।
ত্বয়া হি মম সৎপুত্র ! যশো দীপ্তমুপার্জ্জিতম্ ।
জিত্বা বজ্রধরং সংখ্যে সহস্রাক্ষং শচীপতিম্ ॥২॥

অন্তর্হিতঃ প্রকাশো বা দিব্যৈর্দত্তবরৈঃ শরৈঃ ।
জহি শত্রূনমিত্রঘ্ন ! মম শস্ত্রভৃতাং বর ! ॥৩॥

রামলক্ষ্মণসুগ্রীবাঃ শরস্পর্শং ন তেঽনঘ ! ।
সমর্থাঃ প্রতিসোঢ়ুঞ্চ কুতস্তদনুযায়িনঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সংখ্যে যুদ্ধে। সহানুগং সানুচরম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
জহীতি। হে অমিত্রঘ্ন ! শক্রহন্তঃ ! । দীপ্তমুজ্জ্বলম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২॥
অন্তরিতি। দিব্যৈঃ স্বর্গীয়ৈর্দত্তো বরো যেষু তৈঃ। মম শত্রূনিতি সম্বন্ধঃ ॥৩॥
রামেতি। তদনুযায়িনো হনূমদাদয়ঃ, কুতঃ কুতোঽপি ন সমর্থা ইত্যর্থঃ ॥৪॥

মার্কণ্ডেয় কহিলেন—“তাহার পর অনুচরগণের সহিত কুম্ভকর্ণ, মহাধনুর্দ্ধর প্রহস্ত ও অতিতেজা ধূম্রাক্ষকে যুদ্ধে নিহত শুনিয়া রাবণ, বীরপুত্র ইন্দ্রজিৎকে বলিলেন ॥১॥

“শত্রুনাশক সৎপুত্র ! তুমি, লক্ষ্মণের সহিত রামকে এবং সুগ্রীবকে বধ কর। কারণ, তুমি যুদ্ধে বজ্রধারী ও সহস্রনয়ন ইন্দ্রকে জয় করিয়া আমার উজ্জ্বল যশ উৎপাদন করিয়াছ ॥২॥

শত্রুনাশক শস্ত্রধারিশ্রেষ্ঠ ! তুমি গুপ্ত বা প্রকাশিত থাকিয়া দেবতাদের বরলব্ধ বাণদ্বারা শত্রুগণকে সংহার কর ॥৩॥

হে নিষ্পাপ ! রাম, লক্ষ্মণ ও সুগ্রীব—ইহারাই তোমার শরাঘাত সহ্য করিতে সমর্থ হইবে না ; তাহাদের অনুচরেরা আর সমর্থ হইবে কিরূপে ? ॥৪॥

ন গতা যা প্রহস্তেন কুম্ভকর্ণেন চানঘ ! ।
বৈরস্যাপচিতিঃ সংখ্যে তাং গচ্ছ ত্বং মহাভুজ ! ॥৫॥
ত্বমদ্য নিশিতৈর্বাণৈর্হত্বা শত্রূন্ সসৈনিকান্ ।
প্রতিনন্দয় মাং পুত্র ! পুরা জিত্বেব বাসবম্ ॥৬॥
ইত্যুক্তঃ স তথেত্যুক্ত্বা রথমাস্থায় দংশিতঃ ।
প্রযযাবিন্দ্রজিদ্রাজন্ ! তূর্ণমায়োধনং প্রতি ॥৭॥
ততো বিশ্রাব্য বিস্পষ্টং নাম রাক্ষসপুঙ্গবঃ ।
আহ্বয়ামাস সমরে লক্ষ্মণং শুভলক্ষণম্ ॥৮॥
তং লক্ষ্মণোঽপ্যধাবচ্চ প্রগৃহ্য সশরং ধনুঃ ।
ত্রাসয়ংস্তলঘোষেণ সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা ॥৯॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং সুমহজ্জয়গৃদ্ধিনোঃ ।
দিব্যাস্ত্রবিদুষোস্তীব্রমন্যোন্যস্পর্দ্ধিনোস্তদা ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। অপচিতির্নিষ্কৃতিঃ, "ভবেদপচিতিঃ পূজাক্ষয়হানিষু নিষ্কৃতৌ" ইতি বিশ্বঃ ॥৫॥
ত্বমিতি। প্রতিনন্দয় আনন্দয়। বাসবমিন্দ্রম্ ॥৬॥
ইতীতি। আস্থায় আরুহ্য, দংশিতঃ সন্নদ্ধঃ। আয়োধনং যুদ্ধস্থানম্ ॥৭॥
তত ইতি। নাম আত্মনো নামধেয়ম্। আহ্বয়ামাস আজুহাব ॥৮॥
তমিতি। তলঘোষেণ জ্যাঘাতবারণশব্দেন ॥৯॥
তয়োরিতি। জয়গৃদ্ধিনোর্জয়াভিলাষিণোঃ ॥১০॥

নিষ্পাপ মহাবাহু। প্রহস্ত ও কুম্ভকর্ণ যে শত্রুতার প্রতিশোধ লইতে পারেন নাই, তুমি যুদ্ধে যাইয়া সেই শত্রুতার প্রতিশোধ লও ॥৫॥

পুত্র। তুমি পূর্ব্বে যেমন ইন্দ্রকে জয় করিয়া আমাকে আনন্দিত করিয়াছিলে, তেমন আজ নিশিত বাণদ্বারা সৈন্যগণের সহিত শত্রুগণকে সংহার করিয়া আমাকে আনন্দিত কর" ॥৬॥

রাজা। রাবণ এইরূপ বলিলে, 'তাহাই হইবে' এই কথা বলিয়া যুদ্ধসজ্জা করিয়া ইন্দ্রজিৎ রথে আরোহণপূর্ব্বক সত্বর যুদ্ধস্থানে গমন করিলেন ॥৭॥

তাহার পর রাক্ষসশ্রেষ্ঠ ইন্দ্রজিৎ সুস্পষ্টরূপে নিজের নাম শুনাইয়া শুভলক্ষণযুক্ত লক্ষ্মণকে যুদ্ধে আহ্বান করিলেন ॥৮॥

তখন লক্ষ্মণও ধনু এবং বাণ ধারণ করিয়া তলশব্দে ভয় জন্মাইতে থাকিয়া—সিংহ যেমন ক্ষুদ্র মৃগের প্রতি ধাবিত হয়, সেইরূপ ইন্দ্রজিতের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

রাবণিস্তু যদা নৈনং বিশেষয়তি সায়কৈঃ ।
ততো গুরুতরং যত্নমাতিষ্ঠদ্বলিনাং বরঃ ॥১১॥
তত এনং মহাবেগৈরর্দ্দয়ামাস তোমরৈঃ ।
তানাগতান্ স চিচ্ছেদ সৌমিত্রির্নিশিতৈঃ শরৈঃ ।
তে নিকৃত্তাঃ শরৈস্তীক্ষ্ণৈর্ন্যপতন্ বসুধাতলে ॥১২॥
তমঙ্গদো বালিসুতঃ শ্রীমানুদ্গম্য পাদপম্ ।
অভিদ্রুত্য মহাবেগস্তাড়য়ামাস মূর্দ্ধনি ॥১৩॥
তস্যেন্দ্রজিদসংভ্রান্তঃ প্রাসেনোরসি বীর্য্যবান্ ।
প্রহর্ত্তুমৈচ্ছত্তস্যাস্য প্রাসং চিচ্ছেদ লক্ষ্মণঃ ॥১৪॥
তমভ্যাসগতং বীরমঙ্গদং রাবণাত্মজঃ ।
গদয়াহতাড়য়ৎ সব্যে পার্শ্বে বানরপুঙ্গবম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রাবণিরিতি । রাবণিরিন্দ্রজিৎ, বিশেষয়তি অতিক্রামতি ॥১১॥
তত ইতি । অর্দ্দয়ামাস রাবণিরিত্যনুবর্ত্ততে । তান্ তোমরান্ ॥১২॥
তমিতি । তং রাবণিম্ । তাড়য়ামাস তেন পাদপেনেতি শেষঃ ॥১৩॥
তস্যেতি । অসংভ্রান্তঃ পাদপতাড়নেনাপি অনাকুলঃ, উরসি বক্ষসি ॥১৪॥

তখন জয়াভিলাষী, দিব্যাস্ত্রবেত্তা ও পরস্পর স্পর্দ্ধাকারী লক্ষ্মণ ও ইন্দ্রজিতের অতিগুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥১০॥

যখন বলিশ্রেষ্ঠ ইন্দ্রজিৎ বাণদ্বারা লক্ষ্মণকে অতিক্রম করিতে পারিলেন না, তখন তিনি জয়ের জন্য গুরুতর যত্ন অবলম্বন করিলেন ॥১১॥

তাহার পর ইন্দ্রজিৎ মহাবেগশালী তোমরদ্বারা লক্ষ্মণকে পীড়ন করিবার উপক্রম করিলেন; লক্ষ্মণও নিশিত বাণদ্বারা আগমনমাত্রেই সে তোমরগুলিকে ছেদন করিলেন। তখন তীক্ষ্ণবাণে ছিন্ন হইয়া সে তোমরগুলি ভূতলে পতিত হইল ॥১২॥

তদনন্তর বালীর পুত্র শ্রীমান্ অঙ্গদ একটা বৃক্ষ উত্তোলন করিয়া মহাবেগে যাইয়া ইন্দ্রজিতের মস্তকে আঘাত করিলেন ॥১৩॥

বলবান্ ইন্দ্রজিৎ সে আঘাতে বিহ্বল না হইয়া প্রাসদ্বারা অঙ্গদের বক্ষে প্রহার করিবার ইচ্ছা করিলেন; অমনি লক্ষ্মণ তাহার সেই প্রাস ছেদন করিয়া ফেলিলেন ॥১৪॥

তখন ইন্দ্রজিৎ নিকটবর্ত্তী বানরশ্রেষ্ঠ বীর অঙ্গদের বামপার্শ্বে গদাদ্বারা আঘাত করিলেন ॥১৫॥

তমচিন্ত্য প্রহারং স বলবান্ বালিনঃ সুতঃ।
সসর্জ্জেন্দ্রজিতঃ ক্রোধাৎ শালস্কন্ধং তথাঙ্গদঃ ॥১৬॥
সোঽঙ্গদেন রুষোৎসৃষ্টো বধায়েন্দ্রজিতস্তরুঃ।
জঘানেন্দ্রজিতঃ পার্থ! রথং সাশ্বং সসারথিম্ ॥১৭॥
ততো হতাশ্বাৎ প্রস্কন্দ্য রথাৎ স হতসারথিঃ।
তত্রৈবান্তর্দধে রাজন্! মায়য়া রাবণাত্মজঃ ॥১৮॥
অন্তর্হিতং বিদিত্বা তং বহুমায়ঞ্চ রাক্ষসম্।
রামস্তং দেশমাগত্য তৎ সৈন্যং পর্য্যরক্ষত ॥১৯॥
স রামমুদ্দিশ্য শরৈস্ততো দত্তবরৈস্তদা।
বিব্যাধ সর্ব্বগাত্রেষু লক্ষ্মণঞ্চ মহাবলম্ ॥২০॥
তমদৃশ্যং শরৈঃ শূরৌ মায়য়ান্তর্হিতং তদা।
যোধয়ামাসতুরুভৌ রাবণিং রামলক্ষ্মণৌ ॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। অভ্যাসগতং নিকটস্থিতম্। সব্যে বামে ॥১৫॥
তমিতি। অচিন্ত্য অবজ্ঞায়। সসর্জ্জ চিক্ষেপ, ইন্দ্রজিত উপরি ॥১৬॥
স ইতি। রুষা ক্রোধেন, উৎসৃষ্টো নিক্ষিপ্তঃ স তরুঃ ॥১৭॥
তত ইতি। প্রস্কন্দ্য অবতীর্য্য ॥১৮॥
অন্তরিতি। বহ্বী মায়া কূটকৌশলং যস্য তম্, রাক্ষসমিন্দ্রজিতম্ ॥১৯॥
স ইতি। স ইন্দ্রজিৎ। দত্তো বরো যেষু তৈর্দৈববরলব্ধৈরিত্যর্থঃ ॥২০॥
তমিতি। অন্তর্হিতম্, অতএবাদৃশ্যম্। যোধয়ামাসতুঃ প্রজহ্রতুঃ ॥২১॥

বলবান্ বালীনন্দন অঙ্গদ সে গদাঘাত অগ্রাহ্য করিয়া ক্রোধবশতঃ ইন্দ্রজিতের উপরে একটা শালবৃক্ষ নিক্ষেপ করিলেন ॥১৬॥

পৃথানন্দন! ইন্দ্রজিতের বধের জন্য অঙ্গদ-নিক্ষিপ্ত সেই বৃক্ষটা যাইয়া অশ্ব ও সারথির সহিত ইন্দ্রজিতের রথখানাকে বিধ্বস্ত করিল ॥১৭॥

রাজা! অশ্ব ও সারথি নিহত হইলে, ইন্দ্রজিৎ সেই ভগ্ন রথ হইতে লাফাইয়া পড়িয়া সেইখানেই অন্তর্হিত হইলেন ॥১৮॥

বহুমায়াশালী সেই রাক্ষসকে অন্তর্হিত জানিয়া রামচন্দ্র সেই স্থানে আসিয়া আপন সৈন্য রক্ষা করিতে লাগিলেন ॥১৯॥

তখন ইন্দ্রজিৎ, মহাবল রাম ও লক্ষ্মণকে লক্ষ্য করিয়া দেববরলব্ধ বাণদ্বারা তাঁহাদের সমস্ত অঙ্গে তাড়ন করিতে লাগিলেন ॥২০॥

(১৮) ততো হতাশ্বঃ প্রস্কন্দ্য—পি।

স ক্রুধা সর্ব্বগাত্রেষু তয়োঃ পুরুষসিংহয়োঃ।
ব্যসৃজৎ সায়কান্ ভূয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥২২॥
তমদৃশ্যং বিচিন্বন্তঃ সৃজন্তমনিশং শরান্।
হরয়ো বিবিশুর্ব্যোম প্রগৃহ্য মহতীঃ শিলাঃ।
তাংশ্চ তৌ চাপ্যদৃশ্যঃ স শরৈর্বিব্যাধ রাক্ষসঃ ॥২৩॥
স ভৃশং তাড়য়ামাস রাবণির্মায়য়া বৃতঃ।
তৌ শরৈরাচিতৌ বীরৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
পেততুর্গগনাদ্ভূমিং সূর্য্যাচন্দ্রমসাবিব ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে ইন্দ্রজিৎসংগ্রামে দ্বিচত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥৩॥ *

ভারতকৌমুদী

স ইতি। স রাবণিঃ। ব্যসৃজৎ ব্যক্ষিপৎ। ভূয়ঃ পুনরপি ॥২২॥

তমিতি। বিচিন্বন্তঃ অন্বিষ্যন্তঃ। ব্যোম আকাশম্। তৌ রামলক্ষ্মণৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৭॥ সসর্জ্জ উৎসৃষ্টবান্। মহাশালস্কন্ধং তরুম্ ॥১৬—২২॥ তান্ হরীন্, তৌ চ রামলক্ষ্মণৌ ॥২৩—২৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪২॥

তখন মহাবীর রাম ও লক্ষ্মণ দুই জনই মায়াদ্বারা অন্তর্হিত ও অদৃশ্য ইন্দ্রজিৎকে বাণদ্বারা প্রহার করিতে থাকিলেন ॥২১॥

পরে ইন্দ্রজিৎ ক্রোধবশতঃ পুরুষশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণের সমস্ত অঙ্গে পুনরায় শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥২২॥

ইন্দ্রজিৎ এইভাবে অদৃশ্য থাকিয়া অনবরত বাণক্ষেপ করিতে লাগিলেন; তখন বহুতর বানর বিশাল বিশাল প্রস্তর লইয়া ইন্দ্রজিতের অন্বেষণে আকাশে উঠিল; তখন ইন্দ্রজিৎ অদৃশ্য থাকিয়াই বাণদ্বারা সেই বানরগণকে এবং রাম-লক্ষ্মণকে বিদ্ধ করিতে থাকিলেন ॥২৩॥

মায়াবৃত ইন্দ্রজিৎ এইভাবে রাম ও লক্ষ্মণকে অত্যন্ত বিদ্ধ করিলেন;

---

* '...চতুঃসপ্তত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—পি, '...সপ্তাশীত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...অষ্টাশীত্যধিকদ্বিশততমঃ...'—কা, '...একোননবত্যধিকদ্বিশততমঃ...'—নি।

ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

তাবুভৌ পতিতৌ দৃষ্ট্বা ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
ববন্ধ রাবণির্ভূয়ঃ শরৈর্দত্তবরৈস্তদা ॥১॥
তৌ বীরৌ শরবন্ধেন বদ্ধাবিন্দ্রজিতা রণে।
রেজতুঃ পুরুষব্যাঘ্রৌ শকুন্তাবিব পঞ্জরে ॥২॥
তৌ দৃষ্ট্বা পতিতৌ ভূমৌ শতশঃ সায়কৈশ্চিতৌ।
সুগ্রীবঃ কপিভিঃ সার্দ্ধং পরিবার্য্য ততঃ স্থিতঃ ॥৩॥
সুষেণ-মৈন্দ-দ্বিবিদৈঃ কুমুদেনাঙ্গদেন চ।
হনূমন্নীলতারৈশ্চ নলেন চ কপীশ্বরঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। আচিতৌ ব্যাপ্তদেহৌ। গগনাৎ সূর্য্যাচন্দ্রমসাবিব। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তাবিতি। দত্তবরৈর্দেববরলব্ধৈরিত্যর্থঃ, শরৈর্নাগপাশরূপৈঃ ॥১॥

তাবিতি। শরবন্ধেন নাগপাশেন। শকুন্তৌ দ্বৌ পক্ষিণৌ ॥২॥

তাবিতি। চিতৌ ব্যাপ্তদেহৌ। ততস্তত্র। কপিভিঃ কৈরিত্যাহ—সুষেণেত্যাদি ॥৩—৪॥

তাহাতে মহাবীর রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাই বাণব্যাপ্তদেহ হইয়া, আকাশ হইতে চন্দ্র ও সূর্য্যের ন্যায় ভূতলে পতিত হইলেন” ॥২৪॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—“তখন ইন্দ্রজিৎ, রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাকেই পতিত দেখিয়া দেববরলব্ধ নাগপাশদ্বারা পুনরায় তাঁহাদিগকে বন্ধন করিলেন ॥১॥

যুদ্ধে ইন্দ্রজিৎকর্তৃক নাগপাশবদ্ধ সেই পুরুষশ্রেষ্ঠ বীরেরা তখন পঞ্জরবদ্ধ দুইটী পক্ষীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২॥

বানররাজ সুগ্রীব; রাম ও লক্ষ্মণকে বাণব্যাপ্ত ও ভূতলপতিত দেখিয়া

ততস্তং দেশমাগম্য কৃতকর্ম্মা বিভীষণঃ।
বোধয়ামাস তৌ বীরৌ প্রজ্ঞাস্ত্রেণ প্রমোহিতৌ ॥৫॥
বিশল্যৌ চাপি সুগ্রীবঃ ক্ষণেনৈতৌ চকার হ।
বিশল্যয়া মহৌষধ্যা দিব্যমন্ত্রপ্রযুক্তয়া ॥৬॥
তৌ লব্ধসংজ্ঞৌ নৃবরৌ বিশল্যাবুদতিষ্ঠতাম্।
গততন্দ্রীক্লমৌ চাপি ক্ষণেনৈতৌ মহারথৌ ॥৭॥
ততো বিভীষণঃ পার্থ! রামমিক্ষ্বাকুনন্দনম্।
উবাচ বিজ্বরং দৃষ্ট্বা কৃতাঞ্জলিরিদং বচঃ ॥৮॥
ইদমম্ভো গৃহীত্বাশু রাজরাজস্য শাসনাৎ।
গুহ্যকোঽভ্যাগতঃ শ্বেতাত্ত্বৎসকাশমরিন্দম! ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃতং কর্ম্ম কুবেরায় তদ্‌বৃত্তান্তবিজ্ঞাপনকার্য্যং যেন সঃ ॥৫॥
বিশল্যাবিতি। বিশল্যৌ উদ্ধৃতবাণাগ্রৌ। বিশল্যয়া তদাখ্যয়া ॥৬॥
তাবিতি। গতৌ তিরোহিতৌ তন্দ্রীক্লমৌ মোহশ্রমৌ যয়োস্তৌ ॥৭॥
তত ইতি। বিজ্বরং মহৌষধ্যাদিপ্রয়োগাৎ সন্তাপবিহীনম্ ॥৮॥
ইদমিতি। রাজরাজস্য কুবেরস্য। গুহ্যকঃ কশ্চিদ্‌যক্ষঃ, শ্বেতাৎ কৈলাসপর্ব্বতাৎ ॥৯॥

সুষেণ, মৈন্দ, দ্বিবিদ, কুমুদ, অঙ্গদ, হনূমান্, নীল, তার ও নলের সহিত মিলিত হইয়া রাম ও লক্ষ্মণকে পরিবেষ্টন করিয়া সেইখানেই রহিলেন ॥৩—৪॥

তাহার পর বিভীষণ কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিয়া সেই স্থানে আসিয়া প্রজ্ঞাস্ত্রদ্বারা মূর্চ্ছিত রাম ও লক্ষ্মণের চৈতন্য সম্পাদন করিলেন ॥৫॥

এবং সুগ্রীব দিব্যমন্ত্রে অভিমন্ত্রিত 'বিশল্যা'-নাম্নী মহৌষধিদ্বারা ক্ষণকালমধ্যেই রাম ও লক্ষ্মণকে শল্যবিহীন করিলেন ॥৬॥

তখন নরশ্রেষ্ঠ ও মহারথ রাম এবং লক্ষ্মণ ক্ষণকালমধ্যেই শল্যবিহীন হইয়া এবং সংজ্ঞালাভ করিয়া গাত্রোত্থান করিলেন; তখন তাঁহাদের আর তন্দ্রা বা ক্লান্তিও থাকিল না ॥৭॥

পৃথানন্দন! তাহার পর বিভীষণ ইক্ষ্বাকুনন্দন রামচন্দ্রকে সম্পূর্ণ সুস্থ দেখিয়া কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন—॥৮॥

"অরিন্দম! কুবেরের আদেশে একজন যক্ষ এই জল লইয়া কৈলাসপর্ব্বত হইতে সত্বর আপনার নিকট আসিয়াছে ॥৯॥

---

(৫)…প্রজ্ঞাস্ত্রেণ প্রবোধিতৌ—বা ব কা পি। (৯) ইদমম্ভো গৃহীত্বা তু—বা ব কা নি।

ইদমন্তঃ কুবেরস্তে মহারাজঃ প্রয়চ্ছতি।
অন্তর্হিতানাং ভূতানাং দর্শনার্থং পরন্তপ ! ॥১০॥
অনেন মৃষ্টনয়নো ভূতান্যন্তর্হিতানি তু।
ভবান্ দ্রক্ষ্যতি যস্মৈ চ ভবানেতৎ প্রদাস্যতি ॥১১॥
তথেতি রামস্তদ্বারি প্রতিগৃহ্যাভিসংস্কৃতম্।
চকার নেত্রয়োঃ শৌচং লক্ষ্মণশ্চ মহামনাঃ ॥১২॥
সুগ্রীবজাম্ববন্তৌ চ হনূমানঙ্গদস্তথা।
মৈন্দদ্বিবিদনীলাশ্চ প্রায়ঃ প্লবগসত্তমাঃ ॥১৩॥
তথা সমভবচ্চাপি যদুবাচ বিভীষণঃ।
ক্ষণেনাতীন্দ্রিয়াণ্যেষাং চক্ষূংষ্যাসন্ যুধিষ্ঠির ! ॥১৪॥
ইন্দ্রজিৎ কৃতকর্ম্মা তু পিত্রে কর্ম্ম তদাত্মনঃ।
নিবেদ্য পুনরাগচ্ছত্ত্বরয়াজিশিরঃ প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

ইদমিতি। অন্তর্হিতানামদৃশ্যানাম্, ভূতানাং প্রাণিনাম্ ॥১০॥
অনেনেতি। অনেন অম্ভসা, মৃষ্টে প্রক্ষালিতে নয়নে যেন সঃ ॥১১॥
তথেতি। অভিসংস্কৃতং মন্ত্রপূতম্। শৌচং প্রক্ষালনম্ ॥১২॥
সুগ্রীবেতি। প্রায়ো বাহুল্যেন। নেত্রয়োঃ শৌচং চক্রুরিত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তথেতি। অতীন্দ্রিয়াণি অদৃশ্যদর্শনশক্তানি, দেবপ্রভাবাদিতি ভাবঃ ॥১৪॥
ইন্দ্রেতি। কৃতকর্ম্মা, রামলক্ষ্মণয়োর্বন্ধনাদিতি ভাবঃ। আজিশিরঃ যুদ্ধসম্মুখম্ ॥১৫॥

পরন্তপ ! অদৃশ্য প্রাণিগণকে দেখিবার জন্য মহারাজ কুবের আপনাকে এই জল পাঠাইয়া দিয়াছেন ॥১০॥

আপনি এই জলদ্বারা নয়ন প্রক্ষালন করিয়া অদৃশ্য প্রাণিগণকেও দেখিতে পাইবেন এবং আপনি ইহা যাঁহাকে দিবেন, তিনিও দেখিতে পাইবেন" ॥১১॥

'তাহাই হউক' এই কথা বলিয়া মহামনা রাম ও লক্ষ্মণ সেই মন্ত্রপূত জল গ্রহণ করিয়া নয়নযুগল প্রক্ষালন করিলেন ॥১২॥

আর সুগ্রীব, জাম্ববান্, হনূমান্, অঙ্গদ, মৈন্দ, দ্বিবিদ, নীল এবং অন্যান্য প্রায় প্রধান বানরেরাও সেই জলদ্বারা নয়ন প্রক্ষালন করিলেন ॥১৩॥

যুধিষ্ঠির ! তখন—বিভীষণ যাহা বলিয়াছিলেন তাহাই হইল; অর্থাৎ তাঁহাদের নয়নগুলি ক্ষণকালমধ্যেই অদৃশ্য বস্তু দেখিতে সমর্থ হইল ॥১৪॥

---

(১১)...ভূতান্যন্তর্হিতান্যত—বা ব কা নি, যস্মৈ চ প্রদাস্যতি নরঃ স তু—বা ব কা।

তমাপতন্তং সংক্রুদ্ধং পুনরেব যুযুৎসয়া।
অভিদুদ্রাব সৌমিত্রির্বিভীষণমতে স্থিতঃ ॥১৬॥

অকৃতাহ্নিকমেবৈনং জিঘাংসুর্জিতকাশিনম্।
শরৈর্জঘান সংক্রুদ্ধঃ কৃতসংজ্ঞোঽথ লক্ষ্মণঃ ॥১৭॥

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং তদান্যোন্যং জিগীষতোঃ।
অতীব চিত্রমাশ্চর্য্যং শক্রপ্রহ্লাদয়োরিব ॥১৮॥

অবিধ্যদিন্দ্রজিত্তীক্ষ্ণৈঃ সৌমিত্রিং মর্ম্মভেদিভিঃ।
সৌমিত্রিশ্চানলস্পর্শৈরবিধ্যদ্রাবণিং শরৈঃ ॥১৯॥

সৌমিত্রিশরসংস্পর্শাদ্রাবণিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অসৃজল্লক্ষ্মণায়াষ্টৌ শরানাশীবিষোপমান্ ॥২০॥

ভারতকৌমুদী

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥১৬॥

অকৃতেতি। অথ সংক্রুদ্ধো লক্ষ্মণঃ, কৃতসংজ্ঞো হননায় বিভীষণেন দত্তসঙ্কেতঃ, অতএব অকৃতাহ্নিকমেব অসম্পাদিতাহ্নিকজপমেব, এনমিন্দ্রজিতম্, জিঘাংসুঃ সন্, আহ্নিকজপসম্পাদনে তু হননাসম্ভবাদিতি ভাবঃ, শরৈঃ জিতকাশিনং বিজয়শোভিনমেনং জঘান ॥১৭॥

তয়োরিতি। জিগীষতোর্জেতুমিচ্ছতোঃ। চিত্রং নানাবিধম্ ॥১৮॥

অবিধ্যদিতি। তীক্ষ্ণৈঃ শরৈরিতি সম্বন্ধঃ। অনলস্যেব স্পর্শো যেষাং তৈঃ ॥১৯॥

সৌমিত্রীতি। অসৃজৎ ন্যক্ষিপৎ। আশীবিষোপমান্ সর্পসদৃশান্ ॥২০॥

ওদিকে ইন্দ্রজিৎ কৃতকার্য্য হইয়া যাইয়া পিতার নিকট নিজের সেই কার্য্যের বিষয় জানাইয়া পুনরায় সত্বর যুদ্ধসম্মুখে আগমন করিলেন ॥১৫॥

তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছায় আসিতে থাকিলে, লক্ষ্মণ বিভীষণের মতে থাকিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥১৬॥

তাহার পর বিভীষণ ইঙ্গিত করিলে, লক্ষ্মণ অতিশয় ক্রুদ্ধ হইয়া অকৃতাহ্নিক অবস্থাতেই ইন্দ্রজিৎকে বধ করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা সেই বিজয়শোভী ইন্দ্রজিৎকে প্রহার করিতে আরম্ভ করিলেন ॥১৭॥

তখন পরস্পর জয়াভিলাষী লক্ষ্মণ ও ইন্দ্রজিতের ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় অতি-বিচিত্র ও আশ্চর্য্য যুদ্ধ হইতে লাগিল ॥১৮॥

ইন্দ্রজিৎ মর্ম্মভেদী তীক্ষ্ণ বাণদ্বারা লক্ষ্মণকে বিদ্ধ করিতে লাগিলেন এবং লক্ষ্মণও অগ্নিসমস্পর্শ বাণদ্বারা ইন্দ্রজিৎকে বিদ্ধ করিতে থাকিলেন ॥১৯॥

ক্রমে ইন্দ্রজিৎ লক্ষ্মণের বাণপ্রহারে অতিশয় ক্রুদ্ধ হইয়া লক্ষ্মণের উপরে সর্পতুল্য আটটা বাণ নিক্ষেপ করিলেন ॥২০॥

তস্যাসূন্ পাবকস্পর্শৈঃ সৌমিত্রিঃ পত্রিভিস্ত্রিভিঃ।
যথা নিরহরদ্বীরস্তন্মে নিগদতঃ শৃণু ॥২১॥
একেনাস্য ধনুষ্মন্তং বাহুং দেহাদপাতয়ৎ।
দ্বিতীয়েন সনারাচং ভুজং ভূমৌ ন্যপাতয়ৎ ॥২২॥
তৃতীয়েন তু বাণেন পৃথুধারেণ ভাস্বতা।
জহার সুনসং চারু শিরো জ্বলিতকুণ্ডলম্ ॥২৩॥
বিনিকৃত্তভুজস্কন্ধং কবন্ধং ভীমদর্শনম্।
তং হত্বা সূতমপ্যস্ত্রৈর্জঘান বলিনাং বরঃ ॥২৪॥
লঙ্কাং প্রবেশয়ামাসুস্তং রথং বাজিনস্তদা।
দদর্শ রাবণস্তঞ্চ রথং পুত্রবিনাকৃতম্ ॥২৫॥
স পুত্রং নিহতং দৃষ্ট্বা ত্রাসাৎ সম্ভ্রান্তমানসঃ।
রাবণঃ শোকমোহার্ত্তো বৈদেহীং হন্তুমুদ্যতঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য ইন্দ্রজিতঃ, অসূন্ প্রাণান্। পত্রিভির্বাণৈঃ ॥২১॥
একেনেতি। বাহুং বামম্, ধনুষ্মত্ত্বাৎ। ভুজং দক্ষিণম্, সনারাচত্বাৎ ॥২২॥
তৃতীয়েনেতি। পৃথী মহতী ধারা যস্য তেন। সুনসং শোভননাসাযুক্তম্ ॥২৩॥
বীতি। বিনিকৃত্তা বিচ্ছিন্না ভুজৌ স্কন্ধশ্চ যস্য তম্। হত্বা কৃত্বেত্যর্থঃ কবন্ধস্যাহননাৎ ॥২৪॥
লঙ্কামিতি। প্রবেশয়ামাসুঃ, চিরাভ্যাসাদিতি ভাবঃ। পুত্রেণ বিনাকৃতং রহিতম্ ॥২৫॥
স ইতি। সম্ভ্রান্তমানস আকুলচিত্তঃ। উদ্যতঃ, অভবদিতি শেষঃ ॥২৬॥

যুধিষ্ঠির! তখন মহাবীর লক্ষ্মণ অগ্নিসমস্পর্শ তিনটী বাণদ্বারা যেভাবে ইন্দ্রজিতের প্রাণ হরণ করিলেন, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥২১॥

লক্ষ্মণ একবাণে ইন্দ্রজিতের কার্ম্মুকযুক্ত বাম বাহু এবং দ্বিতীয় বাণে তাঁহার নারাচধারী দক্ষিণ বাহু ছেদন করিয়া দেহ হইতে ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

আর লক্ষ্মণ সুধার ও উজ্জ্বল তৃতীয় বাণে ইন্দ্রজিতের সুন্দর নাসিকা ও উজ্জ্বল কুণ্ডলযুক্ত মনোহর মস্তকটী ছেদন করিলেন ॥২৩॥

বলিশ্রেষ্ঠ লক্ষ্মণ এইভাবে ইন্দ্রজিতের বাহুযুগল ও স্কন্ধ ছেদনপূর্ব্বক দেহটাকে ভীষণাকৃতি কবন্ধ করিয়া অস্ত্রদ্বারা সারথিকেও বধ করিলেন ॥২৪॥

তখন ঘোড়াগুলি সেই রথখানাকে নিয়া লঙ্কার ভিতরে প্রবেশ করাইল; রাবণও পুত্রবিহীন সেই রথখানাকে দর্শন করিলেন ॥২৫॥

(২৩)…জহার সুনসঞ্চাপি শিরো ভ্রাজিষ্ণুকুণ্ডলম্—বা ব কা নি।

অশোকবনিকাস্থাং তাং রামদর্শনলালসাম্।
খড়্গমাদায় দুষ্টাত্মা জবেনাভিপপাত হ ॥২৭॥
তং বুদ্ধা তস্য দুর্বুদ্ধেরবিন্ধ্যঃ পাপনিশ্চয়ম্।
শময়ামাস সংক্রুদ্ধং শ্রূয়তাং যেন হেতুনা ॥২৮॥
মহারাজ্যে স্থিতো দীপ্তে ন স্ত্রিয়ং হন্তুমর্হসি।
হতৈবৈষা যদা স্ত্রী চ বন্ধনস্থা চ তে বশে ॥২৯॥
ন চৈষা দেহভেদেন হতা স্যাদিতি মে মতিঃ।
জহি ভর্ত্তারমেবাস্যা হতে তস্মিন্ হতা ভবেৎ ॥৩০॥
নহি তে বিক্রমে তুল্যঃ সাক্ষাদপি শতক্রতুঃ।
অসকৃদ্ধি ত্বয়া সেন্দ্রাস্ত্রাসিতাস্ত্রিদশা যুধি ॥৩১॥

ভারতকৌমুদী

অশোকেতি। দুষ্টাত্মা রাবণঃ, জবেন বেগেন, অভিপপাত অভিজগাম ॥২৭॥

তমিতি। অবিন্ধ্যো নাম প্রাগুক্তো বৃদ্ধরাক্ষসঃ। হেতুনা প্রকারেণ ॥২৮॥

মহেতি। মহারাজ্যে মহারাজত্বপদে। মহারাজস্য অসাধারণবীরস্য ক্ষুদ্রস্ত্রীহত্যা অতীব-ঘৃণিতেতি ভাবঃ। কিঞ্চ, এষা হতৈবাস্তে, অকিঞ্চিৎকরত্বাদিত্যাশয়ঃ। যদা যতঃ ॥২৯॥

নেতি। দেহভেদেন শরীরনাশমাত্রেণ হতা ন স্যাৎ, চিরযাতনায়া অভোগাৎ; কিন্তু অস্যা ভর্ত্তারমেব জহি, ভর্ত্তুর্হননেন বৈধব্যোপগমাৎ চিরযাতনাভোগসম্ভবাদিতি ভাবঃ ॥৩০॥

ক্রমে রাবণ পুত্রকে নিহত দেখিয়া ভয়ে আকুল এবং শোকে ও মোহে পীড়িত হইয়া সীতাকে বধ করিতে উদ্যত হইলেন ॥২৬॥

দুষ্টচিত্ত রাবণ খড়্গ লইয়া বেগে অশোকবনস্থিতা ও রামদর্শনাভিলাষিণী সীতার নিকট গমন করিলেন ॥২৭॥

যুধিষ্ঠির! তখন অবিন্ধ্য সেই দুর্বুদ্ধি রাবণের সেই পাপমতি বুঝিতে পারিয়া যে প্রকারে তাঁহাকে শান্ত করিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

"আপনি উজ্জ্বল মহারাজপদে রহিয়াছেন; সুতরাং স্ত্রীহত্যা করা আপনার উচিত নহে। বিশেষতঃ, এ—যখন স্ত্রী এবং বদ্ধ অবস্থায় আপনার বশে রহিয়াছে, তখন ত হতই আছে ॥২৯॥

তা'র পর শরীর নষ্ট করিলে, এ—সেরূপ হত হইবে বলিয়া আমার ধারণা হয় না; অতএব আপনি ইহার ভর্ত্তাকেই বধ করুন, তিনি হত হইলেই এ বাস্তবিক হত হইবে ॥৩০॥

সাক্ষাৎ ইন্দ্রও ত বিক্রমে আপনার সমান নহেন। কারণ, আপনি যুদ্ধে বহুবার ইন্দ্রের সহিত সমস্ত দেবতাকে ত্রাসিত করিয়াছেন" ॥৩১॥

এবং বহুবিধৈর্বাক্যৈরবিন্ধ্যো রাবণং তদা ।
ক্রুদ্ধং সংশময়ামাস জগৃহে চ স তদ্বচঃ ॥৩২॥
নির্যাণে স মতিং কৃত্বা নিধায়াসিং ক্ষপাচরঃ ।
আজ্ঞাপয়ামাস তদা রথো মে কল্প্যতামিতি ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে ইন্দ্রজিদ্বধে ত্রিচত্বারিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

অথ কথমস্যা বীরং ভর্ত্তারং হন্তুমর্হামীত্যাহ—নহীতি। অসকৃৎ বহুবারম্ ॥৩১॥
এবমিতি। জগৃহে যুক্তিযুক্ততয়া জগ্রাহ, স রাবণঃ ॥৩২॥
নিরিতি। নির্যাণে যুদ্ধপ্রয়াণে। অসিং সীতাহত্যার্থং গৃহীতং খড়্গম্ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতভাবদীপঃ

তাবিতি ॥১—১৩॥ অতীন্দ্রিয়াণ্যতীন্দ্রিয়ার্থগ্রাহকাণি ॥১৪—১৬॥ কৃতসংজ্ঞো বিভীষণেন সঙ্কেতিতঃ ॥১৭—৩২॥ নিধায় বদ্ধা, অসিং খড়্গম্ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৩॥

—ঃ*ঃ—

এইরূপ নানাবিধ বাক্যদ্বারা অবিন্ধ্য তখন ক্রুদ্ধ রাবণকে শান্ত করিলেন; রাবণও তাঁহার বাক্য গ্রহণ করিলেন ॥৩২॥

তখন রাবণ খড়্গ পরিত্যাগপূর্ব্বক যুদ্ধযাত্রারই ইচ্ছা করিয়া ভৃত্যগণকে আদেশ করিলেন যে, "আমার রথ সজ্জিত কর" ॥৩৩॥

—ঃ*ঃ—

---

* '…পঞ্চসপ্তত্যধিকদ্বিশততমঃ…'—পি, '…অষ্টাশীত্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…উন-নবত্যধিকদ্বিশততমঃ…'—কা, '…নবত্যধিকদ্বিশততমঃ…'—নি।

চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—※—

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ ক্রুদ্ধো দশগ্রীবঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে।
নির্যযৌ রথমাস্থায় হেমরত্নবিভূষিতম্ ॥১॥
সংবৃতো রাক্ষসৈর্ঘোরৈর্বিবিধায়ুধপাণিভিঃ।
অভিদুদ্রাব রামং স যোধয়ন্ হরিযূথপান্ ॥২॥
তমাদ্রবন্তং সংক্রুদ্ধং মৈন্দ-নীল-নলাঙ্গদাঃ।
হনূমান্ জাম্ববাংশ্চৈব সসৈন্যাঃ পর্য্যবারয়ন্ ॥৩॥
তে দশগ্রীবসৈন্যং তৎ সর্ব্বে বানরযূথপাঃ।
দ্রুমৈর্বিধ্বংসয়াঞ্চক্রুর্দশগ্রীবস্য পশ্যতঃ ॥৪॥
ততঃ স্বসৈন্যমালোক্য বধ্যমানমরাতিভিঃ।
মায়াবী চাসৃজন্মায়াং রাবণো রাক্ষসাধিপঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রিয়ে পুত্রে ইন্দ্রজিতি। আস্থায় আরুহ্য ॥১॥
সংবৃত ইতি। যোধয়ন্ প্রহরন্, হরিযূথপান্ বানরসমূহশ্রেষ্ঠান্ ॥২॥
তমিতি। আদ্রবন্তং রামমভিধাবন্তম্। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৩॥
ত ইতি। পশ্যতো দশগ্রীবস্য পশ্যন্তং রাবণমনাদৃত্যেত্যর্থঃ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—"তদনন্তর প্রিয়পুত্র ইন্দ্রজিৎ নিহত হইলে, রাবণ ক্রুদ্ধ হইয়া স্বর্ণ-রত্নভূষিত রথে আরোহণ করিয়া নির্গত হইলেন ॥১॥

তিনি নানাবিধ অস্ত্রধারী ভয়ঙ্কর রাক্ষসগণে পরিবেষ্টিত হইয়া বানরশ্রেষ্ঠগণের সহিত যুদ্ধ করিতে করিতে রামের দিকে ধাবিত হইলেন ॥২॥

তখন মৈন্দ, নীল, নল, অঙ্গদ, হনূমান্ ও জাম্ববান্ অন্যান্য বানরসৈন্যের সহিত আসিয়া ধাবনশীল রাবণকে পরিবেষ্টন করিলেন ॥৩॥

এবং সেই বানরযূথপতিরা সকলে বৃক্ষদ্বারা রাবণের সাক্ষাতেই তাঁহার সৈন্যগণকে সংহার করিতে লাগিলেন ॥৪॥

শত্রুরা নিজের সৈন্য সংহার করিতেছে দেখিয়া মায়াবী রাক্ষসরাজ রাবণ মায়াসৃষ্টি করিলেন ॥৫॥

---

(৪)…তদ্বৃক্ষবানরপুঙ্গবাঃ—বা ব কা নি।

তস্য দেহবিনিষ্ক্রান্তাঃ শতশোঽথ সহস্রশঃ।
রাক্ষসাঃ প্রত্যদৃশ্যন্ত শরশক্ত্যৃষ্টিপাণয়ঃ ॥৬॥
তান্ রামো জঘ্নিবান্ সর্ব্বান্ দিব্যেনাস্ত্রেণ রাক্ষসান্।
অথ ভূয়োঽপি মায়াং স ব্যদধাদ্রাক্ষসাধিপঃ ॥৭॥
কৃত্বা রামস্য রূপাণি লক্ষ্মণস্য চ ভারত!।
অভিদুদ্রাব রামঞ্চ লক্ষ্মণঞ্চ দশাননঃ ॥৮॥
ততস্তে রামমার্চ্ছন্তো লক্ষ্মণঞ্চ ক্ষপাচরাঃ।
অভিপেতুস্তদা রাজন্! প্রগৃহীতশরাসনাঃ ॥৯॥
তাং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রস্য মায়ামিক্ষ্বাকুনন্দনঃ।
উবাচ রামং সৌমিত্রিরসম্ভ্রান্তো বৃহদ্বচঃ ॥১০॥
জহীমান্ রাক্ষসান্ পাপানাত্মনঃ প্রতিরূপকান্।
জঘান রামস্তাংশ্চান্যানাত্মনঃ প্রতিরূপকান্ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। অরাতিভির্বানরৈঃ। অসৃজৎ আবিষ্কৃতবান্ ॥৫॥
তস্যেতি। প্রত্যদৃশ্যন্ত, স্বপক্ষবিপক্ষৈরিতি শেষঃ ॥৬॥
তানিতি। জঘ্নিবান্ নিহতবান্। ভূয়োঽপি পুনরপি ॥৭॥
কৃত্বেতি। রূপাণি অনুরূপাকারান্। অভিদুদ্রাব অভিধাবতি স্ম ॥৮॥
তত ইতি। আর্চ্ছন্তঃ পীড়য়ন্তঃ। আর্চ্ছ পীড়ায়ামিত্যার্ষো ধাতুর্মন্তব্যঃ ॥৯॥
তামিতি। অসংভ্রান্তঃ অব্যস্তচিত্তঃ, বৃহন্মহৎ সারমিত্যর্থঃ ॥১০॥
জহীতি। ইমান্ মায়াসম্ভূতান্। অন্যান্ লক্ষ্মণস্য প্রতিরূপকান্ ॥১১॥

তখন দেখা গেল—শত শত ও সহস্র সহস্র রাক্ষস শর, শক্তি ও ঋষ্টি ধারণ করিয়া রাবণের শরীর হইতে নির্গত হইল ॥৬॥

এই সময়ে রাম দিব্য অস্ত্রদ্বারা সেই সকল রাক্ষসকে বধ করিলেন। তাহার পর রাবণ আবার মায়াসৃষ্টি করিলেন ॥৭॥

ভরতনন্দন! রাবণ তখন রামের ও লক্ষ্মণের রূপ ধারণ করিয়া রামের ও ও লক্ষ্মণের প্রতি ধাবিত হইলেন ॥৮॥

রাজা! তাহার পর সেই রাক্ষসেরা ধনু ধারণ করিয়া রাম ও লক্ষ্মণকে পীড়ন করিতে করিতে ধাবিত হইল ॥৯॥

রাবণের সেই মায়া দেখিয়া ইক্ষ্বাকুনন্দন লক্ষ্মণ ধীরচিত্তে রামকে এই সার কথা বলিলেন—॥১০॥

(৯)…অভিপেতুস্তদা রামম্—বা ব কা নি।

ততো হর্য্যশ্বযুক্তেন রথেনাদিত্যবর্চ্চসা।
উপতস্থে রণে রামং মাতলিঃ শক্রসারথিঃ ॥১২॥

মাতলিরুবাচ।

অয়ং হর্য্যশ্বযুগ্ জৈত্রো মঘোনঃ স্যন্দনোত্তমঃ।
অনেন শক্রঃ কাকুৎস্থ! সমরে দৈত্যদানবান্।
শতশঃ পুরুষব্যাঘ্র! রথোদারেণ জঘ্নিবান্ ॥১৩॥
তদনেন নরব্যাঘ্র! ময়া যত্তেন সংযুগে।
স্যন্দনেন জহি ক্ষিপ্রং রাবণং মা চিরং কৃথাঃ ॥১৪॥
ইত্যুক্তো রাঘবস্তথ্যং বচোঽশঙ্কত মাতলেঃ।
মায়ৈষা রাক্ষসস্যেতি তমুবাচ বিভীষণঃ ॥১৫॥
নেয়ং মায়া নরব্যাঘ্র! রাবণস্য দুরাত্মনঃ।
তদাতিষ্ঠ রথং শীঘ্রমিমমৈন্দ্রং মহাদ্যুতে! ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হর্য্যশ্বৈঃ কপিলবর্ণাশ্বৈর্যুক্তেন, "হরির্না কপিলে ত্রিষু" ইত্যমরঃ ॥১২॥

অয়মিতি। জৈত্রো জয়শীলঃ, মঘোন ইন্দ্রস্য, স্যন্দনোত্তমো রথশ্রেষ্ঠঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

তদিতি। যত্তেন যত্নপূর্ব্বকযুক্তেন, সংযুগে অস্মিন্ যুদ্ধে। স্যন্দনেন রথেন ॥১৪॥

ইতীতি। তথ্যং সত্যমপি মাতলের্বচঃ, এষা রাক্ষসস্য মায়েত্যশঙ্কতেতি সম্বন্ধঃ ॥১৫॥

"আর্য্য! আপনার প্রতিরূপ এই পাপিষ্ঠ রাক্ষসগুলিকে আপনি সংহার করুন।" রাম তখন নিজের ও লক্ষ্মণের প্রতিরূপ সেই রাক্ষসদিগকে বধ করিলেন ॥১১॥

তাহার পর ইন্দ্রের সারথি মাতলি, কপিলবর্ণ-ঘোটক-যুক্ত এবং সূর্য্যের তুল্য তেজস্বী একখানা রথ লইয়া যুদ্ধমধ্যে রামের নিকট উপস্থিত হইলেন ॥১২॥

মাতলি বলিলেন—"পুরুষশ্রেষ্ঠ ককুৎস্থনন্দন! কপিলবর্ণ-ঘোটক-যুক্ত এই বিজয়ী উত্তম রথখানা ইন্দ্রের; ইন্দ্র এই উত্তম রথে আরোহণ করিয়া যুদ্ধে শত শত দৈত্য ও দানবকে বধ করিয়াছিলেন ॥১৩॥

অতএব নরশ্রেষ্ঠ! মৎপরিচালিত এই রথে আরোহণ করিয়া আপনি যুদ্ধে সত্বর রাবণকে বধ করুন; বিলম্ব করিবেন না" ॥১৪॥

মাতলি এইরূপ বলিলে, রাম মাতলির সেই সত্যবাক্যকেও 'এটা রাক্ষসের মায়া' বলিয়া আশঙ্কা করিলেন। তখন বিভীষণ তাঁহাকে বলিলেন—॥১৫॥

ততঃ প্রহৃষ্টঃ কাকুৎস্থস্তথেত্যুক্ত্বা বিভীষণম্ ।
রথেনাভিপপাতাথ দশগ্রীবং রুষান্বিতঃ ॥১৭॥
হাহাকৃতানি ভূতানি রাবণে সমভিদ্রুতে ।
সিংহনাদাঃ সপটহা দিবি দিব্যাস্তথাঽনদন্ ॥১৮॥
স রামায় মহাঘোরং বিসসর্জ্জ নিশাচরঃ ।
শূলমিন্দ্রাশনিপ্রখ্যং ব্রহ্মদণ্ডমিবোদ্যতম্ ॥১৯॥
তচ্ছূলং সত্বরং রামশ্চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ ।
তদ্দৃষ্ট্বা দুষ্করং কর্ম্ম রাবণং ভয়মাবিশৎ ॥২০॥
ততঃ ক্রুদ্ধঃ সসর্জ্জাশু দশগ্রীবঃ শিতান্ শরান্ ।
সহস্রাযুতশো রামে শস্ত্রাণি বিবিধানি চ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। আতিষ্ঠ আরোহ, সর্ব্বথা মে তত্ত্বাবগতিসত্ত্বাদিত্যাশয়ঃ ॥১৬॥
তত ইতি। কাকুৎস্থো রামঃ। অভিপপাত অভিদধাব ॥১৭॥
হাহেতি। ভূতানি রাবণপক্ষগতাঃ প্রাণিনঃ, সমভিদ্রুতে রামেণাক্রান্তে ॥১৮॥
স ইতি। উদ্যতং মহাপাপিশাসনায় উত্তোলিতম্, ব্রহ্মণঃ স্রষ্টুর্দণ্ডমিব ॥১৯॥
তদিতি। ছেদনমত্র বিমুখীকরণেন ব্যর্থীকরণং বোধ্যম্। এবমন্যত্রাপি ॥২০॥

"নরশ্রেষ্ঠ! এটা দুরাত্মা রাবণের মায়া নহে; অতএব মহাতেজা! আপনি সত্বর এই ঐন্দ্ররথে আরোহণ করুন" ॥১৬॥

তাহার পর রাম 'তাহাই হউক' এই কথা বিভীষণকে বলিয়া আনন্দিত হইয়া সেই রথে আরোহণ করিয়া ক্রুদ্ধচিত্তে রাবণের প্রতি ধাবিত হইলেন ॥১৭॥

তিনি রাবণের প্রতি ধাবিত হইলে, রাবণের সৈন্যেরা হাহাকার করিয়া উঠিল এবং আকাশে স্বর্গীয় সিংহনাদ ও পটহধ্বনি হইতে লাগিল ॥১৮॥

তখন রাবণ, ইন্দ্রের বজ্রের তুল্য এবং উত্তোলিত ব্রহ্মদণ্ডের সদৃশ একটা মহাভীষণ শূল রামের প্রতি নিক্ষেপ করিলেন ॥১৯॥

রাম সত্বরই নিশিত শরসমূহদ্বারা সেই শূলটাকে ছেদন করিলেন। তখন রামের সেই দুষ্কর কার্য্য দেখিয়া রাবণের ভয় জন্মিল ॥২০॥

তাহার পর রাবণ ক্রুদ্ধ হইয়া সত্বর রামের প্রতি বহুতর নিশিত শর ও নানাবিধ অস্ত্র নিক্ষেপ করিলেন ॥২১॥

---

(১৮) শ্লোকাৎ পরম্ "দশকন্ধররাজন্যয়োস্তদা যুদ্ধমভূন্মহৎ। অলব্ধোপমমন্যত্র তয়োরেব তথাঽভবৎ ॥" অয়মধিকঃ শ্লোকঃ—বা ব কা।

ততো ভুষুণ্ডীঃ শূলানি মুষলানি পরশ্বধান্।
শক্তীশ্চ বিবিধাকারাঃ শতঘ্নীশ্চ শিতান্ ক্ষুরান্ ॥২২॥
তাং মায়াং বিকৃতাং দৃষ্ট্বা দশগ্রীবস্য রক্ষসঃ।
ভয়াৎ প্রদুদ্রুবুঃ সর্ব্বে বানরাঃ সর্ব্বতো দিশম্ ॥২৩॥
ততঃ সুপত্রং সুমুখং হৈমপুঙ্খং শরোত্তমম্।
তূণাদাদায় কাকুৎস্থো ব্রহ্মাস্ত্রেণ যুযোজ হ ॥২৪॥
তং বাণবর্য্যং রামেণ ব্রহ্মাস্ত্রেণানুমন্ত্রিতম্।
জহৃষুর্দেবগন্ধর্ব্বা দৃষ্ট্বা শক্রপুরোগমাঃ ॥২৫॥
অল্পাবশেষমায়ুশ্চ ততোঽমন্যন্ত রক্ষসঃ।
ব্রহ্মাস্ত্রোদীরণাচ্ছত্রোর্দেবদানবকিন্নরাঃ ॥২৬॥
ততঃ সসর্জ্জ তং রামঃ শরমপ্রতিমৌজসম্।
রাবণান্তকরং ঘোরং ব্রহ্মদণ্ডমিবোদ্যতম্ ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সসর্জ্জ চিক্ষেপ। শিতান্ পাষাণে ঘর্ষণেন সুধারীকৃতান্ ॥২১॥
তত ইতি। দশগ্রীবঃ সসর্জ্জেতি পূর্ব্বস্মাদনুবৃত্তিঃ ॥২২॥
তামিতি। বিকৃতাং পূর্ব্বতোঽন্যথাভূতাং যুগপদনেকাস্ত্রনিক্ষেপরূপাম্ ॥২৩॥
তত ইতি। সুপত্রং শোভনকঙ্কপক্ষযুক্তম্। ব্রহ্মাস্ত্রেণ ব্রহ্মাস্ত্রমন্ত্রেণ ॥২৪॥
তমিতি। অত্রাপি ব্রহ্মাস্ত্রেণ তন্মন্ত্রেণ। জহৃষুঃ আনন্দুঃ ॥২৫॥
অল্পেতি। রক্ষসো রাবণস্য। ব্রহ্মাস্ত্রস্য তন্মন্ত্রস্য উদীরণাদুচ্চারণাৎ ॥২৬॥

তৎপরে আবার রাবণ বহুতর ভুষুণ্ডী, শূল, মুষল, পরশু, শক্তি, নানাপ্রকার শতঘ্নী ও বহুতর নিশিত ক্ষুর নিক্ষেপ করিলেন ॥২২॥

রাবণের সেই অন্যপ্রকার মায়া দেখিয়া সকল বানরই ভয়ে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥২৩॥

তদনন্তর রাম তূণ হইতে সুন্দর কঙ্কপত্র-যুক্ত, সুন্দরমুখ ও স্বর্ণপুঙ্খ একটা উত্তম বাণ উত্তোলন করিয়া সেটাকে ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিলেন ॥২৪॥

রাম সেই উত্তম বাণটাকে ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিলেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবতারা ও গন্ধর্ব্বেরা আনন্দিত হইলেন ॥২৫॥

রাম ব্রহ্মাস্ত্রমন্ত্র উচ্চারণ করিয়াছেন জানিয়া দেবগণ, দানবগণ ও কিন্নরগণ মনে করিলেন যে, জগদ্বৈরী রাবণের আয়ু অল্পই অবশিষ্ট আছে ॥২৬॥

তাহার পর রাম, উত্তোলিত ব্রহ্মদণ্ডের ন্যায় ভীষণ এবং অসাধারণ তেজস্বী সেই রাবণান্তকর বাণটাকে নিক্ষেপ করিলেন ॥২৭॥

মুক্তমাত্রেণ রামেণ দূরাকৃষ্টেন ভারত ! ।
স তেন রাক্ষসশ্রেষ্ঠঃ সরথঃ সাশ্বসারথিঃ ।
প্রজজ্বাল মহাজ্বালেনাগ্নিনাভিপরিপ্লুতঃ ॥২৮॥
ততঃ প্রহৃষ্টাস্ত্রিদশাঃ সহগন্ধর্ব্বচারণাঃ ।
নিহতং রাবণং দৃষ্ট্বা রামেণাক্লিষ্টকর্ম্মণা ॥২৯॥
তত্যজুস্তং মহাভাগং পঞ্চভূতানি রাবণম্ ।
ভ্রংশিতঃ সর্ব্বলোকেভ্যঃ স হি ব্রহ্মাস্ত্রতেজসা ॥৩০॥
শরীরধাতবো হ্যস্য মাংসং রুধিরমেব চ ।
নেশুর্ব্রহ্মাস্ত্রনির্দগ্ধা ন চ ভস্মাপ্যদৃশ্যত ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রাবণবধে চতুশ্চত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। সসর্জ্জ চিক্ষেপ। অপ্রতিমৌজসম্ অসাধারণতেজসম্ ॥২৭॥

মুক্তেতি। মহতী জ্বালা শিখা যস্য তেন, অভিপরিপ্লুতঃ সর্ব্বতো ব্যাপ্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

তত ইতি। ন বিদ্যতে ক্লিষ্টং ক্লেশো যত্র তত্তাদৃশং কর্ম্ম যস্য তেন ॥২৯॥

তত্যজুরিতি। পঞ্চ ভূতানি ক্ষিত্যাদীনি, রাবণং তদাত্মানম্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

ততঃ ক্রুদ্ধ ইতি ॥১—৭॥ রামস্য রূপং কৃত্বা লক্ষ্মণমভিদুদ্রাব লক্ষ্মণস্য রূপং কৃত্বা রামমিতি যোজনা ॥৮—২২॥ বিকৃতাং ভীষণাম্ ॥২৩—২৯॥ পঞ্চভূতানি তত্যজুর্ত ইত্যর্থঃ ॥৩০—৩১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৪॥

ভরতনন্দন ! রাম কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া সেই বাণটাকে নিক্ষেপ করিবামাত্র, মহাশিখাসমন্বিত-বহ্নিময় সেই বাণটা যাইয়া রাবণকে ব্যাপ্ত করিল; তখন রথ, অশ্ব ও সারথির সহিত তাহার দেহটা জ্বলিয়া উঠিল ॥২৮॥

তখন অনায়াসে কার্য্যকারী রাম রাবণকে বধ করিয়াছেন- ইহা দেখিয়া গন্ধর্ব্ব ও চারণগণের সহিত দেবতারা অত্যন্ত আনন্দিত হইলেন ॥২৯॥

ক্রমে পঞ্চভূত ভাগ্যবান্ রাবণের আত্মাকে ত্যাগ করিল এবং ব্রহ্মাস্ত্রের তেজ রাবণকে সমস্ত জগৎ হইতে বিচ্যুত করিল ॥৩০॥

---

(৩০)···ভ্রংশিতঃ সর্ব্বলোকেষু—বা ব কা নি। * '···ষট্‌সপ্তত্যধিকদ্বিশততমঃ···'—পি, '···একোননবত্যধিকদ্বিশততমঃ···'—বা ব, '···নবত্যধিকদ্বিশততমঃ···'—কা, '···একনবত্যধিক-দ্বিশততমঃ···'—নি।

পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

স হত্বা রাবণং ক্ষুদ্রং রাক্ষসেন্দ্রং সুরদ্বিষম্।
বভূব হৃষ্টঃ সসুহৃদ্রামঃ সৌমিত্রিণা সহ ॥১॥
ততো হতে দশগ্রীবে দেবাঃ সর্ষিপুরোগমাঃ।
আশীর্ভির্জয়যুক্তাভিরানর্চ্চুস্তং মহাভুজম্ ॥২॥
রামং কমলপত্রাক্ষং তুষ্টুবুঃ সর্ব্বদেবতাঃ।
গন্ধর্ব্বাঃ পুষ্পবর্ষৈশ্চ বাগ্ভিশ্চ ত্রিদশালয়াঃ ॥৩॥
পূজয়িত্বা তথা রামং প্রতিজগ্মুর্যথাগতম্।
তন্মহোৎসবসঙ্কাশমাসীদাকাশমচ্যুত! ॥৪॥

ভারতকৌমুদী

শরীরেতি। শরীরধাতবঃ শুক্রাদয়ঃ। ভস্মাপি চ নাদৃশ্যত, ব্রহ্মাস্ত্রপ্রভাবাৎ ॥৩১॥

ত মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে
চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স ইতি। ক্ষুদ্রং নিকৃষ্টপ্রকৃতিম্। সুহৃদ্ভিঃ সুগ্রীবাদিভিঃ সহেতি সসুহৃৎ ॥১॥
তত ইতি। সর্ষয় ঋষিভিঃ সহিতাশ্চ তে পুরোগমাশ্চেতি তে। আনর্চ্চুঃ পূজয়ামাসুঃ ॥২॥
রামমিতি। ত্রিদশালয়াঃ স্বর্গবাসিনো দেবর্ষ্যাদয়ঃ ॥৩॥

আর সেই ব্রহ্মাস্ত্র রাবণের রক্ত, মাংস ও শরীরের সমস্ত ধাতুকে দগ্ধ করিয়া ফেলিল; এমন কি, তাহার ভস্ম পর্য্যন্ত দেখা গেল না” ॥৩১॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—“নিকৃষ্টস্বভাব ও দেবদ্বেষী রাক্ষসরাজ রাবণকে বধ করিয়া রামচন্দ্র, লক্ষ্মণ ও অন্যান্য সুহৃদ্বর্গের সহিত আনন্দিত হইলেন ॥১॥

এবং রাবণ নিহত হইলে; দেবতারা ঋষিগণের সহিত মিলিত হইয়া জয়ধ্বনিযুক্ত আশীর্ব্বাদদ্বারা মহাবাহু রামচন্দ্রের পূজা করিলেন ॥২॥

আর দেবতারা ও স্বর্গবাসী ঋষিরা বাক্যদ্বারা কমলনয়ন রামের স্তব করিলেন এবং গন্ধর্ব্বেরা পুষ্পবৃষ্টি করিলেন ॥৩॥

(৪) পূজয়িত্বা যথা রামম্—বা ব কা, পূজয়িত্বা রণে রামম্—নি।

ততস্তে হরয়ঃ সর্ব্বে তচ্ছ্রুত্বা রামভাষিতম্ ।
গতাসুকল্পা নিশ্চেষ্টা বভূবুঃ সহলক্ষ্মণাঃ ॥১৫॥
ততো দেবো বিশুদ্ধাত্মা বিমানেন চতুর্ম্মুখঃ ।
পদ্মযোনির্জগৎস্রষ্টা দর্শয়ামাস রাঘবম্ ॥১৬॥
শক্রশ্চাগ্নিশ্চ বায়ুশ্চ যমো বরুণ এব চ ।
যক্ষাধিপশ্চ ভগবাংস্তথা সপ্তর্ষয়োঽমলাঃ ॥১৭॥
রাজা দশরথশ্চৈব দিব্যভাস্বরমূর্ত্তিমান্ ।
বিমানেন মহার্হেণ হংসযুক্তেন ভাস্বতা ॥১৮॥ (বিশেষকম্)
ততোঽন্তরীক্ষং তৎ সর্ব্বং দেবগন্ধর্ব্বসঙ্কুলম্ ।
শুশুভে তারকাচিত্রং শরদীব নভস্তলম্ ॥১৯॥
তত উত্থায় বৈদেহী তেষাং মধ্যে যশস্বিনী ।
উবাচ বাক্যং কল্যাণী রামং পৃথুলবক্ষসম্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। হরয়ো বানরাঃ। গতাসুকল্পা মৃততুল্যাঃ ॥১৫॥

তত ইতি। বিশুদ্ধাত্মা রাগদ্বেষাদ্যভাবান্নির্ম্মলচিত্তঃ। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। অমলা নিষ্পাপাঃ। মহার্হেণ মহামূল্যেন। দর্শয়ামাসেতি সম্বন্ধঃ ॥১৬—১৮॥

তত ইতি। দেবগন্ধর্ব্বৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্। তারকাভিশ্চিত্রং বিচিত্রীকৃতম্ ॥১৯॥

তত ইতি। উত্থায় ভূতলাদিতি শেষঃ। পৃথুলবক্ষসং বিশালোরস্কম্ ॥২০॥

এবং আনন্দে তাঁহার যে মুখের প্রফুল্লতা হইয়াছিল, তাহা—নিশ্বাস হওয়ার পরে দর্পণপতিত মুখরাগের ন্যায় পুনরায় ক্ষণকালমধ্যেই নষ্ট হইয়া গেল ॥১৪॥

তখন লক্ষ্মণের সহিত সেই বানরেরা সকলেই রামের সেই উক্তি শুনিয়া মৃতের ন্যায় নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥১৫॥

তাহার পর নির্ম্মলচিত্ত, পদ্মযোনি ও জগৎস্রষ্টা ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি, বায়ু, যম, বরুণ, ভগবান্ কুবের এবং নিষ্পাপ সপ্তর্ষিগণ যথাসম্ভব বিমানে আসিয়া রামচন্দ্রকে দেখা দিলেন ; আর দিব্য ও উজ্জ্বল মূর্ত্তি রাজা দশরথ উজ্জ্বল, মহামূল্য ও হংসযুক্ত বিমানে আসিয়া দর্শন দান করিলেন ॥১৬—১৮॥

তখন দেবগণ ও গন্ধর্ব্বগণে পরিপূর্ণ সেই সমগ্র আকাশটাই শরৎকালে নক্ষত্র-ভূষিত আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৯॥

---

(১৫) শ্লোকাৎ পরম্ '…সপ্তসপ্তত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—পি।

রাজপুত্র! ন তে কোপং করোমি বিদিতা হি মে।
গতিঃ স্ত্রীণাং নরাণাঞ্চ শৃণু চেদং বচো মম ॥২১॥
অন্তশ্চরতি ভূতানাং মাতরিশ্বা সদাগতিঃ।
স মে বিমুঞ্চতু প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২২॥
অগ্নিরাপস্তথাকাশং পৃথিবী বায়ুরেব চ।
বিমুঞ্চন্তু মম প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২৩॥
যথাহং ত্বদৃতে বীর! নান্যং স্বপ্নেহপ্যচিন্তয়ম্।
তথা মে দেবনির্দ্দিষ্টস্ত্বমেব হি পতির্ভব ॥২৪॥
ততোঽন্তরীক্ষে বাগাসীৎ সুভগা লোকসাক্ষিণী।
পুণ্যা সংহর্ষণী তেষাং বানরাণাং মহাত্মনাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

রাজেতি। গতিরবস্থা। পরহস্তগতত্বে স্ত্রিয়ো দুষ্যন্তি পুরুষা নেতি জানামীত্যর্থঃ ॥২১॥
অন্তরিতি। মাতরিশ্বা বায়ুঃ। প্রাণান্ প্রাণরূপতাম্। চরামীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥২২॥
দেহারম্ভকাণি পঞ্চ ভূতান্যেবাশ্রিত্য শপতে—অগ্নিরিতি। আপো জলম্ ॥২৩॥
যথেতি। যথা যদি, ত্বদৃতে ত্বাং বিনা। দেবনির্দ্দিষ্টো বিধাতৃনিরূপিতঃ ॥২৪॥

তদনন্তর কল্যাণী ও যশস্বিনী সীতাদেবী ভূতল হইতে গাত্রোত্থান করিয়া তাঁহাদের মধ্যে বিশালবক্ষা রামচন্দ্রকে এই কথা বলিলেন—॥২০॥

"'রাজপুত্র! আমি আপনার উপরে ক্রোধ করি না। কারণ, স্ত্রীলোক ও পুরুষলোকের অবস্থা আমার জানা আছে। তবে আপনি আমার এই কথা শুনুন—॥২১॥

"আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে প্রাণিগণের অন্তরচারী সর্ব্বদা গমনশীল বায়ু আমার প্রাণরূপ পরিত্যাগ করুন ॥২২॥

এবং আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে অগ্নি, জল, আকাশ, পৃথিবী ও বায়ু আমার প্রাণসম্পর্ক পরিত্যাগ করুন ॥২৩॥

আর বীর! আমি যদি আপনি ভিন্ন অন্য পুরুষকে স্বপ্নেও চিন্তা না করিয়া থাকি, তবে বিধাতার নির্দ্দেশ অনুসারে আপনিই আমার পতি থাকুন'" ॥২৪॥

তাহার পর সীতার সৌভাগ্যসূচক, জগতে সাক্ষিস্বরূপ, পবিত্র এবং সেই উদারচেতা বানরগণের আনন্দজনক বাক্য সকল আকাশে প্রকাশ পাইল ॥২৫॥

---

(২১) রাজপুত্র! ন তে দোষম্—বা ব কা। (২৫)···বাগাসীৎ সর্ব্বা বিশ্রাবয়ন্ দিশঃ—পি।

বায়ুরুবাচ।

ভো ভো রাঘব! সত্যং বৈ বায়ুরস্মি সদাগতিঃ।
অপাপা মৈথিলী রাজন্! সঙ্গচ্ছ সহ ভার্য্যয়া ॥২৬॥

অগ্নিরুবাচ।

অহমন্তঃশরীরস্থো ভূতানাং রঘুনন্দন!।
সুসূক্ষ্মমপি কাকুৎস্থ! মৈথিলী নাপরাধ্যতি ॥২৭॥

বরুণ উবাচ।

রসা বৈ মৎপ্রসূতা হি ভূতদেহেষু রাঘব!।
অহং বৈ ত্বাং প্রব্রবীমি মৈথিলী প্রতিগৃহ্যতাম্ ॥২৮॥

ব্রহ্মোবাচ।

পুত্র! নৈতদিহাশ্চর্য্যং ত্বয়ি রাজর্ষিধর্ম্মিণি।
সাধো সদ্বৃত্তমার্গস্থে শৃণু চেদং বচো মম ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সুভগা সীতায়াঃ সৌভাগ্যসূচিকা, লোকেষু সাক্ষিণী প্রমাণভূতা ॥২৫॥

ভো ইতি। সদৈব সর্ব্বত্র গতির্যস্য সঃ। সঙ্গচ্ছ সম্মিলিতো ভব ॥২৬॥

অহমিতি। অন্তঃশরীরস্থঃ পাচকাগ্নিরূপেণ। সুসূক্ষ্মমপি অত্যল্পমপি ॥২৭॥

রসা ইতি। রসান্তরলপদার্থাঃ, মৎপ্রসূতা মজ্জনিতাঃ। প্রতিগৃহ্যতাং নির্দোষত্বাৎ ॥২৮॥

পুত্রেতি। হে পুত্র! রাজর্ষিধর্ম্মিণি, সাধো সৎস্বভাবে, সদ্বৃত্তমার্গস্থে সচ্চরিত্রে সৎপথবর্ত্তিনি চ ত্বয়ি, এতৎ পত্ন্যাঃ প্রত্যাখ্যানম্, ইহ নাশ্চর্য্যম্। অপি তু পরপুরুষসংসর্গাশঙ্কাবশাৎ সম্ভবপরমেবেতি ভাবঃ। তথাপি ইদং মম বচঃ শৃণু ॥২৯॥

বায়ু বলিলেন—"রঘুনন্দন! আমি যথার্থই সর্ব্বদা গমনশীল বায়ু। (আমি বলিতেছি—) সীতার কোন পাপ নাই; সুতরাং আপনি ঐ ভার্য্যার সহিত মিলিত হউন" ॥২৬॥

অগ্নি বলিলেন—"রঘুনন্দন! আমি প্রাণিগণের শরীরের ভিতরে থাকি। (অতএব আমি বলিতেছি—) সীতা অত্যল্প অপরাধও করেন নাই" ॥২৭॥

বরুণ বলিলেন—"রঘুনন্দন! প্রাণিগণের দেহের রসগুলি আমারই উৎপাদিত; সুতরাং আমি আপনাকে বলিতেছি—আপনি সীতাকে গ্রহণ করুন" ॥২৮॥

ব্রহ্মা বলিলেন—"পুত্র! তুমি রাজর্ষি, সৎস্বভাবসম্পন্ন, সচ্চরিত্র এবং সৎপথবর্ত্তী; সুতরাং তোমার পক্ষে এখন এই পত্নীপরিত্যাগ আশ্চর্য্য নহে। তবে আমার এই কথা শোন— ॥২৯॥

(২৯)···সাধো সদ্বৃত্ত! কাকুৎস্থ!—বা ব কা নি।

শক্ররেষ ত্বয়া বীর! দেবগন্ধর্ব্বভোগিনাম্।
যক্ষাণাং দানবানাঞ্চ দেবর্ষীণাঞ্চ পাতিতঃ ॥৩০॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং মৎপ্রসাদাৎ পুরাভবৎ।
কস্মাচিৎ কারণাৎ পাপঃ কঞ্চিৎ কালমুপেক্ষিতঃ ॥৩১॥
বধার্থমাত্মনস্তেন হৃতা সীতা দুরাত্মনা।
নলকূবরশাপেন রক্ষা চাস্যাঃ কৃতা ময়া ॥৩২॥
যদি হ্যকামামাসেবেৎ স্ত্রিয়মন্যামপি ধ্রুবম্।
শতধাঽস্য স্ফুটেন্মূর্দ্ধা ইত্যুক্তঃ সোঽভবৎ পুরা ॥৩৩॥
নাত্র শঙ্কা ত্বয়া কার্য্যা প্রতীচ্ছেমাং মহাদ্যুতে!।
কৃতং ত্বয়া মহৎ কার্য্যং দেবানামমরপ্রভ! ॥৩৪॥

দশরথ উবাচ।

প্রীতোঽস্মি বৎস! ভদ্রং তে পিতা দশরথোঽস্মি তে।
অনুজানামি রাজ্যঞ্চ প্রশাধি পুরুষোত্তম! ॥৩৫॥

ভারতকৌমুদী

জগদুপকারকরণাৎ স্তৌতি—শক্ররিতি। ভোগিনো নাগাঃ। পাতিতো নিহতঃ ॥৩০॥
অবধ্য ইতি। কস্মাচ্চিৎ কারণাৎ ত্বদাবির্ভাবপুষ্ট্যাদেরপেক্ষণীয়ত্বাৎ। পাপো রাবণঃ ॥৩১॥
বধেতি। তেন রাবণেন। নলকূবরঃ কুবেরপুত্রঃ। তচ্ছাপকারণন্তু প্রাগেবোক্তম্ ॥৩২॥
কোঽসৌ শাপ ইত্যাহ—যদীতি। ধ্রুবমকামামিতি সম্বন্ধঃ। স্ফুটেদ্বিদীর্ণো ভবেৎ ॥৩৩॥
নেতি। অত্র সীতায়াম্। মহাকার্য্যকরণানন্তরমকার্য্যকরণমত্যন্তমনুচিতমিতি ভাবঃ ॥৩৪॥

বীর! তুমি—দেবতা, গন্ধর্ব্ব, নাগ, যক্ষ, দানব ও দেবর্ষিগণের শত্রু এই রাবণকে বধ করিয়াছ ॥৩০॥

এই রাবণ আমারই অনুগ্রহে পূর্ব্বে সমস্ত প্রাণীর অবধ্য হইয়াছিল এবং আমিও কোন কারণে কিছুকাল এই পাপাত্মাকে উপেক্ষা করিয়াছিলাম ॥৩১॥

তা'র পর, সেই দুরাত্মা নিজেরই বধের জন্য সীতাকে হরণ করিয়াছিল; কিন্তু আমি তখন নলকূবরের অভিশাপদ্বারা ইহাকে রক্ষা করিয়াছিলাম ॥৩২॥

পূর্ব্বে নলকূবর রাবণসম্বন্ধে বলিয়াছিলেন যে, 'রাবণ যদি বাস্তবিক অকামা পরস্ত্রীকে ধর্ষণ করে, তবে উহার মস্তক শতভাগে বিদীর্ণ হইবে' ॥৩৩॥

অতএব হে দেবতুল্য মহাতেজা! তুমি দেবগণের মহৎ কার্য্য সম্পাদন করিয়াছ; সুতরাং এখন ইহার প্রতি আশঙ্কা করিও না, ইহাকে গ্রহণ কর" ॥৩৪॥

---

(৩৩)...শতধাঽস্য ফলেন্মূর্দ্ধা—বা ব কা নি।

রাম উবাচ।

অভিবাদয়ে ত্বাং রাজেন্দ্র! যদি ত্বং জনকো মম।
গমিষ্যামি পুরীং রম্যামযোধ্যাং শাসনাত্তব ॥৩৬॥

মার্কণ্ডেয় উবাচ।

তমুবাচ পিতা ভূয়ঃ প্রহৃষ্টো ভরতর্ষভ!!
গচ্ছাযোধ্যাং প্রশাধীতি রামং রক্তান্তলোচনম্।
সম্পূর্ণানীহ বর্ষাণি চতুর্দ্দশ মহাদ্যুতে! ॥৩৭॥
ততো দেবান্ নমস্কৃত্য সুহৃদ্ভিরভিনন্দিতঃ।
মহেন্দ্র ইব পৌলোম্যা ভার্য্যয়া স সমেয়িবান্ ॥৩৮॥
ততো বরং দদৌ তস্মৈ হ্যবিন্ধ্যায় পরন্তপঃ।
ত্রিজটাঞ্চার্থমানাভ্যাং যোজয়ামাস রাক্ষসীম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

প্রীত ইতি। রাজ্যঞ্চ প্রশাধীতি চকারেণ সীতাং গৃহাণেতি সমুচ্চীয়তে। এতেন পিত্রনুমতিং বিনা তদীয়রাজ্যশাসনমসঙ্গতমিতি দোষঃ পরিহৃতঃ ॥৩৫॥

অভীতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। শাসনাদাদেশাৎ ॥৩৬॥

তমিতি। চতুর্দ্দশ বর্ষাণি সম্পূর্ণানীতি মৎপূর্ব্বাদেশোঽপি রক্ষিত ইতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তত ইতি। পৌলোম্যা শচীদেব্যা। সমেয়িবান্ সম্মিলিতো বভূব ॥৩৮॥

তত ইতি। বরং তদিচ্ছানুরূপম্। পরন্তপো রামঃ ॥৩৯॥

দশরথ বলিলেন—"বৎস! আমি তোমার পিতা দশরথ; আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; সুতরাং তোমার মঙ্গল হউক। আর আমিও তোমাকে অনুমতি করিতেছি যে, তুমি—মা জানকীকে গ্রহণ কর এবং দেশে যাইয়া রাজ্য শাসন কর" ॥৩৫॥

রাম বলিলেন—"রাজশ্রেষ্ঠ! আমি আপনাকে অভিবাদন করি। আপনি যদি আমার পিতাই হন, তবে আপনার আদেশে আমি মনোহর অযোধ্যানগরীতেই যাইব" ॥৩৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"ভরতশ্রেষ্ঠ! পিতা দশরথ সন্তুষ্ট হইয়া পুনরায় রক্তপ্রান্ত-নয়ন রামচন্দ্রকে বলিলেন—"মহাতেজা! এখন সেই চতুর্দ্দশ বৎসর পূর্ণ হইয়াছে; সুতরাং যাও, যাইয়া অযোধ্যা শাসন কর" ॥৩৭॥

তাহার পর রামচন্দ্র দেবগণকে নমস্কার করিয়া এবং সুহৃদ্‌গণকর্ত্তৃক অভিনন্দিত হইয়া, শচীর সহিত ইন্দ্রের ন্যায় সীতার সহিত মিলিত হইলেন ॥৩৮॥

তমুবাচ ততো ব্রহ্মা দেবৈঃ শক্রপুরোগমৈঃ।
কৌশল্যামাতরিষ্টাংস্তে বরানস্য দদানি কান্ ॥৪০॥
বব্রে রামঃ স্থিতিং ধর্ম্মে শত্রুভিশ্চাপরাজয়ম্।
রাক্ষসৈর্নিহতানাঞ্চ বানরাণাং সমুদ্ভবম্ ॥৪১॥
ততস্তে ব্রহ্মণা প্রোক্তে তথেতি বচনে তদা।
সমুত্তস্থুর্মহারাজ! বানরা লব্ধচেতসঃ ॥৪২॥
সীতা চাপি মহাভাগা বরং হনুমতে দদৌ।
রামকীর্ত্ত্যা সমং পুত্র! জীবিতং তে ভবিষ্যতি ॥৪৩॥
দিব্যাস্ত্বামুপভোগাশ্চ মৎপ্রসাদকৃতাঃ সদা।
উপস্থাস্যন্তি হনুমন্নিতি স্ম হরিলোচন! ॥৪৪॥ (যুগ্মকম্)
ততস্তে প্রেক্ষমাণানাং তেষামক্লিষ্টকর্ম্মণাম্।
অন্তর্দ্ধানং যযুর্দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৌশল্যা মাতা যস্য তৎসম্বোধনম্। ইষ্টান্ অভিলষিতান্ ॥৪০॥

বব্র ইতি। প্রথমার্দ্ধে আত্মন ইতি শেষঃ। সমুদ্ভবং পুনর্জীবনম্ ॥৪১॥

তত ইতি। লব্ধচেতসঃ প্রাপ্তচেতনাঃ ॥৪২॥

সীতেতি। অতএব দ্বিবিধপ্রয়োগাৎ হনুমচ্ছব্দস্য হ্রস্বোকারবত্ত্বং দীর্ঘোকারবত্ত্বঞ্চ জ্ঞেয়ম্। তেন চ "হনূমান্ হনুমানপি" ইতি শব্দভেদপ্রকাশেঽপ্যুক্তম্। সমং সমানম্। দিব্যা উত্তমাঃ। উপস্থাস্যন্তি স্বচেষ্টাং বিনাপি। হে হরিলোচন! পিঙ্গলনয়ন! ॥৪৩—৪৪॥

তদনন্তর রাম সেই অবিন্ধ্যরাক্ষসকে তাহার অভীষ্ট বর দান করিলেন এবং ত্রিজটারাক্ষসীকে ধন-মানদ্বারা সম্মানিত করিলেন ॥৩৯॥

তৎপরে ব্রহ্মা ইন্দ্রপ্রভৃতি দেবগণের সহিত বলিলেন—"রাম! আজ আমি তোমাকে কোন্ কোন্ অভীষ্ট বর দান করিব?" ॥৪০॥

তখন রাম—নিজের ধর্ম্মে স্থিতি এবং শত্রুকর্ত্তৃক অপরাজয়, আর রাক্ষসনিহত বানরগণের পুনর্জীবন বর গ্রহণ করিলেন ॥৪১॥

মহারাজ! তাহার পর ব্রহ্মা 'তাহাই হউক' এই কথা বলিলেন, তখনই সেই মৃত বানরেরা চৈতন্য লাভ করিয়া গাত্রোত্থান করিল ॥৪২॥

মহাভাগা সীতাও হনূমান্‌কে এই বর দিলেন যে, "পিঙ্গলনয়ন পুত্র হনূমন্! রামের কীর্ত্তি যতকাল থাকিবে, তোমার জীবনও ততকাল থাকিবে এবং আমার অনুগ্রহে সর্ব্বদাই উত্তম ভোগ্য বস্তু সকল আপনা হইতেই তোমার নিকটে উপস্থিত হইবে" ॥৪৩—৪৪॥

দৃষ্ট্বা রামন্তু জানক্যা সঙ্গতং শক্রসারথিঃ।
উবাচ পরমপ্রীতঃ সুহৃন্মধ্য ইদং বচঃ ॥৪৬॥
দেবগন্ধর্ব্বযক্ষাণাং মানুষাসুরভোগিনাম্।
অপনীতং ত্বয়া দুঃখমিদং সত্যপরাক্রম! ॥৪৭॥
সদেবাসুরগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
কথয়িষ্যন্তি লোকাস্ত্বাং যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥৪৮॥
ইত্যেবমুক্ত্বানুজ্ঞাপ্য রামং শস্ত্রভৃতাং বরম্।
সম্পূজ্যাপাক্রমত্তেন রথেনাদিত্যবর্চ্চসা ॥৪৯॥
ততঃ সীতাং পুরস্কৃত্য রামঃ সৌমিত্রিণা সহ।
সুগ্রীবপ্রমুখৈশ্চৈব সহিতঃ সর্ব্ববানরৈঃ ॥৫০॥
বিধায় রক্ষাং লঙ্কায়াং বিভীষণপুরস্কৃতঃ।
সন্তুতার পুনস্তেন সেতুনা মকরালয়ম্ ॥৫১॥
পুষ্পকেণ বিমানেন খেচরেণ বিরাজতা।
কামগেন যথামুখ্যৈরমাত্যৈঃ সংবৃতো বশী ॥৫২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং রামাদীনাম্। যযুঃ প্রাপুঃ ॥৪৫॥
দৃষ্ট্বেতি। সঙ্গতং সম্মিলিতম্, শক্রসারথির্মাতলিঃ ॥৪৬॥
দেবেতি। ভোগিনো নাগাঃ। অপনীতং দূরীকৃতম্, রাবণবধাদিতি ভাবঃ ॥৪৭॥
সেতি। ধরিষ্যতি স্থাস্যতি ॥৪৮॥
ইতীতি। অনুজ্ঞাপ্য স্বগমনানুজ্ঞাং কারয়িত্বা। অপাক্রমৎ প্রাতিষ্ঠত মাতলিঃ ॥৪৯॥

তাহার পর অক্লিষ্টকর্ম্মা রামপ্রভৃতি দর্শন করিতেছিলেন, এই অবস্থাতেই সেই ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে অন্তর্হিত হইলেন ॥৪৫॥

শ্বশ্রূশ্বশুরভর্ত্তৄণাং মম পুণ্যাঽস্তু শর্ব্বরী ॥৯১॥
ন স্মরাম্যুক্তপূর্ব্বাং বৈ স্বৈরেষ্বপ্যনৃতাং গিরম্।
তেন সত্যেন তাবদ্য ধ্রিয়েতাং শ্বশুরৌ মম ॥৯২॥

সত্যবানুবাচ।

কাময়ে দর্শনং পিত্রোর্যাহি সাবিত্রি! মা চিরম্।
পুরা মাতুঃ পিতুর্বাপি যদি পশ্যামি বিপ্রিয়ম্।
ন জীবিষ্যে বরারোহে! সত্যেনাত্মানমালভে ॥৯৩॥

ভারতকৌমুদী

এবমিতি। উচ্ছ্রিত্য উত্তোল্য। সস্বরং মুক্তকণ্ঠম্ ॥৮৯॥
তত ইতি। নেত্রাভ্যাং সত্যবতো নয়নযুগলাৎ অশ্রূণি বিমৃজ্যেতি সম্বন্ধঃ ॥৯০॥
যদীতি। পুণ্যা পুণ্যবশাৎ মঙ্গলময়ী ॥৯১॥
নেতি। স্বৈরেষ্বপি স্বচ্ছন্দালাপেষ্বপি। ধ্রিয়েতাং সুস্থাববতিষ্ঠেয়াতাম্ ॥৯২॥
কাময় ইতি। পুরা আগামিনি কালে, বিপ্রিয়ং ভাবম্। আলভে স্পৃশামি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"গুরুভক্ত, গুরুপ্রিয় ও ধর্ম্মাত্মা সত্যবান্ এইরূপ বলিয়া, দুঃখার্ত্ত হইয়া, বাহুযুগল উত্তোলন করিয়া, মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৮৯॥

তাহার পর ধর্ম্মচারিণী সাবিত্রী স্বামীকে সেইরূপ শোকার্ত্ত দেখিয়া, তাঁহার নয়নযুগল হইতে অশ্রুজল মার্জ্জন করিয়া বলিলেন—॥৯০॥

"আমি যদি তপস্যা করিয়া থাকি, যদি দান করিয়া থাকি এবং যদি হোম করিয়া থাকি, তবে আমার শ্বশুর, শাশুরী ও স্বামীর পক্ষে এই রাত্রি মঙ্গলময় হউক ॥৯১॥

আমি পূর্ব্বে স্বেচ্ছালাপের সময়েও যে মিথ্যা কথা বলিয়াছি, এমন মনে পড়ে না। সেই সত্যধর্ম্মবশতঃ আজ আমার শ্বশুর ও শাশুরী সুস্থ থাকুন" ॥৯২॥

যদি ধর্ম্মে চ তে বুদ্ধির্মাঞ্চেজ্জীবন্তমিচ্ছসি।
মম প্রিয়ং বা কর্ত্তব্যং গচ্ছাবাশ্রমমন্তিকাৎ ॥৯৪॥

মার্কণ্ডেয় উবাচ।

সাবিত্রী তত উত্থায় কেশান্ সংযম্য ভাবিনী।
পতিমুত্থাপয়ামাস বাহুভ্যাং পরিগৃহ্য বৈ ॥৯৫॥
উত্থায় সত্যবাংশ্চাপি প্রমৃজ্যাঙ্গানি পাণিনা।
সর্ব্বা দিশঃ সমালোক্য কঠিনে দৃষ্টিমাদধে ॥৯৬॥
তমুবাচাথ সাবিত্রী শ্বঃ ফলানি হরিষ্যসি।
যোগক্ষেমার্থমেতং তে নেষ্যামি পরশুং ত্বহম্ ॥৯৭॥

ভারতকৌমুদী

যদীতি। কর্ত্তব্যং ত্বয়া। অন্তিকাদস্মাদ্দেশাৎ ॥৯৪॥
সাবিত্রীতি। সংযম্য বদ্ধা, ভাবিনী আশ্রমগমনায় চেষ্টাশালিনী ॥৯৫॥
উত্থায়েতি। কঠিনে প্রাক্ফলপূরিতবস্ত্রস্থাল্যাম্, আদধে অর্পয়ামাস ॥৯৬॥

ভারতভাবদীপঃ

স্বনামধেয়াঃ সাবিত্র্যা ইতি ॥৫৫—৫৭॥ শাবং শ্যামম্ ॥৫৮—৭৯॥ অত্রায়মাণকৌ রুদন্তৌ ॥৮০॥ নৌ আবয়োঃ ॥৮১—৮৫॥ প্রজ্ঞাচক্ষুরন্ধঃ ॥৮৬—৯১॥ ধ্রিয়েতাং জীবেতাম্, শ্বশুরৌ শ্বশ্রূশ্বশুরৌ ॥৯২—৯৫॥ কঠিনে ফলপূর্ণে পাত্রে ॥৯৬—১০৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫১॥

সত্যবান্ বলিলেন—"সাবিত্রি! আমি আমার পিতা ও মাতার দর্শন কামনা করি; অতএব চল, বিলম্ব করিও না। বরারোহে! আমি যদি পরে পিতার বা মাতার কোন অপ্রিয় অবস্থা দেখি, তবে জীবন ধারণ করিতে পারিব না। শপথ করিয়া হৃদয় স্পর্শ করিতেছি ॥৯৩॥

তোমার যদি ধর্ম্মে মতি থাকে, আমাকে যদি জীবিত রাখিতে ইচ্ছা কর এবং আমার প্রিয়কার্য্য যদি তোমার কর্ত্তব্য হয়, তবে চল, আমরা এস্থান হইতে আশ্রমে যাই" ॥৯৪॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর সাবিত্রী আশ্রমগমনের জন্য উদ্যোগিনী হইয়া গাত্রোত্থানপূর্ব্বক কেশবন্ধন করিয়া বাহুযুগলদ্বারা ধরিয়া সত্যবান্‌কে উত্তোলন করিলেন ॥৯৫॥

সত্যবান্‌ও উঠিয়া হস্তদ্বারা অঙ্গ মার্জ্জন করিয়া, সকল দিক্ দেখিয়া, ফল-পূর্ণ সেই থলিয়ার উপরে দৃষ্টিপাত করিলেন ॥৯৬॥

(৯৭)...শ্বঃ ফলানীহ নেষ্যসি—পি।

কৃত্বা কঠিনভারং সা বৃক্ষশাখাবলম্বিনম্ ।
গৃহীত্বা পরশুং ভর্ত্তুঃ সকাশে পুনরাগমৎ ॥৯৮॥
বামে স্কন্ধে তু বামোরুর্ভর্ত্তুর্বাহুং নিবেশ্য চ ।
দক্ষিণেন পরিষ্বজ্য জগাম গজগামিনী ॥৯৯॥

সত্যবানুবাচ ।

অভ্যাসগমনাদ্ভীরু ! পন্থানো বিদিতা মম ।
বৃক্ষান্তরালোকিতয়া জ্যোৎস্নয়া চাপি লক্ষয়ে ॥১০০॥
আগতৌ স্বঃ পথা যেন ফলান্যবচিতানি চ ।
যথাগতং শুভে ! গচ্ছ পন্থানং মা বিচারয় ॥১০১॥

ভারতকৌমুদী

তমিতি। শ্বঃ পরদিনে। যোগক্ষেমার্থং সাংসারিককার্য্যসম্পাদনার্থম্ ॥৯৭॥

কৃত্বেতি। কঠিনভারং ফলভারবৎ কঠিনং ফলপূর্ণাং বস্ত্রস্থালীমিতি যাবৎ ॥৯৮॥

বাম ইতি। বামৌ সুন্দরৌ উরূ যস্যাঃ সা বামোরুঃ গজগামিনী চ সাবিত্রী, ভর্ত্তুঃ তাঁ বামং বাহুং প্রসার্য্য আত্মনো বামে স্কন্ধে নিবেশ্য চ, আত্মনো দক্ষিণেন বাহুনা ভর্ত্তারং পরিষ্বজ্য আলিঙ্গনপ্রকারেণ ধৃত্বা, জগাম গন্তুমারেভে ॥৯৯॥

অভ্যাসেতি। হে ভীরু! অভ্যাসেন পৌনঃপুন্যেন গমনাৎ, অদর্শনেঽপি পন্থানো মম বিদিতাঃ। কিঞ্চ বৃক্ষান্তরাণি আলোকিতানি যয়া তয়া জ্যোৎস্নয়াপি, লক্ষয়ে পথঃ পশ্যামি। ততশ্চানায়াসেনৈব গন্তুং শক্নোমীতি ভাবঃ ॥১০০॥

আগতাবিতি। স্ব আবামিতি শেষঃ। অবচিতানি আবাভ্যাং গৃহীতানি ॥১০১॥

তাহার পর সাবিত্রী তাঁহাকে বলিলেন—"কাল ফলগুলি লইয়া যাইবেন; আমি এখন সাংসারিক কার্য্য নির্ব্বাহের জন্য আপনার এই কুরুলখানা লইয়া যাইব" ॥৯৭॥

এই কথা বলিয়া সাবিত্রী সেই ফলের থলিয়াটাকে গাছের ডালে ঝুলাইয়া রাখিয়া, কুরুলখানা লইয়া পুনরায় স্বামীর নিকটে আসিলেন ॥৯৮॥

তাহার পর সুন্দরোরুযুগলশালিনী ও গজগামিনী সাবিত্রী সত্যবানের বাম বাহু নিজের বামস্কন্ধে স্থাপনপূর্ব্বক নিজের দক্ষিণ বাহুদ্বারা সত্যবান্‌কে জড়াইয়া ধরিয়া যাইতে লাগিলেন" ॥৯৯॥

সত্যবান্ বলিলেন—"ভীরু! বার বার যাতায়াত করায় এই পথগুলি আমার জানা আছে; বিশেষতঃ জ্যোৎস্না আসিয়া বৃক্ষের অন্তরালদেশ আলোকিত করিতে থাকায় পথগুলি দেখাও যাইতেছে ॥১০০॥

অতএব কল্যাণি! আমরা যে পথে আসিয়াছিলাম এবং আসিয়া ফল

---

(৯৯) বামে স্কন্ধে তু সাবিত্রী ভর্ত্তুর্বাহুং নিগৃহ্য সা—পি।

পলাশষণ্ডেরেতস্মিন্ পন্থা ব্যাবর্ত্ততে দ্বিধা।
তস্যোত্তরেণ যঃ পন্থাস্তেন গচ্ছ ত্বরস্ব চ ॥১০২॥
সুস্থোঽস্মি বলবানস্মি দিদৃক্ষুঃ পিতরাবুভৌ।
ব্রুবন্নেবং ত্বরাযুক্তঃ স প্রায়াদাশ্রমং প্রতি ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে সাবিত্র্যুপাখ্যানে সত্যবদাশ্রমাগমনে একপঞ্চাশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

এতস্মিন্নেব কালে তু দ্যুমৎসেনো মহাবলঃ।
লব্ধচক্ষুঃ প্রসন্নায়াং দৃষ্ট্যাং সর্ব্বং দদর্শ হ ॥১॥

ভারতকৌমুদী

পলাশেতি। পলাশষণ্ডৈঃ পলাশবৃক্ষসমূহৈঃ, এতস্মিন্ স্থানে ॥১০২॥

সুস্থ ইতি। সুস্থোঽস্মি বলবানস্মি, পিত্রোর্দিদৃক্ষাবশাদেবেতি ভাবঃ ॥১০৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

চয়ন করিয়াছিলাম, সেই যথাগত পথেই গমন করিতে থাক, কোন ইতস্ততঃ করিও না ॥১০১॥

এইখানে পলাশবন থাকায় পথটা দুইভাগে বিভক্ত হইয়া গিয়াছে; সুতরাং এই পলাশবনের উত্তরদিক্ দিয়া যে পথটা গিয়াছে, সেই পথে চল এবং দ্রুত চল ॥১০২॥

আমি সুস্থ হইয়াছি, সবলও হইয়াছি এবং পিতা ও মাতা উভয়কেই দেখিতে ইচ্ছা করিতেছি"। এইরূপ বলিতে বলিতে সত্যবান্ সত্বর আশ্রমের দিকে গমন করিতে লাগিলেন" ॥১০৩॥

(১০২) পলাশখণ্ডে চৈতস্মিন্…বা ব কা নি। (১০৩) স্বস্থোঽস্মি বলবানস্মি…বা ব কা নি। * '…চতুরশীত্যধিকদ্বিশততমঃ…' —পি, '…ষণ্ণবত্যধিকদ্বিশততমঃ…' —বা ব, '…সপ্তনবত্যধিকদ্বিশততমঃ…' —কা, '…অষ্টনবত্যধিকদ্বিশততমঃ…' —নি।

(১)…দ্যুমৎসেনো মহাবনে—পি।

স সর্ব্বানাশ্রমান্ গত্বা শৈব্যয়া সহ ভার্য্যয়া ।
পুত্রহেতোঃ পরামার্ত্তিং জগাম ভরতর্ষভ ! ॥২॥
তাবাশ্রমান্ নদীশ্চৈব বনানি চ সরাংসি চ ।
তস্যাং দিশি বিচিন্বন্তৌ দম্পতী পরিজগ্মতুঃ ॥৩॥
শ্রুত্বা শব্দন্তু যং কঞ্চিদুন্মুখৌ সুতশঙ্কয়া ।
সাবিত্রীসহিতোঽভ্যেতি সত্যবানিত্যভাষতাম্ ॥৪॥
ভিন্নৈশ্চ পরুষৈঃ পাদৈঃ সব্রণৈঃ শোণিতোক্ষিতৈঃ ।
কুশকণ্টকবিদ্ধাঙ্গাবুন্মত্তাবিব ধাবতঃ ॥৫॥
ততোঽভিসৃত্য তৈর্বিপ্রৈঃ সর্ব্বৈরাশ্রমবাসিভিঃ ।
পরিবার্য্য সমাশ্বাস্য তাবানীতৌ স্বমাশ্রমম্ ॥৬॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। দৃষ্ট্যাং চক্ষুষি, প্রসন্নায়াং নির্ম্মলতয়া কার্য্যক্ষমায়াং সত্যাম্ ॥১॥
স ইতি। সর্ব্বানাশ্রমান্ গত্বাপি পুত্রমপ্রাপ্যেত্যর্থঃ, শৈব্যয়া তদাখ্যয়া ॥২॥
তাবিতি। বিচিন্বন্তৌ অন্বিষ্যন্তৌ, দম্পতী শৈব্যাদ্যুমৎসেনৌ ॥৩॥
শ্রুত্বেতি। সুতশঙ্কয়া সুতস্য পদশব্দোঽয়মিতি সম্ভাবনয়া ॥৪॥
ভিন্নৈরিতি। ভিন্নৈঃ কণ্টকাদিবিদীর্ণৈঃ, পরুষৈর্ধূলিরূক্ষৈঃ। ধাবতস্তৌ ॥৫॥
তত ইতি। অভিসৃত্য উপগম্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"এই সময়েই মহাবল দ্যুমৎসেন চক্ষু লাভ করিলেন এবং সে চক্ষু প্রসন্ন হওয়ায় সমস্তই দেখিতে লাগিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর তিনি ভার্য্যা শৈব্যার সহিত সকল আশ্রমে যাইয়াও পুত্রকে না পাইয়া পুত্রের জন্য অত্যন্ত উদ্বেগ ভোগ করিতে লাগিলেন ॥২॥

ক্রমে তাঁহারা সাবিত্রী ও সত্যবান্‌কে অন্বেষণ করিতে থাকিয়া সেই দিকের আশ্রম, নদী, বন ও সরোবরগুলিতে বিচরণ করিতে থাকিলেন ॥৩॥

তাঁহারা যে কোন শব্দ শুনিয়া উদ্‌গ্রীব হইয়া পুত্রের পদশব্দ মনে করিয়া 'সাবিত্রীর সহিত সত্যবান্ আসিতেছে' এইরূপ বলিতে লাগিলেন ॥৪॥

ক্রমে তাঁহারা—বিদীর্ণ, ক্ষত-বিক্ষত, রক্তাক্ত ও ধূলিপূর্ণ চরণে কুশ ও কণ্টক-বিদ্ধ দেহে উন্মত্তের ন্যায় দৌড়াইতে থাকিলেন ॥৫॥

তাহার পর আশ্রমবাসী সেই সকল ব্রাহ্মণেরা যাইয়া পরিবেষ্টনপূর্ব্বক আশ্বস্ত করিয়া তাঁহাদিগকে আপন আশ্রমে আনয়ন করিলেন ॥৬॥

তত্র ভার্য্যাসহায়ঃ স বৃতো বৃদ্ধৈস্তপোধনৈঃ।
আশ্বাসিতো বিচিত্রার্থৈঃ পূর্ব্বরাজ্ঞাং কথাশ্রয়ৈঃ ॥৭॥
ততস্তৌ পুনরাশ্বস্তৌ বৃদ্ধৌ পুত্রদিদৃক্ষয়া।
বাল্যবৃত্তানি পুত্রস্য স্মরন্তৌ ভৃশদুঃখিতৌ ॥৮॥
পুনরুক্ত্বা চ করুণাং বাচং তৌ শোককর্ষিতৌ।
হা পুত্র! হা সাধ্বি! বধু! ক্বাসি ক্বাসীত্যরোদতাম্ ॥৯॥

সুবর্চ্চা উবাচ।

যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ।
আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১০॥

গৌতম উবাচ।

বেদাঃ সাঙ্গা ময়াধীতাস্তপো মে সঞ্চিতং মহৎ।
কৌমারং ব্রহ্মচর্য্যঞ্চ গুরবোঽগ্নিশ্চ তোষিতাঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। ভার্য্যাসহায়ঃ শৈব্যয়া সহিতঃ, স দ্যুমৎসেনঃ ॥৭॥
তত ইতি। পুত্রস্য দিদৃক্ষয়া দ্রষ্টুমিচ্ছয়া পুনর্ভৃশদুঃখিতৌ অভবতামিতি শেষঃ ॥৮॥
পুনরিতি। হা পুত্র! ক্বাসি, হা সাধ্বি! বধু! ক্বাসীত্যন্বয়ঃ ॥৯॥
যথেতি। যথা যতঃ, তথা ততঃ। ঈদৃশী ধর্ম্মচারিণী বিধবা ন ভবতীতি ভাবঃ ॥১০॥
বেদা ইতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ সহেতি সাঙ্গাঃ। ব্রহ্মচর্য্যঞ্চ কৃতমিতি শেষঃ ॥১১॥

তখন বৃদ্ধ তপস্বীরা ভার্য্যার সহিত দ্যুমৎসেন রাজাকে পরিবেষ্টন করিয়া প্রাচীন রাজাদের বিচিত্র উপাখ্যান বলিয়া আশ্বস্ত করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর সেই বৃদ্ধ রাজদম্পতি আশ্বস্ত হইয়াও পুত্রকে দেখিবার ইচ্ছায় এবং তাহার শৈশবের বৃত্তান্ত স্মরণ করিয়া আবার অত্যন্ত দুঃখিত হইয়া পড়িলেন ॥৮॥

তাঁহারা করুণ বাক্য বলিয়া পুনরায় শোকে অধীর হইলেন এবং 'হা পুত্র! তুমি কোথায়? হা সাধ্বি! বধু! তুমি কোথায়?' এইভাবে রোদন করিতে লাগিলেন ॥৯॥

তখন 'সুবর্চ্চা'-নামে এক ব্রাহ্মণ বলিলেন—"ইহার ভার্য্যা সাবিত্রী যখন তপস্যা, ইন্দ্রিয়দমন ও আচারশালিনী, তখন সত্যবান্ জীবিত আছে" ॥১০॥

গৌতম বলিলেন—"আমি সাঙ্গ বেদ অধ্যয়ন করিয়াছি, গুরুতর তপস্যা করিয়াছি, কৌমারবয়সে ব্রহ্মচর্য্য করিয়াছি এবং গুরুগণ ও অগ্নির সন্তোষবিধান করিয়াছি ॥১১॥

---

(১) শ্লোকাৎ পরম্ 'ব্রাহ্মণঃ সত্যবাক্ তেষামুবাচেদং তয়োর্বচঃ...'—বা ব কা নি।

সমাহিতেন চীর্ণানি সর্ব্বাণ্যেব ব্রতানি মে।
বায়ুভক্ষোপবাসশ্চ কৃতো মে বিধিবৎ সদা ॥১২॥
অনেন তপসা বেদ্মি সর্ব্বং পরচিকীর্ষিতম্।
সত্যমেতন্নিবোধ ত্বং ধ্রিয়তে সত্যবানিতি ॥১৩॥

শিষ্য উবাচ।

উপাধ্যায়স্য মে বক্ত্রাদ্‌যথা বাক্যং বিনিঃসৃতম্।
নৈব জাতু ভবেন্মিথ্যা তথা জীবতি সত্যবান্ ॥১৪॥

ঋষয় উচুঃ।

যথাস্য ভার্য্যা সাবিত্রী সর্ব্বৈরেব সুলক্ষণৈঃ।
অবৈধব্যকরৈর্যুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১৫॥

দাল্‌ভ্য উবাচ। *

যথা দৃষ্টিঃ প্রবৃত্তা তে সাবিত্র্যাশ্চ যথা ব্রতম্।
গতাহারমকৃত্বা তু তথা জীবতি সত্যবান্ ॥১৬॥

ভারতকৌমুদী

সমিতি। মে ময়া। বায়োরেব ভক্ষো ভক্ষণং যস্মিন্ স তাদৃশ উপবাসঃ ॥১২॥
অনেনেতি। পরেণ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। ধ্রিয়তে অবতিষ্ঠতে জীবতীত্যর্থঃ ॥১৩॥
উপেতি। উপাধ্যায়স্য গৌতমস্য। জাতু কদাচিৎ ॥১৪॥
যথেতি। যথা যতঃ। অবৈধব্যকরৈঃ অবৈধব্যসূচকৈঃ। তথা ততঃ ॥১৫॥

আর আমি সমাহিত চিত্তে সকল ব্রত এবং সর্ব্বদা যথাবিধানে বায়ুমাত্র ভোজনে উপবাস করিয়াছি ॥১২॥

এই তপস্যার বলে আমি পরের সমস্ত অভিপ্রেত বিষয় জানিতে পারি; অতএব রাজা! আপনি এই ঘটনা সত্য জানুন যে, সত্যবান্ জীবিত আছে" ॥১৩॥

গৌতমের শিষ্য বলিল—"আমার অধ্যাপকের মুখ হইতে যখন এইরূপ বাক্য নির্গত হইয়াছে, তখন কখনও উহা মিথ্যা হইবে না; সুতরাং সত্যবান্ নিশ্চয়ই জীবিত আছেন" ॥১৪॥

অন্যান্য ঋষিরা বলিলেন—"সত্যবানের ভার্য্যা সাবিত্রী যখন অবৈধব্যসূচক সমস্ত সুলক্ষণসম্পন্ন, তখন সত্যবান্ জীবিত আছে" ॥১৫॥

---

(১৫) শ্লোকাৎ পরম্ 'ভারদ্বাজ উবাচ। যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ। আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্॥' ইতি স্বর্বর্চ্চ উক্তশ্লোকস্য অনুরূপঃ শ্লোকঃ পুনঃ বা ব কা নি। * দাম্ভ্য উবাচ—পি।

আপস্তম্ব উবাচ। *

যথা নদন্তি শান্তায়াং দিশি বৈ মৃগপক্ষিণঃ।
পার্থিবৈষা প্রবৃদ্ধিস্তে তথা জীবতি সত্যবান্ ॥১৭॥

ধৌম্য উবাচ।

সর্ব্বৈর্গুণৈরুপেতস্তে যথা পুত্রো জনপ্রিয়ঃ।
দীর্ঘায়ুর্লক্ষণোপেতস্তথা জীবতি সত্যবান্ ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমাশ্বাসিতস্তৈস্তু সত্যবাগ্ভিস্তপস্বিভিঃ।
তাংস্তান্ বিগণয়ন্ সর্ব্বাংস্ততঃ স্থির ইবাভবৎ ॥১৯॥

ততো মুহূর্ত্তাৎ সাবিত্রী ভর্ত্রা সত্যবতা সহ।
আজগামাশ্রমং রাত্রৌ প্রহৃষ্টা প্রবিবেশ হ ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। প্রবৃত্তা সঞ্জাতা। আহারমকৃত্বা গতা সা সাবিত্রীতি শেষঃ ॥১৬॥

যথেতি। শান্তায়াং দাহশূন্যায়াম্। প্রবৃদ্ধিঃ নয়নলাভেনোন্নতিঃ ॥১৭॥

সর্ব্বৈরিতি। দীর্ঘায়ুষো লক্ষণৈঃ সামুদ্রিকোক্তচিহ্নবিশেষৈরুপেতঃ ॥১৮॥

এবমিতি। বিগণয়ন্ মনসা চিন্তয়ন্, অভবৎ দ্যুমৎসেন ইতি শেষঃ ॥১৯॥

তত ইতি। মুহূর্ত্তাৎ অত্যল্পকালাৎ পরমেব ॥২০॥

দাল্‌ভ্যমুনি কহিলেন—"রাজা! আপনার যখন দৃষ্টিশক্তি জন্মিয়াছে, সাবিত্রী যখন ব্রত করিয়াছেন এবং আহার না করিয়া গিয়াছেন, তখন সত্যবান্ জীবিত আছে" ॥১৬॥

আপস্তম্ব বলিলেন—"রাজা! দাহশূন্য দিকে যখন পশু-পক্ষীরা রব করিতেছে এবং আপনার দৃষ্টিশক্তি ফিরিয়া আসিয়াছে, তখন সত্যবান্ জীবিত আছে" ॥১৭॥

ধৌম্য কহিলেন—"আপনার পুত্র সত্যবান্ যখন সর্ব্বগুণসম্পন্ন, লোকপ্রিয় এবং দীর্ঘায়ুর লক্ষণযুক্ত, তখন সে নিশ্চয়ই জীবিত আছে" ॥১৮॥

মার্কণ্ডেয় বলিলেন—"সেই সত্যবাদী তপস্বীরা এইরূপে আশ্বস্ত করিলে, দ্যুমৎসেন সেই সমস্ত বিষয় চিন্তা করিয়া স্থিরের ন্যায় হইলেন ॥১৯॥

তাহার পর মুহূর্ত্ত পরেই সাবিত্রী—স্বামী সত্যবানের সহিত রাত্রিতে আশ্রমে আসিলেন এবং হৃষ্টচিত্তে তথায় প্রবেশ করিলেন" ॥২০॥

* মাণ্ডব্য উবাচ—কা। (১৭) যথা বদন্তি শান্তায়াম্...পার্থিবী চ প্রবৃত্তিস্তে—বা ব কা।

ব্রাহ্মণা ঊচুঃ।

পুত্রেণ সঙ্গতং ত্বাদ্য চক্ষুষ্মন্তং নিরীক্ষ্য চ।
সর্ব্বে বয়ং বৈ পৃচ্ছামো বৃদ্ধিং তে পৃথিবীপতে! ॥২১॥

সমাগমেন পুত্রস্য সাবিত্র্যা দর্শনেন চ।
সর্ব্বৈরস্মাভিরুক্তং যত্তথা তন্নাত্র সংশয়ঃ।
ভূয়ো ভূয়ঃ সমৃদ্ধিস্তে ক্ষিপ্রমেব ভবিষ্যতি ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

অথাগ্নিং তত্র সংজ্বাল্য দ্বিজাস্তে সর্ব্ব এব হি।
উপাসাঞ্চক্রিরে পার্থ! দ্যুমৎসেনং মহীপতিম্ ॥২৩॥

শৈব্যা চ সত্যবাংশ্চৈব সাবিত্রী চৈকতঃ স্থিতাঃ।
সর্ব্বৈস্তৈরভ্যনুজ্ঞাতা বিশোকাঃ সমুপাবিশন্ ॥২৪॥

ভারতকৌমুদী

পুত্রেণেতি। সঙ্গতং সম্মিলিতম্, ত্বা ত্বাম্। বৃদ্ধিমুন্নতিম্ ॥২১॥

সমিতি। সমাগমেন সম্মেলনেন। তত্তথা সত্যমেব জাতমিত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

অথেতি। অগ্নিসংজ্বালনমন্ধকারে সর্ব্বেষাং দর্শনার্থম্। উপাসাঞ্চক্রিরে উপবিবিশুঃ ॥২৩॥

শৈব্যেতি। শৈব্যা দ্যুমৎসেনভার্য্যা। বিশোকাঃ সর্ব্বসম্মেলনান্নিরুদ্বেগাঃ ॥২৪॥

তখন ব্রাহ্মণেরা বলিলেন—"রাজা! আমরা সকলে আজ আপনাকে পুত্রের সহিত মিলিত এবং চক্ষুষ্মান্ দেখিয়া জিজ্ঞাসা করিতেছি—আপনি উন্নতি লাভ করিয়াছেন ত?" ॥২১॥

পুত্রের সম্মেলনে এবং সাবিত্রীর দর্শনে আমরা সকলে যাহা বলিয়াছিলাম, তাহা হইয়াছে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা'র পর, শীঘ্রই আপনার অতিপ্রচুর সমৃদ্ধি হইবে" ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! তাহার পর সেই ব্রাহ্মণেরা সকলেই সেই স্থানে অগ্নি প্রজ্বালিত করিয়া দ্যুমৎসেনরাজার নিকটে উপবেশন করিলেন ॥২৩॥

আর শৈব্যা, সত্যবান্ ও সাবিত্রী একদিকে দাঁড়াইয়াছিলেন; তাঁহারাও সেই সকলের অনুমতিক্রমে নিরুদ্বেগ হইয়া উপবেশন করিলেন ॥২৪॥

---

(২১) পুত্রেণ সঙ্গতং ত্বাস্ত···বা ব কা, বৃদ্ধিং বৈ পৃথিবীপতেঃ—পি। (২২) প্রথম-চরণদ্বয়াৎ পরম্ 'চক্ষুষশ্চাত্মনো লাভাচ্ছ্রিভির্দিষ্ট্যা বিবর্দ্ধসে' ইতি চরণদ্বয়মধিকং বা ব কা নি। (২৩) অতোঽগ্নিম্···বা ব কা নি।

ততো রাজ্ঞা সহাসীনাঃ সর্ব্বে তে বনবাসিনঃ।
জাতকৌতূহলাঃ পার্থ! পপ্রচ্ছুর্নৃপতেঃ সুতম্ ॥২৫॥

ঋষয় উচুঃ।

প্রাগেব নাগতং কস্মাৎ সভার্য্যেণ ত্বয়া বিভো!।
বিরাত্রে চাগতং কস্মাৎ কোঽনুবন্ধস্তবাভবৎ ॥২৬॥
সন্তাপিতঃ পিতা মাতা বয়ঞ্চৈব নৃপাত্মজ!।
কস্মাদিতি ন জানীমস্তৎ সর্ব্বং বক্তুমর্হসি ॥২৭॥

সত্যবানুবাচ।

পিত্রাহমভ্যনুজ্ঞাতঃ সাবিত্রীসহিতো গতঃ।
অথ মেঽভূচ্ছিরোদুঃখং বনে কাষ্ঠানি ভিন্দতঃ ॥২৮॥
সুপ্তশ্চাহং বেদনয়া চিরমিত্যুপলক্ষয়ে।
তাবৎ কালং ন চ ময়া সুপ্তপূর্ব্বং কদাচন ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আসীনা উপবিষ্টাঃ। নৃপতেঃ সুতং সত্যবন্তম্ ॥২৫॥

প্রাগিতি। বিরাত্রে বিশেষেণাধিক্যেন রাত্রৌ ভূতায়াম্, অনুবন্ধো বিঘ্নঃ ॥২৬॥

সমিতি। কস্মাৎ কারণাৎ সন্তাপিতস্ত্বয়া উদ্বেজিতঃ ॥২৭॥

পিত্রেতি। গতো বনমিতি শেষঃ। শিরসো দুঃখং পীড়া, ভিন্দতঃ পাটয়তঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নেবেতি ॥১—৪॥ ভিন্নৈর্বিদীর্ণৈঃ, পরুষৈঃ কর্কশৈঃ ॥৫—১৬॥ শাস্তায়াং প্রসন্নায়াম্, পার্থিবী পার্থিবত্বযোগ্যা, প্রবৃত্তির্ধর্ম্মঃ ॥১৭—২৫॥ বিরাত্রে বহুরাত্রে কালে, আগতমাগমনম্ ॥২৬—৪২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

যুধিষ্ঠির! তদনন্তর রাজার সহিত উপবিষ্ট সেই বনবাসীরা সকলে কৌতুকাবিষ্ট হইয়া সত্যবানের নিকট জিজ্ঞাসা করিলেন ॥২৫॥

ঋষিরা বলিলেন—"সত্যবান্! তুমি তোমার ভার্য্যার সহিত পূর্ব্বেই কেন আগমন কর নাই? অধিক রাত্রিতেই বা কেন আগমন করিলে? এবং তোমার কি প্রতিবন্ধকই বা হইয়াছিল? ॥২৬॥

রাজপুত্র! তুমি কি জন্য পিতাকে, মাতাকে এবং আমাদিগকে উদ্বিগ্ন করিলে, তাহা আমরা জানি না; অতএব তুমি সেই সকল বল" ॥২৭॥

সত্যবান্ বলিলেন—"আমি পিতার অনুমতিক্রমে সাবিত্রীর সহিত বনে গিয়াছিলাম; পরে কাঠ ফাঁড়িবার সময়ে আমার শিরঃপীড়া হইয়াছিল ॥২৮॥

---

(২৬)...চিরাত্তবাগতং কস্মাৎ—পি। (২৭)...নাকস্মাদিব জানীমঃ—পি।

সর্ব্বেষামেব ভবতাং সন্তাপো মা ভবেদিতি।
অতো বিরাত্রাগমনং নান্যদস্তীহ কারণম্ ॥৩০॥

গৌতম উবাচ।

অকস্মাচ্চক্ষুষঃ প্রাপ্তির্দ্যুমৎসেনস্য তে পিতুঃ।
নাস্য ত্বং কারণং বেৎসি সাবিত্রী বক্তুমর্হতি ॥৩১॥
শ্রোতুমিচ্ছামি সাবিত্রি! ত্বং হি বেত্থ পরাবরম্।
ত্বাং হি জানামি সাবিত্রি! সাবিত্রীমিব তেজসা ॥৩২॥
ত্বমত্র হেতুং জানীষে তস্মাৎ সত্যং নিরুচ্যতাম্।
রহস্যং যদি তে নাস্তি কিঞ্চিদেব বদস্ব নঃ ॥৩৩॥

সাবিত্র্যুবাচ।

এবমেতদ্‌যথৈবাত্থ সঙ্কল্পো নান্যথা হি বঃ।
নহি কিঞ্চিদ্রহস্যং মে শ্রূয়তাং তথ্যমত্র যৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

স্বপ্ত ইতি। স্বপ্তো নিদ্রিতঃ, বেদনয়া শিরঃপীড়য়া, উপলক্ষয়ে মন্যে ॥২৯॥
তর্হি কথমাগত ইত্যাহ—সর্ব্বেষামিতি। বিরাত্রে অধিকরাত্রে আগমনম্ ॥৩০॥
অকস্মাদিতি। নাস্য ত্বং কারণং বেৎসীত্যনুবাদঃ সাবিত্রী বক্তুমর্হতীতি চ সম্ভাবনা ॥৩১॥
শ্রোতুমিতি। পরাবরম্ উত্তমাধমং সর্ব্বং বিষয়ম্। সাবিত্রীং ব্রহ্মণঃ পত্নীম্ ॥৩২॥
ত্বমিতি। রহস্যং গোপনীয়ম্। কিঞ্চিদেবেতি সাকল্যাসম্ভবপক্ষে ॥৩৩॥
এবমিতি। যথৈব সত্যমেব আত্থ ব্রবীষি, সঙ্কল্পঃ সম্ভাবনা ॥৩৪॥

সেই শিরঃপীড়াবশতঃ আমি দীর্ঘকাল নিদ্রিত ছিলাম; ইহাই আমি ধারণা করি; কিন্তু পূর্ব্বে কখনও আমি ততকাল নিদ্রা যাই নাই ॥২৯॥

তা'র পর, আপনাদের সকলের উদ্বেগ না হয়, এই জন্যই অধিক রাত্রিতে আসিয়াছি; কিন্তু এতদ্ভিন্ন এবিষয়ে অন্য কোন কারণ নাই" ॥৩০॥

গৌতম বলিলেন—"তোমার পিতা দ্যুমৎসেনের অকস্মাৎ চক্ষুলাভ হইয়াছে; ইহার কারণ তুমি জান না, সম্ভবতঃ সাবিত্রী বলিতে পারেন ॥৩১॥

সাবিত্রি! আমি তোমার নিকট ইহার কারণ শুনিতে ইচ্ছা করি। কেন না, তুমি উত্তমাধম সমস্ত বিষয়ই জান। যে হেতু, সাবিত্রি! তোমাকে আমি তেজে সাবিত্রীদেবীর তুল্যই মনে করি ॥৩২॥

সুতরাং, তুমি এ বিষয়ের হেতু জান; অতএব সত্য বল। তোমার যদি গোপনীয় না হয়, তবে আমাদের নিকট কিছু বল" ॥৩৩॥

---

(৩০)...অতো চিরাগ্নাগমনম্—পি। (৩৪) এবমেতদ্‌যথা বেত্থ—বা.ব.কা.নি।

মৃত্যুর্মে পত্যুরাখ্যাতো নারদেন মহাত্মনা।
স চাদ্য দিবসঃ প্রাপ্তস্ততো নৈনং জহাম্যহম্ ॥৩৫॥
সুপ্তঞ্চৈনং যমঃ সাক্ষাদুপাগচ্ছৎ সকিঙ্করঃ।
স এনমনয়দ্বদ্ধা দিশং পিতৃনিষেবিতাম্ ॥৩৬॥
অস্তৌষং তমহং দেবং সত্যেন বচসা বিভুম্।
পঞ্চ বৈ তেন মে দত্তা বরাঃ শৃণুত তান্ মম ॥৩৭॥
চক্ষুষী চ স্বরাজ্যঞ্চ দ্বৌ বরৌ শ্বশুরস্য মে।
লব্ধং পিতুঃ পুত্রশতং পুত্রাণাঞ্চাত্মনঃ শতম্ ॥৩৮॥
চতুর্বর্ষশতায়ুর্মে ভর্ত্তা লব্ধশ্চ সত্যবান্।
ভর্ত্তুর্হি জীবিতার্থন্তু ময়া চীর্ণন্ত্বিদং ব্রতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

মৃত্যুরিতি। আখ্যাতঃ পরিণয়াৎ প্রাগেবোক্তঃ। প্রাপ্ত উপস্থিতঃ, এনং পতিম্ ॥৩৫॥
সুপ্তমিতি। এনম্ এতস্য সত্যবতো লিঙ্গদেহম্। পিতৃনিষেবিতাং দক্ষিণাম্ ॥৩৬॥
অস্তৌষমিতি। অস্তৌষং স্তুতবতী। তেন যমেন ॥৩৭॥
চক্ষুষী ইতি। পিতুরশ্বপতেঃ। আত্মনো মম ॥৩৮॥
চতুরিতি। ইদং ত্রিরাত্রোপবাসাত্মকং ব্রতং ময়া চীর্ণমাচরিতম্ ॥৩৯॥

সাবিত্রী বলিলেন—"আপনি যাহা বলিলেন, তাহা এইরূপই বটে। কেন না, আপনাদের ধারণা অন্যরূপ হয় না। সে যাহা হউক, এ বিষয়ে আমার গোপনীয় কিছু নাই; সুতরাং যাহা সত্য, তাহা শ্রবণ করুন ॥৩৪॥

মহাত্মা নারদ আমার পতির মৃত্যুর কথা বলিয়াছিলেন, সে দিন আজ ছিল। সেই জন্যই আমি ইঁহাকে পরিত্যাগ করি নাই ॥৩৫॥

ইনি নিদ্রিত হইলে, সাক্ষাৎ যম তাঁহার ভৃত্যগণের সহিত উপস্থিত হইলেন এবং তিনি ইঁহাকে বন্ধন করিয়া দক্ষিণদিকে লইয়া চলিলেন ॥৩৬॥

তখন আমি সত্যবাক্যে সেই প্রভাবশালী দেবতার স্তব করিতে লাগিলাম; পরে তিনি আমাকে পাঁচটী বর দিলেন; তাহা আমার নিকট শ্রবণ করুন ॥৩৭॥

প্রথম দুই বরে আমার শ্বশুরের চক্ষু দুইটী ও আপন রাজ্যলাভ, তৃতীয় বরে আমার পিতার একশত পুত্র লাভ এবং চতুর্থ বরে আমার নিজের একশত পুত্র লাভ ॥৩৮॥

আর পঞ্চম বরে আমার স্বামী চারিশত বৎসর আয়ু লাভ করিয়াছেন এবং আমি স্বামীর জীবনের জন্যই এই ব্রত করিয়াছিলাম ॥৩৯॥

এতৎ সর্ব্বং ময়াখ্যাতং কারণং বিস্তরেণ বঃ।
যথা বৃত্তং সুখোদর্কমিদং দুঃখং মহন্মম ॥৪০॥
ঋষয় ঊচুঃ।
নিমজ্জমানং ব্যসনৈরভিদ্রুতং কুলং নরেন্দ্রস্য তমোময়ে হ্রদে।
ত্বয়া সুশীলব্রতপুণ্যযুক্তয়া সমুদ্ধৃতং সাধ্বি! পুনঃ কুলীনয়া ॥৪১॥
মার্কণ্ডেয় উবাচ।
তথা প্রশস্য হ্যভিপূজ্য চৈব বরস্ত্রিয়ং তামৃষয়ঃ সমাগতাঃ।
নরেন্দ্রমামন্ত্র্য সপুত্রমঞ্জসা শিবেন জগ্মুর্মুদিতাঃ স্বমালয়ম্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সাবিত্রীকথায়াং
দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। কারণং শ্বশুরস্য চক্ষুর্লাভস্য। সুখোদর্কং সুখোত্তরফলকম্ ॥৪০॥

নিমজ্জেতি। হে সাধ্বি! সাবিত্রি! সুশীলব্রতপুণ্যযুক্তয়া কুলীনয়া চ ত্বয়া, ব্যসনৈঃ পুত্রাভাবরূপাদিভির্বিপদ্ভিঃ, অভিদ্রুতম্ আক্রান্তম্, অতএব তমোময়ে হ্রদে নিমজ্জমানম্, পিণ্ডলোপাদিত্যাশয়ঃ, নরেন্দ্রস্য দ্যুমৎসেনস্য অশ্বপতেশ্চ রাজ্ঞঃ কুলম্, সমুদ্ধৃতম্ ঈদৃশবর-গ্রহণেন উত্তোলিতম্ ॥৪১॥

তথেতি। তাং সাবিত্রীম্। অঞ্জসা দ্রুতম্, শিবেন মঙ্গলেন ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আমি বিস্তরক্রমে আপনাদের নিকট এই সকল কারণ বলিলাম; যাহাতে আমার এই গুরুতর কষ্টের সুখজনক ফল হইতে আরম্ভ করিয়াছে" ॥৪০॥

ঋষিরা বলিলেন—"সাধ্বি! তুমি—সচ্চরিত্র ও ব্রতপুণ্যশালিনী এবং সদ্বংশজাতা; তাই তুমি—বিপদাক্রান্ত ও অন্ধকারময় হ্রদে নিমগ্নপ্রায় রাজকুল উদ্ধার করিয়াছ" ॥৪১॥

মার্কণ্ডেয় বলিলেন—"সমাগত ঋষিরা উত্তমস্ত্রী সাবিত্রীর সেইভাবে প্রশংসা ও গৌরব করিয়া, সত্যবানের সহিত দ্যুমৎসেনরাজার অনুমতি লইয়া, আনন্দিত হইয়া কুশলে আপন আপন ভবনে সত্বর গমন করিলেন" ॥৪২॥

(৪০)…ইদং দুঃখতমং মম—পি। * '…পঞ্চাশীত্যধিকদ্বিশততমঃ…' —পি, '…সপ্তনবত্যধিকদ্বিশততমঃ…' —বা, ব, '…অষ্টনবত্যধিকদ্বিশততমঃ…' —কা,…একোননবত্যধিক দ্বিশততমঃ…'—নি।

ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

মার্কণ্ডেয় উবাচ।

তস্যাং রাত্র্যাং ব্যতীতায়ামুদিতে সূর্য্যমণ্ডলে।
কৃতপূর্ব্বাহ্নিকাঃ সর্ব্বে সমীয়ুস্তে তপোধনাঃ ॥১॥
তদেব সর্ব্বং সাবিত্র্যা মহাভাগ্যং মহর্ষয়ঃ।
দ্যুমৎসেনায় নাতৃপ্যন্ কথয়ন্তঃ পুনঃ পুনঃ ॥২॥
ততঃ প্রকৃতয়ঃ সর্ব্বাঃ শাল্বেভ্যোঽভ্যাগতা নৃপ!।
আচখ্যুর্নিহতঞ্চৈব স্বেনামাত্যেন তং দ্বিষম্ ॥৩॥
তং মন্ত্রিণা হতং শ্রুত্বা সসহায়ং সবান্ধবম্।
ন্যবেদয়ন্ যথা বৃত্তং বিদ্রুতঞ্চ দ্বিষদ্বলম্ ॥৪॥
ঐকমত্যঞ্চ সর্ব্বস্য জনস্যাথ নৃপং প্রতি।
সচক্ষুর্ব্বাপ্যচক্ষুর্ব্বা স নো রাজা ভবত্বিতি ॥৫॥

ভারতকৌমুদী

তস্যামিতি। কৃতানি পূর্ব্বাহ্নিকানি পূর্ব্বাহ্নবিহিতানি দেবপূজাদীনি যৈস্তে ॥১॥
তদিতি। মহাভাগ্যং পূর্ব্ববদ্ব্যাখ্যানাৎ মাহাত্ম্যম্ ॥২॥
তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ, শাল্বেভ্যঃ দ্যুমৎসেনপূর্ব্বাধিকৃতশাল্বদেশাৎ ॥৩॥
তমিতি। ন্যবেদয়ন্ প্রকৃতয় ইত্যনুবৃত্তিঃ। বিদ্রুতং পলায়িতম্ ॥৪॥
ঐকেতি। নৃপং দ্যুমৎসেনম্। স দ্যুমৎসেনঃ, নঃ অস্মাকম্ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"সেই রাত্রি অতীত হইলে এবং সূর্য্য উঠিলে, সেই
পস্বীরা সকলে পূর্ব্বাহ্নবিহিত কার্য্য করিয়া উপস্থিত হইলেন ॥১॥

এবং সেই মহর্ষিরা দ্যুমৎসেনের নিকট সাবিত্রীর সেই সকল মাহাত্ম্যের
া বার বার বলিয়াও তৃপ্তিলাভ করিলেন না ॥২॥

রাজা যুধিষ্ঠির! তা'র পর প্রজারা সকলে শাল্বদেশ হইতে আসিয়া
ৎসেনের নিকট বলিল যে, তাঁহার মন্ত্রী সেই শত্রুকে বধ করিয়াছেন ॥৩॥

তাহারা আরও এই যথাবৎ বৃত্তান্ত জানাইল যে, 'মন্ত্রী—সহায় ও বন্ধু-
ণের সহিত শত্রুকে বধ করিয়াছেন শুনিয়া সেই শত্রুসৈন্যেরা পলায়ন
রিয়াছে ॥৪॥

---

(১)···সমেয়ুস্তে তপোধনাঃ—বা ব, কা নি।

অনেন নিশ্চয়েনেহ বয়ং প্রস্থাপিতা নৃপ ! ।
প্রাপ্তানীমানি যানানি চতুরঙ্গঞ্চ তে বলম্ ॥৬॥
প্রয়াহি রাজন্ ! ভদ্রং তে ঘুষ্টস্তে নগরে জয়ঃ ।
অধ্যাস্স্ব চিররাত্রায় পিতৃপৈতামহং পদম্ ॥৭॥
মার্কণ্ডেয় উবাচ । ৭

চক্ষুষ্মন্তঞ্চ তং দৃষ্ট্বা রাজানং বপুষান্বিতম্ ।
মূর্দ্ধ্না নিপতিতাঃ সর্ব্বে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ॥৮॥
ততোঽভিবাদ্য তান্ বৃদ্ধান্ দ্বিজানাশ্রমবাসিনঃ ।
তৈশ্চাভিপূজিতঃ সর্ব্বৈঃ প্রযযৌ নগরং প্রতি ॥৯॥

ভারতকৌমুদী

অনেনেতি । প্রস্থাপিতাঃ প্রকৃতিভিরেব প্রেরিতাঃ । প্রাপ্তানি উপস্থিতানি ॥৬॥
প্রয়াহীতি । ভদ্রং তে ভবিষ্যতীতি শেষঃ, ঘুষ্টঃ প্রচারিতঃ । অধ্যাস্স্ব অধিতিষ্ঠ, চির-রাত্রায় চিরায়, "চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকাঃ" ইত্যমরঃ ॥৭॥
চক্ষুষ্মন্তমিতি । বপুষা প্রশস্তয়া আকৃত্যা, "বপুঃ শস্তাকৃতৌ দেহে" ইতি হেমচন্দ্রঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তস্যামিতি ॥১—৬॥ চিররাত্রায় বহুকালম্ ॥৭—১৭॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৩॥

এবং দ্যুমৎসেনরাজার প্রতি সকল লোকেরই এইরূপ একমত হইয়াছে যে, দ্যুমৎসেনরাজা চক্ষুষ্মান্ই হউন বা অন্ধই হউন, তিনিই আমাদের রাজা হউন ॥৫॥

রাজা ! এইরূপ নিশ্চয় করিয়াই সেই প্রজারা আমাদিগকে পাঠাইয়া দিয়াছে এবং আপনার এই সকল যান ও চতুরঙ্গ বল আসিয়াছে ॥৬॥

রাজা ! আপনার রাজধানীতে আপনার জয়ঘোষণা করা হইয়াছে; অতএব চলুন এবং চিরকালের জন্য পিতৃপৈতামহপদে অধিষ্ঠান করুন; আপনার মঙ্গল হইবে" ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর প্রজারা সকলে রাজাকে চক্ষুষ্মান্ ও সুন্দরাকৃতি দেখিয়া তাঁহার চরণে পতিত ও বিস্ময়ে উৎফুল্লনয়ন হইল ॥৮॥

তদনন্তর দ্যুমৎসেন রাজা, আশ্রমবাসী সেই বৃদ্ধ ব্রাহ্মণগণকে অভিবাদন করিয়া এবং তাঁহাদের দ্বারা সম্মানিত হইয়া রাজধানীর দিকে প্রস্থান করিলেন ॥৯॥

৭ অয়ং পাঠঃ বা ব কা পি নাস্তি ।

শৈব্যা চ সহ সাবিত্র্যা স্বাস্তীর্ণেন সুবর্চ্চসা।
নরযুক্তেন যানেন প্রযযৌ সেনয়া বৃতা ॥১০॥
ততোঽভিষিষিচুঃ প্রীত্যা দ্যুমৎসেনং পুরোহিতাঃ।
পুত্রঞ্চাস্য মহাত্মানং যৌবরাজ্যেঽভ্যষেচয়ন্ ॥১১॥
ততঃ কালেন মহতা সাবিত্র্যাঃ কীর্ত্তিবর্দ্ধনম্।
তদ্বৈ পুত্রশতং জজ্ঞে শূরাণামনিবর্ত্তিনাম্ ॥১২॥
ভ্রাতৃণাং সোদরাণাঞ্চ তথৈবাস্যাভবচ্ছতম্।
মদ্রাধিপস্যাশ্বপতের্মালব্যাং সুমহাবলম্ ॥১৩॥ (যুগ্মকম্)
এবমাত্মা পিতা মাতা শ্বশ্রূঃ শ্বশুর এব চ।
ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা সর্ব্বং কৃচ্ছ্রাৎ সমুদ্ধৃতম্ ॥১৪॥
তথৈবৈষাপি কল্যাণী দ্রৌপদী শীলসম্পদা।
তারয়িষ্যতি বঃ সর্ব্বান্ সাবিত্রীব কুলাঙ্গনা ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। অভিপূজিতঃ সম্মানিতঃ, দ্যুমৎসেন ইতি শেষঃ ॥৯॥
শৈব্যেতি। শোভনম্ আস্তীর্ণমাস্তরণবস্ত্রং যত্র তেন। যানেন শিবিকয়া ॥১০॥
তত ইতি। অভিষিষিচুঃ, রাজ্যে ইত্যর্থঃ। পুত্রং সত্যবন্তম্ ॥১১॥
তত ইতি। তদ্বয়বরপ্রাপ্যম্। মালব্যাং তদাখ্যায়াং তদ্ভার্য্যায়াম্ ॥১২—১৩॥
এবমিতি। কৃচ্ছ্রাৎ বৈধব্যরূপাৎ অপুত্রকত্বাদিরূপাচ্চ কষ্টাৎ ॥১৪॥

শৈব্যাও সাবিত্রীর সহিত সুন্দর আস্তরণযুক্ত, উজ্জ্বলকান্তি ও নরযুক্ত যানে আরোহণ করিয়া এবং সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া গমন করিলেন ॥১০॥

তাহার পর পুরোহিতেরা আনন্দের সহিত দ্যুমৎসেনরাজাকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং উঁহার পুত্র মহাত্মা সত্যবান্‌কে যৌবরাজ্যে অভিষিক্ত করাইলেন ॥১১॥

তদনন্তর বহুকাল পরে সাবিত্রীর কীর্ত্তিবর্দ্ধক সেই একশত পুত্র জন্মিল এবং মদ্ররাজ অশ্বপতির ঔরসে ও মালবীর গর্ভে সাবিত্রীর একশত সহোদর ভ্রাতা জন্মিল; তাহারা কালক্রমে অতিমহাবল, বীর ও যুদ্ধ হইতে অনিবর্ত্তী হইয়াছিল ॥১২—১৩॥

সাবিত্রী এইভাবে আপনি, পিতা, মাতা, শ্বশুর, শাশুরী এবং স্বামিকুল—এই সমস্তকেই বিপদ্ হইতে উদ্ধার করিয়াছিলেন ॥১৪॥

এই কুলবধূ কল্যাণী দ্রৌপদীও সাবিত্রীর ন্যায় সেইভাবেই চরিত্রের গুণে তোমাদের সকলকে বিপদ্ হইতে উদ্ধার করিবেন" ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং স পাণ্ডবস্তেন অনুনীতো মহাত্মনা।
বিশোকো বিজ্বরো রাজন্! কাম্যকে ন্যবসত্তদা ॥১৬॥
যশ্চেদং শৃণুয়াদ্ভক্ত্যা সাবিত্র্যাখ্যানমুত্তমম্।
স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে দ্যুমৎসেনরাজ্যলাভে
ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

(১৮। কুণ্ডলাহরণপর্ব্ব।)

চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

যত্তত্তদা মহাব্রহ্মন্! লোমশো বাক্যমব্রবীৎ।
ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। শীলসম্পদা চরিত্রগুণেন। বো যুষ্মান্ ॥১৫॥
এবমিতি। তেন মার্কণ্ডেয়েন, অনুনীতঃ প্রবোধিতঃ। বিজ্বরো নিঃসন্তাপঃ ॥১৬॥
য ইতি। সর্ব্বে সিদ্ধা নিষ্পন্না অর্থাঃ প্রয়োজনানি যস্য সঃ ॥১৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! সেই মহাত্মা মার্কণ্ডেয় এইভাবে প্রবোধ দিলে, তখন পাণ্ডবগণ শোক ও সন্তাপশূন্য হইয়া কাম্যকবনে বাস করিতে লাগিলেন ॥১৬॥

যে লোক ভক্তিপূর্ব্বক এই উত্তম সাবিত্র্যুপাখ্যান শ্রবণ করে, সে লোক সুখী হয়, তাহার সকল উদ্দেশ্য সিদ্ধ হয় এবং সে, কোন দুঃখ পায় না ॥১৭॥

---

* '…ষড়শীত্যধিকদ্বিশততমঃ…'—পি, '…অষ্টনবত্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…নবনবত্যধিকদ্বিশততমঃ…' —কা, '…ত্রিশততমঃ…' —নি।

(১) যত্তত্তদা মহদ্ব্রহ্মন্—বা ব কা নি।

যচ্চাপি তে ভয়ং তীব্রং ন চ কীর্ত্তয়সে ক্বচিৎ।
তচ্চাপ্যপহরিষ্যামি ধনঞ্জয় ইতো গতে ॥২॥
কিন্নু তজ্জপতাং শ্রেষ্ঠ! কর্ণং প্রতি মহদ্ভয়ম্।
আসীন্ন চ স ধর্ম্মাত্মা কথয়ামাস কস্যচিৎ ॥৩॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

অথ তে রাজশার্দ্দূল! কথয়ামি কথামিমাম্।
পৃচ্ছতো ভরতশ্রেষ্ঠ! শুশ্রূষস্ব গিরং মম ॥৪॥
দ্বাদশে সমতিক্রান্তে বর্ষে প্রাপ্তে ত্রয়োদশে।
পাণ্ডূনাং হিতকৃচ্ছক্রঃ কর্ণং ভিক্ষিতুমুদ্যতঃ ॥৫॥

ভারতকৌমুদী

যদ্বিতি। হে মহাব্রহ্মন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ!। ন চ "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে ॥" ইতি বচনান্মহচ্ছব্দপ্রয়োগেণ নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিরিতি বাচ্যম্, উদাহৃতশব্দেভ্যঃ পূর্ব্বমেব মহচ্ছব্দপ্রয়োগে তত্তদর্থপ্রতীতেঃ স্বাভাবিকত্বাৎ অত্র তু ব্রহ্মশব্দাৎ পূর্ব্বং মহচ্ছব্দপ্রয়োগে ন নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিঃ। অতএব ভট্টাবপি "পুণ্যো মহাব্রহ্মসমূহজুষ্টঃ" ইত্যুক্তম্। তদা যুধিষ্ঠিরাদীনাং তীর্থযাত্রাপ্রারম্ভে, লোমশো মুনিঃ, ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্, তৎ যৎ বাক্যমব্রবীৎ। কিং তদ্বাক্যমিত্যাকাঙ্ক্ষায়াং তদর্থমনুবদতি—যচ্চেতি। হে যুধিষ্ঠির! যচ্চাপি তে মানসিকং তীব্রং ভয়ং ক্বচিদপি ন কীর্ত্তয়সে, ধনঞ্জয়ে ইতঃ স্বর্গাদ্‌গতে সতি, তচ্চাপ্যহমপহরিষ্যামি। তত্রত্যবচনস্তু—"যচ্চাপি তে ভয়ং কর্ণাত্মনসিস্থমরিন্দম!। তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্নতো গতে ॥" ইতি। হে জপতাং শ্রেষ্ঠ! বৈশম্পায়ন! কর্ণপ্রতি যুধিষ্ঠিরস্য কিং নু তন্মহদ্ভয়মাসীৎ। স ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ, কস্যচিদপি জনস্য সকাশে ন চ তৎ কথয়ামাস। অতএবাশ্রবণাদহং ত্বাং পৃচ্ছামীতি ভাবঃ ॥১—৩॥

অথেতি। পৃচ্ছতস্তে ইতি সম্বন্ধঃ। শুশ্রূষস্ব ঐকাগ্র্যেণ শ্রোতুমিচ্ছ ॥৪॥

জনমেজয় বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! সেই সময়ে লোমশমুনি ইন্দ্রের বাক অনুসারে পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরকে সেই যে কথা বলিয়াছিলেন—"যুধিষ্ঠির! কর্ণের প্রতি তোমার মনে যে তীব্র ভয় রহিয়াছে, যাহা তুমি কোথাও বলিতেছ না; অর্জ্জুন এ স্থান হইতে চলিয়া গেলে, তাহা আমি দূর করিব"। জপিশ্রেষ্ঠ বৈশম্পায়ন! কর্ণের প্রতি যুধিষ্ঠিরের সে মহাভয়টা কি ছিল? সে ধর্ম্মাত্মা ত তাহা কাহারও নিকট বলেন নাই" ॥১—৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ ভরতপ্রধান! আপনি জিজ্ঞাসা করিয়াছেন বলিয়া আপনার নিকট আমি একথা বলিতেছি; আপনি শ্রবণ করুন ॥৪॥

অভিপ্রায়মথো জ্ঞাত্বা মহেন্দ্রস্য বিভাবসুঃ।
কুণ্ডলার্থে মহারাজ! সূর্য্যঃ কর্ণমুপাগতঃ ॥৬॥
মহার্হে শয়নে বীরং স্পর্দ্ধ্যাস্তরণসংবৃতে।
শয়ানমতিবিশ্বস্তং ব্রহ্মণ্যং সত্যবাদিনম্।
স্বপ্নান্তে নিশি রাজেন্দ্র! দর্শয়ামাস রশ্মিবান্ ॥৭॥
কৃপয়া পরয়াবিষ্টঃ পুত্রস্নেহাচ্চ ভারত!।
ব্রাহ্মণো বেদবিদ্ভূত্বা সূর্য্যো যোগাদ্ধি রূপবান্।
হিতার্থমব্রবীৎ কর্ণং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ ॥৮॥
কর্ণ! মদ্বচনং তাত! শৃণু সত্যভৃতাং বর!।
ব্রুবতোঽদ্য মহাবাহো! সৌহৃদাৎ পরমং হিতম্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বাদশ ইতি। প্রাপ্তে উপস্থিতপ্রায়ে। ভিক্ষিতুং কুণ্ডলং যাচিতুম্ ॥৫॥

অভীতি। বিভাবসুঃ কিরণধনঃ। কুণ্ডলার্থে কুণ্ডলরক্ষার্থে ॥৬॥

মহেতি। মহার্হে মহামূল্যে, শয়নে শয্যায়াম্, স্পর্দ্ধিনা উত্তমেন আস্তরণেন বস্ত্রেণ সংবৃতে। ব্রহ্মণ্যং ব্রাহ্মণহিতম্। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ, রশ্মিবান্ সূর্য্যঃ, মোপধত্বাদ্বত্বঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

কৃপয়েতি। যোগাদ্ যোগবলাৎ, রূপবান্ সুন্দরঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

যত্তদিতি ॥১—৫॥ বিভাবসুঃ বিশিষ্টা ভাঃ দীপ্তিঃ সৈব বসু ধনং যস্য তাদৃশঃ সূর্য্যঃ ॥৬॥ স্বপ্নান্তে স্বপ্নমধ্যে ॥৭—৩৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৪

বনবাসের দ্বাদশ বৎসর প্রায় অতীত এবং ত্রয়োদশ বৎসর প্রায় আগত হইলে, পাণ্ডবগণের হিতকারী ইন্দ্র কর্ণের নিকট তাঁহার কুণ্ডল ভিক্ষা করিতে উদ্যত হইলেন ॥৫॥

মহারাজ! তাহার পর বিভাবসু সূর্য্য ইন্দ্রের অভিপ্রায় বুঝিয়া কুণ্ডল-রক্ষার জন্য কর্ণের নিকট উপস্থিত হইলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ! বীর, ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী কর্ণ—উত্তম আস্তরণবস্ত্রে আবৃত ও মহামূল্য শয্যার উপরে অতিবিশ্বস্তভাবে রাত্রিতে শয়ন করিয়া-ছিলেন, এমন সময়ে সূর্য্য যাইয়া স্বপ্নে তাঁহাকে দেখা দিলেন ॥৭॥

ভরতনন্দন! সূর্য্য পুত্রস্নেহবশতঃ অত্যন্ত কৃপাবিষ্ট হইয়া, যোগবলে বেদবিৎ ও রূপবান্ ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া, হিতের জন্য কর্ণকে এই কোমল বাক্য বলিলেন—॥৮॥

উপায়াস্যতি শক্রস্ত্বাং পাণ্ডবানাং হিতেপ্সয়া।
ব্রাহ্মণচ্ছদ্মনা কর্ণ! কুণ্ডলাপজিহীর্ষয়া ॥১০॥
বিদিতং তেন তে শীলং সর্ব্বস্য জগতস্তথা।
যথা ত্বং ভিক্ষিতঃ সদ্ভির্দদাস্যেব ন যাচসে ॥১১॥
ত্বাস্তু চৈবংবিধং জ্ঞাত্বা স্বয়ং বৈ পাকশাসনঃ।
আগন্তা কুণ্ডলার্থায় কবচঞ্চৈব ভিক্ষিতুম্ ॥১২॥
তস্মৈ প্রযাচমানায় ন দেয়ে কুণ্ডলে ত্বয়া।
অনুনেয়ঃ পরং শক্ত্যা শ্রেয় এতদ্ধি তে পরম্ ॥১৩॥
কুণ্ডলার্থে ব্রুবংস্তাত! কারণৈর্বহুভিস্ত্বয়া।
অন্যৈর্বহুবিধৈর্বিত্তৈঃ স নিবার্য্যঃ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণেতি। সত্যভৃতাং সত্যবাদসত্যব্যবহারশালিনাম্। সৌহৃদাৎ স্নেহাৎ ॥৯॥

উপেতি। তব কুণ্ডলস্য কবচস্য চ পরোক্তেঃ অপজিহীর্ষয়া অপহরণেচ্ছয়া ॥১০॥

বিদিতমিতি। তেন শক্রেণ। দদাস্যেবেত্যেবশব্দেন প্রত্যাখ্যানব্যাবৃত্তিঃ ॥১১॥

ত্বামিতি। আগন্তা আগমিষ্যতি, কুণ্ডলার্থায় কুণ্ডলয়োর্গ্রহণায় ॥১২॥

তস্মা ইতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। শ্রেয়ো মঙ্গলম্ ॥১৩॥

"মহাবাহু সত্যবাদিশ্রেষ্ঠ বৎস কর্ণ! আমি আজ স্নেহবশতঃ তোমায় পরম হিতকর বাক্য বলিতেছি; তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

কর্ণ! দেবরাজ ইন্দ্র পাণ্ডবগণের হিতের জন্য তোমার কুণ্ডল ও কবচ হরণ করিবার ইচ্ছায় ব্রাহ্মণবেশে তোমার নিকট আসিবেন ॥১০॥

তিনি তোমার এবং জগতের সমস্ত লোকের স্বভাব জানেন যে, সজ্জনেরা তোমার নিকট প্রার্থনা করিলে, তুমি দান করিয়াই থাক; কিন্তু প্রত্যাখ্যান কর না, বা কাহারও নিকট কিছু প্রার্থনা কর না ॥১১॥

তোমাকে এইরূপ জানিয়া স্বয়ং ইন্দ্রই তোমার কবচ ও কুণ্ডল ভিক্ষা করিবার জন্য আগমন করিবেন ॥১২॥

তিনি আসিয়া প্রার্থনা করিলে, তুমি কবচ ও কুণ্ডল দিও না, তুমি শক্তি অনুসারে তাঁহার বিশেষ অনুনয় করিও, ইহাই তোমার পক্ষে পরম মঙ্গল ॥১৩॥

---

(১১) শ্লোকাৎ পরম্ 'ত্বং হি তাত! দদাস্যেব ব্রাহ্মণেভ্যঃ প্রযাচিতম্। বিত্তং যচ্চান্যদপ্যার্হন্ প্রত্যাখ্যাসি কস্যচিৎ ॥' অয়মুক্তার্থকোঽধিকঃ শ্লোকঃ—বা ব কা নি।

(১৪) শ্লোকাৎ পরম্ 'রত্নৈঃ স্ত্রীভিস্তথা গোভির্নৈর্বহুবিধৈরপি। নিদর্শনৈশ্চ বহুভিঃ কুণ্ডলেপ্সুঃ পুরন্দরঃ ॥' ইতি প্রায়েণ পূর্ব্বশ্লোকৈকার্থকং শ্লোকান্তরম্—বা ব কা নি।

যদি দাস্যসি কর্ণ! ত্বং সহজে কুণ্ডলে শুভে।
আয়ুষঃ প্রক্ষয়ং গত্বা মৃত্যোর্বশমুপৈষ্যসি ॥১৫॥
কবচেন সমাযুক্তঃ কুণ্ডলাভ্যাঞ্চ মানদ!।
অবধ্যস্ত্বং রণেঽরীণামিতি বিদ্ধি বচো মম ॥১৬॥
অমৃতাদুত্থিতং হ্যেতদুভয়ং রত্নসম্ভবম্।
তস্মাদ্রক্ষ্যং ত্বয়া কর্ণ! জীবিতঞ্চেৎ প্রিয়ং তব ॥১৭॥

কর্ণ উবাচ।

কো মামেবং ভগবান্ প্রাহ দর্শয়ন্ সৌহৃদং পরম্।
কাময়া ভগবন্! ব্রূহি কো ভবান্ দ্বিজবেশধৃক্ ॥১৮॥

ব্রাহ্মণ উবাচ।

অহং তাত! সহস্রাংশুঃ সৌহৃদাত্ত্বাং নিদর্শয়ে।
কুরুষ্বৈতদ্বচো মে ত্বমেতচ্ছ্রেয়ঃ পরং হি তে ॥১৯॥

ভারতকৌমুদী

কুণ্ডলেতি। বিত্তৈর্নৈর্ধনদানাঙ্গীকারৈঃ, স শক্রঃ ॥১৪॥
যদীতি। সহজে আজন্মলব্ধে। গত্বা প্রাপ্য ॥১৫॥
কবচকুণ্ডলরক্ষণে কিং ফলমিত্যাহ—কবচেনেতি। বিদ্ধি সত্যং জানীহি ॥১৬॥
অমৃতাদিতি। রক্ষ্যম্ ইন্দ্রাদ্রক্ষণীয়ম্ ॥১৭॥
ক ইতি। কাময়া ইচ্ছয়া, অনিচ্ছা চেন্ন ব্রূহীতি ভাবঃ ॥১৮॥

বৎস! তিনি কুণ্ডলের জন্য বলিতে লাগিলে, তুমি নানাবিধ কারণ দেখাইয়া এবং অন্য বহুবিধ ধনদানের অঙ্গীকার করিয়া তাঁহাকে বার বার নিবারণ করিবে ॥১৪॥

কর্ণ! যদি তুমি সহজাত কবচ ও কুণ্ডল দান কর, তবে আয়ুঃক্ষয় হওয়ায় তুমি মৃত্যুর অধীন হইবে ॥১৫॥

পক্ষান্তরে তুমি কবচ-কুণ্ডল-যুক্ত থাকিলে, যুদ্ধে শত্রুগণের অবধ্যই থাকিবে; আমার এই বাক্য সত্য বলিয়াই জানিয়া রাখ ॥১৬॥

কারণ, রত্নসম্ভূত এই কবচ ও কুণ্ডল অমৃত হইতে উঠিয়াছিল; অতএব কর্ণ! তোমার জীবন যদি তোমার প্রিয় হয়, তবে উহা রক্ষণীয়” ॥১৭॥

কর্ণ বলিলেন—“কে আপনি পরম সৌহার্দ্দ দেখাইতে থাকিয়া আমাকে এইরূপ বলিতেছেন।। ভগবন্! আপনি আপনার ইচ্ছানুসারেই বলুন যে, ব্রাহ্মণবেশধারী আপনি কে?” ॥১৮॥

(১৯)···সৌহৃদাত্ত্বাং নিদর্শয়ে—পি।

কর্ণ উবাচ।

শ্রেয় এব মমাত্যন্তং যস্য মে গোপতিঃ প্রভুঃ।
প্রবক্ত্যাহ হিতান্বেষী শৃণু চেদং বচো মম ॥২০॥
প্রসাদয়ে ত্বাং বরদং প্রণয়াচ্চ ব্রবীম্যহম্।
ন নিবার্য্যো ব্রতাদস্মাদহং যদ্যস্মি তে প্রিয়ঃ ॥২১॥
ব্রতং বৈ মম লোকোহয়ং বেত্তি কৃৎস্নং বিভাবসো!।
যথাহং দ্বিজমুখ্যেভ্যো দদ্যাং প্রাণানপি ধ্রুবম্ ॥২২॥
যদ্যাগচ্ছতি মাং শক্রো ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতঃ।
হিতার্থং পাণ্ডুপুত্ত্রাণাং খেচরোত্তম! ভিক্ষিতুম্।
দাস্যামি বিবুধশ্রেষ্ঠ! কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অহমিতি। সহস্রাংশুঃ সূর্য্যঃ। সৌহৃদাৎ স্নেহাৎ, নিদর্শয়ে আত্মানং দর্শয়ামি ॥১৯॥

শ্রেয় ইতি। গোপতিঃ কিরণাধিপতিঃ সূর্য্যঃ "ষণ্ডঃ সূর্য্যশ্চ গোপতিঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২০॥

প্রেতি। প্রসাদয়ে অনুনয়েন প্রসন্নীকরোমি। অস্মাৎ দানরূপাৎ ॥২১॥

ব্রতমিতি। লোকঃ সর্ব্বো জনঃ। দ্বিজমুখ্যেভ্যো ব্রাহ্মণেভ্যঃ ॥২২॥

যদীতি। হে খেচরোত্তম! গ্রহশ্রেষ্ঠ!। দাস্যামি তস্মৈ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৩॥

ব্রাহ্মণরূপী সূর্য্য বলিলেন—"বৎস! আমি সূর্য্য; স্নেহবশতই আমি তোমাকে দেখা দিয়াছি। তুমি আমার এই বাক্য রক্ষা কর, ইহাতে তোমার পরম মঙ্গল হইবে" ॥১৯॥

কর্ণ কহিলেন—"আমার পরম মঙ্গলই হইবে, (এ বিষয়ে কোন সন্দেহ নাই)। কারণ, প্রভাবশালী সূর্য্যদেবই যখন আমার হিতৈষী হইয়া আজ এইরূপ বলিতেছেন। তবে আমার এই বাক্য শ্রবণ করুন ॥২০॥

আপনি বরদাতা; সুতরাং আপনাকে আমি প্রসন্ন করিতেছি এবং প্রণয়-বশতঃ বলিতেছি—আমি যদি আপনার প্রিয় হই, তবে আপনি আমাকে এই ব্রত হইতে নিবারণ করিবেন না ॥২১॥

সূর্য্যদেব! জগতের লোক আমার এই ব্রতের বিষয় জানে যে, আমি নিশ্চয়ই ব্রাহ্মণদিগকে প্রাণও দিয়া থাকি ॥২২॥

গ্রহশ্রেষ্ঠ দেবতাপ্রধান! তাহাতে ইন্দ্র যদি পাণ্ডবগণের হিতের জন্য ব্রাহ্মণবেশে ভিক্ষা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাঁহাকে আমি কুণ্ডল দুইটী ও উত্তম বর্ম্মটী দান করিব ॥২৩॥

ন মে কীর্ত্তিঃ প্রণশ্যেত ত্রিষু লোকেষু বিশ্রুতা।
মদ্বিধস্যাযশস্যং হি ন যুক্তং প্রাণরক্ষণম্ ॥২৪॥
যুক্তং হি যশসা যুক্তং মরণং লোকসম্মতম্।
সোঽহমিন্দ্রায় দাস্যামি কুণ্ডলে সহ বর্ম্মণা ॥২৫॥
যদি মাং বলবৃত্রঘ্নো ভিক্ষার্থমুপযাস্যতি।
হিতার্থং পাণ্ডুপুত্রাণাং কুণ্ডলে মে প্রযাচিতুম্।
তন্মে কীর্ত্তিকরং লোকে তস্যাকীর্ত্তির্ভবিষ্যতি ॥২৬॥
বৃণোমি কীর্ত্তিং লোকেঽস্মিন্ জীবিতেনাপি ভানুমন্!।
কীর্ত্তিমানশ্নুতে স্বর্গং হীনকীর্ত্তিস্তু নশ্যতি ॥২৭॥
কীর্ত্তির্হি পুরুষং লোকে সঞ্জীবয়তি মাতৃবৎ।
অকীর্ত্তির্জীবিতং হন্তি জীবতোঽপি শরীরিণঃ ॥২৮॥
অয়ং পুরাণঃ শ্লোকো হি স্বয়ং গীতো বিভাবসো!।
ধাত্রা লোকেশ্বর! যথা কীর্ত্তিরায়ুর্নরস্য হ ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি। বিশ্রুতা বিখ্যাতা। অযশস্যং নিন্দাজনকম্ ॥২৪॥
যুক্তমিতি। যুক্তং সঙ্গতম্, যুক্তমন্বিতম্। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্ ॥২৫॥
যদীতি। বলং বৃত্রঞ্চ নামাসুরং হতবানিতি বলবৃত্রঘ্ন ইন্দ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
বৃণোমীতি। জীবিতেন জীবনেনাপি, হে ভানুমন্! রশ্মিবন্! সূর্য্য! ॥২৭॥
কীর্ত্তেঃ প্রাধান্যমাহ—কীর্ত্তিরিতি। অকীর্ত্তিঃ কীর্ত্তিবিরোধিনী নিন্দা ॥২৮॥
অত্রার্থে মহাপুরুষবচনং প্রমাণয়তি—অয়মিতি। কীর্ত্তিরিত্যাদির্ধাতৃবচনার্থোক্তিঃ ॥২৯॥

তাহা হইলে আমার ত্রিভুবনবিখ্যাত কীর্ত্তি নষ্ট হইবে না। কারণ, আমার মত লোকের পক্ষে নিন্দাজনক প্রাণরক্ষা করা সঙ্গত নহে ॥২৪॥

কিন্তু লোকসম্মত যশোযুক্ত মরণই সঙ্গত; অতএব আমি কবচের সহিত কুণ্ডল দুইটী ইন্দ্রকে দান করিব ॥২৫॥

ইন্দ্র যদি ভিক্ষার জন্য - অর্থাৎ পাণ্ডবগণের হিতার্থে আমার কুণ্ডল দুইটী প্রার্থনা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাহা জগতে আমার কীর্ত্তিজনক এবং তাঁহার অকীর্ত্তিজনক হইবে ॥২৬॥

সূর্য্যদেব! আমি প্রাণ দিয়াও এই জগতে কীর্ত্তি বরণ করি। কারণ, কীর্ত্তিশালী লোক স্বর্গ লাভ করে, আর কীর্ত্তিহীন লোক নষ্ট হয় ॥২৭॥

কীর্ত্তি মাতারই তুল্য জগতে মৃতপ্রায় ব্যক্তিকেও সঞ্জীবিত করে; আর অকীর্ত্তি জীবিত ব্যক্তিরও জীবন নষ্ট করে ॥২৮॥

পুরুষস্য পরে লোকে কীর্ত্তিরেব পরায়ণম্।
ইহলোকে বিশুদ্ধা চ কীর্ত্তিরায়ুর্বিবর্দ্ধনী ॥৩০॥
সোঽহং শরীরজে দত্ত্বা কীর্ত্তিং প্রাপ্স্যামি শাশ্বতীম্।
দত্ত্বা চ বিধিবদ্দানং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৩১॥
হুত্বা শরীরং সংগ্রামে কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
বিজিত্য চ পরানাজৌ যশঃ প্রাপ্স্যামি কেবলম্ ॥৩২॥ (যুগ্মকম্)
ভীতানামভয়ং দত্ত্বা সংগ্রামে জীবিতার্থিনাম্।
বৃদ্ধান্ বালান্ দ্বিজাতীংশ্চ মোক্ষয়িত্বা মহাভয়াৎ ॥৩৩॥
প্রাপ্স্যামি পরমং লোকে যশঃ স্বর্গমনুত্তমম্।
জীবিতেনাপি মে রক্ষ্যা কীর্ত্তিস্তদ্বিদ্ধি মে ব্রতম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধাতৃগীতশ্লোকমুদাহরতি—পুরুষস্যেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ, তস্যা এব তৎস্থাপকত্বাৎ ॥৩০॥

স ইতি। শরীরজে সহজে কবচকুণ্ডলে। শাশ্বতীং চিরস্থায়িনীম্। বিধিবৎ শাস্ত্রোক্তম্। যথাবিধি শাস্ত্রোক্তপরিপাট্যা। পরান্ শত্রূন্, আজৌ যুদ্ধে ॥৩১—৩২॥

ভীতানামিতি। ইহলোকে পরমং যশঃ, পরলোকে চানুত্তমং স্বর্গম্ ॥৩৩—৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

জগদীশ্বর সূর্য্যদেব! স্বয়ং বিধাতাই এই প্রাচীন শ্লোক গাহিয়াছেন যে, কীর্ত্তিই মানুষের আয়ু: (যথা—) ॥২৯॥

'কীর্ত্তিই পরলোকে মানুষের পরম গতি এবং নির্ম্মল কীর্ত্তি ইহলোকে মানুষের আয়ু বৃদ্ধি করে' ॥৩০॥

অতএব আমি সহজাত কবচ ও কুণ্ডল ইন্দ্রকে দান করিয়া চিরস্থায়ী কীর্ত্তি লাভ করিব। তাহার পর ব্রাহ্মণদিগকে যথানিয়মে শাস্ত্রোক্ত দান করিয়া, যুদ্ধে অতিদুষ্কর কার্য্য এবং শত্রুগণকে পরাভূত করিয়া, তৎপরে যুদ্ধেই দেহত্যাগ করিয়া, অদ্বিতীয় যশ লাভ করিব ॥৩১—৩২॥

---

(৩৪) শ্লোকাৎ পরম্ 'সোঽহং দত্ত্বা মঘবতে ভিক্ষামেতামনুত্তমাম্। ব্রাহ্মণচ্ছদ্মিনে দেবলোকে গন্তা পরাং গতিম্॥' ইতি পুনরুক্তার্থকঃ শ্লোকঃ—বা ব পি নি। * '…সপ্তাশীত্যধিকদ্বিশততমঃ…' —পি, '…একোনশতাধিকদ্বিশততমঃ…' বা ব, '…ত্রিশততমঃ…'—কা, '…একাধিকত্রিশততমঃ…' —নি।

পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সূর্য্য উবাচ।

মাঽহিতং কর্ণ! কার্ষীস্ত্বমাত্মনঃ সুহৃদাং তথা।
পুত্রাণামথ ভার্য্যাণামথো মাতুরথো পিতুঃ ॥১॥
শরীরস্যাবিরোধেন প্রাণিভিঃ প্রাণভৃদ্বর!।
ইষ্যতে যশসঃ প্রাপ্তিঃ কীর্ত্তিশ্চ ত্রিদিবে স্থিরা ॥২॥
যস্ত্বং প্রাণবিরোধেন কীর্ত্তিমিচ্ছসি শাশ্বতীম্।
সা তে প্রাণান্ সমাদায় গমিষ্যতি ন সংশয়ঃ ॥৩॥
জীবতঃ কুরুতে কার্য্যং পিতা মাতা সুতস্তথা।
যে চান্যে বান্ধবাঃ কেচিল্লোকেঽস্মিন্ পুরুষর্ষভ!।
রাজানশ্চ নরব্যাঘ্র! পৌরুষেণ নিবোধ তৎ ॥৪॥

ভারতকৌমুদী

মেতি। হে কর্ণ! ত্বমাত্মাদীনামহিতং কার্য্যং মা কার্ষীরিতি সম্বন্ধঃ ॥১॥
কথমিত্যাহ—শরীরস্যেতি। অবিরোধেন হানিমকৃত্বা। ত্রিদিবে স্বর্গে ॥২॥
য ইতি। প্রাণবিরোধেন প্রাণহানিসম্ভাবনয়া। গমিষ্যতি লোপমিতি শেষঃ ॥৩॥

যুদ্ধে ভীত ও জীবনার্থীদিগকে অভয় দান করিয়া এবং বালক, বৃদ্ধ ও ব্রাহ্মণদিগকে মহাভয় হইতে মুক্ত করিয়া ইহলোকে উত্তম যশ এবং পরলোকে উত্তম স্বর্গ লাভ করিব; অতএব আমি প্রাণ দিয়াও কীর্ত্তি রক্ষা করিব। আপনি সেইটাকেই আমার ব্রত বলিয়া জানুন" ॥৩৩—৩৪॥

—:*:—

সূর্য্য বলিলেন—"কর্ণ! তুমি নিজের, বন্ধুবর্গের, পুত্রদের, ভার্য্যাগণের, মাতার এবং পিতার অহিত কার্য্য করিও না ॥১॥

হে প্রাণিশ্রেষ্ঠ! প্রাণীরা শরীরের অবিরোধেই যশ লাভ এবং স্বর্গে চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিয়া থাকে ॥২॥

যে তুমি প্রাণের বিরোধেও চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিতেছ, সে তোমার প্রাণ লইয়াই সেই কীর্ত্তি লোপ পাইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

---

(২)…প্রাণিনাং প্রাণভৃদ্বর।—পি। (৪) জীবতাং কুরুতে কার্য্যম্—বা ব কা নি।

কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্য মহাদ্যুতে ॥
মৃতস্য কীর্ত্ত্যা কিং কার্য্যং ভস্মীভূতস্য দেহিনঃ ॥৫॥
মৃতঃ কীর্ত্তিং ন জানীতে জীবন্ কীর্ত্তিং সমশ্নুতে।
মৃতস্য কীর্ত্তির্মর্ত্ত্যস্য যথা মালা গতায়ুষঃ ॥৬॥
অহন্তু ত্বাং ব্রবীম্যেতদ্ভক্তোঽসীতি হিতেপ্সয়া।
ভক্তিমন্তো হি মে রক্ষ্যা ইত্যেতেনাপি হেতুনা ॥৭॥
ভক্তোঽয়ং পরয়া ভক্ত্যা মামিত্যেব মহাভুজ ॥
মমাপি ভক্তিরুৎপন্না স ত্বং কুরু বচো মম ॥৮॥
অস্তি চাত্র পরং কিঞ্চিদধ্যাত্মং দৈবনির্ম্মিতম্।
অতশ্চ ত্বাং ব্রবীম্যেতৎ ক্রিয়তামবিশঙ্কয়া ॥৯॥

ভারতকৌমুদী

জীবত ইতি। পৌরুষেণ কার্য্যং কুরুতে ইতি সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
কীর্ত্তিরিতি। সাধ্বী প্রশস্তা। কার্য্যং প্রয়োজনম্ ॥৫॥
মৃত ইতি। কীর্ত্তিনিবন্ধনং সুখম্, সমশ্নুতে অনুভবতি ॥৬॥
নম্বপ্রার্থিতো ভবান্ কথমীদৃশমুপদিশতীত্যাহ—অহমিতি। রক্ষ্যা রক্ষণীয়াঃ ॥৭॥
ভক্ত ইতি। ভক্ত্যা গৌরবাকর্ষণেন, মাং প্রতি। ভক্তিঃ ত্বয়ি স্নেহঃ ॥৮॥

হে পুরুষশ্রেষ্ঠ! তুমি জান যে, পিতা, মাতা, পুত্র এবং এই জগতে যে কিছু বন্ধু আছে, তাহারা ও রাজারা আপন আপন পুরুষকারদ্বারা জীবিত ব্যক্তিরই কার্য্য করিয়া থাকেন ॥৪॥

মহাতেজা! জীবিত পুরুষের কীর্ত্তিই ভাল। কেন না, মৃত ও ভস্মীভূত প্রাণীর কীর্ত্তিদ্বারা কি প্রয়োজন আছে? ॥৫॥

মৃত ব্যক্তি কীর্ত্তির বিষয় জানিতে পারে না, জীবিত ব্যক্তিই কীর্ত্তির সুখ অনুভব করে; সুতরাং মৃত মানুষের মালাও যেমন, কীর্ত্তিও তেমন ॥৬॥

তুমি আমার ভক্ত এই জন্য তোমার হিতৈষিতাবশতঃ এবং ভক্তলোকদিগকে আমার রক্ষা করা উচিত—এই কারণেও তোমাকে আমি এই কথা বলিতেছি ॥৭॥

মহাবাহু! তুমি পরম ভক্তি সহকারে আমার ভক্ত হইয়াছ; এই জন্য আমারও তোমার প্রতি স্নেহ জন্মিয়াছে; সুতরাং সেই তুমি আমার বাক্য রক্ষা কর ॥৮॥

---

(৯)...অধ্যাত্মং দেবনির্ম্মিতম্—পি নি।

দেবগুহ্যং ত্বয়া জ্ঞাতুং ন শক্যং পুরুষর্ষভ ! ।
তস্মান্নাখ্যামি তে গুহ্যং কালে বেৎস্যতি তদ্ভবান্ ॥১০॥
পুনরুক্তঞ্চ বক্ষ্যামি ত্বং রাধেয় ! নিবোধ তৎ ।
মাঽস্মৈ তে কুণ্ডলে দত্থা ভিক্ষিতে বজ্রপাণিনা ॥১১॥
শোভসে কুণ্ডলাভ্যাঞ্চ রুচিরাভ্যাং মহাদ্যুতে ! ।
বিশাখয়োর্মধ্যগতঃ শশীব বিমলে দিবি ॥১২॥
কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্যেতি বিদ্ধি তৎ ।
প্রত্যাখ্যেয়স্ত্বয়া তাত ! কুণ্ডলার্থে সুরেশ্বরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

উপদেশে কারণান্তরমাহ—অস্তীতি। অত্রোপদেশে, কিঞ্চিৎ কারণম্ অধ্যাত্মম্ অধ্যাত্ম-বিষয়বৎ দুরূহমিতি বাচ্যার্থঃ, আত্মাশ্রিতঃ পিতৃপুত্রত্বসম্বন্ধ ইতি তু ব্যঙ্গ্যার্থঃ ॥৯॥

অথ দুরূহমপি তৎ কারণং ব্রূহীত্যাহ—দেবেতি। দেবেষপি গুহ্যং তৎ কারণম্ ॥১০॥

পুনরিতি। পুনরুক্তমনর্থকমপি দার্ঢ্যায়েতি ভাবঃ। অস্মৈ বজ্রপাণয়ে ॥১১॥

কুণ্ডলাদানে হেত্বন্তরমাহ—শোভস ইতি। বিশাখয়োর্নক্ষত্রয়োঃ ॥১২॥

কীর্ত্তিরিতি। জীবত এব ন মৃতস্যেত্যাশয়ঃ। তত্তস্মাদ্ধেতোঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

মাঽহিতমিতি। অহিতমিতি চ্ছেদঃ ॥১—৩॥ জীবতাং পুত্রাদীনাম্, কার্য্যং প্রয়োজনম্, পরিষঙ্গাদিজং সুখং পিত্রাদিঃ কুরুতে লভতে ত্বয়ি মৃতে ত্বৎপিত্রাদীনাং কিং সুখং স্যাদিতি ভাবঃ ॥৪—১১॥ বিশাখয়োঃ বিশাখানক্ষত্রস্য দ্বে ভাস্বরে তারে তয়োর্মধ্যে গতঃ পূর্ণচন্দ্রঃ

বিশেষতঃ, এ বিষয়ে দৈববিহিত এবং অধ্যাত্মবিষয়ের ন্যায় দুরূহ অন্য কোন কারণ আছে; এই জন্যও আমি একথা তোমাকে বলিতেছি; সুতরাং নিঃশঙ্কচিত্তে আমার বাক্য রক্ষা কর ॥৯॥

পুরুষশ্রেষ্ঠ! সে কারণ দেবগণের নিকটেও গোপনীয়; সুতরাং তুমি তাহা জানিতে পারিবে না। সেই জন্যই আমি তাহা তোমার নিকট বলিতেছি না। তবে তুমি সে গোপনীয় বিষয় কালে জানিতে পারিবে ॥১০॥

রাধানন্দন! আমি আবারও বলিব, তুমি তাহা শ্রবণ কর। ইন্দ্র আসিয়া প্রার্থনা করিলে, তুমি কুণ্ডল দুইটী তাঁহাকে দিও না ॥১১॥

মহাতেজা! বিশেষতঃ নির্ম্মল আকাশে বিশাখানক্ষত্রদ্বয়ের মধ্যবর্ত্তী চন্দ্রের ন্যায় তুমি কুণ্ডল দুইটীদ্বারা বড়ই শোভা পাইয়া থাক ॥১২॥

বৎস! জীবিত ব্যক্তিরই কীর্ত্তি ভাল, মৃত ব্যক্তির নহে; অতএব কুণ্ডলের বিষয়ে তুমি ইন্দ্রকে প্রত্যাখ্যান করিও ॥১৩॥

শক্যা বহুবিধৈর্বাক্যৈঃ কুণ্ডলেপ্সা ত্বয়ানঘ !।
বিহন্তুং দেবরাজস্য হেতুযুক্তৈঃ পুনঃ পুনঃ ॥১৪॥
হেতুমদুপপন্নার্থৈর্মাধুর্য্যকৃতভূষণৈঃ।
পুরন্দরস্য কর্ণ! ত্বং বুদ্ধিমেতামপানুদ ॥১৫॥
ত্বং হি নিত্যং নরব্যাঘ্র! স্পর্দ্ধসে সব্যসাচিনা।
সব্যসাচী ত্বয়া চেহ যুধি শূরঃ সমেষ্যতি ॥১৬॥
নহি ত্বামর্জ্জুনঃ শক্তঃ কুণ্ডলাভ্যাং সমন্বিতম্।
বিজেতুং যুধি যদ্যস্য স্বয়মিন্দ্রঃ সখা ভবেৎ ॥১৭॥
তস্মান্ন দেয়ে শক্রায় ত্বয়ৈতে কুণ্ডলে শুভে।
সংগ্রামে যদি নির্জ্জেতুং কর্ণ! কাময়সেঽর্জ্জুনম্ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শক্যেতি। হেতুযুক্তৈর্যুক্তিযুক্তৈঃ বহুবিধৈর্বাক্যৈঃ কুণ্ডলেপ্সা বিহন্তুং শক্যা ॥১৪॥

হেতুমদিতি। মাধুর্য্যকৃতভূষণৈঃ কোমলতালঙ্কৃতৈঃ, বাক্যৈরিত্যনুবৃত্তিঃ ॥১৫॥

ত্বমিতি। সব্যসাচিনা অর্জ্জুনেন সহ। ত্বয়া সার্দ্ধম্ ॥১৬॥

নহীতি। অস্য অর্জ্জুনস্য। সখা সহায়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

॥১২—১৩॥ বিহন্তুং শক্যেতি সম্বন্ধঃ। হেতুর্জীবনাদিপ্রদর্শনং তদ্যুক্তৈঃ ॥১৪॥ হেতুর্যুক্তিস্তদ্বন্তি চ উপপন্নার্থানি হেত্বাভাসরহিতানি চ তৈঃ সর্ব্বত এবাত্মানং গোপায়েৎ। ন সর্পায়াঙ্গুলিং দদ্যাৎ। "শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধন"মিত্যাদিভির্বাক্যৈঃ ॥১৫—১৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৫॥

হে নিষ্পাপ! তুমি যুক্তিযুক্ত নানাবিধ বাক্যদ্বারা দেবরাজের কুণ্ডলগ্রহণের ইচ্ছা বার বারই খণ্ডন করিতে পারিবে ॥১৪॥

অতএব কর্ণ! তুমি—যুক্তিযুক্ত, সঙ্গতার্থ ও কোমলতাভূষিত বাক্যদ্বারা দেবরাজের এই বুদ্ধিটাকে দূর করিয়া দিও ॥১৫॥

নরশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিয়া থাক; সুতরাং বীর অর্জ্জুনও অবশ্যই যুদ্ধে তোমার সহিত সম্মিলিত হইবেন ॥১৬॥

তখন তুমি কুণ্ডলযুক্ত থাকিলে, যদি স্বয়ং ইন্দ্রও অর্জ্জুনের সহায় হন, তথাপি অর্জ্জুন তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হইবেন না ॥১৭॥

---

* '...অষ্টাশীত্যধিকদ্বিশততমঃ...' —পি, '...ত্রিশততমঃ...' —বা ব, '...একাধিকত্রিশততমঃ...' —কা, '...দ্ব্যধিকত্রিশততমঃ...' —নি।

ষট্‌পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

কর্ণ উবাচ।

ভগবন্তমহং ভক্তো যথা মাং বেত্থ গোপতে!।
তথা পরমতিগ্মাংশো! নাস্ত্যদেয়ং কথঞ্চন॥১॥
ন মে দারা ন মে পুত্রা ন চাত্মা সুহৃদো ন চ।
তথেষ্টা বৈ সদা ভক্ত্যা যথা ত্বং গোপতে! মম॥২॥
ইষ্টানাঞ্চ মহাত্মানো ভক্তানাঞ্চ ন সংশয়ঃ।
কুর্ব্বন্তি ভক্তিমিষ্টাঞ্চ জানীষে ত্বঞ্চ ভাস্কর!॥৩॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্, শুভে জীবনরক্ষকতয়া শুভকরে॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥০॥

—:*:—

ভগেতি। হে গোপতে! সূর্য্য! অহং ভগবন্তং ভবন্তং প্রতি ভক্ত ইতি ভক্তত্বেন যথা ত্বং মাং বেত্থ, তথা হে পরমতিগ্মাংশো! মম কথঞ্চন কিঞ্চিদপি অদেয়ং নাস্তীত্যপি বেত্থ॥১॥

নেতি। ইষ্টাঃ প্রিয়াঃ। হে গোপতে! সূর্য্য! "বণ্ডঃ সূর্য্যশ্চ গোপতিঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ॥২॥

ইষ্টানামিতি। ইষ্টানাং প্রিয়াণাম্। ভক্তিং স্নেহম্, ইষ্টাং প্রিয়াম্॥৩॥

অতএব কর্ণ! তোমার যদি যুদ্ধে অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছা থাকে, তবে এই শুভসূচক কুণ্ডল দুইটী কখনও ইন্দ্রকে দিও না" ॥১৮॥

—:*:—

কর্ণ বলিলেন—"পরমতীক্ষ্ণকিরণ সূর্য্যদেব! আমি আপনার ভক্ত—ইহা যেমন আপনি জানেন, তেমন আপনি ইহাও জানেন যে, আমার অদেয় কিছুই নাই॥১॥

সূর্য্যদেব! ভক্তিবশতঃ আপনি যেমন আমার সর্ব্বদা প্রিয়, আমার তেমন প্রিয়—ভার্য্যারা নহে, পুত্রেরা নহে, আপন দেহ নহে এবং বন্ধুরাও নহে॥২॥

---

(১)…নাস্তং দেব! কথঞ্চন—পি।

ইষ্টো ভক্তশ্চ মে কর্ণো ন-চান্যদ্দৈবতং দিবি।
জানীত ইতি বৈ কৃত্বা ভগবানাহ মদ্ধিতম্ ॥৪॥
ভূয়শ্চ শিরসা যাচে প্রসাদ্য চ পুনঃ পুনঃ।
ইতি ব্রবীমি তিগ্মাংশো! ত্বন্তু মে ক্ষন্তুমর্হসি ॥৫॥
বিভেমি ন তথা মৃত্যোর্যথা বিভ্যেঽনৃতাদহম্।
বিশেষেণ দ্বিজাতীনাং সর্ব্বেষাং সর্ব্বদা সতাম্।
প্রদানে জীবিতস্যাপি ন মেঽস্ত্যাস্তি বিচারণা ॥৬॥
যচ্চ মামাত্থ দেব! ত্বং পাণ্ডবং ফাল্গুনং প্রতি।
ব্যেতু সন্তাপজং দুঃখং তব ভাস্কর! মানসম্।
অর্জ্জুনপ্রতিমঞ্চৈব বিজেষ্যামি রণেঽর্জ্জুনম্ ॥৭॥
তবাপি বিদিতং দেব! মমাপ্যস্ত্রবলং মহৎ।
জামদগ্ন্যাদুপাত্তং তত্তথা দ্রোণান্মহাত্মনঃ ॥৮॥

ভারতকৌমুদী

ইষ্ট ইতি। কর্ণঃ দিবি অন্যদ্দৈবতং ন জানীত ইতি সম্বন্ধঃ। ভগবান্ ভবান্ ॥৪॥

ভূয় ইতি। ভূয়শ্চ পুনশ্চ, শিরসা অবনতেন। ক্ষন্তুমর্হসি ইতি ব্রবীমি ॥৫॥

বিভেমীতি। বিভ্যে বিভেমি। সতাং ব্রাহ্মণীয়গুণবিশিষ্টানাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

যদিতি। ব্যেতু দূরীভবতু। অর্জ্জুনপ্রতিমং কার্ত্তবীর্য্যার্জ্জুনতুল্যমপি। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৭॥

নন্বর্জ্জুনবিজয়ে কথং তব শক্তিরিত্যাহ—তবেতি। জামদগ্ন্যাৎ রামাৎ, উপাত্তং লব্ধম্ ॥৮॥

দেব! ভাস্কর! মহাত্মারা প্রিয় ও ভক্তগণের উপরে স্নেহ করিয়া থাকেন, আপনিও সে প্রিয়স্নেহ জানেন ॥৩॥

কর্ণ আমারই প্রিয় ও ভক্ত; সুতরাং সে, স্বর্গে অন্য দেবতা আছেন বলিয়াই জানে না; ইহা ভাবিয়াই আপনি আমার হিত বলিতেছেন ॥৪॥

কিন্তু তীক্ষ্ণকিরণ! আমি বার বার অনুনয় করিয়া অবনত মস্তকে পুনরায় ইহা প্রার্থনা করিতেছি এবং বলিতেছি যে, আপনি আমাকে ক্ষমা করুন ॥৫॥

মিথ্যা হইতে এবং সদ্‌গুণসম্পন্ন সমস্ত ব্রাহ্মণ হইতে সর্ব্বদা আমার যেরূপ ভয় হয়, সেরূপ ভয় মৃত্যু হইতেও হয় না। সেই জন্যই সেই ব্রাহ্মণগণকে দান করিতে আমার কোন বিচার-বিতর্ক নাই ॥৬॥

তা'র পর দেব! ভাস্কর! আপনি অর্জ্জুনের বিষয়ে আমাকে যে কথা বলিলেন, সে বিষয়ে আপনার মানসিক উদ্বেগদুঃখ দূর হউক। কারণ, অর্জ্জুন কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য হইলেও, আমি নিশ্চয়ই তাহাকে যুদ্ধে জয় করিব ॥৭॥

ইদং ত্বমনুজানীহি সুরশ্রেষ্ঠ! ব্রতং মম।
ভিক্ষতে বজ্রিণে দদ্যামপি জীবিতমাত্মনঃ ॥৯॥

সূর্য্য উবাচ।

দদ্যাস্ত্বং যদি তাতেমে কুণ্ডলে বজ্রিণে শুভে।
ত্বমপ্যেনমথো ব্রূয়া বিজয়ার্থং মহাবল!।
নিয়মেন প্রদদ্যাং তে কুণ্ডলে বৈ শতক্রতো! ॥১০॥
অবধ্যো হ্যসি ভূতানাং কুণ্ডলাভ্যাং সমন্বিতঃ।
অর্জ্জুনেন বিনাশং হি তব দানবসূদনঃ।
প্রার্থয়ানো রণে বৎস! কুণ্ডলে তে জিহীর্ষতি ॥১১॥
স ত্বমপ্যেনমারাধ্য সূনৃতাভিঃ পুনঃ পুনঃ।
অভ্যর্থয়েথা দেবেশমমোঘাস্ত্রং পুরন্দরম্ ॥১২॥
অমোঘাং দেহি মে শক্তিমমিত্রবিনিবর্হিণীম্।
দাস্যামি তে সহস্রাক্ষ! কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্ ॥১৩॥

ভারতকৌমুদী

ইদমিতি। ভিক্ষতে যাচমানায়, বজ্রিণে ইন্দ্রায় ॥৯॥
দদ্যা ইতি। এনং বজ্রিণম্। নিয়মেন পণেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
অবধ্য ইতি। প্রার্থয়ান্ ইচ্ছন্। জিহীর্ষতি হর্ত্তুমিচ্ছতি। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১॥
স ইতি। সূনৃতাভিঃ সত্যপ্রিয়াভির্বাগ্‌ভিঃ। অভ্যর্থয়েথা যাচেথাঃ ॥১২॥

দেব! আপনারও জানা আছে যে, আমারও গুরুতর অস্ত্রবল রহিয়াছে এবং তাহা আমি মহাত্মা পরশুরাম ও দ্রোণাচার্য্য হইতে লাভ করিয়াছি ॥৮॥

দেবশ্রেষ্ঠ! আপনি আমাকে এই ব্রত করিবার অনুমতি দিন যে, ইন্দ্র আসিয়া প্রার্থনা করিলে, আমি তাঁহাকে নিজের জীবনও দিতে পারি" ॥৯॥

সূর্য্য বলিলেন—"বৎস মহাবল কর্ণ! তুমি যদি অবশ্যই এই শুভসূচক কুণ্ডল দুইটী ইন্দ্রকে দান কর, তবে তুমিও জয়লাভের জন্য ইন্দ্রকে বলিবে যে, দেবরাজ! কোন নিয়ম অনুসারেই আপনাকে কুণ্ডল দুইটী দিতে পারি ॥১০॥

বৎস! তুমি কুণ্ডলসমন্বিত থাকিয়া প্রাণিগণের অবধ্য হইয়াছ। এই জন্যই ইন্দ্র অর্জ্জুনকর্ত্তৃক যুদ্ধে তোমার বিনাশ হয়—এই ইচ্ছা করিয়াই তোমার কুণ্ডল হরণ করিবার ইচ্ছা করিতেছেন ॥১১॥

অতএব তুমিও সত্য ও প্রিয় বাক্যদ্বারা বার বার এই দেবরাজ ইন্দ্রকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট অব্যর্থ অস্ত্র প্রার্থনা করিবে ॥১২॥

(১২ য ত্বং বাসবমারাধ্য⋯অমোঘার্থম্—পি। (১৩)⋯অমিত্রবলনাশিনীম্—পি।

ইত্যেবং নিয়মেন ত্বং দদ্যাঃ শক্রায় কুণ্ডলে।
তয়া ত্বং কর্ণ! সংগ্রামে হনিষ্যসি রণে রিপূন্ ॥১৪॥
নাহত্বা হি মহাবাহো! শত্রূনেতি করং পুনঃ।
সা শক্তির্দেবরাজস্য শতশোঽথ সহস্রশঃ ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা সহস্রাংশুঃ সহসান্তরধীয়ত।
ততঃ সূর্য্যায় জপ্যান্তে কর্ণঃ স্বপ্নং ন্যবেদয়ৎ ॥১৬॥
যথাদৃষ্টং যথাতত্ত্বং যথোক্তমুভয়োর্নিশি।
তৎ সর্ব্বমানুপূর্ব্ব্যেণ শশংসাস্মৈ বৃষস্তদা ॥১৭॥
তচ্ছ্রুত্বা ভগবান্ দেবো ভানুঃ স্বর্ভানুসূদনঃ।
উবাচ তং তথেত্যেব কর্ণং সূর্য্যঃ স্ময়ন্নিব ॥১৮॥

ভারতকৌমুদী

অমোঘামিতি। শক্তিমন্ত্রবিশেষম্, অমিত্রবিনিবর্হিণীং শত্রুনাশিনীম্ ॥১৩॥
ইতীতি। সম্যক্ গ্রামঃ শত্রুসমূহো যত্র তস্মিন্নিত্যপৌনরুক্ত্যম্ ॥১৪॥
নেতি। শতশোঽথ সহস্রশঃ শত্রূনিতি সম্বন্ধঃ। এতেন শক্তেঃ শক্তিরাখ্যাতা ॥১৫॥
এবমিতি। ততো রাত্র্যবসানাৎ পরম্, জপ্যান্তে সূর্য্যমন্ত্রজপাৎ পরম্ ॥১৬॥
যথেতি। যথাতত্ত্বং যথাযথম্। অস্মৈ সূর্য্যায়, বৃষঃ কর্ণঃ ॥১৭॥

(বলিবে যে,) দেবরাজ! আপনি আমাকে শত্রুনাশক অব্যর্থ একটী শক্তি দান করুন, তাহা হইলেই আমি আপনাকে কুণ্ডল দুইটী ও উত্তম কবচটী দান করিব ॥১৩॥

কর্ণ! এইরূপ নিয়মেই তুমি ইন্দ্রকে কুণ্ডল দুইটী দান করিও। তাহা হইলেই সেই শক্তিদ্বারা তুমি শত্রুপূর্ণ যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে পারিবে ॥১৪॥

মহাবাহু! ইন্দ্রের সেই শক্তি শত শত ও সহস্র সহস্র শত্রু সংহার না করিয়া পুনরায় হস্তে আগমন করে না" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া সূর্য্যদেব তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন। তদনন্তর প্রভাতকালে কর্ণ সূর্য্যমন্ত্র জপের পরে সেই স্বপ্নবৃত্তান্ত সূর্য্যকে জানাইলেন ॥১৬॥

রাত্রিতে যেমন দেখিয়াছিলেন এবং দুই জনে যেমন কথোপকথন করিয়াছিলেন, সে সমস্তই আনুপূর্ব্বীক্রমে ও যথাযথভাবে কর্ণ সূর্য্যকে বলিলেন ॥১৭॥

(১৪)...হনিষ্যসি রণে রিপূন্—পি। (১৫) অহত্বা হি মহাবাহো! শত্রূন্ নৈতি করে পুনঃ—পি।

ততস্তত্ত্বমিতি জ্ঞাত্বা রাধেয়ঃ পরবীরহা।
শক্তিমেবাভিকাঙ্ক্ষন্ বৈ বাসবং প্রত্যপালয়ৎ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।
কিং তদ্‌গুহ্যং ন চাখ্যাতং কর্ণায়েহোষ্ণরশ্মিনা।
কীদৃশে কুণ্ডলে তে চ কবচঞ্চৈব কীদৃশম্ ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। স্বর্ভানুসূদনঃ অমৃতপরিবেশনকালে বিষ্ণবে নিবেদনাৎ রাহুদমনঃ ॥১৮॥
তত ইতি। তত্ত্বং স্বপ্নবৃত্তান্তস্য যাথার্থ্যম্। প্রত্যপালয়ৎ প্রতীক্ষিতবান্ ॥১৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

"দেবগুহ্যং ত্বয়া জ্ঞাতুং ন শক্যং পুরুষর্ষভ!" ইতি সূর্য্যেণ কর্ণায় প্রাগুক্তম্, তৎস্মৃত্বা কৌতুকাৎ পৃচ্ছতি—কিমিতি। উষ্ণরশ্মিনা সূর্য্যেণ। কীদৃশে ইতি প্রকারপ্রশ্নঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ভগবন্তমিতি ॥১—১৬॥ অস্মৈ সূর্য্যায়, বৃষঃ কর্ণঃ ॥১৭॥ স্বর্ভানুসূদনো রাহুদমনঃ ॥১৮—১৯॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৬॥

তখন প্রভাশালী, রাহুদমন ও মাহাত্ম্যবান্ সূর্য্যদেব তাহা শুনিয়া ঈষৎ হাস্য করিয়াই যেন কর্ণকে বলিলেন—'তাহাই বটে' ॥১৮॥

তাহার পর বিপক্ষবীরহন্তা কর্ণ স্বপ্নবৃত্তান্ত যথার্থ জানিয়া, সেই শক্তি লাভ করিবারই ইচ্ছা করিয়া ইন্দ্রের প্রতীক্ষা করিতে লাগিলেন ॥১৯॥

—:*:—

জনমেজয় বলিলেন—"সেই গোপনীয় বিষয়টা কি, তাহা এখানে সূর্য্য কর্ণকে বলিলেন না এবং সেই কুণ্ডল দুইটী ও কবচটী কিপ্রকার ছিল? ॥১॥

---

* '…ঊননবত্যধিকদ্বিশততমঃ…'—পি, ' একাধিকত্রিশত-তমঃ…'—বা ব, 'দ্ব্যধিকত্রিশত তমঃ…' কা,…'ত্র্যধিকত্রিশততমঃ…'—নি।

কুতশ্চ কবচং তস্য কুণ্ডলে চৈব সত্তম ! ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তন্মে ব্রূহি তপোধন ! ॥২॥
বৈশম্পায়ন উবাচ।
অথ রাজন্ ! ব্রবীম্যেতত্তস্য গুহ্যং বিভাবসোঃ।
যাদৃশে কুণ্ডলে তে চ কবচঞ্চৈব যাদৃশম্ ॥৩॥
কুন্তিভোজং পুরা রাজন্ ! ব্রাহ্মণঃ পর্য্যুপস্থিতঃ।
তিগ্মতেজা মহাপ্রাংশুঃ শ্মশ্রুদণ্ডজটাধরঃ ॥৪॥
দর্শনীয়োঽনবদ্যাঙ্গস্তেজসা প্রজ্বলন্নিব।
মধুপিঙ্গো মধুরবাক্ তপঃস্বাধ্যায়ভূষণঃ ॥৫॥ (যুগ্মকম্)
স রাজানং কুন্তিভোজমব্রবীৎ সুমহাতপাঃ।
ভিক্ষামিচ্ছামি বৈ ভোক্তুং তব গেহে বিমৎসর ! ॥৬॥

ভারতকৌমুদী

কুত ইতি। কুতঃ কস্মাদাগতমিতি শেষঃ, তস্য কর্ণস্য ॥২॥

আদিপর্ব্বণি সংক্ষেপেণোক্তমপি জনমেজয়প্রশ্নাৎ পুনর্বিস্তরেণ কর্ণোৎপত্তিবৃত্তান্তমাহ—অথেতি। তস্য কর্ণস্যান্তিকে, গুহ্যং গোপনীয়ম্, বিভাবসোঃ সূর্য্যস্য ॥৩॥

কুন্তীতি। কুন্তিভোজং রাজানম্। ব্রাহ্মণোঽয়ং দুর্বাসা নাম, আদিপর্ব্বণি তথৈবোল্লেখাৎ। মহাপ্রাংশুঃ অত্যুন্নতঃ। মধুপিঙ্গঃ মধুবৎপিঙ্গলঃ ॥৪—৫॥

স ইতি। ভিক্ষাং ভিক্ষান্নম্। হে বিমৎসর! ভিক্ষুবিদ্বেষরহিত! ॥৬॥

সাধুশ্রেষ্ঠ তপোধন! কর্ণের সেই কবচ ও কুণ্ডল দুইটী কোথা হইতে আসিয়াছিল, ইহা আমি শুনিতে ইচ্ছা করি, আপনি আমার নিকট তাহা বলুন ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! কর্ণের নিকট সূর্য্যের যাহা গোপনীয় ছিল এবং সেই কুণ্ডল দুইটী ও কবচটী যে প্রকার ছিল, তাহা আমি এই বলিতেছি ॥৩॥

রাজা! প্রখরতেজা, অত্যুন্নতদেহ, শ্মশ্রু-দণ্ড-জটাধারী, দর্শনীয়মূর্ত্তি, অনিন্দিতাঙ্গ, মধুর ন্যায় পিঙ্গলবর্ণ, মধুরভাষী এবং তপস্যা ও বেদপাঠে অলঙ্কৃত এক ব্রাহ্মণ আপন তেজে জ্বলিতে জ্বলিতেই যেন পূর্ব্বে একদা কুন্তিভোজ রাজার নিকট উপস্থিত হইয়াছিলেন ॥৪—৫॥

সেই মহাতপা ব্রাহ্মণ আসিয়া কুন্তিভোজরাজাকে বলিলেন—"হে ভিক্ষুবিদ্বেষশূন্য রাজা! আমি আপনার ঘরে ভিক্ষান্ন ভোজন করিতে ইচ্ছা করি ॥৬॥

(২)…তন্মে ব্রূহি মহামুনে!—পি। (৩) অয়ং রাজন্!—পি।

ন মে ব্যলীকং কর্ত্তব্যং ত্বয়া বা তব চানুগৈঃ।
এবং বৎস্যামি তে গেহে যদি তে রোচতেঽনঘ ॥৭॥
যথাকামঞ্চ গচ্ছেয়মাগচ্ছেয়ং তথৈব চ।
শয্যাসনে চ মে রাজন্! নাপরাধ্যেত কশ্চন ॥৮॥
তমব্রবীৎ কুন্তিভোজঃ প্রীতিযুক্তমিদং বচঃ।
এবমস্তু পরঞ্চেতি পুনশ্চৈনমথাব্রবীৎ ॥৯॥
মম কন্যা মহাপ্রাজ্ঞ! পৃথা নাম যশস্বিনী।
শীলবৃত্তান্বিতা সাধ্বী নিয়তা চৈব ভাবিনী ॥১০॥
উপস্থাস্যতি সা ত্বাং বৈ পূজয়াঽনবমন্য চ।
তস্যাশ্চ শীলবৃত্তেন তুষ্টিং সমুপযাস্যতি ॥১১॥
এবমুক্ত্বা তু তং বিপ্রমভিপূজ্য যথাবিধি।
উবাচ কন্যামভ্যেত্য পৃথাং পৃথুললোচনাম্ ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। ব্যলীকম্ অপ্রিয়ম্, "ব্যলীকমপ্রিয়াকার্য্যবৈলক্ষ্যেষ্বপি পীড়নে" ইতি বিশ্বঃ ॥৭॥
যথেতি। শয্যাসনে শয্যাসনপরিগ্রহে, নাপরাধ্যেত ইচ্ছাবিরুদ্ধং নাচরেৎ ॥৮॥
তমিতি। পরঞ্চ অনন্তরঞ্চ। এনং ব্রাহ্মণম্ ॥৯॥
মমেতি। শীলং সৎস্বভাবঃ বৃত্তং সদাচারশ্চ তাভ্যামন্বিতা, ভাবিনী ধর্ম্মানুরক্তা ॥১০॥
উপেতি। উপস্থাস্যতি সেবিষ্যতে। সমুপযাস্যতি ভবানিতি শেষঃ ॥১১॥
এবমিতি। উবাচ কুন্তিভোজ ইত্যনুবৃত্তিঃ। পৃথুললোচনাং বিশালনয়নাম্ ॥১২॥

হে নিষ্পাপ রাজা! আপনি বা আপনার অনুচরেরা আমার অপ্রিয় আচরণ করিবেন না; ইহা যদি আপনার অভিপ্রেত হয়, তবে আমি আপনার বাড়ীতে বাস করিব ॥৭॥

রাজা! আমি ইচ্ছানুসারে যাইব ও আসিব এবং ইচ্ছানুসারেই শয্যা ও আসন গ্রহণ করিব, তাহাতে কেহ বিরুদ্ধাচরণ করিতে পারিবে না" ॥৮॥

তখন কুন্তিভোজরাজা সেই ব্রাহ্মণকে এই প্রীতিযুক্ত বাক্য বলিলেন—'এই-রূপই হউক'। তাহার পর আবার রাজা ব্রাহ্মণকে বলিলেন—॥৯॥

"মহাপ্রাজ্ঞ! সৎস্বভাব ও সদাচারসম্পন্না, সাধুচরিত্রা, সংযতা, ধর্ম্মানুরক্তা ও যশস্বিনী 'পৃথা'-নাম্নী আমার একটী কন্যা আছে ॥১০॥

সে, কোন অবমাননা না করিয়া গৌরবসহকারে আপনার সেবা করিবে এবং আপনিও তাহার স্বভাবে ও ব্যবহারে সন্তুষ্ট হইবেন" ॥১১॥

---

(৮)…শয্যাশনে চ মে রাজন্!—বা ব কা নি।

অয়ং বৎসে। মহাভাগো ব্রাহ্মণো বস্তুমিচ্ছতি।
মম গেহে ময়া চাস্য তথেত্যেবং প্রতিশ্রুতম্।
ত্বয়ি বৎসে। পরাশ্বস্য ব্রাহ্মণস্যাভিরাধনম্ ॥১৩॥
তন্মে বাক্যমমিথ্যা ত্বং কর্ত্তুমর্হসি কর্হিচিৎ।
অয়ং তপস্বী ভগবান্ স্বাধ্যায়নিয়তো দ্বিজঃ।
যদ্‌যদ্‌ব্রূয়ান্মহাতেজাস্তত্তদ্দেয়মমৎসরাৎ ॥১৪॥
ব্রাহ্মণো হি পরং তেজঃ ব্রাহ্মণো হি পরং তপঃ।
ব্রাহ্মণানাং নমস্কারৈঃ সূর্য্যো দিবি বিরাজতে ॥১৫॥
অমানয়ন্ হি মানার্হান্ বাতাপিশ্চ মহাসুরঃ।
নিহতো ব্রহ্মদণ্ডেন তালজঙ্ঘস্তথৈব চ ॥১৬॥
সোঽয়ং বৎসে! মহাভার আহিতস্ত্বয়ি সাম্প্রতম্।
ত্বং সদা নিয়তা কুর্য্যা ব্রাহ্মণস্যাভিরাধনম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অয়মিতি। বস্তুং বাসং কর্ত্তুম্। অভিরাধনং প্রতিশ্রুতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
তদিতি। অমৎসরাৎ অবিদ্বেষাৎ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৪॥
ব্রাহ্মণ ইতি। তেজস্তেজোময়ঃ, ব্রাহ্মণতৎসেবা। ব্রাহ্মণানামিতি কর্ত্তরি ষষ্ঠী ॥১৫॥
অমানয়মিতি। ব্রহ্মণা কৃতো দণ্ডো ব্রহ্মদণ্ডস্তেন, তালজঙ্ঘো নামাসুরঃ ॥১৬॥
স ইতি। অয়ং ব্রাহ্মণসেবারূপঃ, আহিতঃ স্থাপিতঃ। নিয়তা সংযতা ॥১৭॥

এইরূপ বলিয়া কুন্তিভোজ যথাবিধানে সেই ব্রাহ্মণের পূজা করিয়া, বিশালনয়না কন্যা পৃথার নিকট যাইয়া বলিলেন—॥১২॥

"বৎসে! এই মহাভাগ ব্রাহ্মণ আমার বাড়ীতে বাস করিবার ইচ্ছা করেন; আমিও বৎসে! তোমার উপর বিশ্বাস করিয়া 'তাহাই হউক' এই কথা বলিয়া ব্রাহ্মণের সেবার অঙ্গীকার করিয়াছি ॥১৩॥

অতএব আমার সেই বাক্য কখনও মিথ্যা না হয়—তুমি তাহা কর। তপস্বী, মাহাত্ম্যশালী, বেদপাঠনিরত ও মহাতেজা এই ব্রাহ্মণ যাহা যাহা বলিবেন, তুমি বিনা বিদ্বেষে তাহা তাহাই দিবে ॥১৪॥

ব্রাহ্মণই পরম তেজ, ব্রাহ্মণের সেবাই পরম তপস্যা এবং ব্রাহ্মণেরা নমস্কার করেন বলিয়াই সূর্য্য আকাশে বিরাজ করিতেছেন ॥১৫॥

এবং বাতাপি ও তালজঙ্ঘ মহাসুর সম্মানযোগ্য ব্রাহ্মণদিগকে না মানিয়াই ব্রহ্মদণ্ডে নিহত হইয়াছিল ॥১৬॥

---

(১৭) সোঽয়ং বৎসে। মহাভাগঃ—বা ব কা।

জানামি প্রণিধানং তে বাল্যাৎ প্রভৃতি নন্দিনি ।
ব্রাহ্মণেম্বিহ সর্ব্বেষু গুরুবন্ধুষু চৈব হ ॥১৮॥
তথা প্রেষ্যেষু সর্ব্বেষু মিত্রসম্বন্ধিমাতৃষু ।
ময়ি চৈব যথাবত্ত্বং সর্ব্বমাবৃত্য বর্ত্তসে ॥১৯॥
নহ্যতুষ্টো জনোঽস্তীহ পুরে চান্তঃপুরে চ তে ।
সম্যগ্‌বৃত্ত্যাঽনবদ্যাঙ্গি ! তব ভৃত্যজনেম্বপি ॥২০॥
সন্দেষ্টব্যাস্তু মন্যে ত্বাং দ্বিজাতিং কোপনং প্রতি ।
পৃথে ! বালেতি কৃত্বা বৈ সুতা চাসি মমেতি চ ॥২১॥
বৃষ্ণীনাং ত্বং কুলে জাতা শূরস্য দয়িতা সুতা ।
দত্তা প্রীতিমতা মহ্যং পিত্রা বালা পুরা স্বয়ম্ ॥২২॥

ভারতকৌমুদী

জানামীতি । প্রণিধানং মনোযোগম্, জানামি অস্তিত্বেনেতি শেষঃ ॥১৮॥
তথেতি । প্রেষ্যেষু ভৃত্যেষু । সর্ব্বং স্নেহম্, আবৃত্য আদায় ॥১৯॥
নহীতি । সম্যগ্‌বৃত্ত্যা সমীচীনব্যবহারেণ, হে অনবদ্যাঙ্গি ! অনিন্দিতাঙ্গি ! ॥২০॥
সমিতি । সন্দেষ্টব্যাসুপদেষ্টব্যাম্, কোপনং দ্বিজাতিং প্রতি তদ্বিষয়ে ॥২১॥
বৃষ্ণীনামিতি । শূরস্য তদাখ্যস্য মৎসুহৃদঃ, দয়িতা প্রিয়া ॥২২॥

অতএব বৎসে ! আমি তোমার উপরে সেই ব্রাহ্মণসেবারূপ গুরুতর ভার এখন ন্যস্ত করিলাম ; তুমি সর্ব্বদা সংযত থাকিয়া তাঁহার সেবা করিবে ॥১৭॥

নন্দিনি ! বাল্যকাল হইতেই ব্রাহ্মণগণের উপরে এবং সমস্ত গুরুজন ও বন্ধুজনের উপরে তোমার একাগ্রতা আছে বলিয়াই আমি জানি ॥১৮॥

এবং তুমি যথাযোগ্য ব্যবহার করিয়া সকল ভৃত্য, মিত্র, সম্বন্ধী, মাতা ও আমার সমস্ত স্নেহ গ্রহণ করিয়াই রহিয়াছ ॥১৯॥

অনিন্দ্যসুন্দরি ! ভৃত্যজনের উপরেও তোমার উপযুক্ত ব্যবহার চলিতে থাকায় এই পুরে বা অন্তঃপুরে তোমার উপরে অসন্তুষ্ট লোক নাই ॥২০॥

পৃথা ! তথাপি তুমি বালিকা এবং আমার কন্যা—এই জন্য কোপনস্বভাব ব্রাহ্মণের বিষয়ে তোমাকে কিছু উপদেশ দেওয়া উচিত বলিয়া আমি মনে করি ॥২১॥

তুমি বৃষ্ণিবংশে জন্মিয়াছ এবং প্রিয়সুহৃৎ শূরের প্রিয়তমা কন্যা। পূর্ব্বে তোমার বাল্যকালে তোমার পিতা প্রীতিযুক্ত চিত্তে নিজেই আমার হস্তে তোমাকে দান করিয়াছিলেন ॥২২॥

---

(১৯)·· সর্ব্বমাদৃত্য বর্ত্তসে—বা ব কা ।

বসুদেবস্য ভগিনী সুতানাং প্রবরা মম।
অগ্র্যমগ্রে প্রতিজ্ঞায় তেনাসি দুহিতা মম ॥২৩॥
তাদৃশে হি কুলে জাতা কুলে চৈব বিবর্দ্ধিতা।
সুখাৎ সুখমনুপ্রাপ্তা হ্রদাদ্‌হ্রদমিবাপগা ॥২৪॥
দৌষ্কুলেয়া বিশেষেণ কথঞ্চিৎ প্রগ্রহং গতাঃ।
বালভাবাদ্বিকুর্ব্বন্তি প্রায়শঃ প্রমদাঃ শুভে! ॥২৫॥
পৃথে! রাজকুলে জন্ম রূপঞ্চাপি তবাদ্ভুতম্।
তেন তেনাসি সম্পন্না সমুদায়েন ভাবিনী ॥২৬॥

ভারতকৌমুদী

বস্বিতি। ত্বং বসুদেবস্য ভগিনী, শূরস্য সুতানাং মধ্যে প্রবরা জ্যেষ্ঠা চ। তথা তেন শূরেণ, অগ্রে আদৌ, অগ্র্যং জ্যেষ্ঠমপত্যং মহ্যং দেয়ত্বেন প্রতিজ্ঞায় পরং মহ্যং দত্তেতি শেষঃ। অতএব ত্বমিদানীং মমৈব দুহিতাসি ॥২৩॥

তাদৃশ ইতি। আপগা নদী হ্রদাৎ হ্রদমিব, ত্বং সুখাৎ সুখমনুপ্রাপ্তেতি সম্বন্ধঃ ॥২৪॥

দৌষ্কুলেয়া ইতি। দৌষ্কুলেয়া দুষ্কুলজাতাঃ, প্রগ্রহম্ আবদ্ধীভাবম্ ॥২৫॥

পৃথ ইতি। তেন তেন হেতুনা, সমুদায়েন সুশীলত্বাদিগুণসমূহেন ॥২৬॥

ভারতভাবদীপঃ

কিং তদ্‌গ্রহমিতি ॥১—১০॥ অনবমস্য অবমানমকৃত্বা ॥১১—১২॥ বস্তুং বাসং কর্ত্তুম্ ॥১৩॥ পরাশ্বস্য পরমাশ্বাসং কৃত্বা অভিরাধনং কর্ত্তুমিতি শেষঃ ॥১৪—১৭॥ প্রণিধানং চিত্তৈকাগ্র্যম্ ॥১৮॥ আবৃত্য ব্যাপ্য ॥১৯—২২॥ অগ্র্যং অগ্রে দেয়ং ময়া প্রথমমপত্যং তুভ্যং দেয়মিতি প্রতিজ্ঞাতমিত্যর্থঃ ॥২৩—২৪॥ দৌষ্কুলেয়াঃ দুষ্কুলে জাতাঃ, প্রগ্রহং নির্বন্ধম্, গতাঃ প্রাপ্তাঃ, বিকুর্ব্বন্তি দৌষ্ট্যং কুর্ব্বন্তি ॥২৫—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৭॥

পৃথে! তুমি শূরের সন্তানগণের মধ্যে জ্যেষ্ঠা এবং বসুদেবের ভগিনী। প্রিয়সুহৃৎ শূর প্রথমে আমার নিকটে তাঁহার প্রথম সন্তান দান করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়া, পরে তিনি তোমাকে আমার হস্তে দান করিয়াছেন; সেই জন্যই তুমি আমার তনয়া ॥২৩॥

তুমি সেইরূপ বংশে জন্মিয়াছ এবং উচ্চবংশে আসিয়া বর্দ্ধিত হইয়াছ; সুতরাং নদী যেমন এক হ্রদ হইতে অপর হ্রদে যায়, তুমিও সেইরূপ একস্থানের সুখ হইতে অপরস্থানের সুখে আসিয়াছ ॥২৪॥

কল্যাণি! দুষ্কুলজাত রমণীরা কোন কারণে বিশেষভাবে আবদ্ধ হইয়া অল্প বয়সে প্রায়ই বিকৃত হইয়া পড়ে ॥২৫॥

(২৪) হ্রদাম্বুদমিবাগতা—বা ব কা পি। (২৬)...সমুপেতা চ ভাবিনী—বা ব কা নি।

সা ত্বং দর্পং পরিত্যজ্য দম্ভং মানঞ্চ ভাবিনি !।
আরাধ্য বরদং বিপ্রং শ্রেয়সা যোক্ষ্যসে পৃথে ! ॥২৭॥
এবং প্রাপ্স্যসি কল্যাণি ! কল্যাণমনঘে ! ধ্রুবম্।
কো পতে চ দ্বিজশ্রেষ্ঠে কৃৎস্নং দহ্যেত মে কুলম্ ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলা হরণে পৃথোপদেশে সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

কুন্ত্যুবাচ।

ব্রাহ্মণং যন্ত্রিতা রাজন্ ! উপস্থাস্যামি পূজয়া।
যথাপ্রতিজ্ঞং রাজেন্দ্র ! ন চ মিথ্যা ব্রবীম্যহম্ ॥১॥

ভারতকৌমুদী

সেতি। দর্পং গর্ব্বম্, দম্ভং কাপট্যম্, মানং গৌরবম্। শ্রেয়সা মঙ্গলেন ॥২৭॥

এবমিতি। কল্যাণং মঙ্গলম্। দহ্যেত তেন দ্বিজশ্রেষ্ঠেনেতি শেষঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ব্রাহ্মণমিতি। যন্ত্রিতা নিয়তা সতী, পূজয়া গৌরবেণ, উপস্থাস্যামি সেবিষ্যে ॥১॥

পৃথা ! রাজকুলে তোমার জন্ম এবং রূপও তোমার অদ্ভুত; সুতরাং সেই সেই কারণেই তুমি গুণসমূহসম্পন্না এবং সচ্চরিত্রা হইয়াছ ॥২৬॥

সংস্বভাবা পৃথা ! সেই তুমি দর্প, কপটতা ও অভিমান পরিত্যাগপূর্ব্বক বরদাতা ব্রাহ্মণের সেবা করিয়া পরমমঙ্গল লাভ করিবে ॥২৭॥

কল্যাণি ! নিষ্পাপে ! তুমি এইরূপ করিলে অবশ্যই মঙ্গল লাভ করিবে; আর ব্রাহ্মণকে ক্রুদ্ধ করিলে, তিনি আমার সমস্ত বংশই দগ্ধ করিবেন" ॥২৮॥

—:*:—

কুন্তী বলিলেন—"রাজশ্রেষ্ঠ রাজা ! আমি মিথ্যা বলিতেছি না; আমি

---

* '...নবত্যধিকদ্বিশততমঃ...' —পি, '...দ্ব্যধিকত্রিশততমঃ ...' —বা ব, '...ত্র্যধিকত্রিশততমঃ...' —কা, '...চতুরধিকত্রিশততমঃ...' —নি।

এষ চৈব স্বভাবো মে পূজয়েয়ং দ্বিজানিতি।
তব চৈব প্রিয়ং কার্য্যং শ্রেয়শ্চ পরমং মম ॥২॥

যত্ত্বৈষ্যতি সায়াহ্নে যদি প্রাতরথো নিশি।
যদ্যর্দ্ধরাত্রে ভগবান্ ন মে কোপং করিষ্যতি ॥৩॥

লাভো মমৈষ রাজেন্দ্র। যদ্বৈ পূজয়িতুং দ্বিজান্।
আদেশে তব তিষ্ঠন্তী হিতং কুর্য্যাং নরোত্তম। ॥৪॥

বিস্রব্ধো ভব রাজেন্দ্র। ন ব্যলীকং দ্বিজোত্তমঃ।
বসন্ প্রাপ্স্যতি তে গেহে সত্যমেতদ্ব্রবীমি তে ॥৫॥

যৎ প্রিয়ঞ্চ দ্বিজস্যাস্য হিতঞ্চৈব তবানঘ।।
যতিষ্যামি তথা রাজন্। ব্যেতু তে মানসো জ্বরঃ ॥৬॥

ভারতকৌমুদী

এষ ইতি। তাভ্যামুভাভ্যাং মম পরমং শ্রেয়ো ভবেদিতি শেষঃ ॥২॥

যদীতি। ভগবান্ মাহাত্ম্যবান্ ব্রাহ্মণঃ, মে কোপং ন করিষ্যতি সহিষ্ণুত্বাৎ ॥৩॥

লাভ ইতি। এষ তব হিতকরণরূপঃ ॥৪॥

বীতি। বিস্রব্ধো মমাচরণে বিশ্বস্তঃ। ব্যলীকং কিমপ্যপ্রিয়ম্ ॥৫॥

আপনার প্রতিজ্ঞা অনুসারে সংযত হইয়া গৌরবপূর্ব্বকই ব্রাহ্মণের সেবা করিব ॥১॥

ব্রাহ্মণের পূজা করা ও আপনার প্রিয়কার্য্য করা—ইহাই আমার স্বভাব এবং ইহাতেই আমার পরম মঙ্গল হইবে ॥২॥

মাহাত্ম্যশালী ব্রাহ্মণ যদি সায়ংকালে, বা প্রাতঃকালে, কিংবা রাত্রিতে, অথবা অর্দ্ধরাত্রসময়ে আগমন করেন, তথাপি আমার ক্রোধ হইবে না ॥৩॥

রাজশ্রেষ্ঠ! আমি ব্রাহ্মণদের সেবা করিবার পক্ষে আপনার আদেশে থাকিয়া আপনার যে হিত করিতে পারিব, ইহাই আমার লাভ ॥৪॥

অতএব রাজশ্রেষ্ঠ! আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, ব্রাহ্মণশ্রেষ্ঠ আপনার গৃহে বাস করতঃ কখনও আমা হইতে কোন অপ্রিয় আচরণ পাইবেন না; সুতরাং আপনি এ বিষয়ে বিশ্বস্ত থাকুন ॥৫॥

নিষ্পাপ রাজা! এই ব্রাহ্মণের যাহা প্রিয় এবং আপনার যাহা হিত, তাহা করিবার পক্ষে আমি যত্ন করিব; অতএব আপনার মনের উদ্বেগ দূর হউক ॥৬॥

(৪) · যদ্বৈ জয়তী দ্বিজান্—বা ব কা,···যদ্বৈ পূজয়তি দ্বিজান্—পি।

ব্রাহ্মণা হি মহাভাগাঃ পূজিতাঃ পৃথিবীপতে।
তারণায় সমর্থাঃ স্যুর্বিপরীতে বধায় চ ॥৭॥
সাহমেতদ্বিজানন্তী তোষয়িষ্যে দ্বিজোত্তমম্।
ন মৎকৃতে ব্যথাং রাজন্! প্রাপ্স্যসি দ্বিজসত্তমাৎ ॥৮॥
অপরাধে হি রাজেন্দ্র! রাজ্ঞামশ্রেয়সে দ্বিজাঃ।
ভবন্তি চ্যবনো যদ্বৎ সুকন্যায়াঃ কৃতে পুরা ॥৯॥
নিয়মেন পরেণাহমুপস্থাস্যে দ্বিজোত্তমম্।
যথা ত্বয়া নরেন্দ্রেদং ভাষিতং ব্রাহ্মণং প্রতি ॥১০॥
এবং ব্রুবন্তীং বহুশঃ পরিষ্বজ্য সমর্থ্য চ।
ইতি চেতি চ কর্ত্তব্যং রাজা সর্ব্বমথাদিশৎ ॥১১॥

ভারতকৌমুদী

যদিতি। তথা কর্ত্তুমিতি শেষঃ। ব্যেতু দূরীভবতু, জ্বরঃ সন্তাপঃ ॥৬॥

ব্রাহ্মণা ইতি। মহাভাগা অণিমাদ্যৈশ্বর্য্যসম্পন্না মাহাত্ম্যবন্তঃ ॥৭॥

সেতি। বিজানন্তীতি নলোপাভাব আর্ষঃ। মৎকৃতে মন্নিমিত্তে, ব্যথামনিষ্টম্ ॥৮॥

অপেতি। অশ্রেয়সে অমঙ্গলায় ভবন্তি। সুকন্যাখ্যয়া শর্যাতিরাজকন্যয়া তপস্যতশ্চ্যবনস্য নয়নদ্বয়ং বিদীর্ণম্, তেন চ চ্যবনেন শর্যাতিরাজসৈন্যস্য আনাহমুৎপাদ্য শর্যাতেরনিষ্টমুৎপাদিতমিত্যস্মিন্ বনপর্ব্বণ্যেব একাধিকশততমে অধ্যায়ে দ্রষ্টব্যম্ ॥৯॥

নিয়মেনেতি। পরেণ উত্তমেন, উপস্থাস্যে সেবিষ্যে ॥১০॥

এবমিতি। অত্রাপি ব্রুবন্তীমিতি নকারলোপাভাব আর্ষঃ। সমর্থ্য অনুমন্য ॥১১॥

কারণ, মাহাত্ম্যশালী ব্রাহ্মণেরা পূজিত হইয়া উদ্ধার করিতে সমর্থ হন, আর ইহার বিপরীত করিলে সংহার করেন ॥৭॥

রাজা! এই সমস্ত জানিয়াই আমি ব্রাহ্মণশ্রেষ্ঠকে সন্তুষ্ট করিব; সুতরাং আপনি আমার নিমিত্ত ব্রাহ্মণশ্রেষ্ঠ হইতে কোন দুঃখ পাইবেন না ॥৮॥

রাজশ্রেষ্ঠ! অপরাধ হইলেই ব্রাহ্মণেরা রাজাদের অমঙ্গল ঘটাইয়া থাকেন; যেমন চ্যবনমুনি পূর্ব্বকালে সুকন্যার জন্য শর্যাতিরাজার অমঙ্গল ঘটাইয়াছিলেন ॥৯॥

অতএব নরশ্রেষ্ঠ! আপনি ব্রাহ্মণের নিকট যেমন বলিয়াছেন, তেমন উত্তম নিয়মেই আমি তাঁহার সেবা করিব" ॥১০॥

পৃথা এইরূপ বলিলে, রাজা তাঁহাকে অনেক বার আলিঙ্গন করিয়া এবং তাঁহার কথার সমর্থন করিয়া 'এই এই করিবে' এইভাবে সমস্ত বিষয়ের উপদেশ দিলেন ॥১১॥

রাজোবাচ।

এবমেতত্ত্বয়া ভদ্রে! কর্ত্তব্যমবিশঙ্কয়া।
মদ্ধিতার্থং তথাত্মার্থং কুলার্থঞ্চাপ্যনিন্দিতে! ॥১২॥
এবমুক্ত্বা তু তাং কন্যাং কুন্তিভোজো মহাযশাঃ।
পৃথাং পরিদদৌ তস্মৈ দ্বিজায় দ্বিজবৎসলঃ ॥১৩॥
ইয়ং ব্রহ্মন্! মম সুতা বালা সুখবিবর্দ্ধিতা।
অপরাধ্যেত যৎ কিঞ্চিত্তন্ন কার্য্যং হৃদি ত্বয়া ॥১৪॥
দ্বিজাতয়ো মহাভাগা বৃদ্ধবালতপস্বিষু।
ভবন্ত্যক্রোধনাঃ প্রায়োঽপরাদ্ধেষ্বপি নিত্যদা ॥১৫॥
সুমহত্যপরাধেঽপি ক্ষান্তিঃ কার্য্যা দ্বিজাতিভিঃ।
যথাশক্তি যথোৎসাহং পূজা গ্রাহ্যা দ্বিজোত্তম! ॥১৬॥
তথেতি ব্রাহ্মণেনোক্তে স রাজা প্রীতমানসঃ।
হংসচন্দ্রাংশুসঙ্কাশং গৃহমস্মৈ ন্যবেদয়ৎ ॥১৭॥

ভারতকৌমুদী

এবমিতি। এতৎ ব্রাহ্মণসেবনম্। আত্মার্থমাত্মনো হিতার্থম্ ॥১২॥
এবমিতি। পরিদদৌ তৎসেবনায়ার্পয়ামাস ॥১৩॥
ইয়মিতি। বালত্বৈবাস্যা অপরাধস্ত্বয়া ক্ষন্তব্য ইত্যাশয়ঃ ॥১৪॥
দ্বিজাতয় ইতি। অপরাদ্ধেষ্বপি কৃতাপরাধেষ্বপি, নিত্যদা সর্ব্বদা ॥১৫॥
সুমহতীতি। যথাশক্তি যথোৎসাহঞ্চ পরেণ কৃতেতি শেষঃ ॥১৬॥
তথেতি। হংস-চন্দ্রাংশু-সঙ্কাশং তদুভয়তুল্যশুভ্রবর্ণম্। ন্যবেদয়দ্দাসায় ॥১৭॥

রাজা বলিলেন—"ভদ্রে! অনিন্দিতে! আমার হিত, নিজের হিত এবং বংশের হিতের জন্য তুমি নিঃশঙ্কচিত্তে এইভাবে এই সমস্ত করিবে" ॥১২॥

এইরূপ বলিয়া মহাযশা ও ব্রাহ্মণবৎসল কুন্তিভোজরাজা সেই পৃথানাম্নী কন্যাটীকে সেই ব্রাহ্মণের নিকট সমর্পণ করিলেন ও বলিলেন—॥১৩॥

"ব্রাহ্মণ! সুখবিবর্দ্ধিতা আমার এই বালিকা কন্যাটী যে কিছু অপরাধ করিবে, তাহা আপনি মনে করিবেন না ॥১৪॥

কারণ, বৃদ্ধ, বালক ও তপস্বীরা অপরাধ করিলেও তাঁহাদের উপরে মহাত্মা ব্রাহ্মণেরা প্রায়ই ক্রোধ করেন না ॥১৫॥

আর কেহ গুরুতর অপরাধ করিলেও তাহার উপরে ব্রাহ্মণদের ক্ষমা করা উচিত এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে কেহ নিজের শক্তি ও ইচ্ছা অনুসারে পূজা করিলে, ব্রাহ্মণদের তাহাই গ্রহণ করা সঙ্গত" ॥১৬॥

তত্রাগ্নিশরণে কৢপ্তমাসনং তস্য ভানুমৎ।
আহারাদি চ সর্ব্বং তত্তথৈব প্রত্যবেদয়ৎ ॥১৮॥
নিক্ষিপ্য রাজপুত্রী তু তন্দ্রীং মানং তথৈব চ।
আতস্থে পরমং যত্নং ব্রাহ্মণস্যাভিরাধনে ॥১৯॥
তত্র সা ব্রাহ্মণং গত্বা পৃথা শৌচপরা সতী।
বিধিবৎ পরিচারার্হং দেববৎ পর্য্যতোষয়ৎ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পৃথাদ্বিজপরিচর্য্যায়ামষ্টপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্রেতি। অগ্নিশরণে হোমগৃহে। ভানুমৎ উজ্জলম্। আহারাদি খাদ্যাদি ॥১৮॥
নিক্ষিপ্যেতি। নিক্ষিপ্য বিহায়, রাজপুত্রী পৃথা, তন্দ্রীং নিদ্রাম্। আতস্থে চকার ॥১৯॥
তত্রেতি। শৌচপরা সর্ব্বদা পবিত্রা। পরিচারার্হং শুশ্রূষাযোগ্যং ব্রাহ্মণম্ ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে অষ্টপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণমিতি। যন্ত্রিতো নিয়মযুক্তা ॥১—১৪॥ বিশ্রব্ধো বিশ্বস্তঃ, ব্যলীকমপ্রিয়ম্ ॥১৫—১৭॥ অগ্নিশরণে অগ্ন্যাগারে ॥১৮॥ তন্দ্রীমালস্যম্ ॥১৯॥ পরিচারার্হং পূজার্হম্ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৮॥

—:*:—

'তাহাই হইবে' ব্রাহ্মণ এইরূপ বলিলে, রাজা সন্তুষ্টচিত্ত হইয়া হংস ও চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ একখানি গৃহ তাঁহার জন্য নির্দ্দিষ্ট করিলেন ॥১৭॥

এবং তিনি সেই হোমগৃহে সেই ব্রাহ্মণের জন্য উজ্জ্বল আসন ও খাদ্য-পেয়-প্রভৃতি সমস্ত বস্তু দিবার ব্যবস্থা করিলেন ॥১৮॥

তাহার পর রাজকন্যা পৃথা নিদ্রা ও অভিমান পরিত্যাগ করিয়া সেই ব্রাহ্মণের সেবায় পরম যত্ন অবলম্বন করিলেন ॥১৯॥

পৃথা প্রত্যহ পবিত্র হইয়া সেই ঘরে যাইয়া দেবতার ন্যায় শুশ্রূষার যোগ্য সেই ব্রাহ্মণকে যথাবিধানে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥২০॥

—:*:—

* '...একনবত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...ত্র্যধিকত্রিশততমঃ...'—বা ব, '...চতুরধিকত্রিশততমঃ...' —কা, '...পঞ্চাধিকত্রিশততমঃ...' —নি।

ঊনষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

সা তু কন্যা মহারাজ! ব্রাহ্মণং সংশিতব্রতম্।
তোষয়ামাস শুদ্ধেন মনসা সংশিতব্রতা ॥১॥
প্রাতরেষ্যাম্যথেত্যুক্ত্বা কদাচিদ্দ্বিজসত্তমঃ।
তত আয়াতি রাজেন্দ্র! সায়ং রাত্রাবথো পুনঃ ॥২॥
তঞ্চ সর্ব্বাসু বেলাসু ভক্ষ্যভোজ্যপ্রতিশ্রয়ৈঃ।
পূজয়ামাস সা কন্যা বর্দ্ধমানৈস্তু সর্ব্বদা ॥৩॥
অন্নাদিসমুদাচারঃ শয্যাসনকৃতস্তথা।
দিবসে দিবসে তস্য বর্দ্ধতে ন তু হীয়তে ॥৪॥
নির্ভৎসনাপবাদৈশ্চ তথৈবাপ্রিয়য়া গিরা।
ব্রাহ্মণস্য পৃথা রাজন্! ন চকারাপ্রিয়ং তদা ॥৫॥

ভারতকৌমুদী

সেতি। সংশিতব্রতং দৃঢ়শাস্ত্রীয়নিয়মম্। সংশিতব্রতা দৃঢ়প্রাত্যহিকনিয়মা ॥১॥
প্রাতরিতি। ইত্যুক্ত্বা নির্গতঃ সন্নিতি শেষঃ। অথো অথবা ॥২॥
তমিতি। ভক্ষ্যং চর্ব্যং ভোজ্যং তদিতরৎ প্রতিশ্রয় আসনাদিস্তৈস্তত্তদ্দানৈঃ ॥৩॥
অন্নেতি। অন্নাদীনাং সমুদাচারঃ সম্যঙ্নির্ম্মাণব্যবহারঃ ॥৪॥
নিরিতি। নির্ভৎসনানি গালিদানানি অপবাদা নিন্দাশ্চ তৈঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! সেই কন্যা পৃথা যথানিয়মে ও পবিত্র মনে ব্রতপরায়ণ সেই ব্রাহ্মণকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১॥

রাজশ্রেষ্ঠ! কখনও সেই ব্রাহ্মণ 'প্রাতঃকালে আসিব' এই কথা বলিয়া চলিয়া যাইতেন; তাহার পর সন্ধ্যাকালে বা রাত্রিতে আসিতেন ॥২॥

অথচ পৃথা প্রতিদিন সমস্ত সময়েই অধিক অধিক পরিমাণে খাদ্য, পেয়, শয্যা ও আসন প্রস্তুত করিয়া সেই ব্রাহ্মণের সেবা করিতেন ॥৩॥

প্রত্যহই সেই ব্রাহ্মণের জন্য অন্নাদি প্রস্তুত করা বা শয্যাসনাদি রচনা করা বৃদ্ধিই পাইত; কিন্তু কমিত না ॥৪॥

রাজা! তখন সেই ব্রাহ্মণের তিরস্কার, নিন্দা এবং অপ্রিয় বাক্যেও পৃথা তাঁহার অপ্রিয় কার্য্য করিতেন না ॥৫॥

ব্যস্তে কালে পুনশ্চৈতি ন চৈতি বহুশো দ্বিজঃ।
দুর্লভমপি চান্নং দীয়তামিতি সোঽব্রবীৎ ॥৬॥
কৃতমেব চ তৎ সর্ব্বং পৃথা তস্মৈ ন্যবেদয়ৎ।
শিষ্যবৎ পুত্রবচ্চৈব স্বসৃবচ্চ সুসংযতা ॥৭॥
যথোপজোষং রাজেন্দ্র! দ্বিজাতিপ্রবরস্য সা।
প্রীতিমুৎপাদয়ামাস কন্যারত্নমনিন্দিতা ॥৮॥
তস্যাস্তু শীলবৃত্তেন তুতোষ দ্বিজসত্তমঃ।
অবধানে চ ভূয়োঽস্যাঃ পরং যত্নমথাকরোৎ ॥৯॥

ভারতকৌমুদী

ব্যস্ত ইতি। ব্যস্তে উক্তবিপরীতে। সুদুর্লভং দুষ্করত্বাৎ ॥৬॥

কৃতমিতি। স্বসৃবৎ কনিষ্ঠভগিনীবৎ, সুসংযতা তৎসেবনে নিত্যতৎপরা ॥৭॥

যথেতি। উপজোষং দ্বিজাতিপ্রবরস্যৈব সুখমনতিক্রম্যেতি যথোপজোষম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ। কন্যারত্নশব্দাভিধেয়ত্ব স্ত্রীত্বাদনিন্দিতা সেতি বিশেষণশব্দয়োরপি স্ত্রীত্বম্। তথা চ বররুচিঃ—"শব্দাভিধেয়ে লিঙ্গং স্যাৎ শব্দলিঙ্গমথাপি বা। শোভনায়ৈ কলত্রায় দারান্ পশ্যন্তি শোভনান্ ॥" শব্দলিঙ্গন্তু প্রায়িকং দৃশ্যতে ॥৮॥

তস্যা ইতি। শীলবৃত্তেন স্বভাবান্বিতব্যবহারেণ। অবধানে স্বশুশ্রূষায়ামৈকাগ্র্যে ॥৯॥

ভারতভাবদীপঃ

সা ত্বিতি ॥১—২॥ প্রতিশ্রয়ৈঃ আশ্রয়ৈঃ শয়নাসনাদ্যৈঃ ॥৩॥ অন্নাদিনা সমুদাচারঃ সমুপসর্পণম্ ॥৪॥ নির্ভৎসনং ধিক্কারঃ, অপবাদোঽসাদ্দেদূষণম্। পাঠান্তরেঽপদেশো ব্যাজঃ, অপ্রিয়য়া গালনরূপয়া ॥৫—৭॥ যথোপজোষং প্রিয়মনতিক্রম্য ॥৮॥ শীলং শমাদি বৃত্তং

ব্রাহ্মণ যখন আসিবেন বলিতেন, তাহার বিপরীত সময়ে আসিয়া উপস্থিত হইতেন এবং বহু সময়ে আসিতেনও না, আবার কখনও আসিয়া 'অতিদুর্লভ অন্ন দাও' বলিতেন ॥৬॥

অথচ শিষ্যা, তনয়া ও কনিষ্ঠা ভগিনীর ন্যায় অতিসংযত হইয়া পৃথা তাঁহাকে জানাইতেন যে, "সে সমস্তই প্রস্তুত করিয়া রাখিয়াছি" ॥৭॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে সেই অনিন্দিতা কন্যারত্ন পৃথা যথাসুখে সেই ব্রাহ্মণশ্রেষ্ঠের প্রীতি উৎপাদন করিতে লাগিলেন ॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠও পৃথার স্বভাবে ও ব্যবহারে সন্তুষ্ট হইতে থাকিলেন এবং নিজের পরিচর্য্যার প্রতি পৃথার একাগ্রতাবিষয়ে বিশেষ যত্ন করিতে লাগিলেন ॥৯॥

---

(৭)...স্বস্বচ্চ সুসংযতা—ক।

তাং প্রভাতে চ সায়ঞ্চ পিতা পপ্রচ্ছ ভারত।।
অপি তুষ্যতি তে পুত্রি! ব্রাহ্মণঃ পরিচর্য্যয়া ॥১০॥
তং সা পরমমিত্যেবং প্রত্যুবাচ যশস্বিনী।
ততঃ প্রীতিমবাপাগ্র্যাং কুন্তিভোজো মহামনাঃ ॥১১॥
ততঃ সংবৎসরে পূর্ণে যদাসৌ জপতাং বরঃ।
নাপশ্যদ্দুষ্কৃতং কিঞ্চিৎ পৃথায়াঃ সৌহৃদে রতঃ ॥১২॥
ততঃ প্রীতমনা ভূত্বা স এনাং ব্রাহ্মণোঽব্রবীৎ।
প্রীতোঽস্মি পরমং ভদ্রে! পরিচারেণ তে শুভে! ॥১৩॥ (যুগ্মকম্)
বরান্ বৃণীষ্ব কল্যাণি! দুরাপান্ মানুষৈরিহ।
যৈস্ত্বং সীমন্তিনীঃ সর্ব্বা যশসাভিভবিষ্যসি ॥১৪॥

কুন্ত্যুবাচ।

কৃতানি মম সর্ব্বাণি যস্যা মে বেদবিত্তম!।
ত্বং প্রসন্নঃ পিতা চৈব কৃতং বিপ্র! বরৈর্ম্মম ॥১৫॥

ভারতকৌমুদী

তামিতি। তাং পৃথাম্। পিতা কুন্তিভোজঃ। কিং পপ্রচ্ছেত্যাহ—অপীতি ॥১০॥

তমিতি। পরমং তুষ্যতীতি সম্বন্ধঃ। অগ্র্যামুত্তমাম্ ॥১১॥

তত ইতি। দুষ্কৃতমপরাধম্। সৌহৃদে পৃথায়া এব স্নেহে, রতো ব্যাপৃতঃ। ততস্তদা। এনাং পৃথাম্। পরিচারেণ পরিচর্য্যয়া ॥১২—১৩॥

বরানিতি। দুরাপান্ দুর্লভান্। সীমন্তিনীঃ নারীঃ ॥১৪॥

কৃতানীতি। কৃতানি ত্বয়ৈবেতি শেষঃ। কৃতম্ অলম্ ॥১৫॥

ভরতনন্দন! পিতা কুন্তিভোজ প্রত্যহ প্রাতঃকালে ও সন্ধ্যাকালে পৃথাকে জিজ্ঞাসা করিতেন—"পুত্রি! তোমার পরিচর্য্যায় ব্রাহ্মণ সন্তুষ্ট হইতেছেন ত?" ॥১০॥

তখন যশস্বিনী পৃথা কুন্তিভোজকে বলিতেন—"পরম সন্তুষ্ট হইতেছেন"। তাহাতে মহামনা কুন্তিভোজ অত্যন্ত আনন্দ লাভ করিতেন ॥১১॥

তাহার পর একবৎসর পূর্ণ হইলে, যখন সেই পৃথাস্নেহনিরত ব্রাহ্মণ পৃথার কোন ত্রুটি দেখিতে পাইলেন না, তখন তিনি সন্তুষ্ট হইয়া পৃথাকে বলিলেন—"ভদ্রে! কল্যাণি! তোমার পরিচর্য্যায় আমি পরম সন্তুষ্ট হইয়াছি ॥১২—১৩॥

অতএব কল্যাণি! তুমি মানুষের দুর্লভ বর গ্রহণ কর; যাহার ফলে তুমি যশদ্বারা সকল-নারীকে অভিভূত করিতে পারিবে" ॥১৪॥

ব্রাহ্মণ উবাচ।

যদি নেচ্ছসি ভদ্রে! ত্বং বরং মত্তঃ শুচিস্মিতে!।
ইমং মন্ত্রং গৃহাণ ত্বমাহ্বানায় দিবৌকসাম্ ॥১৬॥
যং যং দেবং ত্বমেতেন মন্ত্রেণাবাহয়িষ্যসি।
তেন তেন বশে ভদ্রে! স্থাতব্যং তে ভবিষ্যতি ॥১৭॥
অকামো বা সকামো বা স সমেষ্যতি তে বশম্।
বিবুধো মন্ত্রসংশান্তো ভবেদ্ভৃত্য ইবানতঃ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

ন শশাক দ্বিতীয়ং সা প্রত্যাখ্যাতুমনিন্দিতা।
তং বৈ দ্বিজাতিপ্রবরং তদা শাপভয়ান্নৃপ!। ॥১৯॥
ততস্তামনবদ্যাঙ্গীং গ্রাহয়ামাস স দ্বিজঃ।
মন্ত্রগ্রামং তদা রাজন্! অথর্ব্বশিরসি স্থিতম্ ॥২০॥

ভারতকৌমুদী

যদীতি। মত্তো মম সকাশাৎ, শুচি শুভ্রং স্মিতং মন্দহাস্যং যস্যাস্তৎসম্বোধনম্ ॥১৬॥
যমিতি। আবাহয়িষ্যসি আহ্বাস্যসি। বশে ত্বদধীনতায়াম্ ॥১৭॥
অকাম ইতি। বিবুধো দেবঃ, মন্ত্রেণ সংশান্তো নিবারিতোগ্রভাবঃ ॥১৮॥
নেতি। দ্বিতীয়ং বারম্। সা পৃথা ॥১৯॥
তত ইতি। মন্ত্রগ্রামং মন্ত্রসমূহম্, অথর্ব্বশিরসি অথর্ব্ববেদস্যান্তিমে ভাগে ॥২০॥

কুন্তী বলিলেন—"বেদজ্ঞশ্রেষ্ঠ! আপনি ও পিতৃদেব—যাহার উপরে প্রসন্ন হইয়াছেন, তাহার আপনি সকলই করিয়াছেন; সুতরাং ব্রাহ্মণ! আমার আর বরের প্রয়োজন নাই" ॥১৫॥

ব্রাহ্মণ বলিলেন—"ভদ্রে! শুচিস্মিতে! তুমি যদি আমার নিকট হইতে বর গ্রহণ করিতে ইচ্ছা না কর, তবে তুমি দেবতাদের আহ্বানের জন্য এই মন্ত্র গ্রহণ কর ॥১৬॥

ভদ্রে! তুমি এই মন্ত্রদ্বারা যে যে দেবতাকে আহ্বান করিবে, সেই সেই দেবতাই আসিয়া তোমার বশে থাকিবেন ॥১৭॥

সেই দেবতা ইচ্ছুই হউন বা অনিচ্ছুই হউন, তোমার বশীভূত হইবেন এবং এই মন্ত্রের প্রভাবে সম্পূর্ণ শান্ত হইয়া ভৃত্যের ন্যায় অবনত হইবেন" ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! অনিন্দিতা পৃথা তখন শাপের ভয়ে দ্বিতীয়বার আর সেই ব্রাহ্মণশ্রেষ্ঠকে প্রত্যাখ্যান করিতে সমর্থ হইলেন না ॥১৯॥

(২০) অথর্ব্বশিরসি শ্রুতম্—বা ব কা নি।

তং প্রদায় তু রাজেন্দ্র! কুন্তিভোজমুবাচ হ।
উষিতোঽস্মি সুখং রাজন্! কন্যয়া পরিতোষিতঃ।
তব গেহে সুবিহিতঃ সদা সুপ্রতিপূজিতঃ ॥২১॥
সাধয়িষ্যামহে তাবদিত্যুক্ত্বান্তরধীয়ত।
স তু রাজা দ্বিজং দৃষ্ট্বা তত্রৈবান্তর্হিতং তদা।
বভূব বিস্ময়াবিষ্টঃ পৃথাঞ্চ সমপূজয়ৎ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পৃথামন্ত্রপ্রাপ্তৌ উনষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তমিতি। উষিতঃ কৃতবাসঃ। সুবিহিতঃ সুষ্ঠু শুশ্রূষিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
সাধেতি। সাধয়িষ্যামহে গমিষ্যামঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে উনষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পরিচর্য্যা অবধানমৈকাগ্র্যম্ এতৈস্তুতোষ। যদ্বা অস্যাঃ পৃথায়াঃ শ্রেয়োঽর্থমবধানেন সমাধিকালে যত্নমকরোৎ. যত্নেন তস্যাঃ কল্যাণং চিন্তিতবানিত্যর্থঃ ॥৯—১৮॥ দ্বিতীয়ং দ্বিতীয়বারম্ ॥১৯—২০॥ বিহিতো বিধানতঃ বিশেষেণ হিতস্তৃপ্তো বা ॥২১—২২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৯॥

রাজা! তাহার পর সেই ব্রাহ্মণ তখনই সেই অনিন্দ্যসুন্দরী পৃথাকে অথর্ব্ববেদের শেষভাগস্থিত মন্ত্রসমূহ গ্রহণ করাইলেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! ব্রাহ্মণ সেই মন্ত্রদান করিয়া কুন্তিভোজকে বলিলেন—"রাজা! আপনার কন্যা সর্ব্বদাই সুন্দরভাবে পরিচর্য্যা ও সম্মান করিয়া আমাকে পরিতুষ্ট করিয়াছে; সুতরাং আমি আপনার বাড়ীতে সুখেই বাস করিয়াছি ॥২১॥

এখন যাইব" এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন। তখন কুন্তিভোজরাজা সেই ব্রাহ্মণকে সেইখানেই অন্তর্হিত দেখিয়া বিস্ময়াবিষ্ট হইলেন এবং পৃথার যথেষ্ট গৌরব করিলেন ॥২২॥

---

(২২)…তুঃথ এবাপচারঃ—বা ব কা। * '…দ্বিনবত্যধিকদ্বিশততমঃ…'—পি, '…চতুরধিকত্রিশততমঃ…'—বা ব, '…পঞ্চাধিকত্রিশততমঃ…'—কা '…ষড়ধিকত্রিশততমঃ…'—নি।

ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

গতে তস্মিন্ দ্বিজশ্রেষ্ঠে কস্মিংশ্চিৎ কালপর্য্যয়ে।
চিন্তয়ামাস সা কন্যা মন্ত্রগ্রামবলাবলম্ ॥১॥
অয়ং বৈ কীদৃশস্তেন মম দত্তো মহাত্মনা।
মন্ত্রগ্রামো বলং তস্য জ্ঞাস্যে নাতিচিরাদিব ॥২॥
এবং সঞ্চিন্তয়ন্তী সা দদর্শর্ত্তুং যদৃচ্ছয়া।
ব্রীড়িতা সাভবদ্বালা কন্যাভাবে রজস্বলা ॥৩॥
ততো হর্ম্ম্যতলস্থা সা মহার্হশয়নোচিতা।
প্রাচ্যাং দিশি সমুদ্যন্তং দদর্শাদিত্যমণ্ডলম্ ॥৪॥
তত্রবদ্ধমনোদৃষ্টিরভবৎ সা সুমধ্যমা।
নচাতপ্যত রূপেণ ভানোঃ সন্ধ্যাগতস্য সা ॥৫॥

ভারতকৌমুদী

গত ইতি। কালপর্য্যয়ে কালাতিক্রমে সতি। সা কন্যা পৃথা ॥১॥

চিন্তায়াঃ প্রকারমাহ—অয়মিতি। তেন ব্রাহ্মণেন। ইবশব্দো বাক্যালঙ্কারে ॥২॥

এবমিতি। ঋতুম্ আত্মন এব রজঃ, যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া ॥৩॥

তত ইতি। হর্ম্ম্যতলস্থা প্রাসাদাভ্যন্তরস্থিতা। দদর্শ গবাক্ষরন্ধ্রেণ ॥৪॥

তত্রেতি। রূপেণ তেজসা, ভানোঃ সূর্য্যস্য, সন্ধ্যাগতস্য রাত্রিদিনসন্ধিস্থিতস্য ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—সেই ব্রাহ্মণ চলিয়া গেলে এবং তাহার পর কিছু কাল অতীত হইলে, সেই মন্ত্রসমূহের কিরূপ শক্তি আছে বা না আছে, সেই বিষয়ে পৃথা চিন্তা করিলেন ॥১॥

সেই মহাত্মা আমাকে কিপ্রকার এই মন্ত্রসমূহ দিয়া গিয়াছেন, শীঘ্রই আমি তাহার শক্তি পরীক্ষা করিব ॥২॥

পৃথা এইরূপ চিন্তা করিতে করিতেই ঈশ্বরেচ্ছাক্রমে রজোদর্শন করিলেন এবং তিনি কন্যাবস্থায় রজস্বলা হইয়া লজ্জিতা হইলেন ॥৩॥

তাহার পর তিনি অট্টালিকার ভিতরে মহামূল্য শয্যায় থাকিয়াই গবাক্ষদ্বার দিয়া পূর্ব্বদিকে উদয়মান সূর্য্যমণ্ডল দর্শন করিলেন ॥৪॥

---

(২) জ্ঞাস্যে নাতিচিরাদিতি—বা ব কা নি।

তস্যা দৃষ্টিরভূদ্দিব্যা সাপশ্যদ্দিব্যদর্শনম্।
আমুক্তকবচং দেবং কুণ্ডলাভ্যাং বিভূষিতম্ ॥৬॥
তস্যাঃ কৌতূহলং ত্বাসীন্মন্ত্রং প্রতি নরাধিপ!।
আহ্বানমকরোৎ সাথ তস্য দেবস্য ভাবিনী ॥৭॥
প্রাণানুপস্পৃশ্য তদা হ্যাজুহাব দিবাকরম্।
আজগাম ততো রাজন্! ত্বরমাণো দিবাকরঃ ॥৮॥
মধুপিঙ্গো মহাবাহুঃ কম্বুগ্রীবো হসন্নিব।
অঙ্গদী বদ্ধমুকুটো দিশঃ প্রজ্বালয়ন্নিব ॥৯॥ (যুগ্মকম্)
যোগাৎ কৃত্বা দ্বিধাত্মানমাজগাম ততাপ চ।
আবভাষে ততঃ কুন্তীং সাম্না পরমবল্গুনা ॥১০॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। দিব্যা অলৌকিকী দেবদর্শনযোগ্যেত্যর্থঃ। আমুক্তকবচং ধৃতবর্মাণম্ ॥৬॥

তস্যা ইতি। মন্ত্রং তন্মন্ত্রশক্তিম্। ভাবিনী অনুরাগিণী সতী ॥৭॥

প্রাণানিতি। প্রাণান্ প্রাণস্থানং হৃদয়মুপস্পৃশ্য আচম্যেত্যর্থঃ। মধুপিঙ্গো মধুবৎ পিঙ্গলবর্ণঃ, কম্বুঃ শঙ্খ ইব ত্রিরেখাঙ্কিতা গ্রীবা যস্য সঃ। অঙ্গদী কেয়ূরী ॥৮—৯॥

অথ সূর্য্যস্য তত্রাগমনে জগৎপ্রকাশস্য তদানীং কা গতিরাসীদিত্যাহ—যোগাদিতি। যোগাৎ যোগনিবন্ধনৈশ্বর্য্যপ্রভাবাৎ। ততাপ জগৎ। পরমবল্গুনা অতিসুন্দরেণ ॥১০॥

ক্রমে সুমধ্যমা পৃথা সেই সূর্য্যমণ্ডলের উপরে মন ও দৃষ্টি নিবিষ্ট করিলেন; কিন্তু রাত্রি ও দিনের সন্ধিসময়বর্ত্তী সূর্য্যের তেজে তিনি সন্তপ্ত হইলেন না ॥৫॥

তখন তাঁহার অলৌকিক দৃষ্টিশক্তি জন্মিল; তাই তিনি—দিব্যমূর্ত্তি, কবচধারী ও কুণ্ডলযুগলভূষিত সূর্য্যদেবকে দেখিতে পাইলেন ॥৬॥

রাজা। তখন তাঁহার সেই মন্ত্রের শক্তিপরীক্ষার বিষয়ে কৌতুক জন্মিল; তাই তিনি অনুরক্ত হইয়া সেই মন্ত্রদ্বারা সূর্য্যদেবকে আহ্বান করিলেন ॥৭॥

রাজা। কুন্তী তখন আচমন করিয়া সূর্য্যকে আহ্বান করিলেন। তাহার পর মধুর ন্যায় পিঙ্গলবর্ণ, আজানুলম্বিতবাহু, কম্বুগ্রীব এবং কেয়ূর ও মুকুট-ধারী সূর্য্যদেব সকল দিক্ আলোকিত করিয়া হাসিতে হাসিতেই যেন সত্বর সেই স্থানে আগমন করিলেন ॥৮—৯॥

তিনি যোগবলে আপনাকে দুইভাগে বিভক্ত করিয়া একভাগে আগমন করিলেন এবং অপরভাগে তাপ দিতে থাকিলেন। তাহার পর তিনি পরম সুন্দর ও মধুর বাক্যে কুন্তীকে বলিলেন—॥১০॥

আগতোঽস্মি বশং ভদ্রে! তব মন্ত্রবলাৎকৃতঃ।
কিং করোমি বশো রাজ্ঞি! ব্রূহি কর্ত্তা তদস্মি তে ॥১১॥

কুন্ত্যুবাচ।

গম্যতাং ভগবংস্তত্র যত এবাগতো হ্যসি।
কৌতূহলাৎ সমাহূতঃ প্রসীদ ভগবন্নিতি ॥১২॥

সূর্য্য উবাচ।

গমিষ্যেঽহং যথা মা ত্বং ব্রবীষি তনুমধ্যমে!।
ন তু দেবং সমাহূয় ন্যায্যং প্রেষয়িতুং বৃথা ॥১৩॥
তবাভিসন্ধিঃ সুভগে! সূর্য্যাৎ পুত্রো ভবেদিতি।
বীর্য্যেণাপ্রতিমো লোকে কবচী কুণ্ডলীতি চ ॥১৪॥

ভারতকৌমুদী

আগত ইতি। মন্ত্রবলাৎকৃতঃ মন্ত্রবলেনাকৃষ্টঃ। হে রাজ্ঞি! রাজকন্যে! ॥১১॥
গম্যতামিতি। তর্হি কথং ত্বয়াহূত ইত্যাহ—কৌতূহলাদিতি ॥১২॥
গমিষ্য ইতি। মা মাম্! হে তনুমধ্যমে! কৃশকটীদেশে! ॥১৩॥
তবেতি। অভিসন্ধিরুদ্দেশ্যম্। অন্যথা মমাহ্বানং ন স্যাদিত্যাশয়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

গতে ইতি ॥১—২॥ ঋতুং রজঃ ॥৩—৭॥ প্রাণানিন্দ্রিয়াণি চক্ষুঃ শ্রোত্রাদীন্যুপস্পৃশ্য জলেন সম্যগাচম্যেত্যর্থঃ ॥৮—১০॥ বশং কামম্ ॥১১—১২॥ যথাঽহং গমিষ্যে তথা মা

"ভদ্রে! আমি তোমার মন্ত্রের প্রভাবে আকৃষ্ট ও বশীভূত হইয়া আসিয়াছি; অতএব রাজকন্যে! আমি তোমার কি করিব—বল, আমি তোমার তাহাই করিব" ॥১১॥

কুন্তী বলিলেন—"ভগবন্! আপনি যে স্থান হইতে আগমন করিয়াছেন, সেই স্থানেই গমন করুন। আমি কৌতুকবশতই আপনাকে আহ্বান করিয়াছি; অতএব ভগবন্! আপনি আমার প্রতি প্রসন্ন হউন" ॥১২॥

সূর্য্য বলিলেন—"কৃশমধ্যে! তুমি আমাকে যেরূপ বলিতেছ, তাহাতে আমি অবশ্যই যাইব; কিন্তু দেবতাকে ডাকিয়া আনিয়া বৃথা পাঠাইয়া দেওয়া উচিত নহে ॥১৩॥

সুভগে! তোমার এইরূপ আকাঙ্ক্ষা রহিয়াছে যে, জগতে অসাধারণ বলশালী এবং কবচ ও কুণ্ডলধারী আমার একটী পুত্র সূর্য্য হইতে হউক ॥১৪॥

---

(১১)···কিং করোম্যবশো রাজ্ঞি!—পি।

সা ত্বমাত্মপ্রদানং বৈ কুরুষ গজগামিনি!।
উৎপৎস্যতি হি পুত্রস্তে যথাসঙ্কল্পমঙ্গনে!।
অথ গচ্ছাম্যহং ভদ্রে! ত্বয়া সঙ্গম্য সুস্মিতে! ॥১৫॥

যদি ত্বং বচনং নাদ্য করিষ্যসি মম প্রিয়ম্।
শপিষ্যে ত্বামহং ক্রুদ্ধো ব্রাহ্মণং পিতরঞ্চ তে ॥১৬॥

ত্বৎকৃতে তান্ প্রধক্ষ্যামি সর্ব্বানপি ন সংশয়ঃ।
পিতরঞ্চৈব তে মূঢ়ং যো ন বেত্তি তবানয়ম্ ॥১৭॥

তস্য চ ব্রাহ্মণস্যাদ্য যোঽসৌ মন্ত্রমদাত্তব।
শীলবৃত্তমবিজ্ঞায় ধাস্যামি বিনয়ং পরম্ ॥১৮॥

এতে হি বিবুধাঃ সর্ব্বে পুরন্দরমুখা দিবি।
ত্বয়া প্রলব্ধং পশ্যন্তি স্ময়ন্ত ইব ভাবিনি! ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। যথাসঙ্কল্পম্ ইচ্ছানুরূপঃ, হে অঙ্গনে! উত্তমস্ত্রি!। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
যদীতি। বচনম্ এতদ্বচনানুরূপং প্রিয়ম্। ব্রাহ্মণম্ এতন্মন্ত্রদাতারং দুর্ব্বাসসম্ ॥১৬॥
ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে, প্রধক্ষ্যামি দগ্ধান্ করিষ্যামি। অনয়মন্যায্যাচরণম্ ॥১৭॥
তস্যেতি। শীলবৃত্তং তব স্বভাবব্যবহারৌ। ধাস্যামি বিধাস্যামি, বিনয়ং দণ্ডম্ ॥১৮॥
এত ইতি। প্রলব্ধং প্রতারিতং মাম্, স্ময়ন্তঃ স্ময়মানা ঈষদ্ধসন্তঃ ॥১৯॥

অতএব গজগামিনি! সেই তুমি আমাকে দেহসমর্পণ কর; অঙ্গনে! তাহাতে তোমার আশানুরূপ পুত্র হইবে। ভদ্রে! সুস্মিতে! আমি তোমার সহিত সঙ্গম করিয়া পরে চলিয়া যাইব ॥১৫॥

আর যদি তুমি আমার বাক্য অনুসারে আজ আমার প্রিয়কার্য্য না কর, তবে, আমি ক্রুদ্ধ হইয়া তোমাকে, তোমার পিতাকে এবং সেই ব্রাহ্মণকে অভিসম্পাত করিব ॥১৬॥

এবং যিনি তোমার অন্যায্য আচরণের বিষয় জানেন না, তোমার সেই পিতাকে ও তাঁহার সকল পরিজনকে তোমার জন্যই দগ্ধ করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৭॥

আর সেই যে ব্রাহ্মণ তোমার স্বভাব-চরিত্র না জানিয়া তোমাকে মন্ত্র দিয়াছিল, সেই ব্রাহ্মণেরও আজ গুরুতর দণ্ড বিধান করিব ॥১৮॥

কারণ, ইন্দ্রপ্রভৃতি এই দেবতারা সকলে আকাশে থাকিয়া—তুমি যে আমাকে প্রতারণা করিয়াছ, তাহা যেন মৃদু হাস্য করতঃ দর্শন করিতেছেন ॥১৯॥

পশ্য চৈনান্ সুরগণান্ দিব্যং চক্ষুরিদং হি তে।
পূর্ব্বমেব ময়া দত্তং দৃষ্টবত্যসি যেন মাম্ ॥২০॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽপশ্যত্ত্রিদশান্ রাজপুত্রী সর্ব্বানেব স্বেষু ধিষ্ণ্যেষু খস্থান্।
প্রভাসন্তং ভানুমন্তং মহান্তং যথাদিত্যং রোচমানাংস্তথৈব ॥২১॥
সা তান্ দৃষ্ট্বা ব্রীড়মানেব বালা সূর্য্যং দেবী বচনং প্রাহ ভীতা।
গচ্ছ ত্বং বৈ গোপতে! স্বং বিমানং কন্যাভাবাদ্দুঃখ এবোপকারঃ ॥২২॥
পিতা মাতা গুরবশ্চৈব যেঽন্যে দেহস্যাস্য প্রভবন্তি প্রদানে।
নাহং ধর্ম্মং লোপয়িষ্যামি লোকে স্ত্রীণাং বৃত্তং পূজ্যতে দেহরক্ষা ॥২৩॥

ভারতকৌমুদী

পশ্যেতি। এনান্ উপর্য্যঙ্গুল্যা নির্দ্দিষ্টান্। দিব্যমলৌকিকম্ ॥২০॥
তত ইতি। ধিষ্ণ্যেষু স্থানেষু, খস্থান্ আকাশস্থিতান্। ভানুমন্তং প্রশস্তরশ্মিম্ ॥২১॥
সেতি। হে গোপতে! সূর্য্য! উপকারঃ সঙ্গমেন তব শুশ্রূষা, দুঃখো দুঃখকরঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

মাং ব্রবীষি, ন তু তদ্যোগ্যমিত্যাহ—ন স্থিতি। বৃথা প্রসাদমপ্রাপ্য ॥১৩—১৫॥ ব্রাহ্মণং দুর্ব্বাসসম্ ॥১৬—১৭॥ বিনয়ং দণ্ডম্, ধাস্যামি ধারয়িষ্যামি ॥১৮—২১॥ অপচারোঽপরাধঃ কৃতঃ ॥২২—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায় ॥২৬০॥

আমি তোমাকে পূর্ব্বেই দিব্য চক্ষু দিয়াছি, যাহাদ্বারা তুমি আমাকে দেখিয়াছিলে, সেই চক্ষুদ্বারা এই দেবগণকে দর্শন কর" ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কুন্তী—প্রশস্তকিরণ, উজ্জ্বলমূর্ত্তি ও বিশালমণ্ডল সূর্য্যকে যেমন দেখিয়াছিলেন, তেমন আকাশে আপন আপন স্থানে দীপ্যমান সকল দেবতাকে দেখিতে পাইলেন ॥২১॥

তখন বালিকা কুন্তী তাঁহাদিগকে দেখিয়া লজ্জিত হইয়াই যেন ভীতভাবে সূর্য্যকে এই কথা বলিলেন—"সূর্য্যদেব! আপনি নিজের বিমানে গমন করুন। কারণ, কন্যা অবস্থায় আপনার এই সেবা করা আমার পক্ষে দুঃখজনক ॥২২॥

পিতা, মাতা এবং অন্য যে সকল গুরুজন আছেন, তাঁহারাই এই দেহ দান করিতে পারেন (কিন্তু আমি নিজে পারি না); অতএব আমি ধর্ম্ম নষ্ট করিব না। জগতে স্ত্রীলোকের কার্য্যের মধ্যে দেহরক্ষা করাই প্রশস্ত ॥২৩॥

---

(২২) দুঃখ এবাপচারঃ—বা ব কা।

ময়া মন্ত্রবলং জ্ঞাতুমাহূতস্ত্বং বিভাবসো!।
বাল্যাদ্বালেতি তৎ কৃত্বা ক্ষন্তুমর্হসি মে বিভো। ॥২৪॥

সূর্য্য উবাচ।

বালেতি কৃত্বানুনয়ং তবাহং দদানি নান্যানুনয়ং লভেত।
আত্মপ্রদানং কুরু কুন্তি! কন্যে! শান্তিস্তবৈবং হি ভবেচ্চ ভীরু! ॥২৫॥
ন চাপি যুক্তং গন্তুং হি ময়া মিথ্যাকৃতেন বৈ।
অসমেত্য ত্বয়া ভীরু! মন্ত্রাহূতেন ভাবিনি। ॥২৬॥
গমিষ্যাম্যনবদ্যাঙ্গি! লোকে সমবহাস্যতাম্।
সর্ব্বেষাং বিবুধানাঞ্চ বক্তব্যঃ স্যাং তথা শুভে। ॥২৭॥
সা ত্বং ময়া সমাগচ্ছ পুত্রং লপ্স্যসি মাদৃশম্।
বিশিষ্টা সর্ব্বলোকেষু ভবিষ্যসি ন সংশয়ঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলা-হরণে কুন্তীসূর্য্যাহ্বানে ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পিতেতি। প্রভবন্তি শক্নুবন্তি। বৃত্তং কার্য্যমধিকৃত্য দেহরক্ষৈব পূজ্যতে প্রশস্যতে ॥২৩॥
ময়েতি। বাল্যাদ্বালচাঞ্চল্যাদাহূত ইতি সম্বন্ধঃ ॥২৪॥
বালেতি। অনুনয়ং নম্রভাবেন স্তবম্, দদানি করবাণি ॥২৫॥
নেতি। মিথ্যাকৃতেন ত্বয়া নিষ্ফলীকৃতেন। অসমেত্য অসঙ্গম্য ॥২৬॥
গমিষ্যামীতি। বক্তব্যো নিন্দনীয়ঃ। ত্বয়া সার্দ্ধমসঙ্গম্য গমন ইতি শেষঃ ॥২৭॥

সূর্য্যদেব! আমি বালচাপল্যবশতঃ মন্ত্রের প্রভাব পরীক্ষা করিবার জন্যই আপনাকে আহ্বান করিয়াছি; সুতরাং প্রভু! বালিকা বলিয়াই আপনি আমার সেই অপরাধ ক্ষমা করুন” ॥২৪॥

সূর্য্য বলিলেন—“কুন্তি! তুমি বালিকা বলিয়াই আমি তোমার এই অনুনয় করিতেছি; অন্য হইলে, সে এ অনুনয় পাইত না; অতএব ভীরু! কুমারি! তুমি আত্মদান কর, ইহাতে তোমার শান্তিই হইবে ॥২৫॥

ভীরু! ভাবিনি! তুমি আমাকে মন্ত্রদ্বারা আহ্বান করিয়াছ, এ অবস্থায় তোমার সহিত সঙ্গম না করিয়া নিষ্ফল হইয়া যাওয়া আমার উচিত নহে ॥২৬॥

অনিন্দিতাঙ্গি! কল্যাণি! নিষ্ফল হইয়া চলিয়া গেলে, আমি লোকসমাজে হাস্য এবং দেবগণের নিকট নিন্দনীয় হইব ॥২৭॥

---

* ‘...ত্রিনবত্যধিকদ্বিশততমঃ...’ —পি, ‘...পঞ্চাধিকত্রিশততমঃ...’—বা ব, ‘...ষড়ধিকত্রিশততমঃ...’—কা, ‘...সপ্তাধিকত্রিশততমঃ...’—নি।

একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

সা তু কন্যা বহুবিধং ব্রুবন্তী মধুরং বচঃ।
অনুনেতুং সহস্রাংশুং ন শশাক মনস্বিনী ॥১॥

ন শশাক যদা বালা প্রত্যাখ্যাতুং তমোনুদম্।
ভীতা শাপাত্ততো রাজন্! দধ্যৌ দীর্ঘমথান্তরম্ ॥২॥

অনাগসঃ পিতুঃ শাপো ব্রাহ্মণস্য তথৈব চ।
মন্নিমিত্তঃ কথং ন স্যাৎ ক্রুদ্ধাদস্মাদ্বিভাবসোঃ ॥৩॥

ভারতকৌমুদী

সেতি। ময়া সহেতি শেষঃ। বিশিষ্টা মৎপ্রসাদাৎ স্ত্রীষু প্রধানা ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেতি। ব্রুবন্তীতি নকারলোপাভাব আর্ষঃ। অনুনেতুমনুনয়েন নিবারয়িতুম্ ॥১॥
নেতি। তমোনুদং সূর্য্যম্। দধ্যৌ চিন্তয়ামাস, অন্তরং সময়ম্ ॥২॥
কিং দধ্যাবিত্যাহ—অনেতি। অনাগসো নিরপরাধস্য, পিতুঃ কুন্তিভোজস্য ॥৩॥

অতএব তুমি আমার সহিত সঙ্গম কর, তাহা হইলে আমার তুল্যই পুত্র লাভ করিবে এবং সমস্ত জগতে স্ত্রীলোকদের মধ্যে প্রধানা হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই” ॥২৮॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—মনস্বিনী কুন্তী নানাবিধ মধুর বাক্য বলিয়া অনুনয় করিয়াও সূর্য্যকে বারণ করিতে পারিলেন না ॥১॥

রাজা! বালিকা কুন্তী যখন সূর্য্যকে প্রত্যাখ্যান করিতে সমর্থ হইলেন না, তখন তিনি সূর্য্যের শাপের ভয়ে ভীত হইয়া দীর্ঘকাল চিন্তা করিলেন—॥২॥

‘আমার নিমিত্ত ক্রুদ্ধ এই সূর্য্যদেব হইতে নিরপরাধ পিতার এবং নিরপরাধ দুর্ব্বাসার প্রতি অভিশাপ কি প্রকারে না হইতে পারে ? ॥৩॥

বালেনাপি সতা মোহাদ্ভৃশং সাপহ্নবান্যপি।
নাভ্যাসাদয়িতব্যানি তেজাংসি চ তপাংসি চ ॥৪॥
সাহমদ্য ভৃশং ভীতা গৃহীতা চ করে ভৃশম্।
কথং ত্বকার্য্যং কুর্য্যাং বৈ প্রদানং হ্যাত্মনঃ স্বয়ম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

সা বৈ শাপপরিত্রস্তা বহু চিন্তয়তী হৃদা।
মোহেনাভিপরীতাঙ্গী স্ময়মানা পুনঃ পুনঃ ॥৬॥
তং দেবমব্রবীদ্ভীতা বন্ধূনাং রাজসত্তম!।
ব্রীড়াবিহ্বলয়া বাচা শাপত্রস্তা বিশাংপতে। ॥৭॥

ভারতকৌমুদী

বালেনেতি। বালেনাপি, সতা সাধুনাপি, মোহাৎ, ভৃশং সাপহ্নবান্যপি অতিগুপ্তান্যপি, তেজাংসি সূর্য্যাদিবৎ তেজোময়া জনাঃ, তপাংসি দুর্ব্বাসঃপ্রভৃতিবৎ তপস্বিনো জনাশ্চ, নাভ্যাসাদয়িতব্যানি নাতিসন্নিহিতীকর্ত্তব্যানি। দৃষ্টান্তস্ত্বহমেবেতি ভাবঃ ॥৪॥

সেতি। গৃহীতা সূর্য্যেণ। স্বয়মাত্মনৈব আত্মনঃ প্রদানং তদ্রূপমকার্য্যম্ ॥৫॥

সেতি। অভিপরীতাঙ্গী ব্যাপ্তচিত্তা, স্ময়মানা ব্যাপারচিন্তনাদ্বিস্ময়াপন্না ॥৬॥

তমিতি। বন্ধূনাং বন্ধুভ্যঃ পিত্রাদিভ্যো ভীতা। শাপত্রস্তা সূর্য্যস্য শাপাদ্ভীতা ॥৭॥

ভারতভাবদীপঃ

সা তু কন্যেতি ॥১॥ দধ্যৌ চিন্তিতবতী, অন্তরং কালম্ ॥২—৩॥ বালেনাল্পবয়সাপি, সতা সাধুনা, মোহাচ্চিত্তপারবশ্যাৎ পাপং কৃতং হিংসিতং যৈস্তানি নিষ্পাপান্যপি তেজাংসি সূর্য্যাদীনি, তপাংসি দুর্ব্বাস-আদীনি, নাভ্যাসাদয়িতব্যান্যত্যন্তং প্রত্যাসত্তিবিষয়াণি ন

অতিগোপনেও তেজস্বী বা তপস্বীকে অতিনিকটবর্ত্তী করা বালক বা সাধুরও উচিত নহে ॥৪॥

সেই আমি আজ অত্যন্ত ভীতা এবং হস্তে ধৃতা হইয়াও কিপ্রকারে আত্মদানরূপ অকার্য্য করি?' ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী এইভাবে মনে মনে বহু চিন্তা করিয়া, সূর্য্যের শাপভয়ে ভীতা এবং মোহে অভিভূতা হইয়া বার বার বিস্মিতা হইতে লাগিলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ নরনাথ! তাহার পর কুন্তী বন্ধুভয়ে ভীত এবং সূর্য্যের শাপের ভয়ে আকুল হইয়া লজ্জাবিহ্বল বাক্যে সূর্য্যদেবকে বলিলেন ॥৭॥

---

(৪)…ভৃশং পাপকৃতান্যপি—বা ব কা।

কুন্ত্যুবাচ।

পিতা মে ধ্রিয়তে দেব! মাতা চান্যে চ বান্ধবাঃ।
ন তেষু ধ্রিয়মাণেষু বিধিলোপো ভবেদয়ম্ ॥৮॥
ত্বয়া তু সঙ্গমো দেব! যদি স্যাদ্বিধিবর্জ্জিতঃ।
মন্নিমিত্তং কুলস্যাস্য লোকে কীর্ত্তির্নশেত্ততঃ ॥৯॥
অথবা ধর্ম্মমেতং ত্বং মন্যসে তপতাং বর!।
ঋতে প্রদানাদ্বন্ধুভ্যস্তব কামং করোম্যহম্ ॥১০॥
আত্মপ্রদানং দুর্দ্ধর্ষ! তব কৃত্বা সতী ত্বহম্।
ত্বয়ি ধর্ম্মো যশশ্চৈব কীর্ত্তিরায়ুশ্চ দেহিনাম্ ॥১১॥

সূর্য্য উবাচ।

ন তে পিতা ন তে মাতা গুরবো বা শুচিস্মিতে!।
প্রভবন্তি বরারোহে! ভদ্রং তে শৃণু মে বচঃ ॥১২॥
সর্ব্বান্ কাময়তে যস্মাৎ কমের্ধাতোশ্চ ভাবিনি!।
তস্মাৎ কন্যেহ সুশ্রোণি! স্বতন্ত্রা বরবর্ণিনি! ॥১৩॥

ভারতকৌমুদী

পিতেতি। ধ্রিয়তে অবতিষ্ঠতে। "পিতা দত্তাৎ স্বয়ং কন্যাম্" ইতি বিধের্লোপঃ ॥৮॥
ত্বয়েতি। ত্বয়া সহ। নশেৎ নশ্যেৎ, ততস্তদা ॥৯॥
অথবেতি। তদা বন্ধুভ্যঃ পিত্রাদিভির্বন্ধুভিঃ, প্রদানাৎ ঋতে বিনাপি ॥১০॥
আত্মেতি। অহং সতী স্যাতুমিচ্ছামীতি শেষঃ, তব প্রসাদাদিত্যাশয়ঃ ॥১১॥
নেতি। প্রভবন্তি প্রভবো ভবন্তি। তে ভদ্রং মঙ্গলকরম্ ॥১২॥

কুন্তী বলিলেন—"দেব! আমার পিতা, মাতা এবং অন্যান্য বন্ধুগণ রহিয়াছেন; সুতরাং তাঁহারা থাকিতে এটা কি বিধিলোপ হইবে না? ॥৮॥

দেব! বিধিবিবর্জ্জিতভাবে আপনার সহিত যদি আমার সঙ্গম হয়, তাহা হইলে জগতে আমার জন্যই এই বংশের যশ নষ্ট হইবে ॥৯॥

অথবা তেজস্বিশ্রেষ্ঠ! আপনি যদি এটাকে ধর্ম্ম মনে করেন, তবে আমি বন্ধুগণের দান ব্যতীতও আপনার অভীষ্ট পূরণ করিব ॥১০॥

দুর্দ্ধর্ষ! আপনাকে আত্মদান করিয়াও আমি সতী থাকিতেই ইচ্ছা করি। কারণ, প্রাণিগণের ধর্ম্ম, যশ, কীর্ত্তি ও আয়ু আপনাতেই রহিয়াছে" ॥১১॥

সূর্য্য বলিলেন—"শুচিস্মিতে! বরারোহে! পিতা, মাতা বা অন্য গুরুজনেরা তোমার প্রভু নহেন। এ বিষয়ে তোমার মঙ্গলের কথা আমার নিকট শোন ॥১২॥

নাধর্ম্মশ্চরিতঃ কশ্চিত্ত্বয়া ভবতি ভাবিনি।।
অধর্ম্মং কুত এবাহং চরেয়ং লোককাম্যয়া ॥১৪॥
অনাবৃতাঃ স্ত্রিয়ঃ সর্ব্বা নরাশ্চ বরবর্ণিনি।।
স্বভাব এষ লোকানাং বিকারোঽন্য ইতি স্মৃতঃ ॥১৫॥
সা ময়া সহ সঙ্গম্য পুনঃ কন্যা ভবিষ্যসি।
পুত্রশ্চ তে মহাবাহুর্ভবিষ্যতি মহাযশাঃ ॥১৬॥

কুন্ত্যুবাচ।

যদি পুত্রো মম ভবেত্ত্বত্তঃ সর্ব্বতমোনুদ।।
কুণ্ডলী কবচী শূরো মহাবাহুর্মহাবলঃ ॥১৭॥

ভারতকৌমুদী

কথং ন প্রভবন্তীত্যাহ—সর্ব্বানিতি। কমের্ধাতোঃ কন্যাপদং সিদ্ধমিতি শেষঃ। কমে-র্ধাতোর্ভব্যাদিত্বাৎ কর্ত্তরি যপ্রত্যয়ে পৃষোদরাদিত্বাৎ মকারস্য নকার ইতি ভাবঃ ॥১৩॥

নেতি। চরিতোঃ মৎসঙ্গমেনেতি শেষঃ। লোককাম্যয়া লৌকিকসুখেচ্ছয়া ॥১৪॥

অনেতি। অনাবৃতা ভোগাদাবনবরুদ্ধাঃ। অন্যঃ বিবাহাদিনা একৈকভোগনিয়মঃ ॥১৫॥

সেতি। কন্যা কন্যাবদবিকৃতাঙ্গী ভবিষ্যসি, মৎপ্রসাদাদেবেতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

কর্ত্তব্যানি ॥৪—৬॥ বন্ধূনাং সখীনাং তাভ্য ইত্যর্থঃ ॥৭॥ ধ্রিয়তে জীবতি ॥৮॥ নশেন্নশ্যেৎ ॥৯—১১॥ প্রভবন্তি স্বাম্যমর্হন্তি ॥১২॥ কাময়তে সর্ব্বানিতি কন্যেতি কন্যাশব্দ-নির্ব্বচনম্ ॥১৩॥ তত্র হেতুঃ—লোককাম্যয়া লোকপ্রিয়য়া কামবত্ত্বয়া ॥১৪॥ অন্যো বিবাহ-

---

ভাবিনি! সুনিতম্বে! বরবর্ণিনি! যে হেতু কুমারী সকল পুরুষকেই কামনা করিতে পারে, সেই হেতু সে কন্যা। কন্যাশব্দ কমধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে; সুতরাং কন্যা স্বতন্ত্রা ॥১৩॥

অতএব ভাবিনি! আমার সহিত সঙ্গম করিলে তোমার কোন অধর্ম্ম করা হইবে না। আমিই বা লৌকিক সুখের ইচ্ছায় কি করিয়া অধর্ম্ম করিতে পারি? ॥১৪॥

বরবর্ণিনি! ইহাই লোকের স্বভাব যে, সমস্ত স্ত্রী ও সমস্ত পুরুষই অনবরুদ্ধ থাকে; সুতরাং অন্য নিয়মগুলিই বিকার ॥১৫॥

অতএব তুমি আমার সহিত সঙ্গম করিয়া পুনরায় কন্যাই হইবে এবং তোমার পুত্রও মহাবাহু ও মহাযশা হইবে” ॥১৬॥

কুন্তী বলিলেন—“হে সমস্তান্ধকারনাশক! আপনা হইতে আমার যদি পুত্র হয়, তবে সে যেন কুণ্ডল ও কবচধারী এবং বীর, মহাবাহু ও মহাযশা হয়” ॥১৭॥

সূর্য্য উবাচ।

ভবিষ্যতি মহাবাহুঃ কুণ্ডলী দিব্যবর্ম্মভৃৎ।
উভয়ঞ্চামৃতময়ং তস্য ভদ্রে! ভবিষ্যতি ॥১৮॥

কুন্ত্যুবাচ।

যদ্যেতদমৃতাদস্তি কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্।
মম পুত্রস্য যং বৈ ত্বং মত্ত উৎপাদয়িষ্যসি ॥১৯॥
অস্তু মে সঙ্গমো দেব! যথোক্তং ভগবংস্ত্বয়া।
ত্বদ্বীর্য্যরূপসত্ত্বৌজা ধর্ম্মযুক্তো ভবেৎ স চ ॥২০॥ (যুগ্মকম্)

সূর্য্য উবাচ।

অদিত্যা কুণ্ডলে রাজ্ঞি! দত্তে মে মত্তকাশিনি!।
তস্মৈ দাস্যামি বামোরু! বর্ম্ম চেদমনুত্তমম্ ॥২১॥

ভারতকৌমুদী

যদীতি। ত্বত্তস্তব সকাশাৎ। তর্হি স কুণ্ডল্যাদিরূপো ভবত্বিতি শেষঃ ॥১৭॥

ভবিষ্যতীতি। অমৃতময়ম্ অমৃতস্বরূপং মৃত্যুনিবারকমিত্যর্থঃ ॥১৮॥

যদীতি। অমৃতাদুৎপন্নমিতি শেষঃ, কুণ্ডলে উত্তমং বর্ম্ম চৈতদুভয়মিত্যর্থঃ। মত্তো মম সকাশাৎ। উক্তমনতিক্রম্যেতি যথোক্তম্। তবেব বীর্য্যং রূপং সত্ত্বমধ্যবসায়ঃ ওজস্তেজশ্চ যস্য স তাদৃশঃ। স ত্বয়োৎপাদয়িষ্যমাণো মৎপুত্রঃ ॥১৯—২০॥

অদিত্যেতি। হে রাজ্ঞি! রাজকন্যে! মত্তেন যৌবনমদেন কাশতে শোভত ইতি মত্তকাশিনী, তৎসম্বোধনম্। তস্মৈ ত্বৎপুত্রায়। ইদমিত্যঙ্গুল্যা আত্মবর্ম্মপ্রদর্শনম্ ॥২১॥

সূর্য্য বলিলেন—"ভদ্রে! তোমার পুত্র মহাবাহু এবং কুণ্ডল ও দিব্যকর্ম্ম-ধারী হইবে; আর সে দুইটাই তাহার অমৃতময় হইবে" ॥১৮॥

কুন্তী বলিলেন—"দেব! আপনি আমার গর্ভে যে পুত্র উৎপাদন করিবেন, আমার সেই পুত্রের কুণ্ডল ও উত্তম বর্ম্ম—এই দুইটী বস্তুই যদি অমৃত হইতে উৎপন্ন হইয়া থাকে, তবে আপনার সহিত আমার উক্তরূপ সঙ্গম হউক। তাহা হইলে সেই পুত্র আপনারই তুল্য বীর্য্যবান্, রূপবান্, অধ্যবসায়ী, তেজস্বী এবং ধার্ম্মিক হইবে" ॥১৯—২০॥

সূর্য্য বলিলেন—"রাজকন্যে! মত্তকাশিনি! বামোরু! অদিতিদেবী আমাকে দুইটী কুণ্ডল এবং এই উত্তম বর্ম্মটী দিয়াছিলেন, আমি ইহা তাহাকে দিব" ॥২১॥

(১৮)···অভেদ্যঞ্চামৃতময়ম্—বা ব কা। (২১)···তেহস্য দাস্যামি বৈ ভীরু!—বা ব কা।

কুন্ত্যুবাচ।

পরমং ভগবন্নেবং সঙ্গমিষ্যে ত্বয়া সহ।
যদি পুত্রো ভবেদেবং যথা বদসি গোপতে! ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

তথেত্যুক্ত্বা তু তাং কুন্তীমাবিবেশ বিহঙ্গমঃ।
স্বর্ভানুশত্রুর্যোগাত্মা নাভ্যাং পস্পর্শ চৈব তাম্ ॥২৩॥
ততঃ সা বিহ্বলেবাসীৎ কন্যা সূর্য্যস্য তেজসা।
পপাত চাথ সা দেবী শয়নে মূঢ়চেতনা ॥২৪॥

সূর্য্য উবাচ।

সাধয়িষ্যামি সুশ্রোণি! পুত্রং বৈ জনয়িষ্যসি।
সর্ব্বশস্ত্রভৃতাং শ্রেষ্ঠং কন্যা চৈব ভবিষ্যসি ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সা ব্রীড়িতা বালা তদা সূর্য্যমথাব্রবীৎ।
এবমস্ত্বিতি রাজেন্দ্র! প্রস্থিতং ভূরিবর্চ্চসম্ ॥২৬॥

ভারতকৌমুদী

পরমমিতি। পরমং সঙ্গমিষ্য ইতি সম্বন্ধঃ। হে গোপতে! সূর্য্য! ॥২২॥

তথেতি। বিহঙ্গমো গগনচারী, স্বর্ভানুশত্রুঃ অমৃতপরিবেশনকালে বিষ্ণবে প্রদর্শনাৎ রাহুশত্রুঃ, যোগাত্মা যোগবলেন ধৃতমানুষদেহঃ সূর্য্যঃ, তথা ইত্যুক্ত্বা, তাং কুন্তীম্, আবিবেশ আলিলিঙ্গ, করাভ্যাং তাং নাভ্যাং পস্পর্শ চ, বসনমোচনায়েত্যাশয়ঃ ॥২৩॥

তত ইতি। শয়নে শয্যায়াম্, মূঢ়চেতনা কামাতিরেকেণ লুপ্তপ্রায়চৈতন্যা ॥২৪॥

সাধেতি। সাধয়িষ্যামি রমণং নিষ্পাদয়িষ্যামীতি কাকুঃ। কন্যা মৎপ্রসাদাৎ ॥২৫॥

কুন্তী বলিলেন—"ভগবন্ সূর্য্যদেব! আপনি যেরূপ বলিতেছেন, সেইরূপ পুত্রই যদি আমার হয়, তবে আমি আপনার সহিত উত্তমরূপে সঙ্গম করিব" ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—'তাহাই হইবে' এই কথা বলিয়া গগনচারী অথচ মানুষরূপধারী রাহুশত্রু সূর্য্যদেব কুন্তীকে আলিঙ্গন করিয়া তাঁহার নাভিদেশ স্পর্শ করিলেন ॥২৩॥

তাহার পর কুন্তী সূর্য্যের তেজে বিহ্বল হইয়া পড়িলেন এবং অচেতনপ্রায় হইয়া শয্যার উপরে পতিত হইলেন ॥২৪॥

তখন সূর্য্য বলিলেন—"সুনিতম্বে! তুমি, সকল শস্ত্রধারী-শ্রেষ্ঠ পুত্র জন্মাইবে এবং কন্যাও হইবে; সুতরাং আমি এখন কার্য্য সাধন করি?" ॥২৫॥

ইতি শ্লোক্তা কুন্তিভোজাত্মজা সা বিবস্বন্তং যাচমানা সলজ্জা।
তস্মিন্ পুণ্যে শয়নীয়ে পপাত মোহাবিষ্টা ভজ্যমানা লতেব ॥২৭॥
তিগ্মাংশুস্তাং তেজসা মোহয়িত্বা যোগেনাবিশ্যাত্মসংস্থাং চকার।
ন চৈবৈনাং দূষয়ামাস ভানুঃ সংজ্ঞাং লেভে ভূয় এবাথ বালা ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলা-
হরণে পৃথাসূর্য্যসঙ্গমে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। প্রস্থিতং রন্তুমুদ্যতম্, ভূরিবর্চ্চসম্ অতিতেজসম্ ॥২৬॥

ইতীতি। উক্তা উক্তবতী। যাচমানা পুত্রমিতি শেষঃ। পুণ্যে অদূষিতপূর্ব্বে ॥২৭॥

তিগ্মাংশুরিতি। তিগ্মাংশুর্ভানুঃ, তেজসা তাং কুন্তীং মোহয়িত্বা আবিশ্য আলিঙ্গ্য, যোগেন অঙ্গসংযোগেন, আত্মসংস্থাং তদুদরে স্ববীর্য্যসংস্থিতিং চকার। কিঞ্চ এনাং কুন্তীম্, কন্যাত্বলোপেন ন দূষয়ামাস, অপি তু পুনঃ কন্যাত্বমেব দদাবিত্যর্থঃ। অথ রমণাৎ পরম্, বালা কুন্তী, ভূয় এব পুনরপি, সংজ্ঞাং চৈতন্যং প্রকৃতিং লেভে ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নিয়মাদিবিকারঃ ॥১৫—১৭॥ অমৃতময়ং সহজং বর্ম্ম ॥১৮—২৫॥ প্রস্থিতং সঙ্গমায়োপক্রান্তম্ ॥২৬—২৭॥ আত্মসংস্থাং রচনবশাৎ এনাং ন দূষয়ামাস কন্যাত্বস্থাপনেনেতি শেষঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ! তাহার পর তখনই বালিকা কুন্তী লজ্জিত হইয়া রমণোদ্যত বিশালতেজা সূর্য্যকে কহিলেন—"এইরূপই হউক" ॥২৬॥

এই কথা বলিয়া কুন্তী সলজ্জভাবে সূর্য্যের নিকট পুত্র প্রার্থনা করিতে থাকিয়া মোহাবিষ্ট হইয়া ভগ্না লতার ন্যায় সেই পবিত্র শয্যার উপরে পতিত হইলেন ॥২৭॥

তখন তীক্ষ্ণকিরণ সূর্য্য আপন তেজে কুন্তীকে মোহিত করিয়া আলিঙ্গন-পূর্ব্বক অঙ্গসংযোগদ্বারা তাঁহার গর্ভাধান করিলেন; কিন্তু কন্যাত্বলোপ না করায় তাঁহাকে দূষিত করিলেন না। পরে কুন্তী পুনরায় প্রকৃতিস্থ হইলেন ॥২৮॥

---

* '…চতুর্নবত্যধিকদ্বিশততমঃ…'—পি, '…ষড়ধিকত্রিশততমঃ…'—বা ব, '…সপ্তাধিক-ত্রিশততমঃ…'—কা, '…অষ্টাধিকত্রিশততমঃ…'—নি।

দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততো গর্ভঃ সমভবৎ পৃথায়াঃ পৃথিবীপতে!।
শুক্লে দশোত্তরে পক্ষে তারাপতিরিবাম্বরে ॥১॥
সা বান্ধবভয়াদ্বালা গর্ভং তং বিনিগূহতী।
ধারয়ামাস সুশ্রোণী ন চৈনাং বুবুধে জনঃ ॥২॥
নহি তাং বেদ নার্য্যন্যা কাচিদ্ধাত্রেয়িকামৃতে।
কন্যাপুরগতাং বালাং নিপুণাং পরিরক্ষণে ॥৩॥
ততঃ কালেন সা গর্ভং সুষুবে বরবর্ণিনী।
কন্যৈব তস্য দেবস্য প্রসাদাদমরপ্রভম্ ॥৪॥
তথৈবাবদ্ধকবচং কনকোজ্জ্বলকুণ্ডলম্।
হর্য্যক্ষং বৃষভস্কন্ধং যথাস্য পিতরং তথা ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দশোত্তরে মার্গশীর্ষস্য অগ্রহায়ণস্যাত্তচ্ছুক্লপক্ষাবধিকে একাদশে আশ্বিন-মাসীয়ে ইত্যর্থঃ শুক্লে পক্ষে, প্রাথমিকত্বাত্তৎপ্রতিপদি তিথাবিতি তাৎপর্য্যম্, অম্বরে আকাশে, তারাপতিশ্চন্দ্র ইব, পৃথায়া গর্ভঃ সমভবৎ। শরচ্চন্দ্রতয়া তস্য স্পষ্টতাসূচনার্থং দশোত্তর-গ্রহণম্। নীলকণ্ঠস্য মাঘোক্তিশ্চিন্ত্যা প্রমাণাভাবাৎ ॥১॥

সেতি। বিনিগূহতী কস্মৈচিদপ্যনিবেদনাদ্‌গোপয়ন্তী। সুশ্রোণী সুনিতম্বা ॥২॥

নহীতি। বেদ জানাতি স্ম। ধাত্রেয়িকাং ধাত্রীতনয়াম্, ঋতে বিনা ॥৩॥

তত ইতি। কন্যৈব তথাপি কন্যাবদবিকৃতাঙ্গ্যেবাসীৎ, তস্য সূর্য্যস্য। আবদ্ধকবচং ধৃতবর্ম্মাণম্। হরেঃ সিংহস্যেব অক্ষিণী যস্য তম্। পিতরং সূর্য্যম্ ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাহার পর আশ্বিনমাসের শুক্লপক্ষের প্রতিপদে আকাশে চন্দ্র যেমন উদিত হন, সেইরূপ কুন্তীর গর্ভ হইল ॥১॥

কিন্তু সুনিতম্বা কুন্তী বন্ধুজনের ভয়ে গোপনে সেই গর্ভ ধারণ করিতে লাগিলেন; সুতরাং কেহই তাঁহাকে গর্ভবতী বলিয়া বুঝিতে পারিত না ॥২॥

আর, তিনি কন্যান্তঃপুরে থাকিতেন এবং আত্মগোপনে নিপুণ ছিলেন; সুতরাং ধাত্রীকন্যা ব্যতীত অন্য কোন নারীও তাঁহাকে গর্ভবতী বলিয়া ধারণা করিতে পারিত না ॥৩॥

তাহার পর বরবর্ণিনী কুন্তী যথাকালে দেবতুল্য একটি পুত্র প্রসব

জাতমাত্রঞ্চ তং গর্ভং ধাত্র্যা সংমন্ত্র্য ভাবিনী।
মঞ্জূষায়াং সমাধায় স্বাস্তীর্ণায়াং সমন্ততঃ ॥৬॥
মধূচ্ছিষ্টস্থিতায়াং সা সুখায়াং রুদতী তদা।
শ্লক্ষ্ণায়াং সুপিধানায়ামশ্বনদ্যামবাসৃজৎ ॥৭॥ (যুগ্মকম্)
জানতী চাপ্যকর্ত্তব্যং কন্যায়া গর্ভধারণম্।
পুত্রস্নেহেন রাজেন্দ্র! করুণং পর্য্যদেবয়ৎ ॥৮॥
সমুৎসৃজন্তী মঞ্জূষামশ্বনদ্যাস্তদা জলে।
উবাচ রুদতী কুন্তী যানি বাক্যানি তচ্ছৃণু ॥৯॥

ভারতকৌমুদী

জাতেতি। মঞ্জূষায়াং বেতসনির্ম্মিতপেটকে, সুষ্ঠু আস্তীর্ণা অভ্যন্তরে সম্যগাস্তৃতবস্ত্রা তস্যাম্। মধূচ্ছিষ্টানি সিক্থকানি স্থিতানি জলপ্রবেশনিবারণার্থমুষ্ণতাসম্পাদনার্থঞ্চ অভ্যন্তরে লিপ্তানি যস্যাস্তস্যাম্, শোভনং পিধানমূর্দ্ধ্যাবরণং যস্যাস্তস্যাম্। অশ্বনদ্যাং সন্নিহিতায়াং তদাখ্যায়াং কস্যাঞ্চিৎ সরিতি, অবাসৃজৎ অত্যজৎ ॥৬—৭॥

জানতীতি। গর্ভধারণং তন্নাশাদৌ বিলাপঞ্চ। তথাপি পুত্রস্নেহেন ॥৮॥

সমিতি। সমুৎসৃজন্তী ত্যজন্তী। তৎ বাক্যবৃন্দম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি। দশোত্তরে একাদশে, শুক্লে পক্ষে প্রতিপদি চন্দ্র ইব বাল উদ্ভূতঃ মাঘ-শুক্লপ্রতিপদি কর্ণনিবেকজন্মেত্যর্থঃ ॥১—৪॥ হর্য্যক্ষং সিংহনেত্রম্ ॥৫—৬॥ মধূচ্ছিষ্টং

করিলেন; তাহার গাত্রে কবচ, কর্ণে স্বর্ণকুণ্ডল, সিংহের ন্যায় নয়ন, বৃষের ন্যায় স্কন্ধ এবং উহার পিতা সূর্য্যদেবের ন্যায় আকৃতি হইয়াছিল। এহেন পুত্র প্রসব করিয়াও কুন্তী সূর্য্যদেবের অনুগ্রহে কন্যাই রহিলেন ॥৪—৫॥

পুত্র জন্মিবামাত্রই বুদ্ধিমতী কুন্তী ধাত্রীর সহিত পরামর্শ করিয়া, একটা পেট্‌রার ভিতরে সকল দিকে মোম লেপিয়া ভাল করিয়া পালিস্ করিয়া, তাহার উপরে বেশ করিয়া কাপড় পাতিয়া, তাহাতে সেই বালকটীকে রাখিয়া, সুন্দরভাবে ঢাকনি দিয়া, কাঁদিতে কাঁদিতে নিকটবর্ত্তী অশ্বনদীতে সেই পেট্‌রাটী ভাসাইয়া দিলেন ॥৬—৭॥

রাজশ্রেষ্ঠ! কন্যার গর্ভধারণ করা বা সেই জন্য বিলাপ করা কর্ত্তব্য নহে, ইহা বুঝিয়াও কুন্তী পুত্রস্নেহেই করুণ বিলাপ করিতে লাগিলেন ॥৮॥

কুন্তী অশ্বনদীর জলে পেট্‌রাটী ভাসাইয়া দিবার সময়ে রোদন করিতে থাকিয়া যে সকল বাক্য বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন— ॥৯॥

স্বস্তি তেঽস্ত্বান্তরীক্ষেভ্যঃ পার্থিবেভ্যশ্চ পুত্রক!।
দিব্যেভ্যশ্চৈব ভূতেভ্যস্তথা তোয়চরাশ্চ যে ॥১০॥
শিবাস্তে সন্তু পন্থানো মা চ তে পরিপন্থিনঃ।
আগতাশ্চ তথা পুত্র! ভবন্ত্বদ্রোহচেতসঃ ॥১১॥
পাতু ত্বাং বরুণো রাজা সলিলে সলিলেশ্বরঃ।
অন্তরীক্ষেঽন্তরীক্ষস্থঃ পবনঃ সর্ব্বগস্তথা ॥১২॥
পিতা ত্বাং পাতু সর্ব্বত্র তপনস্তপতাং বরঃ।
যেন দত্তোঽসি মে পুত্র! দিব্যেন বিধিনা কিল ॥১৩॥
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যা বিশ্বে চ দেবতাঃ।
মরুতশ্চ সহেন্দ্রেণ দিশশ্চ সদিগীশ্বরাঃ।
রক্ষন্তু ত্বাং সুরাঃ সর্ব্বে সমেষু বিষমেষু চ ॥১৪॥

ভারতকৌমুদী

স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্। পার্থিবেভ্যো ভূচরেভ্যঃ। দিব্যেভ্যঃ স্বর্গীয়েভ্যঃ ॥১০॥
শিবা ইতি। শিবা মঙ্গলময়াঃ। পরিপন্থিনঃ শত্রবঃ ॥১১॥
পাত্বিতি। পাতু রক্ষতু। সর্ব্বগত্বাদেব সর্ব্বত্র তে পবনেন রক্ষণসম্ভবঃ ॥১২॥
পিতেতি। তপনঃ সূর্য্যঃ। দিব্যেন অলৌকিকেন অতিচমৎকারিণেত্যর্থঃ ॥১৩॥
আদিত্যা ইতি। বিশ্বে তদাখ্যাঃ। বিষমেষু সঙ্কটেষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

"পুত্র! স্বর্গচর, আকাশচর, ভূচর ও জলচর যে সকল প্রাণী আছে, তাহাদের নিকট হইতে তোমার মঙ্গল হউক ॥১০॥

পুত্র! সেই সকল প্রাণী আসিয়া তোমার যেন শত্রু বা অপকারী হয় না এবং পথগুলিও তোমার মঙ্গলময় হউক ॥১১॥

জলের রাজা বরুণ তোমাকে জলে রক্ষা করুন এবং আকাশচারী ও সর্ব্বত্রগামী বায়ু তোমাকে আকাশে রক্ষা করুন ॥১২॥

পুত্র! যিনি অলৌকিকবিধানে তোমাকে আমায় দিয়াছেন, তোমার পিতা সেই তেজস্বিশ্রেষ্ঠ সূর্য্যদেব তোমাকে সর্ব্বত্র রক্ষা করুন ॥১৩॥

আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, বিশ্বেদেবগণ, ইন্দ্রের সহিত বায়ুগণ, দিক্‌পালদিগের সহিত সকল দিক্ এবং অন্য সকল দেবতা, সম অবস্থায় ও বিষম অবস্থায় তোমাকে রক্ষা করুন ॥১৪॥

---

(১০) স্বস্তি তে চান্তরীক্ষেভ্যঃ…বা ব কা, স্বস্তি তে ত্বন্তরীক্ষেভ্যঃ—পি।

বেৎস্যামি ত্বাং বিদেশেঽপি কবচেনাভিসূচিতম্।
ধন্যস্তে পুত্র! জনকো দেবো ভানুর্বিভাবসুঃ।
যস্ত্বাং দ্রক্ষ্যতি দিব্যেন চক্ষুষা বাহিনীগতম্ ॥১৫॥
ধন্যা সা প্রমদা বা ত্বাং পুত্রত্বে কল্পয়িষ্যতি।
যস্যাস্ত্বং তৃষিতঃ পুত্র! স্তনং পাস্যসি দেবজ! ॥১৬॥
কো নু স্বপ্নস্তয়া দৃষ্টো যা ত্বামাদিত্যবর্চ্চসম্।
দিব্যবর্ম্মসমাযুক্তং দিব্যকুণ্ডলভূষিতম্ ॥১৭॥
পদ্মায়তবিশালাক্ষং পদ্মতাম্রদলোজ্জ্বলম্।
সুললাটং সুকেশান্তং পুত্রত্বে কল্পয়িষ্যতি ॥১৮॥ (যুগ্মকম্)
ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র! ত্বাং ভূমৌ সংসর্পমাণকম্।
অব্যক্তকলবাক্যানি বদন্তং রেণুগুণ্ঠিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

বেৎস্যামীতি। অভিসূচিতং পরিচায়িতম্। বাহিনীগতং নদীস্থিতম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

ধন্যেতি। ধন্যা পুণ্যবতী, প্রমদা স্ত্রী। দেবজঃ সূর্য্যজত্বাৎ ॥১৬॥

ক ইতি। ত্বাদৃশপুত্রলাভে পূর্ব্বং তৎসূচকস্বপ্নদর্শনস্য সম্ভবপরত্বাদিত্যাশয়ঃ। পদ্মতাম্রদলোজ্জ্বলং কান্তৌ, সদ্যোজাতশিশূনাং প্রায়েণৈব তাদৃশত্বাদিতি ভাবঃ ॥১৭—১৮॥

পুত্র। তুমি বিদেশে থাকিলেও এই কবচটীই তোমাকে আমায় পরিচিত করাইয়া দিবে; সুতরাং সেখানেও তোমাকে আমি চিনিতে পারিব। পুত্র! তোমার পিতা সূর্য্যদেবই ধন্য; যিনি দিব্য চক্ষুদ্বারা নদীস্থিত অবস্থায় তোমাকে দেখিতে পাইবেন ॥১৫॥

হে দেবজাত পুত্র। সে নারীই ধন্য, যিনি তোমাকে পুত্র কল্পনা করিবেন এবং তুমি পিপাসার্ত্ত হইয়া যাঁহার স্তন পান করিবে ॥১৬॥

পুত্র! তুমি সূর্য্যের ন্যায় তেজস্বী, দিব্য কবচে আবৃতদেহ ও দিব্যকুণ্ডল ভূষিত হইয়াছ; আর তোমার নয়ন দুইটী পদ্মদলের ন্যায় বিশাল, দেহের কান্তিও পদ্মদলের ন্যায় তাম্রবর্ণ, ললাটদেশ সুন্দর এবং কেশপাশও সুন্দর হইয়াছে; সুতরাং তোমাকে যিনি পুত্ররূপে কল্পনা করিবেন, সেই নারী কিরূপ সুস্বপ্ন দেখিয়াছেন? ॥১৭—১৮॥

পুত্র! তুমি যখন জানুযুগলদ্বারা ভূতলে বিচরণ করিবে, অস্পষ্ট-মধুর বাক্য বলিবে এবং ধূলিধূসরিত হইবে, তখন পুণ্যবান্ লোকেরাই তোমাকে দেখিবেন ॥১৯॥

ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র! ত্বাং পুনর্যৌবনগোচরম্।
হিমবদ্বনসম্ভূতং সিংহং কেশরিণং যথা ॥২০॥
এবং বহুবিধং রাজন্! বিলপ্য করুণং পৃথা।
অবাসৃজত মঞ্জূষামশ্বনদ্যাং তদা জলে ॥২১॥
রুদতী পুত্রশোকার্ত্তা নিশীথে কমলেক্ষণা।
ধাত্র্যা সহ পৃথা রাজন্! পুত্রদর্শনলালসা ॥২২॥
বিসর্জ্জয়িত্বা মঞ্জূষাং সংবোধনভয়াৎ পিতুঃ।
বিবেশ রাজভবনং পুনঃ শোকাতুরা ততঃ ॥২৩॥ (যুগ্মকম্)
মঞ্জূষা ত্বশ্বনদ্যাঃ সা যযৌ চর্ম্মণ্বতীং নদীম্।
চর্ম্মণ্বত্যাশ্চ যমুনাং ততো গঙ্গাং জগাম হ ॥২৪॥
গঙ্গায়াঃ সূতবিষয়ং চম্পামনুযযৌ পুরীম্।
স মঞ্জূষাগতো গর্ভস্তরঙ্গৈরুহ্যমানকঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ধন্যা ইতি। সংসর্পমাণকং জানুভ্যাং বিচরন্তম্ ॥১৯॥
ধন্যা ইতি। হিমবতঃ পর্ব্বতস্য বনসম্ভূতম্, কেশরিণং প্রশস্তকেশরযুক্তম্ ॥২০॥
এবমিতি। পৃথা কুন্তী। অবাসৃজত ত্যক্তবতী ॥২১॥
রুদতীতি। নিশীথে অর্দ্ধরাত্রসময়ে। সংবোধনভয়াদবগতিভয়াৎ ॥২২—২৩॥
মঞ্জূষেতি। যযৌ জলস্রোতসা চালিতেত্যাশয়ঃ ॥২৪॥
গঙ্গায়া ইতি। সূতবিষয়ম্ আদাবঙ্গরাজ্যম্। গর্ভঃ শিশুঃ ॥২৫॥

পুত্র! আবার তুমি যখন যৌবনে পদার্পণ করিয়া হিমালয়-বন-সম্ভূত প্রশস্তকেশরধারী সিংহের ন্যায় হইবে, তখনও ধন্য লোকেরাই তোমাকে দেখিবেন” ॥২০॥

রাজা! কুন্তী তখন এইরূপ নানাবিধ করুণ বিলাপ করিয়া অশ্বনদীর জলে সেই পেট্‌রাটীকে ভাসাইয়া দিলেন ॥২১॥

রাজা! তাহার পর পুত্রশোকার্ত্তা ও পুত্রদর্শনার্থিনী পদ্মনয়না পৃথা পেট্‌রাটী ভাসাইয়া দিয়া পিতার জানার ভয়ে সে স্থান হইতে আবার শোকাতুর অবস্থায় রোদন করিতে করিতে অর্দ্ধরাত্রসময়ে ধাত্রীর সহিত রাজভবনে প্রবেশ করিলেন ॥২২—২৩॥

কিন্তু সেই পেট্‌রাটী অশ্বনদী হইতে চর্ম্মণ্বতীনদীতে গেল; পরে চর্ম্মণ্বতী-নদী হইতে যমুনায় এবং যমুনা হইতে গঙ্গায় যাইয়া উপস্থিত হইল ॥২৪॥

তৎপরে মঞ্জূষাস্থিত সেই বালকটী তরঙ্গদ্বারা সঞ্চালিত হইয়া গঙ্গা দিয়া

অমৃতাদুত্থিতং দিব্যং তত্র বর্ম্ম সকুণ্ডলম্ ।
ধারয়ামাস তং গর্ভং দৈবঞ্চ বিধিনির্ম্মিতম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পৃথামঞ্জূষাক্ষেপণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০:*:০—

ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।

—০:*:০—

বৈশম্পায়ন উবাচ ।

এতস্মিন্নেব কালে তু ধৃতরাষ্ট্রস্য বৈ সখা ।
সূতোঽধিরথ ইত্যেব সদারো জাহ্নবীং যযৌ ॥১॥

ভারতকৌমুদী

অথাহারাদ্যভাবে কঃ খলু তং শিশুং জীবয়ামাসেত্যাহ—অমৃতাদিতি । তত্র তদানীম্, অমৃতাদুত্থিতং সকুণ্ডলং দিব্যং বর্ম্ম, দৈবমদৃষ্টঞ্চ কর্ত্তৃ, বিধিনির্ম্মিতং বিধাতৃকৃততদবস্থম্, তং গর্ভং শিশুম্, ধারয়ামাস জীবয়ামাস ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এতস্মিন্নিতি । ইত্যেব নাম, দারৈর্ভার্য্যয়া সহেতি সদারঃ ॥১॥

ভারতভাবদীপঃ

সিক্থকংময়নমিতি ভাষায়াং তেন স্থিতায়াং সর্ব্বতো লিপ্তায়াং মঞ্জূষায়াং জলপ্রবেশো ন ভবেদিত্যর্থঃ ॥৭—২৫॥ দৈবং দেবজম্ বিধিনা ঈশ্বরেণ নির্ম্মিতম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬২॥

—:*:—

প্রথমে অঙ্গদেশে, তাহার পর তত্রত্য চম্পানগরীর নিকটে যাইয়া উপস্থিত হইল ॥২৫॥

বিধাতাই সেই বালকটীর সেই অবস্থা করিয়াছিলেন; তথাপি অমৃত হইতে উৎপন্ন দিব্য বর্ম্ম ও কুণ্ডল এবং দৈব—ইহারাই তাহাকে জীবিত রাখিয়াছিল ॥২৬॥

---

(২৬)···তনুবর্ম্ম সকুণ্ডলম্—বা ব কা নি । * '···পঞ্চনবত্যধিকদ্বিশততমঃ···'— পি, '···সপ্তাধিকত্রিশততমঃ···'—বা ব, '···অষ্টাধিকত্রিশততমঃ···'—কা, '···নবাধিকত্রিশততমঃ'—নি ।

তস্য ভার্য্যাভবদ্রাজন্। রূপেণাসদৃশী ভুবি।
রাধা নাম মহাভাগা ন সা পুত্রমবিন্দত ॥২॥
অপত্যার্থে পরং যত্নমকরোচ্চ বিশেষতঃ।
সা দদর্শাথ মঞ্জূষামুহ্যমানাং যদৃচ্ছয়া ॥৩॥
দত্তরক্ষাপ্রতিসরামন্বালভনশোভিতাম্।
ঊর্মীতরঙ্গৈর্জাহ্নব্যাঃ সমানীতামুপহ্বরম্ ॥৪॥ (যুগ্মকম্)
সা তাং কৌতূহলাৎ প্রাপ্তাং গ্রাহয়ামাস ভাবিনী।
ততো নিবেদয়ামাস সূতস্যাধিরথস্য বৈ ॥৫॥
স তামুদ্ধৃত্য মঞ্জূষামুৎসার্য্য জলমন্তিকাৎ।
যন্ত্রৈরুদ্‌ঘাটয়ামাস সোঽপশ্যত্তত্র বালকম্ ॥৬॥
তরুণাদিত্যসঙ্কাশং হৈমবর্ম্মধরং তথা।
মৃষ্টকুণ্ডলযুক্তেন বদনেন বিরাজতা ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। অসদৃশী অতুলনীয়া। অবিন্দত অলভত ॥২॥

অপত্যেতি। সা রাধা, বিশেষতো বাহুল্যেন দেবপূজাদিভিঃ, অপত্যার্থে পুত্রলাভবিষয়ে পরং যত্নমকরোচ্চ। অথ যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, স্রোতসা উহ্যমানাম্, দত্তো রক্ষায়ৈ প্রতিসরো লতাবিশেষমালা যস্যাং তাম্, অন্বালভনেন রক্ষার্থমেব সিন্দূরলেপনেন শোভিতাম্, জাহ্নব্যা ঊর্মীতরঙ্গৈঃ প্রবলস্রোতোরেখাগততরঙ্গৈঃ, উপহ্বরং সমীপম্, সমানীতাং তাং মঞ্জূষাং দদর্শ। অভিধানমূহ্যম্ ॥৩—৪॥

সেতি। গ্রাহয়ামাস হস্তেন জগ্রাহ। স্বার্থে ইন্‌প্রত্যয় আর্ষঃ ॥৫॥

স ইতি। অন্তিকাজ্জলমুৎসার্য্য তদধো হস্তচালনার্থমপসার্য্য। যন্ত্রৈঃ পিধানোদ্‌ঘাটন-লৌহশলাকাবিশেষৈঃ। বদনেনোপলক্ষিতমিতি বিশেষণে তৃতীয়া ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই ধৃতরাষ্ট্রের সখা 'অধিরথ'-নামে এক সারথি আপন ভার্য্যার সহিত গঙ্গায় গিয়াছিল ॥১॥

রাজা। তাহার সেই ভার্য্যাটীর রূপ ভূতলে অতুলনীয় ছিল এবং তাহার নাম ছিল—'রাধা'। সেই রাধার পুত্র ছিল না ॥২॥

অতএব রাধা বিশেষরূপে দেবার্চ্চনাপ্রভৃতিদ্বারা পুত্রলাভের জন্য গুরুতর যত্ন করিত। সেই রাধা দেখিল—ঈশ্বরেচ্ছাক্রমে গঙ্গার তরঙ্গ একটী পেট্‌রাকে নিকটে আনিয়াছে; রক্ষার জন্য তাহাতে কুমুরিয়ালতা জড়ান আছে এবং সিন্দূর লেপা রহিয়াছে ॥৩—৪॥

তখন রাধা কৌতুকবশতঃ সেই পেট্‌রাটীকে ধরিল এবং তাহা অধিরথকে জানাইল ॥৫॥

স সূতো ভার্য্যয়া সার্দ্ধং বিস্ময়োৎফুল্ললোচনঃ।
অঙ্কমারোপ্য তং বালং ভার্য্যাং বচনমব্রবীৎ ॥৮॥
ইদমত্যদ্ভুতং ভীরু! যতো জাতোঽস্মি ভাবিনি!।
দৃষ্টবান্ দেবগর্ভোঽয়ং মন্যেঽস্মাকমুপাগতঃ ॥৯॥
অনপত্যস্য পুত্রোঽয়ং দেবৈর্দত্তো ধ্রুবং মম।
ইত্যুক্ত্বা তং দদৌ পুত্রং রাধায়ৈ স মহীপতে! ॥১০॥
প্রতিজগ্রাহ তং রাধা বিধিবদ্দিব্যরূপিণম্।
পুত্রং কমলগর্ভাভং দেবগর্ভং শ্রিয়াবৃতম্ ॥১১॥
পুপোষ চৈনং বিধিবদ্ববৃধে স চ বীর্য্যবান্।
ততঃ প্রভৃতি চাপ্যন্যে প্রাভবন্নৌরসাঃ সুতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। সূতঃ অধিরথঃ, বিস্ময়েন উৎফুল্ললোচনা বিস্ফারিতনেত্রঃ ॥৮॥
ইদমিতি। যতঃ কালাৎ। তৎকালমধ্যে ইদমত্যদ্ভুতং দৃষ্টবান্। গর্ভঃ শিশুঃ ॥৯॥
অনেতি। অনপত্যস্য নিঃসন্তানস্য। ধ্রুবং নিশ্চিতম্ ॥১০॥
প্রতীতি। বিধিবৎ জননীনিয়মেন। দেবগর্ভং দেবশিশুমিব ॥১১॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ দত্তো রক্ষার্থং প্রতিসরো দূর্ব্বাকঙ্কণাদিরূপো যস্যাং তাম্, অম্বালম্ভনং কুঙ্কুমহস্তদানম্, উপহ্বরং সমীপম্ ॥৪—৫॥ উৎসার্য্য পরতো নীত্বা ॥৬—৮॥ যতো

তখন অধিরথ নিকটের জল সরাইয়া, সেই পেট্‌রাটীকে তুলিয়া, লোহার শলা দিয়া তাহার ঢাক্‌নি খুলিল, পরে তাহার ভিতরে দেখিল—নবীন সূর্য্যের ন্যায় তাম্রবর্ণ একটী বালক রহিয়াছে, তাহার গাত্রে স্বর্ণময় বর্ম্ম এবং সুন্দর মুখমণ্ডলে দুইটী মার্জ্জিত কুণ্ডল শোভা পাইতেছে ॥৬—৭॥

অধিরথ তখন ভার্য্যার সহিত বিস্ময়ে বিস্ফারিত নেত্র হইয়া সেই বালকটীকে কোলে লইয়া ভার্য্যাকে এই কথা বলিল—॥৮॥

"ভীরু! ভাবিনি! আমার জন্ম হইতে এই একটীই অত্যাশ্চর্য্য ঘটনা দেখিলাম। আমি মনে করি—এটী দেববালক আমাদের নিকট আসিয়াছে ॥৯॥

আমি নিঃসন্তান কি না; তাই নিশ্চয়ই দেবতারা এই পুত্রটী আমাকে দিয়াছেন"। রাজা! এই কথা বলিয়া অধিরথ সেই পুত্রটী রাধার নিকট সমর্পণ করিল ॥১০॥

রাধাও পদ্মগর্ভসদৃশবর্ণ এবং দেবশিশুর ন্যায় কান্তিসম্পন্ন ও অলৌকিক-রূপশালী সেই পুত্রটীকে যথানিয়মে গ্রহণ করিল ॥১১॥

বসুবর্ম্মধরং দৃষ্ট্বা তং বালং হেমকুণ্ডলম্।
নামাস্য বসুষেণেতি ততশ্চক্রুর্দ্বিজাতয়ঃ ॥১৩॥

এবং স সূতপুত্রত্বং জগামামিতবিক্রমঃ।
বসুষেণ ইতি খ্যাতো বৃষ ইত্যেব চ প্রভুঃ ॥১৪॥

সূতস্য বর্দ্ধতেঽঙ্গেষু জ্যেষ্ঠঃ পুত্রঃ স বীর্য্যবান্।
চারেণ বিদিতশ্চাসীৎ পৃথায়া দিব্যবর্ম্মভৃৎ ॥১৫॥

সূতস্ত্বধিরথঃ পুত্রং বিবৃদ্ধং সময়েন তম্।
দৃষ্ট্বা প্রস্থাপয়ামাস পুরং বারণসাহ্বয়ম্ ॥১৬॥

তত্রোপসদনং চক্রে দ্রোণস্যেষ্বস্ত্রকর্ম্মণি।
সখ্যং দুর্য্যোধনেনৈবমগমৎ স চ বীর্য্যবান্ ॥১৭॥

ভারতকৌমুদী

পুপোষেতি। অন্যে ঔরসাঃ সুতা অপি তয়োঃ প্রাভবন্নিতি সম্বন্ধঃ ॥১২॥
বস্বিতি। বসুবর্ম্মধরং স্বর্ণকবচধারিণম্, "বসু হাটকে চ" ইতি বিশ্বঃ ॥১৩॥
এবমিতি। বৃষ ইত্যেব চ নাম, বাল্যাদেব ধার্ম্মিকত্বাৎ। প্রভুর্বলপ্রভাববান্ ॥১৪॥
সূতস্যেতি। সূতস্য অধিরথস্য, অঙ্গেষু অঙ্গদেশে। চারেণ গুপ্তচরেণ ॥১৫॥
সূত ইতি। প্রস্থাপয়ামাস ধনুর্বেদশিক্ষার্থং প্রেরয়ামাস, বারণসাহ্বয়ং হস্তিনাম্ ॥১৬॥
তত্রেতি। উপসদনম্ অন্তেবাসিত্বম্, ইষ্বস্ত্রকর্ম্মণি ধনুর্ব্বেদশিক্ষায়াম্ ॥১৭॥

এবং (বাড়ীতে নিয়া) যথানিয়মে তাহাকে পোষণ করিতে লাগিল; ক্রমে বালকটীও বৃদ্ধি পাইল এবং বলবান্ হইয়া উঠিল। আর তদবধি রাধা ও অধিরথের আরও কতকগুলি ঔরস পুত্র জন্মিল ॥১২॥

তাহার পর ব্রাহ্মণেরা সেই বালকটীর স্বর্ণময় কবচ ও কুণ্ডল দেখিয়া উহার নাম করিলেন—'বসুষেণ' ॥১৩॥

এইভাবে অমিতবিক্রম ও প্রভাবশালী কর্ণ সূতপুত্র হইয়াছিলেন এবং 'বসুষেণ' ও 'বৃষ'- নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন ॥১৪॥

দিব্যবর্ম্মধারী কর্ণ অঙ্গদেশে অধিরথের জ্যেষ্ঠপুত্র হইয়া বৃদ্ধি পাইয়াছেন এবং বলবান্ হইয়াছেন, এই ঘটনা কুন্তী গুপ্তচরদ্বারা জানিয়াছিলেন ॥১৫॥

সূত অধিরথ পুত্র কর্ণকে যথাকালে বিবৃদ্ধ দেখিয়া, অস্ত্রশিক্ষার জন্য তাঁহাকে হস্তিনানগরে পাঠাইয়া দিল ॥১৬॥

বলবান্ কর্ণ হস্তিনায় যাইয়া ধনুর্ব্বেদশিক্ষায় দ্রোণের শিষ্য হইলেন এবং সেই সুযোগে দুর্য্যোধনের সখ্য লাভ করিলেন ॥১৭॥

দ্রোণাৎ কৃপাচ্চ রামাচ্চ সোঽস্ত্রগ্রামং চতুর্বিধম্ ।
লব্ধ্বা লোকেঽভবৎ খ্যাতঃ পরমেষ্বাসতাং গতঃ ॥১৮॥
সন্ধায় ধার্ত্তরাষ্ট্রেণ পার্থানাং বিপ্রিয়ে রতঃ ।
যোদ্ধুমাশংসতে নিত্যং ফাল্গুনেন মহাত্মনা ॥১৯॥
সদা হি তস্য স্পর্দ্ধাসীদর্জ্জুনেন বিশাংপতে ! ।
অর্জ্জুনস্য চ কর্ণেন যতো দৃষ্টো বভূব সঃ ॥২০॥
এতদ্‌গুহ্যং মহারাজ ! সূর্য্যস্যাসীন্ন সংশয়ঃ ।
যৎ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ কুন্ত্যাং সূতকুলে তদা ॥২১॥
তং তু কুণ্ডলিনং দৃষ্ট্বা বর্ম্মণা চ সমন্বিতম্ ।
অবধ্যং সমরে মত্বা পর্য্যতপ্যদ্‌যুধিষ্ঠিরঃ ॥২২॥

ভারতকৌমুদী

দ্রোণাদিতি। চতুর্বিধম্ আসন্ন-দূরাদৃশ্য-শব্দবেধ্য-শত্রুনাশকম্ ॥১৮॥
সন্ধায়েতি। আশংসতে ইচ্ছতি স্ম, ফাল্গুনেন অর্জ্জুনেন সহ ॥১৯॥
সদেতি। যতঃ কালাদর্জ্জুনেন স দৃষ্টঃ, ততঃ কালাদেব তস্যার্জ্জুনেন স্পর্দ্ধাসীৎ ॥২০॥
এতদিতি। কুন্ত্যাং সূর্য্যসম্ভবঃ কর্ণঃ তদা যৎ সূতকুলে অবসৎ, এতদ্‌গুহ্যম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

জাতোঽস্মি উৎপত্তিদিনাদারভ্যাস্যৈবেদমদ্ভুতং দৃষ্টম্ ॥৯—১২॥ বসুবর্ম্ম স্বর্ণকবচম্ ॥১৫—১৬॥ অঙ্গেষু জনপদবিশেষেষু, উপসদনং গুরূপসদনম্ ॥১৭॥ পরমেষ্বাসতাং মহাধনুর্দ্ধরতাম্ ॥১৮—১৯॥ যতঃ কালে দৃষ্টঃ ॥২০—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৩॥

তিনি—দ্রোণ, কৃপ ও পরশুরাম হইতে চতুর্বিধ অস্ত্র লাভ করিয়া মহাধনুর্দ্ধর হইয়া জগতে বিখ্যাত হইলেন ॥১৮॥

এবং তিনি দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া, পাণ্ডবগণের অপ্রিয়াচরণে ব্যাপৃত থাকিয়া সর্ব্বদাই মহাত্মা অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেন ॥১৯॥

নরনাথ ! অর্জ্জুন যে সময়ে কর্ণকে প্রথম দেখিয়াছিলেন, তদবধিই অর্জ্জুনের সহিত কর্ণের এবং কর্ণের সহিত অর্জ্জুনের স্পর্দ্ধা জন্মিয়াছিল ॥২০॥

মহারাজ ! কুন্তীর গর্ভে এবং সূর্য্যের ঔরসে জন্ম গ্রহণ করিয়া কর্ণ যে তখন সারথির বাড়ীতে বাস করিতেছিলেন, সেই বিষয়টাই কর্ণের নিকটে সূর্য্যের গোপনীয় ছিল ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

(২১)…যঃ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ—বা ব কা নি ।

যদা চ কর্ণো রাজেন্দ্র! ভানুমন্তং দিবাকরম্।
স্তৌতি মধ্যন্দিনে প্রাপ্তে প্রাঞ্জলিঃ সলিলোত্থিতঃ ॥২৩॥
তত্রৈনমুপতিষ্ঠন্তি ব্রাহ্মণা ধনহেতুনা।
নাদেয়ং তস্য তৎকালে কিঞ্চিদস্তি দ্বিজাতিষু ॥২৪॥ (যুগ্মকম্)
তমিন্দ্রো ব্রাহ্মণো ভূত্বা ভিক্ষাং দেহীত্যুপস্থিতঃ।
স্বাগতঞ্চেতি রাধেয়স্তমথ প্রত্যভাষত ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে রাধাকর্ণপ্রাপ্তৌ ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

তমিতি। শক্রসখেন কর্ণেন সহাবশ্যং যুদ্ধং ভাবীতি সম্ভাব্যেত্যাশয়ঃ ॥২২॥
যদেতি। ভানুমন্তং তীব্রকিরণম্। উপতিষ্ঠন্তি আগচ্ছন্তি স্ম ॥২৩—২৪॥
পরাধ্যায়ং সূচয়িতুমাহ—তমিতি। রাধেয়ঃ কর্ণঃ, রাধয়া পুত্রত্বেন গৃহীতত্বাৎ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠির কর্ণকে স্বভাবতই কবচ ও কুণ্ডলধারী দেখিয়া তাঁহাকে যুদ্ধে অবধ্য মনে করিয়া পরিতপ্ত হইতেন ॥২২॥

রাজশ্রেষ্ঠ! কর্ণ যখন দ্বিতীয় প্রহরের সময়ে জল হইতে উঠিয়া কৃতাঞ্জলি হইয়া তীক্ষ্ণকিরণ সূর্য্যের স্তব করিতেন, সেই সময়ে ব্রাহ্মণেরা ধনপ্রার্থনার জন্য তাঁহার নিকট উপস্থিত হইতেন। তৎকালে ব্রাহ্মণদিগকে তাঁহার অদেয় কিছুই থাকিত না ॥২৩—২৪॥

তাহার পর একদিন ইন্দ্র ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া 'ভিক্ষা দিন' বলিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন; তখন 'আপনার শুভাগমন হইয়াছে ত?' বলিয়া কর্ণ তাঁহার সম্ভাষণ করিলেন ॥২৫॥

—ঃ*ঃ—

(২৩) সদা তু কর্ণো রাজেন্দ্র!—পি। * '...ষণ্ণবত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...অষ্টাধিকত্রিশততমঃ...'—বা ব, '...নবাধিকত্রিশততমঃ...'—কা, '...দশাধিকত্রিশততমঃ...'—নি।

চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

দেবরাজমনুপ্রাপ্তং ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতম্।
দৃষ্ট্বা স্বাগতমিত্যাহ ন বুবোধাস্য মানসম্ ॥১॥
হিরণ্যকণ্ঠীঃ প্রমদা গ্রামান্ বা বহুগোকুলান্।
কিং দদানীতি তং বিপ্রমুবাচাধিরথিস্ততঃ ॥২॥

ব্রাহ্মণ উবাচ।

হিরণ্যকণ্ঠ্যঃ প্রমদা যচ্চান্যৎ প্রীতিবর্দ্ধনম্।
নাহং দত্তমিহেচ্ছামি তদর্থিভ্যঃ প্রদীয়তাম্ ॥৩॥
যদেতৎ সহজং বর্ম্ম কুণ্ডলে চ তবানঘ!।
এতদুৎকৃত্য মে দেহি যদি সত্যব্রতো ভবান্ ॥৪॥

ভারতকৌমুদী

দেবেতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। মানসমভিপ্রায়ং ন বুবোধ কর্ণ ইতি শেষঃ ॥১॥

হিরণ্যেতি। বহুগোকুলান্ প্রচুরগোসমূহান্। আধিরথিঃ কর্ণঃ ॥২॥

হিরণ্যেতি। দত্তম্ এতৎ সর্ব্বং ত্বয়া দত্তং নেচ্ছামি ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—দেবরাজ ব্রাহ্মণবেশে উপস্থিত হইয়াছেন দেখিয়া কর্ণ তাঁহার নিকট স্বাগতপ্রশ্ন করিলেন; কিন্তু উঁহার অভিপ্রায় বুঝিলেন না ॥১॥

তাহার পর তিনি সেই ব্রাহ্মণকে বলিলেন—"স্বর্ণমালালঙ্কৃত রমণী, গ্রাম, বা বহুতর গরু, ইহার মধ্যে আপনাকে কি দিব?" ॥২॥

ব্রাহ্মণ বলিলেন—"স্বর্ণমালালঙ্কৃত রমণী বা অন্য যাহা প্রীতিবর্দ্ধক আছে, তাহা আপনি দান করেন—ইহা আমি ইচ্ছা করি না; সেগুলি আপনি অন্য প্রার্থীদিগকে দিন ॥৩॥

কিন্তু নিষ্পাপ কর্ণ! আপনি যদি সত্যপরায়ণ হন, তাহা হইলে আপনার এই যে স্বাভাবিক কবচ ও কুণ্ডল রহিয়াছে, ইহা ছেদন করিয়া আমাকে দিন" ॥৪॥

---

(৪) শ্লোকাৎ পরম্ 'এতদিচ্ছাম্যহং ক্ষিপ্রং ত্বয়া দত্তং পরন্তপ।। এষ মে সর্ব্বলাভানাং লাভঃ পরমকো মতঃ॥' ইতি প্রায়েণ পূর্ব্বসমানার্থঃ শ্লোকঃ—বা ব কা নি।

কর্ণ উবাচ।

অবনিং প্রমদা গাশ্চ নিবাসং বহুবার্ষিকম্।
তত্তে বিপ্র! প্রদাস্যামি ন তু বর্ম্ম সকুণ্ডলম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং বহুবিধৈর্বাক্যৈর্যাচ্যমানঃ স তু দ্বিজঃ।
কর্ণেন ভরতশ্রেষ্ঠ! নান্যং বরমযাচত ॥৬॥

যদা নান্যং প্রবৃণুতে বরং বৈ দ্বিজসত্তমঃ।
তদৈনমব্রবীদ্ভূয়ো রাধেয়ঃ প্রহসন্নিব ॥৭॥

সহজং বর্ম্ম মে বিপ্র! কুণ্ডলে চামৃতোদ্ভবে।
তেনাবধ্যোঽস্মি লোকেষু ততো নৈতজ্জহাম্যহম্ ॥৮॥

বিশালং পৃথিবীরাজ্যং ক্ষেমং নিহতকণ্টকম্।
প্রতিগৃহ্ণীষ্ব মত্তস্ত্বং সাধু ব্রাহ্মণপুঙ্গব! ॥৯॥

ভারতকৌমুদী

যদ্দিতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। উৎকৃত্য ছিত্ত্বা, সত্যব্রতঃ সত্যনিরতঃ ॥৪॥

অবনিমিতি। নিবাসমস্মদ্গৃহে স্থিতিম্। তৎ সর্ব্বম্ ॥৫॥

এবমিতি। যাচ্যমানঃ অভ্যর্থ্যমানঃ। বরং বরণীয়ং বস্তু ॥৬॥

যদেতি। বরমভীষ্টম্। প্রহসন্নিব, কৌতুকোদয়াদিতি ভাবঃ ॥৭॥

সহজমিতি। কুণ্ডলে চ সহজে। জহামি ত্যজামি ॥৮॥

বিশালমিতি। পৃথিবীরাজ্যং বিজয়েন ময়া লভ্যমিত্যাশয়ঃ। মত্তো মম সকাশাৎ ॥৯॥

কর্ণ বলিলেন—"ভূমি, রমণী, গরু বা বহুবৎসর বাস, এই সকলই আপনাকে দিতে পারি; কিন্তু কবচ ও কুণ্ডল নহে" ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ! কর্ণ এইরূপ বহুতর বাক্যদ্বারা অনুরোধ করিলেও সে ব্রাহ্মণ অন্য বস্তু প্রার্থনা করিলেন না ॥৬॥

ব্রাহ্মণ যখন অন্য বস্তু প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাসিতে হাসিতেই যেন পুনরায় তাঁহাকে বলিলেন—॥৭॥

"ব্রাহ্মণ! আমার বর্ম্ম ও কুণ্ডল অমৃত হইতে উৎপন্ন এবং সহজাত; তাহাতেই আমি জগতে অবধ্য হইয়াছি; সুতরাং আমি ইহা ত্যাগ করিতে পারি না ॥৮॥

---

(৫)…নিবাপং বহুবার্ষিকম্—বা ব কা নি। (৬) শ্লোকাৎ পরম্ 'শান্তিতশ্চ যথাশক্তি পূজিতশ্চ যথাবিধি। ন চান্যং স দ্বিজশ্রেষ্ঠঃ কাময়ামাস বৈ বরম্ ॥' অয়মপি পূর্ব্বসমানার্থঃ শ্লোকঃ—বা ব কা নি।

কুণ্ডলাভ্যাং বিমুক্তোঽহং বর্ম্মণা সহজেন চ।
গমনীয়ো ভবিষ্যামি শত্রূণাং দ্বিজসত্তম! ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

যদা নান্যং বরং বব্রে ভগবান্ পাকশাসনঃ।
ততঃ প্রহস্য কর্ণস্তং পুনরিত্যব্রবীদ্বচঃ ॥১১॥
বিদিতো দেবদেবেশ! প্রাগেবাসি মম প্রভো!।
ন তু ন্যায্যং ময়া দাতুং তব শক্র! বৃথা বরম্ ॥১২॥
ত্বং হি দেবেশ্বরঃ সাক্ষাত্ত্বয়া দেয়ো বরো মম।
অন্যেষাঞ্চৈব ভূতানামীশ্বরো হ্যসি ভূতধৃক্ ॥১৩॥
যদি দাস্যামি তে দেব! কুণ্ডলে কবচং তথা।
বধ্যতামুপযাস্যামি ত্বঞ্চ শক্রাবহাস্যতাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

কুণ্ডলাভ্যামিতি। গমনীয়ো বশতাং নেয়ঃ ॥১০॥
যদেতি। পাকশাসনো ব্রাহ্মণবেশধারী ইন্দ্রঃ ॥১১॥
বিদিত ইতি। প্রাগেব স্বপ্নে সূর্য্যসমীপাদিতি ভাবঃ। বৃথা স্বপক্ষে নিষ্ফলম্ ॥১২॥
ত্বমিতি। ঈশ্বরো নিয়ন্তা, ভূতধৃক্ পরিপালনেন ॥১৩॥
যদীতি। হে শক্র! ত্বঞ্চ সর্ব্বেষামবহাস্যতামুপযাস্যসীত্যর্থঃ, অন্যায়েন গ্রহণাৎ ॥১৪॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আমার নিকট হইতে সম্যক্‌রূপে বিশাল, নিষ্কণ্টক ও মঙ্গলময় পৃথিবীর রাজ্য গ্রহণ করুন ॥৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি সহজাত কুণ্ডল ও কবচবিহীন হইলে শত্রুগণের বশীভূত হইব" ॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—ভগবান্ (ব্রাহ্মণরূপী) ইন্দ্র যখন অন্য বস্তু প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাস্য করিয়া পুনরায় তাঁহাকে এই কথা বলিলেন—॥১১॥

"প্রভু দেবাধিদেব ইন্দ্র! আমি আপনাকে পূর্ব্বেই জানিয়াছি; সুতরাং আপনাকে নিষ্ফল বর দেওয়া আমার উচিত নহে ॥১২॥

আপনি দেবগণের ও অন্য প্রাণিগণের অধীশ্বর এবং লোকপালক সাক্ষাৎ ইন্দ্র; সুতরাং আপনারও আমাকে বর দেওয়া উচিত ॥১৩॥

দেব! আমি যদি আপনাকে কবচ ও কুণ্ডল দান করি, তবে আমি শত্রুর বধ্য হইব, আপনিও লোকের উপহাস্য হইবেন ॥১৪॥

তস্মাদ্বিনিময়ং কৃত্বা কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্।
হরস্ব শক্র! কামং মে ন দদ্যামহমন্যথা ॥১৫॥

শক্র উবাচ।

বিদিতোঽহং রবেঃ পূর্ব্বমায়ানেব-ত্বাস্তিকম্।
তেন তে সর্ব্বমাখ্যাতমেবমেতন্ন সংশয়ঃ ॥১৬॥
কামমস্তু তথা তাত! তব কর্ণ! যথেচ্ছসি।
বর্জ্জয়িত্বা তু মে বজ্রং প্রবৃণীষ্ব যথেচ্ছসি ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্তমুপসঙ্গম্য বাসবম্।
অমোঘাং শক্তিমভ্যেত্য বব্রে সম্পূর্ণমানসঃ ॥১৮॥

কর্ণ উবাচ।

বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ শক্তিং মে দেহি বাসব!।
অমোঘাং শত্রুসংঘানাং ঘাতিনীং পৃতনামুখে ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। বিনিময়ং দ্রব্যান্তরেণ পরিবর্ত্তনম্। কামং যথেচ্ছম্ ॥১৫॥
বিদিত ইতি। অহং ত্বাস্তিকম্, আয়ান্ আগচ্ছন্নেব পূর্ব্বং রবের্বিদিতঃ ॥১৬॥
কামমিতি। কামমিত্যনুমতৌ, "কামঞ্চানুমতৌ স্মৃতম্" ইত্যাদি মেদিনী ॥১৭॥
তত ইতি। উপসঙ্গম্য তদাসন্নীভূয়। অভ্যেত্য তদুক্তিমঙ্গীকৃত্য ॥১৮॥
বর্ম্মণেতি। বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ তদুভয়বিনিময়েন। পৃতনামুখে সেনামুখে ॥১৯॥

অতএব দেবরাজ! আপনার ইচ্ছা হইলে আপনি কোন বস্তুর বিনিময়ে আমার উত্তম কবচ ও কুণ্ডল গ্রহণ করুন; অন্যথা আমি উহা দিব না" ॥১৫॥

ইন্দ্র বলিলেন—"আমি তোমার নিকট আসিবার পূর্ব্বেই সূর্য্য তাহা জানিয়াছিলেন; সুতরাং তিনিই তোমার নিকট এইরূপ ইহা বলিয়াছেন, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

সে যাহা হউক; বৎস কর্ণ! তুমি যাহা ইচ্ছা কর, তাহাই হউক; সুতরাং আমার বজ্র ব্যতীত তোমার যাহা ইচ্ছা, তাহাই গ্রহণ কর" ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কর্ণ মনোরথ পূর্ণ হওয়ায় সন্তুষ্ট হইয়া ইন্দ্রের বাক্য অনুমোদন করিয়া তাঁহার নিকট যাইয়া তাঁহার অব্যর্থ শক্তি প্রার্থনা করিলেন ॥১৮॥

---

(১৬) ...আগত্যাচ্ছ ত্বাস্তিকে—পি। (১৮) ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্তু—বা ব কা।

ততঃ সঞ্চিন্ত্য মনসা মুহূর্ত্তমিব বাসবঃ।
শক্ত্যর্থং পৃথিবীপাল! কর্ণং বাক্যমথাব্রবীৎ ॥২০॥

কুণ্ডলে মে প্রযচ্ছস্ব বর্ম্ম চৈব শরীরজম্।
গৃহাণ শক্তিং কর্ণ! অমনেন সময়েন চ ॥২১॥

অমোঘা হন্তি শতশঃ শত্রূন্ মম করচ্যুতা।
পুনশ্চ পাণিমভ্যেতি মম দৈত্যান্ বিনিঘ্নতঃ ॥২২॥

সেয়ং তব করপ্রাপ্তা হত্বৈকং রিপুমূর্জ্জিতম্।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ মামেবৈষ্যতি সূতজ! ॥২৩॥

কর্ণ উবাচ।

একমেবাহমিচ্ছামি রিপুং হন্তুং মহাহবে।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ যতো মম ভয়ং ভবেৎ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্ত্যর্থং সঞ্চিন্ত্যেত্যন্বয়ঃ। বাসব ইন্দ্রঃ ॥২০॥

কুণ্ডলে ইতি। শক্তিং নাম মহাস্ত্রবিশেষম্। সময়েন নিয়মেন ॥২১॥

তস্যাঃ শক্তেঃ শক্তিমাহ—অমোঘেতি। সা শক্তিরিতি শেষঃ ॥২২॥

সময়মাহ—সেতি। ঊর্জ্জিতং বলবন্তম্। প্রতপন্তং স্বপক্ষসংহারেণ ব্যথয়ন্তম্ ॥২৩॥

একমিতি। রিপুম্ অর্জ্জুনমিত্যাশয়ঃ, মহাহবে মহাযুদ্ধে ॥২৪॥

কর্ণ বলিলেন -"দেবরাজ! আমার কবচ ও কুণ্ডলের পরিবর্ত্তে সৈন্যসম্মুখে শত্রুসমূহনাশিনী আপনার অব্যর্থ শক্তি আমাকে দান করুন" ॥১৯॥

রাজা! তাহার পর ইন্দ্র মুহূর্ত্তকালই যেন মনে মনে শক্তির বিষয় চিন্তা করিয়া পরে কর্ণকে এই কথা বলিলেন—॥২০॥

"কর্ণ! তুমি তোমার সহজাত কবচ ও কুণ্ডল দান কর এবং এই নিয়মে আমার শক্তি গ্রহণ কর ॥২১॥

আমি যখন অসুর বধ করি, তখন এই অব্যর্থ শক্তি আমার হস্তচ্যুত হইয়া শত শত শত্রু সংহার করে, পুনরায় আমারই হস্তে আগমন করে ॥২২॥

কর্ণ! আমার এই সেই শক্তি তোমার হাতে যাইয়া গর্জ্জন ও সন্তাপকারী বলবান্ একজনমাত্র শত্রুকে বধ করিয়া পুনরায় আমারই নিকটে আসিবে" ॥২৩॥

কর্ণ বলিলেন—"আমার যাহা হইতে ভয় হয়, গর্জ্জন ও সন্তাপকারী সেই একজনমাত্র শত্রুকেই আমি মহাযুদ্ধে বধ করিতে ইচ্ছা করি" ॥২৪॥

ইন্দ্র উবাচ।

একং হনিষ্যসি রিপুং গর্জ্জন্তং বলিনং রণে।
ত্বস্তু যং প্রার্থয়স্যেকং রক্ষ্যতে স মহাত্মনা ॥২৫॥
যমাহুর্বেদবিদ্বাংসো বরাহমজিতং হরিম্।
নারায়ণমচিন্ত্যঞ্চ তেন কৃষ্ণেন রক্ষ্যতে ॥২৬॥

কর্ণ উবাচ।

এবমপ্যস্তু ভগবন্নেকবীরবধে মম।
অমোঘাং দেহি মে শক্তিং যয়া হন্যাং প্রতাপিনম্ ॥২৭॥
উৎকৃত্য তু প্রদাস্যামি কুণ্ডলে কবচঞ্চ তে।
নিকৃত্তেষু তু গাত্রেষু ন মে বীভৎসতা ভবেৎ ॥২৮॥

ইন্দ্র উবাচ।

ন তে বীভৎসতা কর্ণ! ভবিষ্যতি কথঞ্চন।
ব্রণশ্চৈব ন গাত্রেষু যস্ত্বং নানৃতমিচ্ছসি ॥২৯॥

ভারতকৌমুদী

একমিতি। মহাংশ্চাসৌ আত্মা চেতি তেন পরমাত্মস্বরূপেণেত্যর্থঃ ॥২৫॥
অথ কোঽসৌ মহাত্মেত্যাহ—যমিতি। বরাহং তদ্রূপেণ পৃথিব্যুদ্ধারকম্ ॥২৬॥
এবমিতি। একবীরবধে তদ্বিষয়ে। প্রতাপিনং ভীমং যং কঞ্চিদন্যং বা ॥২৭॥
উদিতি। উৎকৃত্য ছিত্ত্বা। নিকৃত্তেষু ছিন্নেষু। বীভৎসতা আকৃতের্বিকৃতিঃ ॥২৮॥

ইন্দ্র বলিলেন—"কর্ণ! তুমি যুদ্ধে গর্জ্জনকারী বলবান্ একজন শত্রুকে বধ করিবে বটে, তবে তুমি যাহার বিষয় প্রার্থনা করিতেছ, তাহাকে পরমাত্মাই রক্ষা করেন ॥২৫॥

বেদবিদ্বান্ লোকেরা যাঁহাকে বরাহ, অজিত, হরি ও অচিন্তনীয় নারায়ণ বলেন, সেই কৃষ্ণই তাহাকে রক্ষা করেন" ॥২৬॥

কর্ণ বলিলেন—"হউক না এইরূপ; কিন্তু ভগবন্! আমার একজনমাত্র বীর-শত্রুবধের জন্য আমাকে অব্যর্থ শক্তি দান করুন, যাহাদ্বারা আমি প্রতাপশালী শত্রুকে বধ করিতে পারি ॥২৭॥

কিন্তু দেবরাজ! আমি কবচ ও কুণ্ডল ছেদন করিয়া আপনাকে দিব বটে, তবে অঙ্গচ্ছেদন করায় আমার যেন আকৃতির কোন বিকৃতি না হয়" ॥২৮॥

---

(২৬)...বরাহমপরাজিতম্—বা ব কা নি।

যাদৃশস্তে পিতুর্বর্ণস্তেজশ্চ বদতাং বর !।
তাদৃশেনৈব বর্ণেন ত্বং কর্ণ ! ভবিতা পুনঃ ॥৩০॥
বিদ্যমানেষু শস্ত্রেষু যদ্যমোঘামসংশয়ে।
প্রমত্তো মোক্ষ্যসে বাপি ত্বয্যেবৈষা পতিষ্যতি ॥৩১॥

কর্ণ উবাচ।

সংশয়ং পরমং প্রাপ্য বিমোক্ষ্যে বাসবীমিমাম্।
যথা মামাত্থ শক্র ! ত্বং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ শক্তিং প্রজ্বলিতাং প্রতিগৃহ্য বিশাংপতে !।
শস্ত্রং গৃহীত্বা নিশিতং সর্ব্বগাত্রাণ্যকৃন্তত ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। ব্রণঃ ক্ষতম্। অনৃতং মিথ্যা, বক্তুং ব্যবহর্ত্তুং বেতি শেষঃ ॥২৯॥

যাদৃশ ইতি। পিতুঃ সূর্য্যস্যেতি ইন্দ্রাভিপ্রায়ঃ, অধিরথস্যেতি চ কর্ণেন বুদ্ধম্ ॥৩০॥

বিদ্যেতি। অন্যেষু শস্ত্রেষু বিদ্যমানেষু, অসংশয়ে জীবনাসন্দেহে বা, স্বয়ং বাপি প্রমত্তঃ অসাবধানঃ সন্, এনামমোঘাং শক্তিং যদি মোক্ষ্যসে, তদৈষা ত্বয্যেব পতিষ্যতি ॥৩১॥

সংশয়মিতি। বাসবীমৈন্দ্রীম্। আত্থ ব্রবীষি ॥৩২॥

তত ইতি। প্রতিগৃহ্য ইন্দ্রাদিতি শেষঃ। অকৃন্তত কবচকুণ্ডলদানায় অচ্ছিনৎ ॥৩৩॥

ইন্দ্র বলিলেন—“কর্ণ! তুমি যখন মিথ্যা বলিতে বা ব্যবহার করিতে ইচ্ছা কর না, তখন তোমার অঙ্গে কোনপ্রকার বিকৃতি বা ক্ষত হইবে না ॥২৯॥

বাগ্মিশ্রেষ্ঠ কর্ণ! তোমার পিতার যেমন বর্ণ ও তেজ রহিয়াছে, তোমারও তেমনই বর্ণ ও তেজ আবার হইবে ॥৩০॥

তবে, অন্য অস্ত্র বিদ্যমান থাকিতে, কিংবা প্রাণসংশয় না হইলে, অথবা নিজে অসাবধান হইয়া যদি এই অব্যর্থ শক্তি নিক্ষেপ কর, তাহা হইলে ইহা তোমার উপরেই আসিয়া পড়িবে” ॥৩১॥

কর্ণ বলিলেন—“দেবরাজ! আপনি আমাকে যেরূপ বলিলেন, তাহাতে আমি অত্যন্ত প্রাণসংশয়স্থলেই এই ঐন্দ্রী শক্তি নিক্ষেপ করিব; ইহা আপনার নিকট আমি সত্য বলিলাম” ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ! তাহার পর কর্ণ ইন্দ্রের নিকট হইতে সেই উজ্জ্বল শক্তি গ্রহণ করিয়া সুধার অস্ত্র লইয়া নিজের সমস্ত অঙ্গ ছেদন করিতে লাগিলেন ॥৩৩॥

ততো দেবা মানবা দানবাশ্চ নিকৃন্তন্তং কর্ণমাত্মানমেবম্।
দৃষ্ট্বা সর্ব্বে সিংহনাদান্ প্রণেদুর্ন হ্যস্যাসীন্মুখজো বৈ বিকারঃ ॥৩৪॥
ততো দিব্যা দুন্দুভয়ঃ প্রণেদুঃ পপাতোচ্চৈঃ পুষ্পবর্ষঞ্চ দিব্যম্।
দৃষ্ট্বা কর্ণং শস্ত্রসংকৃত্তগাত্রং মুহুশ্চাপি স্ময়মানং নৃবীরম্ ॥৩৫॥
ততশ্ছিত্ত্বা কবচং দিব্যমঙ্গাত্তথৈবার্দ্রং প্রদদৌ বাসবায়।
তথোৎকৃত্য প্রদদৌ কুণ্ডলে তে কর্ণাত্তস্মাৎ কর্ম্মণা তেন কর্ণঃ ॥৩৬॥
ততঃ শক্রঃ প্রহসন্ বঞ্চয়িত্বা কর্ণং লোকে যশসা যোজয়িত্বা।
কৃতং কার্য্যং পাণ্ডবানাং হি মেনে ততঃ পশ্চাদ্দিবমেবোৎপপাত ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রণেদুর্বিস্ময়েন চক্রুঃ। অস্য কর্ণস্য মুখজোঽপি বিকারো নাসীৎ দৃঢ়ত্বাৎ ॥৩৪॥
তত ইতি। উচ্চৈরূর্দ্ধাৎ। শস্ত্রেণ সংকৃত্তানি ছিন্নানি গাত্রাণি যেন তম্ ॥৩৫॥
তত ইতি। উৎকৃত্য ছিত্ত্বা। কর্ণাৎ শ্রবণযুগলাৎ। তেন কর্ম্মণা কর্ণযুগলতঃ কুণ্ডলযুগলচ্ছেদনব্যাপারেণ হেতুনা, নাম্না কর্ণো বভূবেতি শেষঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

দেবরাজমিতি ॥১—৪॥ অবনিং গৃহার্থং নিবাপং ন্যপ্যতে বীজমস্মিন্নিতি ক্ষেত্রং বহুবার্ষিকং যাবজ্জীবিকবৃত্তিরূপম্ ॥৫—৮॥ গমনীয়ো বধ্যঃ ॥৯—১৫॥ আয়ানেব আগচ্ছন্নেব ॥১৬—৩৫॥ কৃণাতি হিনস্তি কৃন্ততি ছিনত্তি বা অঙ্গানীতি কর্ণ ইত্যর্থঃ ॥৩৬—৪১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৪॥

তাহার পর সকল দেবতা, মনুষ্য ও দানব কর্ণকে এইভাবে আপন অঙ্গ ছেদন করিতে দেখিয়া বিস্ময়ে সিংহনাদ করিয়া উঠিলেন; কিন্তু কর্ণের তাহাতে একটু মুখবিকারও হইল না ॥৩৪॥

তদনন্তর কর্ণ আপন অঙ্গ ছেদন করিয়াও অনবরত হাস্য করিতেছেন—ইহা দেখিয়া স্বর্গীয় দুন্দুভিধ্বনি হইতে লাগিল এবং উপর হইতে স্বর্গীয় পুষ্পবৃষ্টি পড়িতে থাকিল ॥৩৫॥

সূতপুত্র আপন অঙ্গ হইতে ছেদন করিয়া দিব্য কবচটী আর্দ্র অবস্থাতেই ইন্দ্রকে দিলেন এবং কর্ণযুগল হইতে ছেদন করিয়া কুণ্ডল দুইটীও তাঁহাকে দান করিলেন। সেই কার্য্যদ্বারাই তদবধি তাঁহার নাম হইল—'কর্ণ' ॥৩৬॥

তাহার পর ইন্দ্র কর্ণকে বঞ্চনা করিয়াও তাঁহাকে জগতে যশস্বী করিয়া হাস্য করতঃ পাণ্ডবগণের কার্য্য করিয়াছেন বলিয়া মনে করিলেন, পরে আকাশেই উঠিয়া গেলেন ॥৩৭॥

শ্রুত্বা কর্ণং মুষিতং ধার্ত্তরাষ্ট্রা দীনাঃ সর্ব্বে ভগ্নদর্পা ইবাসন্।
তাঞ্চাবস্থাং গমিতং সূতপুত্রং শ্রুত্বা পার্থা জহৃষুঃ কাননস্থাঃ ॥৩৮॥

জনমেজয় উবাচ।

ক্বস্থা বীরাঃ পাণ্ডবাস্তে বভূবুঃ কুতশ্চৈতে শ্রুতবন্তঃ প্রিয়ং তৎ।
কিং বাঽকার্ষুর্দ্বাদশাব্দে ব্যতীতে তন্মে সর্ব্বং ভগবান্ ব্যাকরোতু ॥৩৯॥

বৈশম্পায়ন উবাচ।

লব্ধ্বা কৃষ্ণাং সৈন্ধবং দ্রাবয়িত্বা বিপ্রৈঃ সার্দ্ধং কাম্যকাদাশ্রমাত্তে।
মার্কণ্ডেয়াচ্ছ্রুতবন্তঃ পুরাণং দেবর্ষীণাং চরিতং বিস্তরেণ ॥৪০॥
প্রত্যাজগ্মুঃ সরথাঃ সানুযাত্রাঃ সর্ব্বৈঃ সার্দ্ধং সূতপৌরোগবৈশ্চ।
ততঃ পুণ্যং দ্বৈতবনং নৃবীরা নিস্তীর্য্যোগ্রং বনবাসং সমগ্রম্ ॥৪১॥
(যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে কবচকুণ্ডলদানে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবানাং কার্য্যং প্রয়োজনং কৃতং মেনে, কর্ণস্য বধ্যত্বসম্ভবাৎ ॥৩৭॥

শ্রুত্বেতি। মুষিতং চোরিতম্ ইন্দ্রেণাপহৃতকবচকুণ্ডলমিত্যর্থঃ ॥৩৮॥

ক্বেতি। ক্বস্থাঃ কুত্র স্থিতাঃ। ব্যাকরোতু বিস্তরেণ ব্রবীতু ॥৩৯॥

লব্ধ্বেতি। কৃষ্ণাং দ্রৌপদীম্, সৈন্ধবং জয়দ্রথম্, দ্রাবয়িত্বা পরাভূয়। দেবাশ্চ ঋষয়শ্চ তেষাম্। সূতপৌরোগবৈঃ সারথিপাকাধ্যক্ষৈঃ। নৃবীরাঃ পাণ্ডবাঃ ॥৪০—৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

এদিকে কর্ণের কবচ ও কুণ্ডল অপহৃত হইয়াছে শুনিয়া ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলেই বিষণ্ণ ও ভগ্নদর্পের ন্যায় হইলেন; আর কর্ণের সেই অবস্থা হইয়াছে শুনিয়া পাণ্ডবেরা বনে থাকিয়াই আনন্দিত হইলেন ॥৩৮॥

জনমেজয় বলিলেন—"বীর পাণ্ডবেরা তখন কোথায় ছিলেন এবং কোথা হইতেই বা সেই প্রিয় সংবাদ শুনিয়াছিলেন; আর দ্বাদশ বৎসর অতীত হইলে পরই বা তাঁহারা কি করিয়াছিলেন, সেই সকল বৃত্তান্ত আপনি আমার নিকট বিস্তরক্রমে বলুন" ॥৩৯॥

বৈশম্পায়ন বলিলেন—মনুষ্যবীর পাণ্ডবেরা জয়দ্রথকে পরাভূত করিয়া

* '...সপ্তনবত্যধিকদ্বিশততমঃ...' —পি, '...নবাধিকত্রিশততমঃ...' —বা ব, '...দশাধিকত্রিশততমঃ...' —কা, '...একাদশাধিকত্রিশততমঃ...' —নি।

পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ। *

অনুভুক্তাঃ ফলাহারাঃ সর্ব্ব এব মিতাশনাঃ।
ন্যবসন্ পাণ্ডবাস্তত্র কৃষ্ণয়া সহ ভার্য্যয়া ॥১॥
ব্রাহ্মণার্থে পরাক্রান্তা ধর্ম্মাত্মানো যতব্রতাঃ।
ক্লেশমাচ্ছন্তি বিপুলং সুখোদর্কং পরন্তপাঃ ॥২॥

ভারতকৌমুদী

অন্বিতি। মিতাশনাশ্চিরমিতভোজিনঃ সর্ব্ব এব পাণ্ডবাঃ, ফলাহারা ফলাহরণকারিণঃ সন্তঃ, অনুভুক্তাঃ পশ্চাত্তান্যেব ফলানি ভুক্তবন্তশ্চ সন্তঃ, "ভুক্তা ব্রাহ্মণাঃ, পীতা গাবঃ" ইত্যাদিবৎ কর্ত্তরি ক্তঃ। ভার্য্যয়া কৃষ্ণয়া সহ তত্র দ্বৈতবনে অবশিষ্টং কালং ন্যবসন্ ॥১॥

ব্রাহ্মণেতি। আর্চ্ছন্তি মৃগয়াদিনা প্রাপ্নুবন্তি স্ম, সুখোদর্কং সুখোত্তরফলকম্ ॥২॥

দ্রৌপদীকে আনয়নপূর্ব্বক মার্কণ্ডেয়মুনির নিকট বিস্তরক্রমে দেবগণ ও ঋষিগণের প্রাচীন চরিত্র শ্রবণ করিয়া এবং ভয়ঙ্কর সমস্ত বনবাসকাল অতিক্রম করিয়া ব্রাহ্মণগণ, অনুচরগণ, সারথিগণ ও পাকাধ্যক্ষগণের সহিত রথারোহণে কাম্যকবনের আশ্রম হইতে পবিত্র দ্বৈতবনে প্রত্যাগমন করিলেন ॥৪০—৪১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—চির-পরিমিতভোজী পাণ্ডবেরা সকলেই ফল আহরণপূর্ব্বক তাহা ভোজন করিয়াই ভার্য্যা দ্রৌপদীর সহিত সেই দ্বৈতবনে বনবাসের অবশিষ্ট কাল বাস করিতে লাগিলেন ॥১॥

পরাক্রমী, শত্রুসন্তাপী, ধর্ম্মাত্মা ও ব্রতপরায়ণ পাণ্ডবেরা ব্রাহ্মণদের জন্য

* ইতঃ পূর্ব্বম্ 'জনমেজয় উবাচ। এবং হৃতায়াং ভার্য্যায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্। প্রতিপদ্য ততঃ কৃষ্ণাং কিমকুর্ব্বত পাণ্ডবাঃ॥ বৈশম্পায়ন উবাচ। এবং হৃতায়াং কৃষ্ণায়াং প্রাপ্য কেশমনুত্তমম্। বিহায় কাম্যকং রাজা সহ ভ্রাতৃভিরচ্যুতঃ॥ পুনর্দ্বৈতবনং রম্যমাজগাম যুধিষ্ঠিরঃ। স্বাদুমূলফলং রম্যং বিচিত্রবহুপাদপম্॥' ইতি পূর্ব্বাধ্যায়শেষ-শ্লোকত্রয়সমানার্থকমধিকং শ্লোকত্রয়ম্—বা ব কা নি। (১) শ্লোকাৎ পরম্—'বসন্ দ্বৈত-বনে রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ। ভীমসেনার্জ্জুনশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ॥' অয়মপ্যধিকঃ শ্লোকঃ—ব কা নি।

অরণীসহিতং মন্থং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
মৃগস্য ধর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৩॥
তদাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমান্তরিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৪॥
হ্রিয়মাণন্তু তং দৃষ্ট্বা স বিপ্রঃ কুরুসত্তম!।
ত্বরিতোঽভ্যাগমত্তত্র অগ্নিহোত্রপরীপ্সয়া ॥৫॥
অজাতশত্রুমাসীনং ভ্রাতৃভিঃ সহিতং বনে।
আগম্য ব্রাহ্মণস্তূর্ণং সন্তপ্তশ্চেদমব্রবীৎ ॥৬॥

ভারতকৌমুদী

অরণীতি। কস্যচিত্তপস্বিনো ব্রাহ্মণস্য, অরণী অগ্ন্যুৎপাদনকাষ্ঠং তৎসহিতম্, মন্থং তন্মথনদণ্ডম্, ধর্ষমাণস্য শৃঙ্গেন চালয়তঃ, কস্যচিন্মৃগস্য, বিষাণে তত্র শৃঙ্গে, সমসজ্জত সংশ্লিষ্টং তদুভয়ং সংলগ্নমভূৎ। "অরণির্বহ্নিমন্থেঽপি" ইতি বিশ্বঃ ॥৩॥

তদিতি। তৎ অরণী মন্থশ্চেত্যুভয়ম্। আশ্রমান্তরিত আশ্রমাদ্ব্যবহিতঃ ॥৪॥

হ্রিয়েতি। তমরণীসহিতং মন্থম্। অগ্নিহোত্রস্য পরীপ্সয়া অনুষ্ঠানেচ্ছয়া ॥৫॥

অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। সন্তপ্তো দুঃখিতঃ ॥৬॥

মৃগয়াপ্রভৃতি করিতে থাকায় প্রচুর কষ্টভোগ করিতেন; কিন্তু সে কষ্টের পরিণামে সুখই হইত ॥২॥

একদা একটা হরিণ শৃঙ্গদ্বারা কোন তপস্বী ব্রাহ্মণের সেই অরণী ও মন্থ (অগ্নি উৎপাদনের কাষ্ঠের নাম—অরণী এবং তাহা ঘর্ষণ করিবার দণ্ডের নাম—মন্থ) সঞ্চালন করিতেছিল; তখন সেই অরণী ও মন্থ তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়া পড়িল ॥৩॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণ ব্রাহ্মণের সেই অরণী-মন্থ লইয়াই ব্যস্ত হইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রম হইতে দূরে চলিয়া গেল ॥৪॥

কৌরবশ্রেষ্ঠ! সেই ব্রাহ্মণ, অরণী ও মন্থ হরণ করিতে দেখিয়া অগ্নিহোত্র করিবার ইচ্ছায় সত্বর যুধিষ্ঠির প্রভৃতির নিকটে আগমন করিলেন ॥৫॥

ব্রাহ্মণ দুঃখিত হইয়া সত্বর আসিয়া ভ্রাতাদের সহিত বনে উপবিষ্ট যুধিষ্ঠিরের নিকট এই কথা বলিলেন—॥৬॥

---

(৩) শ্লোকাৎ পরম্ 'তস্মিন্ প্রতিবসস্তে যৎপ্রাহুঃ কুরুসত্তমাঃ। বনে ক্লেশং সুখোদর্কং তৎ প্রবক্ষ্যামি তে শৃণু।' এষ শ্লোকোঽপ্যধিকঃ—ব কা নি।

অরণীসহিতং মন্থং সমাসক্তং বনস্পতৌ।
মৃগস্য ঘর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৭॥
তমাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমান্তরিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৮॥
তস্য গত্বা পদং রাজন্! আসাদ্য চ মহামৃগম্।
অগ্নিহোত্রং ন লুপ্যেত তদানয়ত পাণ্ডবাঃ! ॥৯॥
ব্রাহ্মণস্য বচঃ শ্রুত্বা সন্তপ্তোঽথ যুধিষ্ঠিরঃ।
ধনুরাদায় কৌন্তেয়ঃ প্রাদ্রবদ্ভ্রাতৃভিঃ সহ ॥১০॥
সন্নদ্ধা ধন্বিনঃ সর্ব্বে প্রাদ্রবন্ নরপুঙ্গবাঃ।
ব্রাহ্মণার্থে যতন্তস্তে শীঘ্রমন্বগমন্ মৃগম্ ॥১১॥
কর্ণি-নালীক-নারাচানুৎসৃজন্তো মহারথাঃ।
নাবিধ্যন্ পাণ্ডবাস্তত্র পশ্যন্তো মৃগমন্তিকাৎ ॥১২॥

ভারতকৌমুদী

অরণীতি। সমাসক্তং শাখায়াং সংলগ্নম্, বনস্পতৌ আশ্রমবৃক্ষে ॥৭॥
তমিতি। তমরণীসহিতং মন্থম্। প্লবমানো লম্ফেন বিহায়সা গচ্ছন্ ॥৮॥
তস্যেতি। পদং পদাঙ্কম্। তদানয়ত, তদা চাগ্নিহোত্রং মে ন লুপ্যেত ॥৯॥
ব্রাহ্মণস্যেতি। প্রাদ্রবৎ দ্রুতং প্রাতিষ্ঠত ॥১০॥
সন্নদ্ধা ইতি। সন্নদ্ধা ধৃতকবচাদয়ঃ। যতন্তো যতমানাঃ ॥১১॥
কর্ণীতি। মৃগং পশ্যন্তোঽপি নাবিধ্যন্ তং ব্যদ্ধুং নাশক্নুবন্ ॥১২॥

"আমার অরণী ও মন্থ আশ্রমের বৃক্ষে সংলগ্ন ছিল; একটা হরিণ শৃঙ্গদ্বারা তাহা সঞ্চালন করিতে থাকায় তাহা তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়াছিল ॥৭॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণটা তাহা লইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রমের দূরে চলিয়া গিয়াছে। ॥৮॥

রাজা! অপর পাণ্ডবগণ! আপনারা তাহার পদাঙ্ক অনুসরণ করিয়া তাহার নিকট যাইয়া আমার সেই অরণী ও মন্থ আনয়ন করুন; তাহা হইলে আর আমার অগ্নিহোত্রের ব্যাঘাত হইবে না" ॥৯॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির ব্রাহ্মণের সেই কথা শুনিয়া দুঃখিত হইয়া ধনু লইয়া ভ্রাতাদের সহিত দ্রুত প্রস্থান করিলেন ॥১০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সকলেই কবচ পরিধান করিয়া ধনু লইয়া ব্রাহ্মণের জন্য যত্নবান্ হইয়া সত্বর সেই মৃগের অনুসরণ করিলেন ॥১১॥

(৮) আবশ্যকোঽপ্যয়ং শ্লোকঃ পি নাস্তি। (৯) শ্লোকাৎ পরম্ 'বৈশম্পায়ন উবাচ'—পি।

তেষাং প্রয়তমানানাং নাদৃশ্যত মহামৃগঃ।
অপশ্যন্তো মৃগং শ্রান্তা দুঃখং প্রাপ্তা মনস্বিনঃ ॥১৩॥
শীতলচ্ছায়মাগম্য ন্যগ্রোধং গহনে বনে।
ক্ষুৎপিপাসাপরীতাঙ্গাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্ ॥১৪॥
তেষাং সমুপবিষ্টানাং নকুলো দুঃখিতস্তদা।
অব্রবীদ্‌ভ্রাতরং জ্যেষ্ঠমমর্ষাৎ কুরুনন্দনম্ ॥১৫॥
নাস্মিন্ কুলে জাতু মমজ্জ ধর্ম্মো ন চালস্যাদর্থলোপো বভূব।
অনুত্তরাঃ সর্ব্বভূতেষু ভূয়ঃ সম্প্রাপ্তাঃ স্ম সংশয়ং কিন্নু রাজন্ ! ॥১৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
আরণেয়ে মৃগান্বেষণে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তেষামিতি। নাদৃশ্যত তৈরেব। দুঃখং প্রাপ্তাঃ, অরণীমপ্রাপ্তেঃ ॥১৩॥

শীতলেতি। ন্যগ্রোধং বটবৃক্ষম্। ক্ষুৎপিপাসাভ্যাং পরীতাঙ্গাঃ ক্লান্তদেহাঃ ॥১৪॥

তেষামিতি। তেষাং মধ্যে। অমর্ষাৎ দুঃখক্ষোভাৎ ॥১৫॥

নেতি। অস্মিন্ অস্মদীয়ে কুলে, জাতু কদাচিদপি, ধর্ম্মো ন মমজ্জ লয়ং প্রাপ্তো বভূব ;

ভারতভাবদীপঃ

অস্মিতি। অব্ভক্ষাঃ ব্রতিনঃ, ফলাহারাঃ ফলান্যেবাহর্ত্তুং শীলাঃ ॥১—২॥ অরণী উত্তরাধরেঽগ্নিমথনকাষ্ঠে তাভ্যাং সহিতং মন্থং নির্ম্মথনদণ্ডম্ ॥৩॥ আশ্রমান্তরিতঃ আশ্রমদূরগতঃ ॥৪—৮॥ পদং মার্গে চিহ্নং গত্বা প্রাপ্য তেনৈব পথা অনয়ত ॥৯—১৫॥ ধর্ম্মো

ক্রমে মহারথ পাণ্ডবেরা নিকটে হরিণটাকে দেখিয়া কর্ণী, নালীক ও নারাচ নিক্ষেপ করিয়াও তাহাকে বিদ্ধ করিতে পারিলেন না ॥১২॥

তাঁহারা সেইরূপ চেষ্টা করিতেছিলেন, সেই অবস্থাতেই সে মহাহরিণ অদৃশ্য হইয়া গেল। তখন পরিশ্রান্ত মনস্বী পাণ্ডবেরা সে হরিণ না দেখিয়া দুঃখিত হইলেন ॥১৩॥

তখন পাণ্ডবেরা ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া সেই নিবিড় বনমধ্যেই শীতল-চ্ছায়াযুক্ত একটা বটবৃক্ষের নিকটে আসিয়া উপবেশন করিলেন ॥১৪॥

তখন তাঁহাদের মধ্যে নকুল দুঃখিত হইয়া ক্ষোভবশতঃ কুরুনন্দন জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৫॥

---

(১৫)…অব্রবীদ্‌ভ্রাতরং শ্রেষ্ঠম্…বা ব কা। * '…অষ্টনবত্যধিকদ্বিশততমঃ…' —পি, '…দশাধিকত্রিশততমঃ…' —বা ব, '…একাদশাধিকত্রিশততমঃ…'—কা, '…দ্বাদশাধিকত্রিশততমঃ…' —নি।

ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

নাপদামস্তি মর্য্যাদা ন নিমিত্তং ন কারণম্‌।
ধর্ম্মস্তু বিভজত্যর্থমুভয়োঃ পুণ্যপাপয়োঃ ॥১॥

ভারতকৌমুদী

আলস্যাচ্চ অর্থলোপঃ কার্য্যনাশো ন বভূব। হে রাজন্‌! সর্ব্বভূতেষু মযৈতৎ নিষ্পাদয়েতি প্রার্থ্যমানেষু সর্ব্বলোকেষু, অনুত্তরা ন পারয়ামীত্যেবমুত্তরেণ রহিতা অপি বয়ম্‌, ইদানীং ভূয়ো বহুলম্‌, কিন্নু সংশয়ম্‌ অরণীমন্থাবানেতুং শক্নুমো ন বেতি সন্দেহং সম্প্রাপ্তাঃ। তদ্ব্রূহীত্যাশয়ঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি আরণেয়ে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নেতি। ঈদৃশীনাম্‌ আপদাং মর্য্যাদা সীমা নাস্তি, ইতোঽধিকাপি ভবিতুমর্হতীতি ভাবঃ। নিমিত্তং পরঘটিতো হেতুরপি নাস্তি, কারণম্‌ আত্মঘটিতো হেতুরপি নাস্তি। কিন্তু ধর্ম্মঃ প্রাক্তনকর্ম্মরূপমদৃষ্টম্‌, স্ববিশেষরূপেণ খ্যাতয়োঃ পুণ্যপাপয়োঃ, অর্থং ফলরূপং সুখদুঃখাত্মকবিষয়ং বিভজতি বিভজ্য দদাতি। অদৃষ্টবশাদেবাস্মাকম্‌ অরণীমন্থপ্রাপ্তিবিষয়ে সংশয়রূপেয়মাপদুপস্থিতেত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ন মমজ্জ ধর্ম্মলোপোঽর্থলোপশ্চ নাভূৎ, আলস্যাদিত্যুপচর্য্যতে ত্বয়ি অনুত্তরাঃ প্রতিবাক্যরহিতাঃ সর্ব্বভূতেষু কার্য্যার্থে উপস্থিতে ওমিত্যেব বদামো ন তু বাক্যান্তরমিত্যর্থঃ। সংশয়ঃ ব্রাহ্মণস্য কর্ম্মলোপনিমিত্তং দোষম্‌ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৫॥

"রাজা! এই বংশে কখনও ধর্ম্মলোপ হয় নাই, আলস্যবশতঃ কার্য্যনাশও হয় নাই এবং যে কোন লোক আসিয়া কার্য্যসাধনের প্রার্থনা করিলে, আমরা 'পারিব না' বলিয়া উত্তরও করি নাই; কিন্তু এখন ব্রাহ্মণের কার্য্যসাধনবিষয়ে গুরুতর সংশয়াপন্ন হইলাম কেন?" ॥১৬॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"এইরূপ আপদের সীমা নাই, কিংবা ঐহিক পরঘটিত

ভীম উবাচ।

প্রাতিকাম্যনয়ৎ কৃষ্ণাং সভায়াং প্রেষ্যবত্তদা।
ন ময়া নিহতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥২॥

অর্জ্জুন উবাচ।

বাচস্তীক্ষ্ণাস্থিভেদিন্যঃ সূতপুত্রেণ ভাষিতাঃ।
অতিতীব্রা ময়া ক্ষান্তাস্তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৩॥

সহদেব উবাচ।

শকুনিস্ত্বাং যদাঽজৈষীদক্ষদ্যূতেন ভারত!।
স ময়া ন হতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা নকুলং বাক্যমব্রবীৎ।
আরুহ্য বৃক্ষং মাদ্রেয়! নিরীক্ষস্ব দিশো দশ ॥৫॥

ভারতকৌমুদী

প্রাতীতি। প্রাতিকামী তন্নিবৃত্তো দুঃশাসন ইত্যর্থঃ। প্রেষ্যবৎ দাসীমিব। কর্ত্তব্যাকরণ-পাপেনৈব জনিতেঽমস্যাকম্যাপদিতি ভাবঃ। পরয়োরপ্যেবমূহ্যঃ ॥২॥

বাচ ইতি। তীক্ষ্ণা রুক্ষাঃ, অস্থিভেদিন্যঃ অস্থিপর্য্যন্তবিদারিণ্যঃ ॥৩॥

শকুনিরিতি। ত্বাং যুধিষ্ঠিরম্। অক্ষৈর্দ্যূতং ক্রীড়া তেন ॥৪॥

তত ইতি। নিরীক্ষস্ব, জলান্বেষণার্থমিতি ভাবঃ ॥৫॥

হেতু নাই, অথবা ঐহিক আত্মঘটিত হেতুও নাই; কিন্তু পুণ্য ও পাপরূপ অদৃষ্টই লোকের এইরূপ সুখ ও দুঃখ দিয়া থাকে” ॥১॥

ভীম বলিলেন—“সেই সময়ে দুঃশাসন দাসীর ন্যায় দ্রৌপদীকে সভামধ্যে নিয়া গিয়াছিল, তাহাকে যে আমি তখন বধ করি নাই, সেই পাপেই আমরা এই সংশয় প্রাপ্ত হইয়াছি” ॥২॥

অর্জ্জুন বলিলেন—“কর্ণ তখন অস্থিবিদারক অতিতীব্র কটু বাক্য সকল বলিয়াছিল, তাহা যে আমি সহ্য করিয়াছিলাম, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি” ॥৩॥

সহদেব বলিলেন—“ভরতনন্দন! শকুনি যখন পাশাখেলায় আপনাকে জয় করিয়াছিল, তখন তাহাকে যে আমি বধ করি নাই, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি” ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা যুধিষ্ঠির নকুলকে বলিলেন—“মাদ্রীনন্দন! কোন বৃক্ষে আরোহণ করিয়া দশ দিক্ পর্য্যবেক্ষণ কর ॥৫॥

পানীয়মন্তিকে পশ্য বৃক্ষাংশ্চাপ্যুদকাশ্রিতান্।
এতে হি ভ্রাতরঃ শ্রান্তাস্তব তাত! পিপাসিতাঃ ॥৬॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা শীঘ্রমারুহ্য পাদপম্।
অব্রবীদ্‌ভ্রাতরং জ্যেষ্ঠমভিবীক্ষ্য সমন্ততঃ ॥৭॥
পশ্যামি বহুলান্ রাজন্! বৃক্ষানুদকসংশ্রয়ান্।
সারসানাঞ্চ নির্হ্রাদমত্রোদকমসংশয়ম্ ॥৮॥
ততোঽব্রবীৎ সত্যধৃতিঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
গচ্ছ সৌম্য! ততঃ শীঘ্রং তূণৈঃ পানীয়মানয় ॥৯॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা ভ্রাতুর্জ্যেষ্ঠস্য শাসনাৎ।
প্রাদ্রবদ্‌যত্র পানীয়ং শীঘ্রঞ্চৈবান্বপদ্যত ॥১০॥
স দৃষ্ট্বা বিমলং তোয়ং সারসৈঃ পরিবারিতম্।
পাতুকামস্ততো বাচমন্তরীক্ষাৎ স শুশ্রুবে ॥১১॥

ভারতকৌমুদী

পানীয়মিতি। পানীয়মস্তি ন বেতি পশ্যেত্যর্থঃ। উদকাশ্রিতান্ জলজীবিনঃ। 'জলাদর্শনেঽপি জলজীবিবৃক্ষদর্শনেনৈব জলসত্তানুমানসম্ভব ইতি ভাবঃ ॥৬॥

নকুল ইতি। পাদপং সান্নিধ্যাদ্বং বটবৃক্ষম্। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৭॥

পশ্যামীতি। সারসানাং জলাশ্রিতপক্ষিবিশেষাণাম্, নির্হ্রাদং রবম্ ॥৮॥

তত ইতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যশালী। তূণৈঃ শূন্যতূণীরৈঃ ॥৯॥

নকুল ইতি। শাসনাদাদেশাৎ অন্বপদ্যত অলভত ॥১০॥

স ইতি। স প্রসিদ্ধঃ। পরিবারিতং পরিবেষ্টিতম্। স নকুলঃ ॥১১॥

নিকটে জল বা জলজীবী বৃক্ষ আছে কি না দেখ। কারণ, বৎস! তোমার এই ভ্রাতারা পরিশ্রান্ত ও পিপাসার্ত্ত হইয়াছেন ॥৬॥

"তাহাই হউক" এই কথা বলিয়া নকুল সত্বরই সেই বটবৃক্ষে আরোহণ করিয়া এবং সকল দিকে দৃষ্টিপাত করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৭॥

"রাজা! জলাশ্রিত বহুতর বৃক্ষ দেখিতেছি এবং সারসপক্ষীর রবও শুনিতেছি; সুতরাং নিশ্চয়ই এইখানে জল আছে" ॥৮॥

তাহার পর প্রকৃতধৈর্য্যশালী কুন্তীনন্দন যুধিষ্ঠির বলিলেন—"সৌম্য! সত্বর গমন কর এবং তূণে করিয়া তথা হইতে জল আনয়ন কর" ॥৯॥

"তাহাই হউক" এই কথা বলিয়া নকুল জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ অনুসারে যেখানে জল ছিল, সেইখানে সত্বরই গেলেন এবং জলও পাইলেন ॥১০॥

---

(১১) শ্লোকাৎ পরম্ 'যক্ষ উবাচ'—বা ব কা নি।

মা তাত ! সাহসং কার্ষীর্মম পূর্ব্বপরিগ্রহঃ ।
প্রশ্নানুক্ত্বা তু মাদ্রেয় ! ততঃ পিব হরস্ব চ ॥১২॥
অনাদৃত্য তু তদ্বাক্যং নকুলঃ সুপিপাসিতঃ ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৩॥
চিরায়মাণে নকুলে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
অব্রবীদ্ভ্রাতরং বীরং সহদেবমরিন্দমম্ ॥১৪॥
ভ্রাতা হি চিরযাতো নঃ সহদেব ! তবাগ্রজঃ ।
তঞ্চৈবানয় সোদর্য্যং পানীয়ঞ্চ সমানয় ॥১৫॥
সহদেবস্তথেত্যুক্ত্বা তাং দিশং প্রত্যপদ্যত ।
দদর্শ চ হতং ভূমৌ ভ্রাতরং নকুলং তদা ॥১৬॥

ভারতকৌমুদী

মেতি । সাহসং জলপানায় হঠকারিতাম্ । পূর্ব্বপরিগ্রহঃ পূর্ব্বাধিকৃতমিদং জলম্ ॥১২॥
অনেতি । সুপিপাসিতত্বাদেব অনাদৃত্যেতি ভাবঃ । নিপপাত ভূমৌ ॥১৩॥
চিরেতি । বীরত্বাদেবারিন্দমঃ, অরিন্দমত্বাদেব চ তৎপ্রেষণে উদ্বেগাভাব ইতি ভাবঃ ॥১৪॥
ভ্রাতেতি । অস্মাকং ভ্রাতৃত্বাত্তব চাগ্রজসোদর্য্যত্বাত্তদানয়নং সর্ব্বথৈবোচিতমিত্যাশয়ঃ ॥১৫॥
সহেতি । অপদ্যত অগচ্ছৎ । হতং হতমিব ভূমৌ শয়িতমিত্যর্থঃ ॥১৬॥

তখন নকুল সারসপক্ষি-পরিবেষ্টিত নির্ম্মল জল দেখিয়া তাহা পান করিবার ইচ্ছা করিলেন, তখন আকাশ হইতে এই বাক্য শুনিলেন—॥১১॥

"বৎস ! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে ; সুতরাং সাহস করিও না । তবে, মাদ্রীনন্দন ! আমার প্রশ্নের উত্তর দিয়া পরে পান কর এবং হরণ কর" ॥১২॥

নকুল অত্যন্ত পিপাসার্ত্ত ছিলেন বলিয়া সেই কথা অগ্রাহ্য করিয়া সেই শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৩॥

নকুল বিলম্ব করিতে থাকিলে কুন্তীনন্দন যুধিষ্ঠির, বীর ও শত্রুদমনকারী ভ্রাতা সহদেবকে বলিলেন—॥১৪॥

"সহদেব ! আমাদের ভ্রাতা এবং তোমার অগ্রজ সহোদর নকুল অনেকক্ষণ গিয়াছেন ; অতএব তাঁহাকে আনয়ন কর এবং জলও আনয়ন কর" ॥১৫॥

"তাহাই হউক" এই কথা বলিয়া সহদেব সেই দিকে গেলেন এবং যাইয়া দেখিলেন—ভ্রাতা নকুল নিহতের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১৬॥

---

(১৫) ...তথৈবানয় সোদর্য্যম্—বা ব কা,...পানীয়ঞ্চ ত্বমানয়—বা ব কা নি ।

ভ্রাতৃশোকাভিসন্তপ্তস্তৃষয়া চ প্রপীড়িতঃ।
অভিদুদ্রাব পানীয়ং ততো বাগভ্যভাষত ॥১৭॥
মা তাত! সাহসং কার্ষীর্মম পূর্ব্বপরিগ্রহঃ।
প্রশ্নানুক্ত্বা যথাকামং পিবস্ব চ হরস্ব চ ॥১৮॥
অনাদৃত্য তু তদ্বাক্যং সহদেবঃ পিপাসিতঃ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৯॥
অথাব্রবীৎ স বিজয়ং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতরৌ তে চিরগতৌ বীভৎসো! শত্রুকর্ষণ! ॥২০॥
তৌ চৈবানয় ভদ্রং তে পানীয়ঞ্চ ত্বমানয়।
ত্বং হি নস্তাত! সর্ব্বেষাং দুঃখিতানামুপাশ্রয়ঃ ॥২১॥
এবমুক্তো গুড়াকেশঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
আমুক্তখড়্গো মেধাবী তৎ সরঃ প্রত্যপদ্যত ॥২২॥

ভারতকৌমুদী

ভ্রাত্রিতি। পানানন্তরমপ্যনুসন্ধানং স্যাদিতি বিভাব্য প্রাক্ পানীয়াভিদ্রবণম্ ॥১৭॥

মেতি। পিবস্ব চ হরস্ব চ জলমিতি শেষঃ ॥১৮॥

অনাদৃত্যেতি। পিপাসা অস্য সঞ্জাতেতি পিপাসিতঃ তারকাদিত্বাদিতচ্ ॥১৯॥

অথেতি। বিজয়মর্জ্জুনম্। সম্বোধনদ্বয়েন তস্যাজয্যত্বং সূচিতম্ ॥২০॥

তাবিতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। উপাশ্রয়ঃ অবলম্বনম্ ॥২১॥

তখন সহদেব ভ্রাতৃশোকে অত্যন্ত সন্তপ্ত এবং তৃষ্ণায় প্রপীড়িত হইয়া জলের দিকে ধাবিত হইলেন; তাহার পর একটা বাক্য ইহা বলিল—॥১৭॥

"বৎস! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে; সুতরাং সাহস করিও না। তবে, আমার প্রশ্নের উত্তর বলিয়া ইচ্ছানুসারে জল পান কর এবং জল লইয়া যাও" ॥১৮॥

পিপাসার্ত্ত সহদেব সে বাক্য অগ্রাহ্য করিয়া শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৯॥

তাহার পর কুন্তীনন্দন যুধিষ্ঠির অর্জ্জুনকে বলিলেন—"বীভৎসু! শত্রুদমন! তোমার ভ্রাতারা অনেকক্ষণ গিয়াছে ॥২০॥

তুমি তাহাদিগকে আনয়ন কর এবং জলও আনয়ন কর। বৎস! আমরা দুঃখী; সুতরাং তুমিই আমাদের সকলের আশ্রয়। তোমার মঙ্গল হউক" ॥২১॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, বুদ্ধিমান্ অর্জ্জুন ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া সেই সরোবরের দিকে গমন করিলেন ॥২২॥

ততঃ পুরুষশার্দ্দূলৌ পানীয়হরণে গতৌ।
তৌ দদর্শ হতৌ তত্র ভ্রাতরৌ শ্বেতবাহনঃ ॥২৩॥
প্রসুপ্তাবিব তৌ দৃষ্ট্বা নরসিংহঃ সুদুঃখিতঃ।
ধনুরুদ্যম্য কৌন্তেয়ো ব্যলোকয়ত তদ্বনম্ ॥২৪॥
নাপশ্যত্তত্র কিঞ্চিৎ স ভূতমস্মিন্ মহাবনে।
সব্যসাচী ততঃ শ্রান্তঃ পানীয়ং সোঽভ্যধাবত ॥২৫॥
অভিধাবংস্ততো বাচমন্তরীক্ষাৎ স শুশ্রুবে।
কিমাসীদসি পানীয়ং নৈতচ্ছক্যং বলাত্ত্বয়া ॥২৬॥
কৌন্তেয়! যদি প্রশ্নাংস্তান্ ময়োক্তান্ প্রতিপৎস্যসে।
ততঃ পাস্যসি পানীয়ং হরিষ্যসি চ ভারত! ॥২৭॥

ভারতকৌমুদী

এবমিতি। গুড়াকেশঃ অর্জ্জুনঃ। আমুক্তখড়্গঃ ধৃতকৃপাণঃ, অপষ্ঠতাগচ্ছৎ ॥২২॥
তত ইতি। তৌ নকুলসহদেবৌ। শ্বেতবাহনঃ অর্জ্জুনঃ ॥২৩॥
